

আরেকবার ভাবুন

স্থিতিস্থাপকতা, যা ঈশ্বরের
বিনিয়োগের প্রতিফল দেয়।

দ্বিতীয় সংস্করণ

ডন অলস্ম্যান

Think Again: Resilience That Produces a Return on God's Investment আরেকবার ভাবুন: স্থিতিস্থাপকতা, যা ঈশ্বরের বিনিয়োগের প্রতিফল দেয়।

© 2025. Completion Global, Inc. All Rights Reserved.

এই উপকরণগুলির অনুলিপি, পুনর্বণ্টন এবং/অথবা বিক্রয়, বা যে কোনো অননুমোদিত বিতরণ, ১৯৭৬ কপিরাইট আইনে বা প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত অননুমোদিত নয়। অনুমতির জন্য অনুরোধ লিখিতভাবে জমা দিতে হবে:

Translated by: Abhik Bhanja

Completion Global, Inc., 4261 E. University Avenue, #337, Prosper, TX 75078.

ISBN: 979-8-992-9942-0-9

ISBN: 979-8-992-9942-1-6 (digital)

সমর্পণ

আগামী প্রজন্মের আলস্যানদের প্রতি: রায়ান, মার্ক, ক্রিস, জনাথন, জানে, লিভসে এবং তাদের ভবিষ্যৎ পরিবারের সদস্যরা। আমি প্রার্থনা করি, তোমরা প্রত্যেকে খ্রিস্টের পরিপূর্ণতায় একটি ফলপ্রসূ জীবন যাপন করো, সমস্ত পরীক্ষায় স্থির থেকে, এবং তিনি ফিরে আসা পর্যন্ত সেই ঐতিহ্য পরবর্তী প্রজন্মের কাছে পৌঁছে দাও।

স্বীকৃতিপ্রাপ্তি

“ক্যাথি অ্যালসম্যান, এই প্রকল্পে তুমি যে শত শত ঘণ্টা বিনিয়োগ করেছ তার জন্য ধন্যবাদ, বিশেষ করে আমাদের কথোপকথনের সময় যখন আমরা আলোচনা করেছি কীভাবে ঈশ্বর আমাদেরকে পরীক্ষার মাধ্যমে গড়ে তোলেন। যখন আমার মধ্যে আত্মবিশ্বাসের অভাব ছিল, তখন আমাকে এই দ্বিতীয় সংস্করণটি লিখতে উৎসাহিত করার জন্য, একই উপাদানের একাধিক খসড়া সম্পাদনা করতে নিরলস পরিশ্রম করার জন্য, এবং প্রতিটি বাক্যকে স্পষ্টতার সাথে নিখুঁতভাবে গড়ে তোলার চ্যালেঞ্জ দেওয়ার জন্য তোমাকে ধন্যবাদ। এই বইটি তোমার অনুপ্রেরণা, কঠোর পরিশ্রম এবং সহানুভূতি ছাড়া সম্ভব হতো না। ডেভ জনস্টোন, আপনার অন্তর্দৃষ্টি এবং আমাকে লিখতে উৎসাহ দেওয়ার জন্য ধন্যবাদ। মার্ক এবং লিভসে, মানসিক স্বাস্থ্যের দৃষ্টিকোণ থেকে আপনাদের মতামতের জন্য ধন্যবাদ। মণ্ডলীর প্রাচীন মাইকেল ডিক্সিস, হ্যারল্ড রোসলার, এবং বব ড্রামন্ড, এই পুস্তকের বিষয়বস্তুতে আপনার মূল্যবান মতামতের জন্য ধন্যবাদ। লিসা হফম্যান, প্রফরিড করার জন্য আপনাকে ধন্যবাদ। চার্লস অ্যান্ডারসন, মেরি ফ্লিন, এবং এডিথ ডেভিস, “থিংক এগেইন” কে “ফাইট দ্য গুড ফাইট অব ফেইথ” এবং “ক্লাইম্বিং আপ”-এর মতো অন্যান্য প্রশিক্ষণ প্রোগ্রামের সঙ্গী হিসেবে ব্যবহার করার জন্য আপনাকে ধন্যবাদ।”

সূচীপত্র

ভূমিকা 7

ভাগ 1: ঈশ্বর যোগান দেন

অধ্যায় 1	সমস্যাটিকে চিহ্নিত করা	19
অধ্যায় 2	যুদ্ধক্ষেত্রের স্থান	25
অধ্যায় 3	পিতার দানশীলতা	29
অধ্যায় 4	পুত্রের যোগান	39
অধ্যায় 5	পবিত্র আত্মার শক্তি	45
অধ্যায় 6	প্রত্যাশিত সুদের হার	51

ভাগ 2: শয়তান প্রতিবন্ধকতা সৃষ্টি করে

অধ্যায় 7	ধ্বংসাত্মক নির্মাণ	61
অধ্যায় 8	চক্রান্তকারী আক্রমণকারীরা	69
অধ্যায় 9	আবেগপ্রবণ ধ্বংস	75
অধ্যায় 10	নিষ্ক্রিয় মনোযোগ ভঙ্গ	89

ভাগ 3: আমরা যা উৎপন্ন করি

অধ্যায় 11	কার্যকর অস্ত্র নিয়োগ করা	105
অধ্যায় 12	তিনটি বিস্তারে গঠন করা	111
অধ্যায় 13	ব্যক্তিগতকৃত প্রতিরক্ষা ডিজাইন করা	121
অধ্যায় 14	জয়ের জন্য মানিয়ে নেওয়া	135
অধ্যায় 15	আপনার কল্পনাশক্তিকে গড়ে তোলা	149
অধ্যায় 16	পুরাতন অভ্যাসগুলিকে নতুন দিয়ে প্রতিস্থাপন করুন	161
উপসংহার		181

পরিশিষ্ট

পরিশিষ্ট 1	কিছু সাধারণ মিথ্যা যা শক্তিশালী দুর্গ তৈরি করে	187
পরিশিষ্ট 2	ঈশ্বরের যুদ্ধসজ্জা ব্যবহার করা	191
পরিশিষ্ট 3	আমি কে?	201
পরিশিষ্ট 4	আত্মিক অনুশাসন	203
পরিশিষ্ট 5	বিহ্বল হয়ে পরলে এই ব্যবহারিক পদক্ষেপগুলি নেবেন	209
পরিশিষ্ট 6	পশ্চিম দেশগুলিতে পরিচয় এবং নারসিজিজম	211
পরিশিষ্ট 7	কীভাবে যীশুর একজন অনুগামী হতে হয়	219
পরিশিষ্ট 8	আমার উদ্দেশ্যকে খুঁজে বের করা	223
পরিশিষ্ট 9	স্থিতিস্থাপকতা ওয়ার্কশিট (RESILE)	229
পরিশিষ্ট 10	সংঘর্ষ সমাধান করার কিছু ধারণা	231
পরিশিষ্ট 11	বাইবেলের পুস্তকগুলির সংক্ষিপ্ত নাম	233
লেখকের সম্বন্ধে		235
শেষটীকা		237

ভূমিকা

“ঈশ্বরের কাছে সকল যুগের জন্য একটি পরিকল্পনা রয়েছে, এবং তিনি আমাদের সেই কাজের অংশীদার হতে আমন্ত্রণ জানান! আদিপুস্তক থেকে প্রকাশিত বাক্য পর্যন্ত, পিতা তাঁর রাজ্য নির্মাণ করে চলেছেন। এই ক্রমবর্ধমান কার্যকলাপ পবিত্র আত্মার শক্তির দ্বারা পুত্রকে মহিমান্বিত করে, কিন্তু তা তাঁর দেহ, অর্থাৎ মণ্ডলীর মাধ্যমে প্রকাশ পায়। কারণ তিনি আমাদের মাধ্যমে জাতিগুলোকে আশীর্বাদ করতে চান, তাই তিনি আমাদের মাধ্যমে সেই কাজটিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় সমস্ত কিছু উদারভাবে আমাদের সরবরাহ করেন। অন্য কথায়, তিনি আমাদের আশীর্বাদ করেন যাতে তাঁর বিনিয়োগের উপর একটি ভালো ফলাফল দেখা যায় যতক্ষণ না মহান কার্যভার পূর্ণ হচ্ছে”।

কিন্তু একটা সমস্যা রয়েছে। আমাদের এক শত্রু আছে যে অনবরত কর্মরত রয়েছে চুরি, বধ ও বিনাশ করতে, আমাদের উদ্দেশ্য থেকে লক্ষ্যচ্যুত করতে ও নিরুৎসাহ করে তুলতে। শয়তান চায় যে আমরা যেন হাল ছেড়ে দিই, এবং ঈশ্বর আমাদের যা কিছু দিতে চান তা যেন পরিত্যাগ করি। এই জগতের মধ্যে অনেক সমস্যা ও বিভ্রান্তিকর বিষয় রয়েছে, এবং আমরা দুর্ঘটনা ও নিরাশার সম্মুখীন হয়ে থাকি যা আমাদেরকে পরাভূত করে। কোন বন্ধুর দ্বারা প্রত্যাখিত হওয়ার মাধ্যমে, অথবা কোন প্রিয় ব্যক্তির মৃত্যুর কারণে, অথবা কোন চাকরী হারানোর মাধ্যমে, একটি গুরুতর ব্যাধির কারণে, অথবা পরিবারের কোন একজন সদস্যের থেকে নির্যাতিত হওয়ার মাধ্যমে আমরা জীবনে অনেক চাপ অনুভব করে থাকি।

স্থিতিস্থাপকতা হল চাবিকাঠি

কিন্তু এই আত্মিক যুদ্ধে আমরা অসহায় শিকার নই। যদিও আমাদের মাঝে মধ্যে পরাভূত হওয়াটা অবধারিত, আমাদের চরিত্রের প্রকৃত পরিমাপ হল কতবার পড়েছি তা নয়, কিন্তু কত দ্রুত আমরা উঠতে পারি। প্রতিকূলতা থেকে ফিরে আসার এই ক্ষমতাটিকে “স্থিতিস্থাপকতা” বলা হয় এবং ঈশ্বরের রাজ্যের জন্য যে কেউ ফল উৎপাদন করে, তার জন্য এটা একটা গুরুত্বপূর্ণ গুণ। এটা এমন নয় যে স্থিতিশীল ব্যক্তির নিরুৎসাহ বা নিরাশ হয় না, কিন্তু ঈশ্বর যে শক্তি প্রদান করেন, তাতে তারা দ্রুত পতন থেকে উঠে দাঁড়াতে পারে।

আরেকবার ভাবুন

প্রকৃতপক্ষে, ঈশ্বরের রাজ্যে প্রকৃত মহিমা আসে শুধুমাত্র স্থিতিস্থাপকতা থেকে। যীশু ছিলেন সকলের মধ্যে সবচেয়ে স্থিতিস্থাপক, যিনি আমাদের অনুসরণ করার জন্য একটি উদাহরণ প্রদান করেছিলেন। তিনি ক্লান্ত, হতাশ হয়েছিলেন এবং দুঃখ পেয়েছিলেন, কিন্তু তিনি সেই অবস্থায় থাকেননি। পিতার উপর তাঁর আস্থা তাকে উঠে দাঁড়াতে এবং আবার এগিয়ে চলার ক্ষমতা প্রদান করেছিল। স্থিতিস্থাপকতার (আবার উঠে দাঁড়ানোর ক্ষমতার) মধ্যেই আমাদের জীবনে ফল জন্মায়।

ফ্রান্সিস ডি সেলস স্থিতিস্থাপকতাকে পাখিদের দ্বারা প্রদর্শিত তৎপরতার সাথে তুলনা করেছেন।^১ কিছু মানুষ জীবনের মধ্য দিয়ে ক্লান্তিপূর্ণ ভাবে এগিয়ে চলে, কীভাবে চ্যালেঞ্জগুলি কাটিয়ে উঠতে হয় তা কখনই শেখে না। তারা উটপাখি বা মুরগির মতো যারা কখনও উড়তে শেখে না। যাইহোক, ঈগল এবং ঘুঘু দ্রুত উড়ে এবং অনেক উঁচুতে উঠতে পারে। একইভাবে, পরীক্ষার মুখে স্থিতিস্থাপকতা দেখানোর মাধ্যমে আমরা শিখতে পারি কীভাবে মহান উচ্চতায় উঠতে হয়।

ডি সেলস মৌমাছির কার্যকলাপের সাথে স্থিতিস্থাপকতার তুলনা করেছেন, যারা গাছপালা থেকে তিক্ত রস বের করে এবং তারপর মিষ্টি মধুতে রূপান্তর করতে পারে। একইভাবে, ঈশ্বরের আমাদেরকে তার রাজ্যের জন্য প্রতিকূলতা গ্রহণ এবং ফল উৎপাদন করার জন্য সজ্জিত করেছেন। একজন বিনিয়োগ ব্যাংকারের মতো যিনি উদ্যোক্তাদের বীজ মূলধন দেন, ঈশ্বরের আমাদের মধ্যে নিবেশ করেন যাতে তিনি তার বিনিয়োগের পরিবর্তে ফল দেখতে পারেন। আরেকবার ভাবুন পুস্তকটি তিনি যা যোগান দেন তার থেকে ১০, ৫০, ১০০ গুণ বেশি ফল কীভাবে তৈরি করতে হয় তা শিখতে আমাদের সাহায্য করতে পারে (মার্ক ৪:২০)।

পরিচয়ের সমস্যা

এই পৃথিবীতে, লোকেরা তাদের পরিচয় খোঁজার চেষ্টা করে, কিন্তু ঈশ্বরের রাজ্যে, ঈশ্বরের আমাদেরকে তাঁর পরিবারের সদস্য হিসাবে একটি নতুন পরিচয় দেন (গালা ৩:২৮)। তিনি আমাদেরকে যীশুর প্রতিমূর্তিতে রূপান্তরিত করতে চান (রোম ৮:২৯)। পরিচয় হল নিজেদেরকে আবিষ্কার করার বিষয় যতটা,

তার চেয়ে বেশি এটা উপলব্ধি করা যে আমরা কার। ফলস্বরূপ, আমরা আমাদের পরিচয় খুঁজে পাওয়ার জন্য জাগতিক চাপ থেকে মুক্ত হয়েছি যা বেশিরভাগই হতাশা তৈরি করে।

উদাহরণস্বরূপ, ধনী দেশগুলি যত আরও বেশি ধনী হয়ে উঠছে, আরও বেশি অবসর সময় উপভোগ করছে, এবং জীবনযাত্রার উচ্চ মানের অভিজ্ঞতা অর্জন করছে, ততই উদ্বেগে ভুগছেন এমন লোকের সংখ্যা সহ অসুখী এবং বিষণ্ণতার হার দ্রুত বৃদ্ধি পাচ্ছে।² আংশিক ভাবে, এটি এই মিথ্যার উপর ভিত্তি করে: আপনার পরিচয় খুঁজুন এবং আপনি সুখী হবেন। ব্যক্তিগত পরিচয়ের পিছনে 50 বছর ধরে তাড়া করার পরে, ফলাফল হিসেবে শূন্যতা, উদ্বেগ, একঘেয়েমি এবং আসক্তি আরও বেড়েছে।

কিন্তু যখন আমাদের সামনে অনেকগুলি পছন্দ থাকে এবং সিদ্ধান্ত নেওয়ার জন্য যথেষ্ট উদ্দেশ্যমূলক ভিত্তি না থাকে তখন “নিজেকে খুঁজে পাওয়া” কঠিন। লোকেরা যত বেশি উত্তরের পিছনে দৌড়ায়, তারা তত বেশি বিভ্রান্ত হয়। এটি ব্যক্তিগত পরিচয় খুঁজে পাওয়াকে অত্যধিক জটিল করে তোলে। এবং একবার কেউ সফলভাবে তাদের পরিচয় সংজ্ঞায়িত করে ফেললে, আর কোন বিশ্রাম নেই, কারণ সেই পরিচয় বজায় রাখতে তাদের সমানভাবে কঠোর পরিশ্রম করতে হবে।³

এছাড়াও, যারা বছরের পর বছর ধরে নিপীড়নের মধ্যে থেকে এসেছেন, তাদের সম্পূর্ণ মানুষ হিসাবে স্বীকৃতি পাওয়ার লড়াইয়ের সাথে পরিচয় দৃঢ়ভাবে যুক্ত হতে পারে। বন্দী, মাদক ব্যবহারকারী, নির্যাতিত, অভিবাসী বা সংখ্যালঘুরা তাদের যন্ত্রণার প্রভাব নিয়ে প্রতিদিন বেঁচে থাকে এবং বিশ্বাস করতে শুরু করে যে তারা তাদের নিপীড়নের শিকার ছাড়া আর কিছুই নয়। এটি তাদের পরিচয় বোঝার ক্ষেত্রে জটিলতার আরেকটি স্তর যোগ করে।

শত্রুপক্ষের ভূমিকা

ব্যক্তিগত পরিচয় খোঁজার আরেকটি চ্যালেঞ্জ হল এমন একজন শত্রু আছে যে আমাদের পরিচয় সম্পর্কে আমাদেরকে মিথ্যা বলে, একজন প্রতিপক্ষ যে আমাদের বিভ্রান্ত করার এবং পথভ্রষ্ট করার চেষ্টা করে। সে বিতর্কের কাঠামো

আরেকবার ভাবুন

তৈরি করে যাতে আমরা আমাদের পরিচয়কে উপেক্ষা করি, যেমন ঈশ্বর আমাদের দেখেন। আমরা কোন পরিচয় বেছে নেব তা নিয়ে সে চিন্তা করে না, যতক্ষণ না এটি খ্রীষ্টে আমাদের পরিচয়ের উপর ভিত্তি করে না হয়।

অতএব, যদি আমাদের পরিচয় শুধুমাত্র সামাজিক-ন্যায়বিচারের প্রবক্তা হওয়ার উপর ভিত্তি করে হয়, তাহলে শয়তান জয়ী হয়; একটি শক্তিশালী অপরাধের প্রভু, শয়তান জয়ী হয়; একজন সফল ব্যবসায়ী, শয়তান জয়ী হয়; একজন অনুগত ঠাকুমা, শয়তান জয়ী হয়। শয়তানী হওয়ার জন্য পরিচয়গুলিকে স্পষ্টতই মন্দ হতে হবে না, তাদের কেবল খ্রীষ্টে আমাদের আসল পরিচয় থেকে আমাদের বিভ্রান্ত করতে হবে। নীল অ্যান্ডারসন বলেছেন, “আমরা এটা বিশ্বাস করে প্রতারণিত হয়েছি যে আমরা যা করি তা আমাদের পরিচয়কে নির্ধারণ করে। একমাত্র পরিচয় যা ঈশ্বরের রাজ্যে গ্রহণযোগ্য তা হল: আপনি যোগ্য খ্রীষ্ট হল সম্পূর্ণতা এবং অর্থপূর্ণ।”⁴ যদি আমরা জানি না যে খ্রীষ্টেতে আমরা কে, তাহলে আমরা সারা জীবন পরাজিত হব।⁵

একটি ভিন্ন পথ

যীশু বলেছিলেন যে আমরা তখনই জীবন খুঁজে পাই যখন আমরা তা তাঁর জন্য ত্যাগ করি (মথি ১৬:২৫)। কিন্তু যখন আমরা ঈশ্বরকে আমাদের গঠন করার অনুমতি দিই, তখন এর অর্থ এই নয় যে আমরা আমাদের ব্যক্তিত্ব বা স্বতন্ত্র হারাই। হুবহু আমাদের আরেকটি একক (clone) তৈরি করা হয় না। আমরা আমাদের স্বতন্ত্রতা বজায় রাখার সময় ঈশ্বর আমাদেরকে যীশুর মতো হতে নতুন আকার দেন এবং রূপান্তরিত করেন। সময়ের সাথে সাথে তিনি প্রকাশ করেন যে আমরা কে, তাই জীবনের মানচিত্রে আমরা যেখানেই থাকি না কেন আমরা তার রাজদূত হতে পারি।

কমিক বইয়ের সুখ্যাতিপূর্ণ সুপারহিরোদের মতো, খ্রিস্টের মধ্যে আমরা আমাদের “সত্যিকারের পরিচয়” খুঁজে পাই। জেলখানা মণ্ডলীর একজন নেতা যেমন বলেছিলেন, “খ্রিস্টে, আমি প্রথমবারের মতো নিজের সাথে সাক্ষাৎ করলাম। আমি শুধুই অস্তিত্বে ছিলাম, কিন্তু এখন আমি জীবিত রয়েছি”। যখন ঈশ্বর আমাদের পরিচয় গঠন করেন, তখন আমরা উপলব্ধি করতে পারি যে আমরা নিজেদেরকে যা মনে করি, আমরা তার চেয়ে অনেক বেশি।

কিন্তু কমিক বইয়ের নায়কদের বিপরীত, আমরা যে অবদান রাখি তা আমাদের বিখ্যাত করে তোলে না। আমাদের উচ্চাকাঙ্ক্ষা নিজেদের জন্য একটি নাম তৈরি করা, একটি বড় সোশ্যাল মিডিয়া অনুসরণ করা বা আমাদের ক্ষেত্রে সুপরিচিত হওয়া, একটি “একটি ছোট পুকুরে বড় মাছ” হতে পারে। কিন্তু আমরা যদি শাস্ত্রত তাৎপর্যের উত্তরাধিকার রেখে যেতে চাই, তাহলে আমাদের শক্তি ব্যবহার করতে হবে নিঃশব্দে বেনামে সেবা করার জন্য, এটা জেনে যে ঈশ্বরের রাজ্যে আমাদের শ্রম বৃথা যাবে না (১ করি ১৫:৫৮)। আমরা যখন অপ্রকাশ্যভাবে পরিশ্রম করি, তখন আমরা “ঈশ্বরের মহাসমুদ্রে একটি ছোট মাছ” হওয়ার আনন্দ খুঁজে পাই।

অবশেষে মুক্ত!

এই উপলব্ধি আত্মবিশ্বাস এবং আনন্দ প্রদান করে! “নিজেকে খুঁজে পাওয়া” আমাদের দায়িত্ব নয়। ঈশ্বরকে খ্রীষ্টেতে আমাদের পরিচয়কে গঠন করার অনুমতি দিয়ে, তিনি যা সরবরাহ করেন, সেইগুলিকে আমাদের পরিচয়কে সংজ্ঞায়িত করতে না দিয়েও তা উপভোগ করতে পারি। যখন আমাদের আর নিজেদেরকে খুঁজে বের করতে হবে না, তখন আমরা দাসত্বের জোয়াল থেকে মুক্ত হই। আমরা অন্য একটি ভিত্তিমূলে দাঁড়াতে, অন্য বাতাসে শ্বাস নিতে এবং অন্য আকাশের দিকে তাকাতে স্বাধীন হই। আমাদের জীবনের উদ্দেশ্য পরিবর্তিত হয়, আমাদের অভ্যন্তরীণ চাহিদাগুলিকে একেবারে নতুন করে তোলে।^৬

কিন্তু এই স্বাধীনতাকে সুরক্ষিত করা সহজ নয়, এবং এটি এক ধাক্কা আসে না। আমাদেরকে খ্রীষ্টের চরিত্রে পরিণত করা একটি দীর্ঘ এবং কঠিন প্রক্রিয়া, যা পবিত্র আত্মার দ্বারা পরিচালিত হয়। অনেকের ক্ষেত্রে, গভীর, অভ্যন্তরীণ পরিবর্তনের প্রক্রিয়াটি কাম্য নয়। আমরা তাৎক্ষণিক পরিবর্তন চাই, এবং যখন আমরা এটি খুঁজে পাই না, তখন আমরা সম্পদ, সম্পর্ক, প্রতিপত্তি, মাদক, পর্নোগ্রাফি বা কেনাকাটার মাধ্যমে জীবনের সমস্যাগুলিকে এড়াতে পছন্দ করি।

সংক্ষেপে, আমরা আমাদের পরিচয় খুঁজে বের করার জন্য প্রচুর শক্তি প্রয়োগ করতে পারি, অথবা আমরা ঈশ্বরকে আমাদের পরিচয় গঠন করার অনুমতি

আরেকবার ভাবুন

দিতে পারি। খুঁজে পাওয়া অথবা গঠন করা, এটাই প্রশ্ন। যারা আত্মার গঠনমূলক কাজকে “হ্যাঁ” বলতে প্রস্তুত তাদের জন্য এই বইটি সহায়ক হবে।

বিনিয়োগের ফল ফিরে পাওয়ার প্রক্রিয়া

ভাগ 1: ঈশ্বর যোগান দেন বিষয়টি হল ত্রিত্ব ঈশ্বরের উষ্ণ এবং উদার প্রকৃতির একটি উদযাপন, যিনি পিতার পরোপকার, পুত্রের যোগান এবং আত্মার শক্তির মাধ্যমে আমাদের প্রচুর জীবন দান করেন। এই বিভাগটি আমাদের মধ্যে তাঁর বিনিয়োগের (সুদের হার) ফেরত পাওয়ার বিষয়টিকে, এবং একজন উদ্যোগ পুঁজিবাদী হিসাবে ঈশ্বরের রূপককেও অন্বেষণ করে।

ভাগ 2: শয়তান প্রতিবন্ধকতা সৃষ্টি করে বিষয়টি হল ঈশ্বরের কাজের বিরোধিতা করার জন্য শয়তানের কৌশলগুলির একটি বর্ণনা। এই বিভাগটি চুরি, হত্যা এবং ধ্বংস করার জন্য তার অনেক পরিকল্পনাগুলির কিছু ব্যাখ্যা করে যা ধ্বংস এবং বিভ্রান্তির দুর্গে পরিণত হয়।

ভাগ 3: আমরা উৎপাদন করি স্থিতিস্থাপকতা তৈরি করার জন্য একটি রোড ম্যাপ প্রদান করে যা ঈশ্বরের রাজ্যের জন্য ক্ষমতা বাড়ায়। যদিও শয়তান বাধা দেয় এবং ঈশ্বর যোগান দেন, তবুও আমরা যখন এমন দক্ষতা অনুশীলন করি যা আমাদেরকে খ্রিস্টের মতো পরিণত করে তখন আমরা ঈশ্বরের জন্য বিনিয়োগের প্রতিফল উৎপাদন করি।

সংক্ষেপে, স্বাভাবিক খ্রিস্টীয় জীবন হল আত্মিক যুদ্ধ। এটি হলিউডের প্রযোজনাগুলিতে দেখা বিদেশী সাক্ষাৎকারগুলি নয়, তবে শয়তানের পরিকল্পনার বিরুদ্ধে দাঁড়ানোর জন্য প্রতিদিনের লড়াই। কিন্তু আমরা যা দেখতে পাই না তার বিরুদ্ধে দাঁড়াতে পারি না। অতএব, খ্রীষ্টের মত হয়ে ওঠার প্রাথমিক দক্ষতা হল সত্য থেকে মিথ্যাকে পৃথক করা। অন্য কথায়, শয়তানের মিথ্যা সম্বন্ধে বিচক্ষণতা অর্জন করাই হল বিনিয়োগের প্রতিফল তৈরির চাবিকাঠি।

কেন একটি দ্বিতীয় সংস্করণ?

প্রথম সংস্করণ (২০১৮) লেখার পর থেকে, আমি পরীক্ষার মধ্য দিয়ে গিয়েছি যেখানে ঈশ্বর আমাকে নতুন উপায়ে স্থিতিস্থাপকতা শেখার জন্য প্রস্তুত

করেছেন। আমি এই শিক্ষাগুলি আপনাদের কাছে এগিয়ে দেওয়ার জন্য কৃতজ্ঞ। আমি নতুন এবং অতিরিক্ত উপাদান সম্পর্কেও সচেতন হয়েছি যা স্থিতিস্থাপকতা তৈরিতে সহায়ক হবে।

মানসিক আঘাত থেকে সুস্থতা

সেই উপাদানগুলির মধ্যে একটি হল মানসিক আঘাত থেকে সুস্থতা। আপনি যদি মানসিক আঘাত অনুভব করে থাকেন, আমি আপনাকে পেশাদার অনুশীলনকারীদের কাছ থেকে সাহায্য পেতে বা উপলব্ধ অনেক প্রকারের সূক্ষ্ম মানসিক আঘাত নিরাময় প্রোগ্রামের মধ্যে দিয়ে যাওয়ার জন্য অনুরোধ করছি, যেমন রিবুট রিকভারি, আমেরিকান বাইবেল সোসাইটি এবং ওয়ার্ল্ড ইমপ্যাক্ট।¹⁷

কিন্তু এমনকি যারা থেরাপি বা মানসিক আঘাত নিরাময়ের মধ্য দিয়ে গেছেন তাদের জন্যও বাস্তবতা হল আরও পরীক্ষা বাকি রয়েছে। আমাদের সকলকে আমাদের সামনে অনিবার্য প্রতিকূলতার মুখোমুখি হওয়ার জন্য স্থিতিস্থাপকতা গঠন করতে হবে। আসলে, মানসিক আঘাত নিরাময়ের কাঙ্ক্ষিত ফলাফল হল সামনে যা আছে তার মুখোমুখি হওয়ার জন্য স্থিতিস্থাপকতা অর্জন করা। এইভাবে, আরেকবার ভাবুন আপনাকে মানসিক আঘাত প্রতিরোধে সাহায্য করতে পারে: ধুলো ঝেড়ে নিজেকে তোলার প্রতিদিনের লড়াই করতে, উঠতে এবং হাঁটা চালিয়ে যেতে।

স্পষ্ট করে বলতে গেলে, আমি একজন প্রশিক্ষিত পরামর্শদাতা বা থেরাপিস্ট নই। আমি একজন সহযাত্রী, ঈশ্বরের বিনিয়োগে প্রতিফল তৈরি করার জন্য পবিত্র আত্মাকে আমার স্থিতিস্থাপকতাকে শক্তিশালী করতে দেওয়ার চেষ্টা করছি। অতএব, এই বইটি পেশাদার মানসিক স্বাস্থ্য চিকিৎসার প্রতিস্থাপনের জন্য নয়।

বিশ্বাসের উত্তম যুদ্ধে লড়াই করার পুস্তকের একটি সহকারী পুস্তক

২০১৪ সালে, আমি ডাঃ ডন ডেভিসের সাথে ফাইট দ্য গুড ফাইট অফ ফেইথ পুস্তকের সহ-লেখক হয়েছিলাম। এই নয়-অংশের বাইবেল অধ্যয়ন ইফিষীয় বইয়ে বর্ণিত বিষয়বস্তুগুলি ব্যবহার করে ঈশ্বরের মহাজাগতিক নাটকে তাদের ভূমিকার সাথে লোকেদের পরিচয় করিয়ে দেয়। ২০১৮ সাল থেকে, ফাইট

আরেকবার ভাবুন

দ্য গুড ফাইট অফ ফেইথ ৩০ টিরও বেশি ভাষায় অনুবাদ করা হয়েছে এবং মার্কিন কারাগারে এর ব্যাপক ব্যবহার হয়েছে। এটি খ্রিস্টান বিশ্বাসের জন্য একটি চমৎকার ভিত্তিমূল। আরেকবার ভাবুন-এর এই দ্বিতীয় সংস্করণটি ফাইট দ্য গুড ফাইট অফ ফেইথের একটি স্বাভাবিক পরবর্তী-অংশ হিসেবে পরিবর্তিত হয়েছে, যা তাঁর রাজ্যের জন্য ক্রমবর্ধমান ফলপ্রসূ হওয়ার জন্য একটি কার্যকর পরবর্তী পদক্ষেপ প্রদান করে।

নতুন উপ-শিরোনাম

প্রথম সংস্করণের উপশিরোনাম ছিল “পরিবর্তন যা ঈশ্বরের বিনিয়োগে প্রতিফল দেয়”। ২০১৮সাল থেকে, আমি নতুন ধরনের প্রতিকূলতার সম্মুখীন হয়েছি যা আমাকে ধৈর্যের সীমা পর্যন্ত পরীক্ষা করেছে। ঈশ্বর আমাকে এই ক্লেশগুলির মাঝে বেঁচে থাকতে এবং উন্নতি করতে আরেকবার ভাবুন পুস্তকের নীতিগুলি ব্যবহার করতে সাহায্য করেছিলেন, এটি স্পষ্ট হয়ে ওঠে যে আমাদের কেবল রূপান্তরের চেয়ে আরও বেশি কিছু প্রয়োজন। আমাদের স্থিতিস্থাপকতা প্রয়োজন, যখন আমরা আছড়ে পড়ি তখন ফিরে আসার ক্ষমতা। তাই, আমি উপ-শিরোনামে “স্থিতিস্থাপকতা” শব্দের সাথে “রূপান্তর” প্রতিস্থাপন করেছি এবং সেই অন্তর্দৃষ্টি প্রতিফলিত করার জন্য কিছু উপাদান পরিবর্তন করেছি।

ব্যক্তিগতকৃত ছলনা

একটি নতুন সংস্করণের আরেকটি কারণ একটি ব্যক্তিগতকৃত ছলনার আবিষ্কার থেকে এসেছিল যা শত্রুপক্ষ আমার সারা জীবন ধরে ব্যবহার করে আসছে। সেই অভিজ্ঞতা থেকে আমি অন্যান্য বিশ্বাসীদের কাছ থেকে ব্যবহারিক অন্তর্দৃষ্টি অর্জন করেছি, বিশেষ করে লয়োলার ইগন্যাশিয়াসের কাছ থেকে যিনি সান্ত্বনা, নির্জনতা এবং এজেন্সি সম্পর্কে লিখেছেন। সেই অভিজ্ঞতা থেকে আমি ভাগ 3-এ ব্যক্তিগত প্রতিরক্ষা কৌশল তৈরির একটি অধ্যায় যোগ করেছি।

অন্যান্য পুস্তকগুলি

প্রথম সংস্করণে, আমি আমার ২০১০ সালের জিসাস ক্রুপড ফ্রম দ্য পিকচার পুস্তকের পরবর্তী অংশ হিসেবে আরেকবার ভাবুন পুস্তকটির উল্লেখ করেছিলাম। এই দ্বিতীয় সংস্করণটি এখনও যারা সেই বইটির ব্যক্তিগত আবেদন খুঁজছেন তাদের জন্য একটি স্বাভাবিক অনুসরণ। এছাড়াও, ২০২০ সালে, আমার স্ত্রী

ক্যাথি এবং আমি, আমরা দুজনে মিলে ক্লাইস্বিং আপ পুস্তকটি লিখেছিলাম: প্রিপারিং অন দ্য ইনসাইড ফর সার্ভিস অন দ্য আউটসাইড, মুক্তির জন্য নিজেদের প্রস্তুত করার জন্য বন্দীদের সজ্জিত করতে এবং তাদের প্রিয়জনকে মুক্ত বিশ্বে পুনরায় একীভূত হওয়ার চ্যালেঞ্জগুলির দিকে পরিচালিত করতে। এই বইটি আরেকবার ভাবুন-এর প্রথম সংস্করণে অনেক উপাদান ব্যবহার করেছে এবং এটি একটি সম্পূর্ণ অধ্যয়ন হিসাবে প্রস্তাব করেছে। ক্লাইস্বিং আপের সাথে আরও শক্তিশালী সংযোগ করতে আমি এই দ্বিতীয় সংস্করণে কিছু পরিবর্তন করেছি।

প্রতিক্রিয়া

আমি প্রথম সংস্করণের পাঠকদের কাছ থেকে কিছু প্রতিক্রিয়া পেয়েছি যে অংশ I এবং II এর ক্রম বিপরীত হলে বইটি আরও ভালভাবে প্রবাহিত হবে। অন্য কথায়, প্রাচুর্যপূর্ণ জীবন প্রদানের জন্য ঈশ্বরের কাজের বর্ণনাকে প্রথমে রাখুন, এবং তার পরে চুরি, হত্যা এবং ধ্বংস করার জন্য শয়তানের কাজগুলিকে রাখুন। অতএব, এই সামঞ্জস্য এই দ্বিতীয় সংস্করণে প্রতিফলিত হয়েছে, কিন্তু অনেক বিষয়বস্তু একই রয়ে গিয়েছে।

অবশেষে, যুক্তি সহকারে দেখানো যেতে পারে যে আত্মিক অনুশাসনের গুরুত্ব আরেকবার ভাবুন পুস্তকে প্রয়োজনের চেয়ে কম উপস্থাপন করা হয়েছে। যীশুকে কার্যকরভাবে অনুসরণ করার অনুগ্রহ পাওয়ার জন্য মণ্ডলীর এই ঐতিহাসিক অনুশীলনগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ, বিশেষ করে যখন সেগুলিকে একটি ব্যক্তিগত পরিকল্পনার সাথে একত্রিত করা হয় (যাকে “জীবনের নিয়ম” বলা হয়)। যখন একজন ব্যক্তি বিশ্বস্তভাবে আধ্যাত্মিক শৃঙ্খলা অনুশীলন করে তখন আরেকবার ভাবুন পুস্তকের নীতিগুলি সবচেয়ে ভাল কাজ করবে। কিন্তু এই বিষয়ের ভূমিকা এই বইয়ের সুযোগের বাইরে এবং আরও অন্বেষণ করার প্রয়োজন রয়েছে। এই বিষয়ে ইতিমধ্যেই অনেক চমৎকার সম্পদ রয়েছে এবং পরিশিষ্ট 4 শুরু করার জন্য কিছু ধারণা প্রদান করে।

একটি আশীর্বাদের প্রার্থনা

জীবন হতাশাপূর্ণ, এবং আমরা যদি ঈশ্বরের রাজ্যের জন্য ফল উপাদান করতে যাচ্ছি, তাহলে আমাদের অবশ্যই পরাভূত হওয়ার জন্য প্রস্তুত থাকতে

আরেকবার ভাবুন

হবে, তবে কীভাবে উঠতে হবে তাও শিখতে হবে। এখানেই বিষয়টির মূল বিষয়: আমরা জীবনের পরিস্থিতি নিয়ন্ত্রণ করে অভ্যন্তরীণ প্রশান্তি, শক্তি এবং স্থিতিশীলতা খুঁজে বের করার চেষ্টা করতে পারি, অথবা আমরা ঈশ্বরকে আমাদের ভিতরের আকার দেওয়ার অনুমতি দিতে পারি যাতে যাই ঘটুক না কেন, কিছুই আমাদের ডুবাতে পারে না।^৪ এমন একটি ভবিষ্যৎ কল্পনা করুন যেখানে ঈশ্বর এমনভাবে কাজ করছেন যাতে জীবনে যাই ঘটুক না কেন, আমরা নিরাপদ থাকতে পারি। আমরা ডুবে যাব না!

আশ্চর্যজনকভাবে, ঈশ্বর আমাদের মাধ্যমে পৃথিবীকে পরিবর্তন করতে চান! তিনি আমাদেরকে পৃথিবীতে তাঁর স্বার্থের প্রতিনিধিত্ব করার জন্য প্রচুর পরিমাণে ব্যবস্থা করেছেন, এবং আমরা প্রত্যাশা এবং আনন্দের সাথে তা করতে স্বাধীন। তিনি আমাদের মধ্যে বিনিয়োগ করেন যাতে আমরা তাঁর বিনিয়োগের প্রতিদান উপভোগ করতে পারি, আমরা যীশুকে মহিমান্বিত করে এমন ফল বয়ে আনতে দেখি।

অতএব, আমি প্রার্থনা করি আপনি ঈশ্বরকে তাঁর কাজ করার অনুমতি দেওয়ার একটি নতুন যাত্রা শুরু করবেন যা তাঁর রাজ্যের জন্য প্রচুর ফল দেয় এবং তাঁর নামের গৌরব নিয়ে আসে। শুধু ভাবুন আপনার জগতের মানুষের জন্য কি সতেজতা অপেক্ষা করছে! এই বইটি কেবল আপনার জন্য নয়, আপনার দ্বারা আশীর্বাদ পাওয়ার অপেক্ষায় অগণিত লোকদের জন্য।

ভাগ 1: ঈশ্বর যোগান দেন

আমি আসিয়াছি, যেন তাহারা জীবন পায় ও উপচয় পায়।

যোহন ১০:১০খ

অধ্যায় 1 সমস্যাটিকে চিহ্নিত করা

আমি আমার কিশোর বয়সের নিরাপত্তাহীনতা এবং উদ্বেগের কথা মনে করি, কিন্তু খ্রীষ্টে একজন নতুন বিশ্বাসী হিসাবে, আমিও সেই রূপান্তরটি অনুভব করতে শুরু করি যা ঈশ্বর তাঁর লোকেদেরকে প্রদান করে থাকেন। কয়েক দশক ধরে, একটু একটু করে, আমি আমার জীবনে তাঁর কাজের ফল দেখেছি, তিনি যে উপচে পড়া জীবন দেন তা খুঁজে পেয়েছি।

আমার কাহিনী শুরু হয় নর্থ বেকার্সফিল্ড হাই স্কুল জিমে, দৌড়ানোর রেখাগুলির মাঝে। এই ভয়ঙ্কর শর্তযুক্ত অনুশীলনীটি আমার কোচের আনন্দের উৎস বলে মনে হয়েছিল কারণ তিনি আমাদের তিরস্কার করেছিলেন যতক্ষণ না আমরা শেষ করতে প্রস্তুত ছিলাম। যদিও আমাদের মধ্যে কেউ কেউ কঠোর চেষ্টা করেছিল, অন্যরা অর্ধ-হৃদয় প্রচেষ্টা করেছিল এবং যে কোনও সময় তিনি একজনকেও টিলেমি দিতে দেখেন, তিনি আমাদের আরও দৌড়ানোর মাধ্যমে আমাদের সবাইকে শাস্তি দিতেন। এটি একটি ভয়ঙ্কর অভিজ্ঞতা ছিল।

এই দিনগুলিতে আমি একটি দুঃস্বপ্ন বারংবার দেখতে শুরু করি, যেখানে আমার প্রশিক্ষক আমার বেডরুমে চিৎকার করে বলতে থাকেন, “অলসম্যান, তোমাকে যখন সেখানে দৌড়াতে হবে তখন তুমি ঘুমিয়ে কি করছ!!” আমি লাফিয়ে উঠতাম, আমার বিছানার পাশে দাঁড়াতাম (কে জানে কতক্ষণ), এবং তারপর অবশেষে বুঝতে পারতাম যে এটি বাস্তব ছিল না। তারপর আমি আবার ঘুমাতে যেতাম, কিন্তু মাত্র কয়েক মিনিট পরে জেগে উঠতাম, এবং একই স্বপ্নে তাড়িত হতাম।

একটি হাস্যকর মোড় নেওয়া

কয়েক বছর পরে, আমি ক্যাথিকে বিয়ে করার সময় এই চাপের স্বপ্নগুলি একটি হাস্যকর মোড় নেয়। বিয়ের কদিন পরেই ক্যাথি তার কাঁধে ধাক্কা খেয়ে জেগে উঠত। সে তাকিয়ে দেখত যে আমি একজোট করে আমার বাহু দুটো তুলছি এবং সে বলতো, “তুমি কি করছ?!” ঘুম থেকে না উঠেই, আমি গভীর শ্বাসের মাঝে উত্তর দিয়েছিলাম, “পাম্পিং . . . লোহা।” যেই আমি এই শব্দগুলি উচ্চারণ করি, তখনই হাত দুটো সম্পূর্ণরূপে সিলিং পর্যন্ত প্রসারিত করেছিলাম,

আরেকবার ভাবুন

আমি বুঝতে পারি যে আমি ঘুমের মধ্যে বেঞ্চ প্রেস করছিলাম। আমার কোন ধারণা ছিল না কতদিন ধরে এরকম চলছে। আমি যখন উত্তর দিয়েছিলাম তখনই আমি যে কাল্পনিক জগতে বাস করছি সে সম্পর্কে সচেতন হয়েছিলাম।

কয়েক মাস পরে, আমরা স্নাতক স্কুলের জন্য উইচিটা, কানসাসে চলে আসি। এটি একটি ঠান্ডা শীতের রাত ছিল, এবং অর্থ বাঁচাতে, আমরা উষ্ণতার জন্য কয়েক স্তরের কম্বলের উপর নির্ভর করে রাতে হিটারটি বন্ধ করে দিয়েছিলাম। একটি ঠান্ডা হাওয়া অনুভব করে, ক্যাথি ঘুম থেকে জেগে আমাকে বিছানার পাশে দাঁড়িয়ে, ধীরে ধীরে কভারগুলি পিছনে টানতে দেখেছিল। সে বলল, “কি করছ?!” আমি আচমকা আমার ঠোঁটে আঙুল রেখে ফিসফিস করে বললাম, “শশশশ...। বিছানায় একটা সাপ আছে।” সে বলল, “তুমি আবার স্বপ্ন দেখছ, আমাকে কম্বল ফিরিয়ে দিয়ে ঘুমোও”। ক্যাথি আমার কাছ থেকে কম্বল কেড়ে নেওয়ার জন্য বেশ কয়েকটি আন্তরিক প্রচেষ্টা করেছিল, যখন আমি অবশেষে আমার স্বপ্ন সম্পর্কে সচেতন হওয়ার আগে আমাকে আমাদের নিরাপত্তার আশ্বাস দিয়েছিল। এটা এত বাস্তব মনে হয়েছিল!

আমরা স্নাতকতা অর্জন করে ক্যালিফোর্নিয়ায় ফিরে আসার পর, এটি আরেকটি শীতের রাত ছিল যখন ক্যাথি এই অনুভূতিতে জেগে গিয়েছিল যে কেউ আমাদের বেডরুমে আছে। সে তার বেডসাইড লাইট জ্বালিয়ে আমাকে দেখতে পেল ঘোয়ের কোণে দাঁড়িয়ে, সাঁতারের ট্রাঙ্ক পরা, আমার কোমরে হাত রাখা অবস্থায়। সে আমাকে বারংবার করা প্রশ্নটি আবার করে, “তুমি কি করছ?!” সে কথা বলার সাথে সাথে আমি জেগে উঠলাম, এক মুহূর্তের জন্য চারপাশে তাকিয়ে উত্তর দিলাম, “আমার কোন ধারণা নেই।”

এই গল্পের মজার অংশ হল এটা করার জন্য যে প্রয়োজনীয় পরিশ্রম আমাকে করতে হয়েছিল। যেহেতু শীতের জন্য আমার সাঁতারের ট্রাঙ্কগুলি বান্ধবন্দী করা হয়েছিল, তাই আমাকে বিছানা থেকে নামতে হয়েছিল, অন্ধকারে চুপচাপ আলমারির মধ্যে খুঁজতে হয়েছিল, আমার উষ্ণ পায়জামা থেকে বেরিয়ে আসতে হয়েছিল এবং একটি অজানা সময়ের জন্য শীতল বেডরুমের কোণে দাঁড়িয়ে থাকতে হয়েছিল। আমি হয়তো ঘন্টার পর ঘন্টা সেখানে দাঁড়িয়ে থাকতাম যদি ক্যাথি আমাকে আমার দুঃসাহসিক কাজ থেকে উদ্ধার না করত।

সমস্যাটিকে চিহ্নিত করা

আরেকবার একদিন বেশ সকাল বেলায়, আমি স্বপ্নে দেখেছিলাম যে ক্যাথি আমাকে তার কপালের জন্য একটি ঠাণ্ডা ধোয়ার কাপড় আনতে বলেছে। একজন প্রেমময় স্বামী হওয়ার কারণে, আমি বাথরুমের সিঙ্গে গিয়েছিলাম, ঠাণ্ডা জলে একটি কাপড় ভিজিয়েছিলাম এবং আমার প্রিয় স্ত্রীর যত্ন করতে ফিরে এসেছিলাম। আমি যখন চুপচাপ ফিসফিস করে বললাম, “এই যে ভেজা কাপড়টা তুমি চেয়েছিলে,” সে তার মুখের উপর বরফ-ঠাণ্ডা জলের স্রোত অনুভব করে হতবাক হয়ে বলল, “এটা কী?!” যদিও তার প্রশ্নে হতবাক হয়েছিলাম, আমি বললাম, “তুমি যে ঠাণ্ডা ভেজা কাপড় চেয়েছিলে তা আমি এনেছি।” মুখ থেকে জল মুছতে মুছতে বলল, তুমি আবার স্বপ্ন দেখছ। দয়া করে কাপড়টি নিংড়ে ফেলো এবং আবার ঘুমাতে যাও।”

যাইহোক, আমার সবচেয়ে প্রিয় প্রতিকারটি সুপ্রিম কোর্টের বিচারপতি ক্ল্যারেন্স থমাসের জন্য নিশ্চিতকরণ শুনানির দিনগুলিতে উদ্ভূত হয়, একটি বড় খবর যা আমার দৃষ্টি আকর্ষণ করেছিল। এক রাতে, আমি বিছানায় শুয়ে বললাম, “ওহ না!!!!” একটি জরুরি অবস্থা মনে করে ক্যাথি উদ্বিগ্ন হয়ে জিজ্ঞেস করলো, “কি হয়েছে?” একটি স্পষ্ট কিন্তু উদ্বিগ্ন কণ্ঠে আমি বললাম, “যদি তারা সুপ্রিম কোর্টে ক্ল্যারেন্স থমাসকে বিচারক হিসেবে নিশ্চিত করে, তাহলে আমাকে তাকে বেতনভুক্ত করতে হবে!” এই বিরজিকর স্বপ্নের বেশ কয়েক বছর পরে, ক্যাথি শিখেছিল কীভাবে পরিস্থিতি সামলাতে হয় এবং শান্তভাবে বলেছিল, “তোমাকে এটা করতে হবে না ডন, মার্কিন সরকার তোমার জন্য এটি করবে।” তার কথায় স্বস্তি পেয়ে আমি বললাম, “ওহ ভালো” এবং আবার ঘুমাতে গেলাম।

বাস্তবতার সাথে অসংযুক্ত অনুভব করা

এই মজার গল্পগুলি মানুষের অবস্থার একটি মৌলিক উপাদানকে চিত্রিত করে: আমরা এমন চিন্তা ও অনুভূতির শিকার হই যার বাস্তবতার সাথে কোন সংযোগ নেই। আমাদের শত্রু শয়তান ক্রমাগত আমাদের এমন বিভ্রান্তিকর বার্তা দিয়ে বোমাবর্ষণ করে যা ঈশ্বরের সত্য থেকে বিচ্ছিন্ন। সে মিথ্যা বলে, প্রতারণা করে এবং বিকৃত করে যাতে আমরা বিভ্রান্তিতে থাকি।

আমার মানসিক চাপযুক্ত এই স্বপ্নগুলির মত, শত্রুর মিথ্যা বাস্তব এবং সঠিক অভিজ্ঞতার উপর ভিত্তি করে বলে মনে হতে পারে। আমি সত্যিই ভেবেছিলাম

আরেকবার ভাবুন

বিছানায় একটি সাপ আছে। আমি সত্যিই ভেবেছিলাম ক্লারেন্স থমাসকে বেতন দেওয়া আমার দায়িত্ব। আমি সত্যিই ভেবেছিলাম ক্যাথি একটি ঠান্ডা, ভেজা কাপড় চেয়েছিল। এবং বিরক্তিকর অংশ হল যে আমার শরীর আমার স্বপ্নের প্রতি এমন ভাবে সাড়া দিয়েছিল যেন এই বিভ্রমগুলি সত্য। আমার অ্যাড্রেনালিন একই হারে পাম্প করছিল যেন একটি সাপ সত্যিই বিছানায় ছিল। ক্লারেন্স থমাস সম্পর্কে উদ্বেগ একই ছিল যেন আমি সত্যিই আমার চাকরিতে একটি গুরুত্বপূর্ণ কাজ ভুলে গিয়েছিলাম। এবং যখন ক্যাথি আমাকে বলেছিল যে ফেডারেল সরকার ক্লারেন্স থমাসের যত্ন নেবে, তখন আমার শরীর সাড়া দিয়েছিল যেন এটি সত্য। আমি শান্ত হয়ে আবার ঘুমিয়ে পড়েছিলাম।

প্রকৃতপক্ষে, আমাদের দেহ সত্য এবং মিথ্যার মধ্যে পার্থক্য বলতে পারে না। যদি আমরা বিশ্বাস করি যে বিছানায় একটি সাপ আছে, আমাদের শরীর অ্যাড্রেনালিনের বিস্ফোরণের সাথে প্রতিক্রিয়া জানাবে। যদি আমরা বিশ্বাস না করি যে বিছানায় একটি সাপ আছে, আমাদের শরীর শিথিল থাকবে এবং আমরা শান্তিতে ঘুমাতে পারব। আমাদের স্নায়ুতন্ত্রের ক্ষেত্রে, সত্য বা মিথ্যা বলে কিছু নেই, শুধুমাত্র আমরা যা বিশ্বাস করি।

এটি বিপদজনক হয়ে ওঠে যখন আমরা একটি মিথ্যাকে এতটাই পর্যাণ্ড বার পুনরাবৃত্তি করি যে আমরা তা বিশ্বাস করতে শুরু করি, তা সত্য হোক বা না হোক। “আমি মূর্খ, এবং আমি কিছুই ঠিক করে করতে পারি না” বলাটা একটি কৌতুক কথা হিসাবে শুরু করা যেতে পারে তবে বেশ কয়েকটি পুনরাবৃত্তির পরে এটি একটি বিশ্বাসে পরিণত হতে পারে। যারা বলে, “আমার কোন আগ্রহ নেই” তারা শীঘ্রই নিজেদের আগ্রহহীন অবস্থায় দেখতে পায়।^{১০} সময়ের সাথে সাথে, আমরা নিজেদের যে পরিচয়টি নিয়ে চিন্তাভাবনা করি, আমরা আসলে সেটাই হয়ে উঠি।

ফলস্বরূপ, আমাদের আধ্যাত্মিক এবং শারীরিক স্বাস্থ্য নির্ভর করে আমরা যা বিশ্বাস করি তার উপর। আমরা যদি শয়তানের অভিযোগগুলিকে বিশ্বাস করি, তাহলে আমাদের দেহ সেই অভিযোগগুলোর প্রতি এমন ভাবে জবাব দেবে যেন সেগুলি সত্য। যদি প্রতিপক্ষ পরামর্শ দেয়, “ঈশ্বর তোমাকে পরিত্যাগ করেছেন এবং তুমি একা” এবং আমরা যদি সেই মিথ্যা বাক্যটিকে বিশ্বাস করি, তাহলে আমাদের শরীর উদ্বেগ অনুভব করবে যা তিক্ততা, মূল্যহীনতা, হতাশা এবং

সমস্যাটিকে চিহ্নিত করা

ভয়ের দিকে পরিচালিত করবে। অন্যদিকে, শয়তান যদি বলে, “ঈশ্বর তোমাকে পরিত্যাগ করেছেন,” তখন ঈশ্বর তাঁর বাক্যে যা কিছু বলেছেন, সেইগুলিতে আমরা বিশ্বাস করতে পারি, এবং নিজেদের সুনিশ্চিত করতে পারি যে আমরা লালিত এবং ক্ষমাপ্রাপ্ত। ঈশ্বরের সত্যকে বিশ্বাস করার মাধ্যমে, আমাদের দেহ আনন্দ এবং ধন্যবাদের সাথে প্রতিক্রিয়া জানাতে পারে।

মিথ্যাকে প্রকাশ্যে আনুন এবং সত্যকে স্বীকৃতি দিন

যেহেতু আমাদের দেহ আমরা যা বিশ্বাস করি তার প্রতি এত দৃঢ় প্রতিক্রিয়া দেখায়, অভিযোগকারী ব্যক্তি আমাদেরকে বারবার একই মিথ্যা বিশ্বাস করার জন্য প্রতারণা করতে পারে যতক্ষণ না পর্যন্ত সেই বাক্যগুলি বিষাক্ত অভ্যাস এবং মনোভাব তৈরি করে। প্রথমে, সে এমন মিথ্যা উপস্থাপন করে যা উদ্বেগ সৃষ্টি করতে পারে। যখন এটি ঘটে, তখন আমরা সচেতন হতে পারি যে কিছু একটা ঠিক নেই, আর সেই চিন্তাটিকে প্রশ্ন করার প্রয়োজন হতে পারে।

কিন্তু যদি আমরা বারবার এই অ্যালার্মগুলিকে উপেক্ষা করি, তাহলে আমরা যে সতর্কতাগুলি একবার লক্ষ্য করেছি তা ধীরে-ধীরে কম প্রভাব ফেলতে শুরু করবে। তারপর সেই মিথ্যার প্রতি আমাদের প্রতিক্রিয়া একটি অভ্যাসে পরিণত হয়, যা একটি অচেতন অবস্থায় শেষ হয় যা অত্যন্ত স্বাভাবিক বলে অনুভব করাতে শুরু করে। এটি উপলব্ধি না করেই, আমরা ক্রমাগত চাপের মধ্যে থাকতে পারি। অতএব, প্রতিবার আমরা শয়তানের প্রতারণার সাথে একমত হই, আমরা আমাদের মস্তিষ্কে খাঁজগুলিকে খোদাই করার অনুমতি দিই যা সময়ের সাথে সাথে দুর্গ তৈরি করে। এটি করার মাধ্যমে, আমরা কেবল নিজের ক্ষতিই করি না, তবে আমাদের খারাপ মনোভাব এবং আচরণ আমাদের চারপাশের লোকদের উপর নেতিবাচকভাবে প্রভাব ফেলতে শুরু করে।

অন্যদিকে, আমরা যদি ঈশ্বরের বাক্যে যা বলে তা বিশ্বাস করি, তাহলে পবিত্র আত্মা আমাদের অভ্যাস এবং মনোভাব পরিবর্তন করবেন, যেন আমরা প্রভু যীশুর মতো হতে পারি। এটি আমাদের ঈশ্বরকে মহিমান্বিত করতে এবং তাঁর জন্য অন্যদের আশীর্বাদ করতে সক্ষম করে। তিনি আমাদের পরিচয় গঠন করতে পারেন, তাঁর সাদৃশ্যে রূপান্তরিত করতে পারেন (রোম ৮:২৯)। যেমন নীল অ্যান্ডারসন বলেছেন, “বিশ্বাসী হিসেবে আমরা সাধু হওয়ার চেষ্টা করছি

আরেকবার ভাবুন

না; আমরা সাধু যারা খ্রীষ্টের মত হয়ে উঠছি।”¹⁰ যখন আমরা ঈশ্বরের বাক্যের সত্যের সাথে একমত হই, তখন আমরা পুরানো দুর্গুণলিকে ভেঙে ফেলি এবং নতুন অভ্যাস তৈরি করি যা জীবন ও শান্তি নিয়ে আসে।

এর অর্থ হল আমাদের কেবল “পাপ এড়ানোর জন্য কঠোর চেষ্টা” করতে হবে না, তবে পবিত্র আত্মার কাজ দ্বারা, আমরা অভ্যন্তরীণ দিক থেকে একটি ভিন্ন ব্যক্তিতে রূপান্তরিত হতে পারি। কারণ আমাদের দেহ শুধুমাত্র বিশ্বাসের প্রতি প্রতিক্রিয়া দেখায়, আমাদের কাজ হল মিথ্যাকে প্রকাশ্যে আনা এবং সত্যকে স্বীকৃতি দেওয়া। মিথ্যা এবং সত্যের নিজেদের মধ্যে কোন ক্ষমতা নেই; তারা নিরপেক্ষ। আমরা যা বিশ্বাস করি তার দ্বারা আমরা মিথ্যা বা সত্যকে সক্রিয় করি এবং এটি করার সর্বোত্তম উপায় হল ঈশ্বরের বাক্য থেকে সত্যকে স্বীকৃতি দেওয়া।

এই রূপান্তরটি আমার জীবনে সত্য হয়েছে, এটি প্রমাণ করে যে ক্যাথি এবং আমি কয়েক বছর আগে যে মানসিক চাপযুক্ত স্বপ্ন দেখেছিলাম তা আমার আর নেই। এবং যখন আমার এখনও অনেকটা পথ অতিক্রম করা বাকি রয়েছে, আমি শিখেছি কীভাবে ঈশ্বরের বিনিয়োগের প্রতিফল তৈরি করে এমন স্থিতিস্থাপকতা তৈরিতে ঈশ্বরের সাথে সহযোগিতা করতে হয়।

অধ্যায় 2

যুদ্ধক্ষেত্রের স্থান

আমাদের ছেলেরা, রায়ান এবং মার্ক বড় হওয়ার সাথে সাথে আমাদের আনন্দের উৎস হয়ে উঠেছিল, তারা আমাদের অনেক মজার গল্প শোনাত। ছোটবেলায় মার্ক প্রায়শই এমন শব্দভাণ্ডার দিয়ে আমাদের অবাক করে দিত যা তার বয়সী কারোর বোধগম্যতার বাইরে বলে মনে হত। উদাহরণস্বরূপ, যখন তার বয়স ছয় বছর, তখন আমি পরিবারের সবাইকে একত্র করে একটি সভা করতে চেয়েছিলাম। রায়ান (তখন বয়স ১১) আমার কণ্ঠস্বর শুনে সেই মুহূর্তে অনুমান করেছিল যে এটি অপ্রীতিকর হতে চলেছে। এই অ-মৌখিক ইঙ্গিতগুলির বিষয়ে অজ্ঞ হয়ে মার্ক উত্তেজিতভাবে বলেছিল, “আমরা কি সিনেমা দেখতে যাচ্ছি নাকি রাতের খাবারের জন্য বাইরে যাচ্ছি?”

আমি উত্তর দেওয়ার আগেই, রায়ান মার্ককে ফিসফিস করে বলল যে এই ঘটনাটি গুরুগম্ভীর হতে চলেছে। মার্কের মুখ তৎক্ষণাৎ বিবর্ণ হয়ে গেল এবং সে বলল, “আমি মনে করি না যে আমি এই অনুযোগমূলক সভার অংশ হতে চাই”। ক্যাথি এবং আমি হেসে ফেললাম, ভাবছিলাম যে মার্ক কি “অনুযোগমূলক সভা” কী তা জানে কিনা।

এক মহা যুদ্ধ

আমরা যে মহা যুদ্ধগুলির মধ্যে থাকি, সেইগুলি নিয়ে যখন চিন্তাভাবনা করি, তখন আমরা মার্কের মতোই অনুভব করতে পারি। আমরা নিজেদেরকে কোন প্রকারের সংঘর্ষের মাঝে পড়তে দেখতে চাইতাম না, বরং সেই সংঘর্ষকে এড়িয়ে চলতে বা যুদ্ধবিরতি নিয়ে আলোচনা করতে পছন্দ করতাম।

কিন্তু এটা উপলব্ধি করা সান্ত্বনাদায়ক হতে পারে যে আমাদের পরিস্থিতির চেয়েও বৃহত্তর, ঐতিহাসিক প্রেক্ষাপট রয়েছে। আমাদের দৈনন্দিন অস্তিত্ব আমাদের ব্যক্তিগত সমস্যার বাইরেও অনেক কিছুই একটি অংশ। ডালাস উইলার্ড বলেছিলেন, “প্রধান আকর্ষণ হওয়ার পরিবর্তে, আমরা কেবল ভালো এবং মন্দের বিশাল শক্তির মধ্যে একটি বিশাল সংগ্রামের একটি - অত্যন্ত গুরুত্বপূর্ণ - অংশ হিসাবে তাৎপর্যপূর্ণ”।¹¹ এটি আমাদের জীবনের কঠোর বাস্তবতার সাথে মোকাবিলা করার জন্য সঠিক দৃষ্টিভঙ্গি প্রদান করে।

আরেকবার ভাবুন

এই যুদ্ধ আমাদের আগেও ছিল এবং আমাদের মৃত্যুর পরেও চলবে। সৃষ্টির আগে, শয়তান ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করেছিল এবং তারপর সেই বিদ্রোহে যোগদানের জন্য আদম ও হবাকে নিযুক্ত করেছিল। সেই দিন থেকে, ঈশ্বর পতনের সময়ে যা কিছু হারিয়েছিলেন তা ফিরে পেতে চান। আমাদের প্রভু যীশুর মাধ্যমে, শয়তান পরাজিত হয়েছে, কেবল তাঁর মৃত্যু এবং পুনরুত্থানের মাধ্যমেই নয়, বরং তাঁর মানবরূপে জন্ম, আরোগ্যতা, মন্দ-আত্মাদের তাড়ানো এবং স্বর্গারোহণের মাধ্যমেও। তারপর তিনি পঞ্চাশতমীর দিনে পবিত্র আত্মাকে পাঠিয়ে শয়তানের উপর তাঁর বিজয় অব্যাহত রাখার জন্য মণ্ডলীর সূচনা করেছিলেন, বিশ্বজুড়ে তাঁর রাজ্যের প্রভাব বিস্তার করেছিলেন।

অতএব, সুসমাচার হল এই সুসংবাদ যে ঈশ্বর এই বৃহত্তর ঐতিহাসিক যুদ্ধে জয়ী হবেন, এবং আমরা সেই বিজয়ের লুণ্ঠন (মথি ১২:২৯)। কিন্তু এই সুসমাচার বোঝার আগে, আমাদের চারপাশের অদৃশ্য জগতে যা ঘটছিল তার অনেক কিছুর প্রতি আমরা অন্ধ ছিলাম। এটি প্রকাশ করার জন্য আমাদের পবিত্র আত্মার প্রয়োজন ছিল, কিন্তু যখন আমরা বিশ্বাস করি, তখন তাঁর বাক্যের সত্যের প্রতি আমাদের চোখ খুলে যায়। আমরা একজন স্রষ্টা এবং তাঁর সৃষ্টিকে বুঝতে পারি যার মধ্যে একজন প্রতিপক্ষ রয়েছে যে সকলকে সত্য বুঝতে বাধা দেওয়ার চেষ্টা করে। আমরা নিজেদেরকে পিতার পরিকল্পনার অংশ হিসেবে দেখতে পাই, যে পরিকল্পনাটি একজন চ্যাম্পিয়ন দ্বারা বাস্তবায়িত হয় যাতে সবকিছু নতুন করে তৈরি করা যায়, যাতে লোকেরা ক্ষমা পেতে পারে এবং এই কাজে তাঁর সাথে যোগ দিতে পারে।

চোর

যোহন ১০:১০ পদে, যীশু এই শত্রুর সম্পর্কে বলেছিলেন, “চোর আইসে, কেবল যেন চুরি, বধ ও বিনাশ করিতে পারে”। সে একজন লুণ্ঠনকারী, ডাকাত এবং খুনী। সে কেবল ঈশ্বরের কাজকে নষ্ট করার চেয়ে আরও বেশি কিছু করতে চায়; সে আমাদের জীবনকে নষ্ট করতেও অনেক আনন্দ পায়। কখনও কখনও আমরা শয়তানের উদ্দেশ্যের হিংস্র প্রকৃতিটা দেখতে পাইনা। সে “সুড়সুড়ি দিতে, ধাক্কা দিতে এবং বিরক্ত করতে” আসেনি বরং “চুরি করতে, হত্যা করতে এবং ধ্বংস করতে” এসেছে। সে একজন দুষ্টি এবং

শক্তিশালী প্রতিপক্ষ যে কাউকে গ্রাস করার জন্য ঘুরে বেড়ায় (১ পিতর ৫:৮)। তার আকাঙ্ক্ষা হল বিশৃঙ্খলা এবং ধ্বংস।

সে মানুষের কাছ থেকে মূল্যবান জিনিসপত্র কেড়ে নেওয়ার কৌশলও ব্যবহার করে। সে এমন একজন গুন্ডার মতো যে শিশুর কাছ থেকে দুপুরের খাবারের টাকা চুরি করে অথবা ফুলে পা রাখতে পছন্দ করে এমন একজন নিষ্ঠুর ব্যক্তির মতো। সে ক্রমাগত লুটপাট করে, যা অসুস্থতা, প্রত্যাখ্যান, আন্তঃব্যক্তিক দ্বন্দ্ব, আর্থিক সমস্যা এবং এমনকি ভূ-রাজনৈতিক দ্বন্দ্বের মাধ্যমে প্রকাশিত হয়। বাইবেল প্রায়শই এগুলিকে “জগৎ, মাংস এবং শয়তান” থেকে উদ্ধৃত বলে উল্লেখ করে (যেমন ইফিষীয় ২:১-৩, যাকোব ৪:১-৭), কিন্তু সমস্ত মন্দের উৎপত্তি একটি মাত্র উৎস থেকে: শয়তান। পৌল বলেছিলেন যে সেই দুষ্ট ব্যক্তি হল সমস্ত ধার্মিকতার শত্রু, প্রতারণা এবং দুষ্টতায় পূর্ণ, প্রভুর পথ বিকৃত করে (প্রেরিত ১৩:১০)।

ভাগ খ

চুরি, হত্যা এবং ধ্বংস করার জন্য দোষারোপকারীর ধ্বংসাত্মক প্রচেষ্টা সত্ত্বেও, ঈশ্বর সম্পূর্ণ ভিন্ন পদ্ধতি প্রদান করেন। যোহন ১০:১০ পদের একটি “খ” অংশ রয়েছে। যীশু শত্রুর লুণ্ঠন কাজের তুলনা করে ঘোষণা করেন যে আমরা প্রচুর পরিমাণে জীবন পেতে পারি। যদিও শয়তানের গণিত বিয়োগের উপর ভিত্তি করে (ভাল জিনিস কেড়ে নেওয়া), ঈশ্বরের গণিত গুণের উপর ভিত্তি করে (ভাল জিনিস দ্বিগুণ এবং তিনগুণ করা)। যেখানে দুষ্ট ব্যক্তি আমাদের দুপুরের খাবারের টাকা চুরি করার চেষ্টা করে, ঈশ্বর আমাদের নিজেদের দুপুরের খাবারের জন্য পর্যাপ্ত অর্থ এবং অতিরিক্ত কিছু দিতে চান যাতে আমরা আমাদের বন্ধুদেরও দুপুরের খাবারের সাথে আপ্যায়ন করতে পারি (ইফিষীয় ৪:২৫)।

সাধারণভাবে, ঈশ্বর আমাদের পরিচয় তৈরি করতে চান যাতে তিনি তাঁর রাজ্যের আশীর্বাদ বহুগুণে বৃদ্ধি করতে পারেন। তিনি তাঁর বিনিয়োগের ফল (সুদের হার) দেখতে চান, এবং যীশুর দৃষ্টান্তগুলির পরীক্ষা করলে এটি সত্য বলে প্রমাণিত হয়। ঈশ্বর জোগান দেন কিন্তু তিনি যতটা দিয়েছেন তার চেয়ে বেশি পাওয়ার আশা করেন (তালস্তের দৃষ্টান্ত, মথি ২৫:১৪-৩০)। ঈশ্বর

আরেকবার ভাবুন

বীজ জোগান দেন এবং বিনিয়োগের ৩০, ৬০, ১০০ গুণ আশা করেন (বীজ বাপকের দৃষ্টান্ত, মথি ১৩:৩-৯)। একটি ছোট বীজ থেকে একটি বড় গাছ তৈরি হয় যা অন্যদের আশ্রয় দেয় (সরিষার দানার দৃষ্টান্ত, মথি ১৩:৩১-৩২), এবং অল্প পরিমাণে খামির পুরো রুটিতে ছড়িয়ে পড়ে (খামির দৃষ্টান্ত, মথি ১৩:৩৩)।

এই সমস্ত দৃষ্টান্তে, ঈশ্বর বীজ সরবরাহ করেন এবং তিনি যা দিয়েছেন তার চেয়েও বেশি ফসল আশা করেন। তিনি প্রাথমিক বিনিয়োগ করেন কিন্তু আমাদেরকে অপ্রত্যাশিত ফল উৎপাদন করতে বলেন। যেহেতু যীশু আমাদেরকে স্থায়ী ফল ধারণ করার জন্য নিযুক্ত করেছেন (যোহন ১৫:১৬), তাই আমাদের অনেক দায়িত্ব বাকি রয়েছে। আমাদের পরিচয় গঠনের মাধ্যমে, তিনি তাঁর জন্য সুদের হার প্রদানের আমাদের ক্ষমতা বৃদ্ধি করেন।

প্রেরিত যোহন এইভাবে বলেছিলেন: “ঈশ্বরের পুত্র [যীশু] এই জন্যই প্রকাশিত হইলেন, যেন দিয়াবলের কার্য সকল লোপ করেন।” (১ যোহন ৩:৮)। এই মহাজাগতিক যুদ্ধের প্রেক্ষাপটে, আমরা শয়তানের কাজ ধ্বংস করার জন্য যীশুর প্রতিনিধি হয়ে উঠি। শত্রু যখন ক্ষতি করে এবং ঈশ্বর সরবরাহ করেন, তখন আমরা সেই শত্রুকে হতাশ করার জন্য ঈশ্বরের কাজে অংশগ্রহণ করি। আমরা এই সংঘর্ষের মাঝখানে নিজেদেরকে বসাতে বলিনি, তবে পছন্দ করি বা না করি, আমরা তাঁর রাজ্যকে এগিয়ে নেওয়ার জন্য ঈশ্বরের মনোনীত প্রতিনিধি। তবে এর বৃহত্তর বোধগম্যতা পিতা ঈশ্বরের দানশীলতা প্রকৃতির গভীর বোধগম্যতার মাধ্যমে শুরু হয়।

অধ্যায় 3 পিতার দানশীলতা

যখন যীশু বলেছিলেন, “আমি এসেছি যেন তারা জীবন পায় এবং তা প্রচুর পরিমাণে পায়,” তখন এই ধারণাটি তাঁর প্রেরণকারী পিতার অসীম মঙ্গল এবং উদারতার মধ্যে বন্ধমূল ছিল (যোহন ৭:২৮-২৯)। তিনি একজন প্রেমময় পিতা যিনি তাঁর সন্তানদের উৎসাহিত করেন, উপদেশ দেন এবং দায়িত্ব দেন (২ থিমলোনীকীয় ১:১১)। তিনি একজন পরোপকারী পিতা যিনি আমাদের ভরণপোষণ করেন। প্রায়শই, পিতা সম্পর্কে আমাদের ধারণা এই বাস্তবতার সাথে সামঞ্জস্যপূর্ণ হয় না। যখন আমরা পিতাকে প্রেমময়, উজ্জ্বল, সুখী, বন্ধুত্বপূর্ণ, সহজলভ্য এবং সম্পূর্ণরূপে সক্ষম হিসাবে চিনতে ব্যর্থ হই, তখন আমাদের মধ্যে পিতার এক ভুল চিত্র তৈরি হয়।¹² তাঁর চরিত্র থেকে তাঁর উপচে পড়া করুণা এবং দয়া প্রবাহিত হয়।

জীবন আমাদের আনন্দ দিতে পারে এমন সমস্ত উপায়গুলি বিবেচনা করলে আমরা পিতার মঙ্গলভাব বুঝতে শুরু করতে পারি। এর মধ্যে রয়েছে হাসি, সুস্বাদু খাবার, আকর্ষণীয় কথোপকথন, পরিবারের সাথে সময় কাটানো, অথবা ঘন্টার পর ঘন্টা আকর্ষণীয় শখ যা আমাদের শক্তি দেয় এবং আমাদের জীবন দেয়। আমরা প্রকৃতিতে ঈশ্বরকে অনুভব করি, একটি সুন্দর সূর্যাস্ত দেখি, বনে হাঁটি, অথবা পোষা প্রাণীর সাহচর্য উপভোগ করি। ঈশ্বরের সৃষ্টি আশীর্বাদের তালিকা অন্তহীন বলে মনে হয়, যা সঙ্গীত, খেলাধুলা, বিজ্ঞান, শিল্প এবং সাহিত্য পর্যন্ত বিস্তৃত।

উৎস এবং ধারণকর্তা

সর্বশক্তিমান পিতা সবকিছুর উপর সার্বভৌম, সকল জীবের উৎস, সকলের পালনকর্তা। তাঁর অসাধারণ মঙ্গলভাব তাঁর গুণাবলী, তাঁর নিখুঁত নৈতিক পবিত্রতা, তাঁর পরম সততা এবং তাঁর অসীম প্রেমের মাধ্যমে প্রকাশিত হয়।¹³ পিতা সমস্ত সৃষ্টির প্রতি যত্নশীল, একটি আশ্চর্যজনক জটিল বাস্তবতন্ত্রের প্রতিটি প্রাণীর জন্য ব্যবস্থা করেন যেখানে পাখি, মাছ, প্রাণী এবং অণুজীবরা বৃদ্ধি পায়। পিতা করুণাময়, সকল মানুষকে তাঁর অনুগ্রহ প্রদান করেন, তারা এর যোগ্য হোক বা না হোক। তিনি অভাবী এবং ভগ্নদের প্রতি বিশেষ করুণা দেখান।

আরেকবার ভাবুন

তিনি ক্রোধে ধীর, বিচার প্রয়োগে ধৈর্যশীল, এবং তাঁর দয়া মানুষকে অনুতাপ এবং পরিত্রাণের দিকে পরিচালিত করে (রোমীয় ২:৪)।

তবে, যখন আমরা পিতার মঙ্গলভাব এবং দানশীলতার উপর আস্থা রাখতে ব্যর্থ হই, তখন আমাদের জীবন ধ্বংস হয়ে যেতে পারে। সুপরিচিত ব্যক্তিদের অনেক নৈতিক ব্যর্থতাগুলিকে পরীক্ষা করে দেখা যায় যে, তাদের মধ্যে যা মিল রয়েছে তা হল এই মিথ্যা ধারণা পোষণ করা যে “ঈশ্বর আমাকে আমার নিজের চাহিদা মেটাতে বলেছেন”। যখন একজন ব্যক্তি বিশ্বাস করা বন্ধ করে দেয় যে ঈশ্বর প্রচুর পরিমাণে সরবরাহ করেন, তখন অনিবার্য ভাবে ঈশ্বরের প্রতি বিরক্তি বেরিয়ে আসে।¹⁴ অতএব, সম্মানিত পরিচর্যাকারী নেতাদের পতন যৌনতা বা ক্ষমতার আকাজক্ষার উপর এতটা নির্ভর করে না, বরং পিতার বিধানের উপর আস্থার অভাবের উপর যতটা নির্ভর করে।

কিন্তু আমরা পিতার যত্নের উপর আস্থা রাখতে পারি! আমরা যে পরিস্থিতির মুখোমুখি হই না কেন, রোমীয় ৮:৩৫ আমাদের মনে করিয়ে দেয় যে তিনি আমাদের সাথে আছেন। আমরা ক্লেশ, দুর্দশা, তাড়না, দুর্ভিক্ষ, নগ্নতা, বিপদ বা তরবারির মুখোমুখি হই না কেন, কোনও পরিস্থিতিই ঈশ্বরের মুক্তির উদ্দেশ্যের বাইরে নয়। শয়তানের আক্রমণ সত্ত্বেও, আমরা নিশ্চিত থাকতে পারি যে পিতার অনুগ্রহ, যা লাভ করার জন্য আমরা অযোগ্য, আমাদেরকে সমস্তকিছু মোকাবিলা করতে সাহায্য করার জন্য যথেষ্ট (২ করিন্থীয় ১২:৯)।

শত্রুর হাত থেকে রক্ষা করার মাধ্যমে পিতার দানশীলতার সবচেয়ে গুরুত্বপূর্ণ দিকগুলি প্রকাশিত হয়। ইয়োব ১:১-২:৬ পদে শয়তানের অভিযোগ এবং হুমকির পদ্ধতি প্রকাশ করা হয়েছে, কিন্তু পরীক্ষাগুলি প্রকাশের আগেই পিতাই অনুমতি প্রদান করেন। আধ্যাত্মিক জগতের এই অন্তর্দৃষ্টি আমাদের আশ্বস্ত করে যে ঈশ্বরের সার্বভৌমত্বের বাইরে কিছুই ঘটে না। ইয়োবের পুস্তক আমাদের জানায় যে যদিও আমাদেরকে এই পরীক্ষার বৃহত্তর মহাজাগতিক উদ্দেশ্য সম্পর্কে অন্তর্দৃষ্টি দেওয়া নাও হতে পারে, তবুও আমরা পিতার উপর নির্ভর করতে পারি যে তিনি প্রতিটি পরিস্থিতিতে সুরক্ষা, যোগান এবং মুক্তি দেবেন।

মানিয়ে নেওয়ার ক্ষমতা

পিতা তাঁর সৃষ্টিতে খুঁজে পাওয়া অভিযোজন ক্ষমতার মাধ্যমে তাঁর দানশীলতা প্রদর্শন করেন। ঈশ্বর জীবনের আশ্চর্যজনক ক্ষমতা তৈরি করেছেন যা পরিবর্তিত পরিবেশে খাপ খাইয়ে নিতে পারে। এটি বিশেষ করে তাঁর সৃষ্টির সর্বোচ্চ স্তরের ক্ষেত্রে সত্য: মানবজাতি, *imago dei*

উদাহরণস্বরূপ, এপিজেনেটিক্সের বৈজ্ঞানিক আবিষ্কারগুলি প্রমাণ করেছে যে ঈশ্বর মানুষের মস্তিষ্কে কতটা নমনীয় করে তুলেছেন। আমাদের মস্তিষ্ক “নিউরোপ্লাস্টিক”, যার অর্থ এটি পরিবর্তন হতে পারে এবং বৃদ্ধি পেতে পারে।¹⁵ বৈজ্ঞানিক সম্প্রদায় বিশ্বাস করত যে একবার আমাদের মস্তিষ্ক ক্ষতিগ্রস্ত হলে, সেগুলি পুনরুদ্ধার করা যাবে না। কিন্তু এখন, স্নায়ুবিজ্ঞান সেই বিষয়টিকে যাচাই করে দেখেছে যা খ্রীষ্ট বিশ্বাসীরা বছরের পর বছর ধরে জেনে এসেছে: আমরা “মনের নূতনীকরণ দ্বারা স্বরূপান্তরিত” হতে পারি (রোমীয় ১২:২)।¹⁶

প্রকৃতপক্ষে, মানুষের মস্তিষ্ক বাস্তব, ভৌত, তড়িৎ চৌম্বকীয়, কোয়ান্টাম এবং রাসায়নিক প্রবাহ দিয়ে তৈরি যা আমাদের পছন্দ এবং পরবর্তী প্রতিক্রিয়ার উপর ভিত্তি করে জিনগুলিকে ইতিবাচক বা নেতিবাচক দিকে চালু এবং বন্ধ করে। যখন আমাদের খারাপ প্রতিক্রিয়াগুলি আমাদের মস্তিষ্কে সংযুক্ত হয়, তখন আমরা ঈশ্বরের সত্যের প্রতি সাড়া দেওয়ার সাথে সাথে সেগুলিকেও পুনর্নির্মাণ করতে পারি।

অতএব, আমাদের স্নায়বিক পথও আমাদের বিশ্বাস অনুসারে পরিবর্তিত হতে পারে। চিন্তাভাবনা ধ্বংসাত্মকভাবে বিষাক্ত প্যাটার্নগুলিতে সংযুক্ত থাকে যা শরীর এবং মনের ক্ষতি করে। অন্যদিকে, প্রেম, আনন্দ, উপলব্ধি এবং কৃতজ্ঞতার চিন্তাভাবনা দ্বারা এটি বিপরীত হতে পারে (যেমন ফিলি. ৪:৮)।¹⁷ যেহেতু আমরা ঈশ্বরের প্রতিমূর্তিতে তৈরি, তাই আমরা আমাদের অনুভূতির উর্ধ্ব দাঁড়াতে পারি এবং উদ্দীপনার প্রতি আমাদের প্রতিক্রিয়ার উপর নিয়ন্ত্রণ অনুশীলন করতে পারি। আমরা সিদ্ধান্ত নিতে পারি কিভাবে ঘটনার অর্থ ব্যাখ্যা করতে হবে এবং পরিস্থিতির শিকার হওয়া এড়াতে হবে।

আরেকবার ভাবুন

জানালা দিয়ে ভেতরে তাকিয়ে থাকা একজন ব্যক্তির মতো, আমরা একটি আঘাতমূলক ঘটনা পর্যবেক্ষণ করতে পারি এবং এর ক্ষতিকারক প্রভাবগুলিকে শুকিয়ে মেরে ফেলতে পারি, ঈশ্বরের সত্যের উপর ভিত্তি করে একটি সুস্থ দৃষ্টিভঙ্গি দিয়ে এটাকে প্রতিস্থাপন করতে পারি। আমাদের মস্তিষ্কে বিষাক্ত স্মৃতির উপাদান দুর্বল করে তোলা যেতে পারে, ক্ষতিকারক মানসিক ঘটনাগুলিকে ঈশ্বরের বাক্য দিয়ে প্রতিস্থাপন করতে পারি। যে নিউরনগুলি যথেষ্ট মনোযোগ পায় না তারা ভেঙে পড়তে শুরু করে, ব্যথার সাথে সংযুক্ত আবেগকে ধ্বংস করে। তাদের জায়গায়, ডোপামিন (যা মনোযোগ বৃদ্ধি করে) এবং সেরোটোনিন (যা শান্তি এবং সুখের অনুভূতি বৃদ্ধি করে) প্রবাহিত হতে শুরু করে, যার ফলে নতুন মস্তিষ্কের সংযোগ তৈরি হয়।¹⁸

কয়েক সপ্তাহের মধ্যে পরিবর্তন

আমাদের মানবদেহের জন্য পিতার নকশাও এমন রূপান্তরের সুযোগ দেয় যা বেশ দ্রুত ঘটতে পারে। সুইচ অন ইয়োর ব্রেইন¹⁹ বইটি পরামর্শ দেয় যে মস্তিষ্কের মধ্যে কিছু প্রোটিন পরিবর্তন ঘটতে মাত্র ২১ দিন সময় লাগে, তাই মাত্র তিন সপ্তাহ কাজ করার পরে, প্রতিদিন মাত্র ৭-১০ মিনিট অনুশীলন করার পরে, শক্তিশালী নেতিবাচক বিষয়গুলির অবনতি শুরু করতে পারে। অন্য কথায়, স্থিতিস্থাপকতাকে শক্তিশালী করে তোলার জন্য আমাদের বছরের পর বছর অপেক্ষা করতে হবে না।

তিনি আরও বলেন যে, ২১ দিন ধরে টানা তিন দফায় (৬৩ দিন) আমাদের অবচেতন চিন্তাভাবনা আমাদের সচেতন চিন্তাভাবনাকে নিয়ন্ত্রণ করতে শুরু করে এবং আমরা স্বয়ংক্রিয়ভাবে একটি নতুন স্বাস্থ্যকর উপায়ে প্রতিক্রিয়া জানাতে শুরু করি। এটি আমাদেরকে এতটাই দক্ষতা প্রদান করে যে অন্যদের পরামর্শদান সম্ভব হয়ে ওঠে। অন্য কথায়, মাত্র ২১ দিনের নিরন্তর অনুশীলনের পর আমরা খ্রীষ্টের মতো নতুন অভ্যাস গড়ে তুলতে পারি এবং ৬৩ দিন পর আমরা অন্যদের শিষ্য করা শুরু করতে পারি।

মানুষ যাই বলুক না কেন, আমরা আমাদের বংশগতির দ্বারা নিয়ন্ত্রিত নই! পিতার পরোপকারী নকশার কারণে, আমরা আজ যেমন আছি তেমনই আছি। উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত জিনগুলি আমাদের কিছু আচরণের প্রবণতা দেয়, তবে

সেগুলিই আমাদের গন্তব্য নয়! আমাদের চিন্তাভাবনা আমাদের মস্তিষ্কের গঠন প্রতিটি স্তরে পরিবর্তন করতে পারে: আণবিক, জেনেটিক, কোষীয়, তড়িৎ চৌম্বকীয় এমনকি সাবঅ্যাটমিক। অভ্যাসের শক্তি ভেঙে ফেলা যেতে পারে, কারণ পিতা আমাদের রূপান্তরের জন্য তৈরি করেছেন। আমরা দিনে-দিনে একটি নতুন ব্যক্তি হয়ে উঠতে পারি!

কল্পনা

পিতা আমাদের কল্পনারও ঈশ্বর। তিনি রহস্যময় অজানা এক মহাবিশ্ব সৃষ্টি করেছেন যা এখনও প্রকাশিত হয়নি, জটিলতা এবং বিস্ময়ের এক মহাবিশ্ব। তাঁর সৃষ্টির বৈচিত্র্যের মাধ্যমে, আমরা যেখানেই তাকাই পিতার কল্পনাশক্তি প্রকাশিত হয়।

ইতিহাস জুড়ে, পিতা সৃজনশীল, আশ্চর্যজনক উপায়ে কাজ করার স্বাধীনতা প্রদর্শন করেছেন। তিনি ঝোপঝাড় আটকে থাকা একটি ভেড়া সরবরাহ করেছিলেন, কুড়ালের মাথা ভাসিয়ে দিয়েছিলেন এবং মিশরের দেবতাদের অসম্মান করে আঘাত এনেছিলেন। তিনি তাঁর পুত্রকে নাসরতের এক কৃষক মেয়ের গর্ভে একটি ভ্রূণকোষ হিসেবে পাঠান, রাখালদের সাথে দেখা করার জন্য স্বর্গদূতদের পাঠান, কিন্তু জেরুজালেমে ব্যবস্থা বিশেষজ্ঞদের কাছে তা প্রকাশ করেননি। তিনি পঞ্চাশতমীর দিনে আগুনের ভাষায় আত্মাকে আবির্ভূত হতে পাঠান এবং অশিক্ষিত প্রেরিতদের দ্বারা ধর্মীয় নেতাদের বিভ্রান্ত করেন।

এ ছাড়াও, পিতা উদারতায় পরিপূর্ণ, তিনি প্রতিটি উত্তম ও নিখুঁত উপহার প্রদান করে থাকেন যা মানুষ কল্পনা করে। তিনি তাঁর সৃষ্টিতে আমোদ করেন এবং আমাদের মধ্যে আনন্দিত হন (সফ. ৩:১৭)। তাঁর সার্বভৌম শাসন অন্ধকার মেঘের মধ্য দিয়ে সূর্যের উষঃ রশ্মির মতো অনুভূত হতে পারে।

ডালাস উইলার্ড বলেছেন,

“আমাদের মনে করা উচিত যে ঈশ্বর একটি অত্যন্ত আকর্ষণীয় জীবনযাপন করেন এবং তিনি আনন্দে পরিপূর্ণ। নিঃসন্দেহে, তিনি মহাবিশ্বের সবচেয়ে আনন্দময় সত্তা। তাঁর ভালোবাসা এবং উদারতার প্রাচুর্য তাঁর অসীম আনন্দের সাথে অবিচ্ছেদ্য। আমরা মাঝে-মাঝে যে সমস্ত ভালো এবং সুন্দর

আরেকবার ভাবুন

জিনিসগুলি থেকে আত্ম-উল্লাসজনক আনন্দের ক্ষুদ্র ক্ষুদ্র ফোঁটা পান করি,
ঈশ্বর ক্রমাগত তাদের সমস্ত প্রশস্ততা, গভীরতা এবং ঐশ্বর্যের অভিজ্ঞতা
লাভ করেন।”²⁰

আমাদের মধ্যে তাঁর প্রতিমূর্তি

পিতার কল্পনাশক্তি আমাদের কল্পনাশক্তি প্রদর্শনের ক্ষমতার মধ্যে দেখা যায়।
যেহেতু আমরা চিরস্থায়ী সৃজনশীল প্রাণী, তাই তিনি এমন একটি পৃথিবী তৈরি
করেছেন যা আমাদের উদ্ভাবনী প্রকৃতির জন্য উপযোগী। তাঁর পৃথিবী মানবতার
উদ্ভাবনী প্ররোচনা পরিচালনা করার জন্য সম্পূর্ণরূপে সজ্জিত। যেহেতু আমরা
পিতার কল্পনাপ্রবণ প্রকৃতির আবরণ থেকে বিচ্ছিন্ন, তাই আমরা একটি উন্মুক্ত
সমভূমির মালভূমিতে দাঁড়িয়ে অসীম সম্ভাবনা, চিরন্তন দৃশ্য দেখতে পারি যা
আমাদের সামনে ফুটে উঠতে পারে।

আরেক কথায়, আমরা সীমাহীন পরিস্থিতিতে চলাফেরা করতে স্বাধীন। পিতার
মঙ্গলভাব সীমাহীন ভাবে প্রসারিত।²¹ অপরদিকে, শয়তান আমাদেরকে
হতাশাজনক সীমাবদ্ধতা, বিরক্তিকর সীমানা এবং নীতিবাদ নিয়ম-অনুসারীর
দৃষ্টিকোণ থেকে পৃথিবীকে দেখতে প্রলুব্ধ করে। কিন্তু যেহেতু ঈশ্বর সীমা
ছাড়াই চলাফেরা করতে স্বাধীন, তাই সৃজনশীলতা এবং সৌন্দর্য কেমন হতে
পারে তার কোনও সীমা নেই।

তবে, আমরা এই ভেবে প্রতারিত হতে পারি যে আমরা একটি ছোট জায়গায়
বাস করি, আমাদের বৃদ্ধদের বাইরে স্বাধীনতার এক বৃহত্তর জগৎ আছে
তা না জেনে। আমরা একটি বাস্কারে শান্ত বিচ্ছিন্ন জীবনযাপন করার জন্য
বেছে নিতে পারি, এবং মনে করতে পারি যে বাইরে যাওয়া নিরাপদ নয়।
শত্রু আমাদের বোকা বানাতে পারে একটি প্রাদেশিক অস্তিত্বে ফিরে যেতে,
এই ভেবে যে পিতার সমস্ত অভিযান অন্বেষণ করা বিপজ্জনক। কিন্তু পিতার
সৃষ্টিতে দেখা যায় তাঁর দানশীলতা, আমাদের অভিযোজন করার ক্ষমতা এবং
আমাদের কল্পনাশক্তির ব্যবহার, আমাদের এগিয়ে যাওয়ার জন্য যা প্রয়োজন
তা প্রদান করে।

উইলার্ড এভাবে বলেছেন: “ঈশ্বরের উদ্দেশ্য হল আমরা প্রত্যেকেই এমন
একজন ব্যক্তি হয়ে উঠি যাকে তিনি তাঁর বিশ্বব্রহ্মাণ্ডে মুক্ত করতে পারেন, এবং

আমরা যা করতে চাই তা করার জন্য যেন ক্ষমতাপ্রাপ্ত হই। ঠিক যেমন আমরা আমাদের সন্তানদের এবং যাদের আমরা ভালোবাসি তাদের জন্য যতদূর সম্ভব এটি কামনা করি এবং ইচ্ছা করি, তেমনি ঈশ্বরও তাঁর সন্তানদের জন্য এটি চান এবং ইচ্ছা করেন”।²² যেহেতু তাঁর কল্পনাশক্তি আমাদের সন্তান মध्ये দেখতে পাওয়া যায়, তাই আমরা দৃষ্টিশক্তি দ্বারা নয়, বিশ্বাস দ্বারা চলার জন্য সজ্জিত (২ করি. ৫:৭) এবং বিশ্বাস দ্বারা জীবনযাপনকারী অন্যদের পদক্ষেপ অনুসরণ করতে পারি (ইব্রীয় ১১)।

আবেগ

পিতার দানশীলতার আরেকটি দিক হল আমাদের আবেগ অনুভব করার ক্ষমতা, যার মধ্যে কেবল সুখ এবং আনন্দই নয়, দুঃখ, ভয় এবং বিভ্রান্তিও অন্তর্ভুক্ত। কখনও কখনও মানুষ তাদের অনুভূতিগুলিকে ছোট করে দেখে কারণ তারা জানে যে আবেগ তাদের প্রতারণা করতে পারে, সত্য থেকে দূরে সরিয়ে দিতে পারে। কিন্তু অনুভূতিগুলি বিশেষভাবে গুরুত্বপূর্ণ কারণ তারা আমাদের দেখায় যে আমাদের বিশ্বাসগুলি কোথায় লুকিয়ে আছে। আবেগগুলি একটি গাইগার কাউন্টারের মতো, বিষাক্ত বিশ্বাসগুলিকে প্রকাশ করে যা সত্য দিয়ে প্রতিস্থাপন করা প্রয়োজন। স্থিতিস্থাপকতা বিকাশের প্রক্রিয়ায় আমাদের বিশ্বাসগুলি উন্মোচন করা গুরুত্বপূর্ণ।

উদাহরণস্বরূপ, আমি আমার গাড়িটি আমাদের মেকানিক ববের কাছে নিয়ে গিয়েছিলাম, যখন আমার “চেক ইঞ্জিন” লাইট জ্বলে উঠল। বব ড্যাশবোর্ডের দিকে তাকিয়ে বলল, “আমি জানি কিভাবে এটাকে বিনামূল্যে ঠিক করা যেতে পারে”। কৌতূহলী হয়ে, আমি তাকে ব্যাখ্যা করতে বললাম। সে তার অফিসে গেল, কালো বৈদ্যুতিক টেপের একটি রোল বের করল, একটি ছোট টুকরো ছিঁড়ে ড্যাশবোর্ডের আলোটি ঢেকে দিল যাতে এটি আর দেখা না যায়। ববের গাড়ি মেরামতের পদ্ধতির মতই আমরা অনেকেই আমাদের অনুভূতির সাথে মোকাবিলা করি।

আসলে, আমরা আমাদের অনুভূতিগুলিকে উপেক্ষা করে নিজেদেরই ক্ষতি করি। যখন লোকেরা বলে, “তোমার যেমনটা হয় তেমনটা অনুভব করা উচিত নয়,” তখন এটি এক ধরনের প্রত্যাখ্যান।²³ ঈশ্বর আমাদের অনুভূতি

আরেকবার ভাবুন

উপেক্ষা করেন না এবং তিনি চান যে আমরা অন্যদের অনুভূতিকে সম্মান করি, “যারা কাঁদে তাদের সাথে কাঁদো” (রোমীয় ১২:১৫) বলার মাধ্যমে। আমাদের অনুভূতিগুলিকে উপেক্ষা করা বা দমন করার চেয়ে তাদেরকে সম্পূর্ণ ভাবে তালিকাভুক্ত করা অনেক ভালো। ড্যাশবোর্ডের আলোর সূচকটিকে টেপ দিয়ে ঢেকে রাখার মাধ্যমে উপেক্ষা করা বোকামি।

নীল অ্যান্ডারসন এটিকে এভাবে সাজিয়েছেন:

“তোমার আবেগ তোমার আত্মার জন্য ঠিক তেমনি, যেমন তোমার শারীরিক অনুভূতি তোমার শরীরের জন্য। সচেতন হয়ে কেউই ব্যথা উপভোগ করে না। যদি তুমি ব্যথা অনুভব না করো, তাহলে তুমি গুরুতর আঘাত এবং সংক্রমণের ঝুঁকিতে পড়বে। যদি তুমি রাগ, দুঃখ বা আনন্দ অনুভব না করো, তাহলে তোমার আত্মা কষ্টে থাকবে। আবেগ হল ঈশ্বরের নির্দেশক যা তোমাকে জানাবে যে ভেতরে কী ঘটছে। এগুলো ভালোও নয়, খারাপও নয়; এগুলো নীতিহীন, তোমার মানবতারই অংশ। ঠিক যেমন ভাবে আপনি শারীরিক ব্যথার সতর্কবার্তায় সাড়া দেন, তেমনি আপনাকেও আপনার মানসিক সূচকগুলির প্রতি সাড়া দিতে শিখতে হবে”²⁴

সমগ্র বাইবেলে ঈশ্বর আমাদের উৎসাহিত করেন যেন আমরা তাঁর কাছে আমাদের অনুভূতি প্রকাশ করি। আমাদের অভিযোগ, চ্যালেঞ্জ, আনন্দ এবং ভয় শুনে তিনি হতবাক হন না। ভাববাদীরা এবং গীতসংহিতার লেখকরা সবচেয়ে খাঁটি আবেগ প্রকাশ করেছেন। শাস্ত্রের লেখক হিসেবে, আত্মার এই উদাহরণগুলি অন্তর্ভুক্ত করা প্রমাণ করে যে তিনি কেবল আমাদের আবেগের প্রতি সহনশীল নন বরং আমাদের গভীরতম অনুভূতি প্রকাশ করতে উৎসাহিত করেন, কেবল আমাদের আবেগ প্রকাশ করার জন্য নয়, বরং স্থিতিস্থাপকতা তৈরি করার জন্যও।

শাস্ত্রের মধ্যে বিলাপ

আমি একবার ভাববাদীদের লেখা পুস্তকগুলির এবং গীতসংহিতাগুলির একটি সংক্ষিপ্ত অধ্যয়ন করেছিলাম, যাতে জানতে পারি কতগুলি পদ শোক বা অভিযোগের অভিব্যক্তি দিয়ে শুরু হয়েছিল কিন্তু ঈশ্বরের প্রশংসা দিয়ে শেষ হয়েছিল। আমি ত্রিশটিরও বেশি উদাহরণ পেয়েছি যা আবেগগতভাবে ছড়িয়ে

ছটিয়ে শুরু হয়েছিল কিন্তু ঈশ্বরের সত্যের উপর মনোনিবেশ করে শেষ হয়েছিল। এর একটি স্পষ্ট উদাহরণ হাবক্ককের কাছ থেকে শুরু হয়:

“হে সদাপ্রভু, কত কাল আমি আর্তনাদ করিব, আর তুমি শুনিবে না? আমি দৌরাণ্যের বিষয়ে তোমার কাছে কাঁদিতেছি, আর তুমি নিস্তার করিতেছ না। তুমি কেন আমাকে অধর্ম দেখাইতেছ, কেন দুষ্কার্যের প্রতি দৃষ্টিপাত করিতেছ? লুটপাট ও দৌরাণ্য আমার সম্মুখে হইতেছে, বিরোধ উপস্থিত, বিসংবাদ বাড়িয়া উঠিতেছে। তাই ব্যবস্থা নিস্তেজ হইতেছে, বিচার কোন মতে নিষ্পন্ন হইতেছে না; কারণ দুর্জনেরা ধার্মিককে ঘেরিয়া থাকে, তজ্জন্য বিচার বিপরীত হইয়া পড়ে (হবক্কুক ১:১-৪)।

শয়তানকে একজন প্রতারক হিসেবে বিবেচনা করার এই ধারণাটি শাস্ত্রে পাওয়া যায়। পৌল বলেছেন, “ঈশ্বরের সমগ্র যুদ্ধসজ্জা পরিধান করো, যেন তোমরা শয়তানের চক্রান্তের বিরুদ্ধে দাঁড়াতে পারো” এবং “যেন আমরা আর বালক না থাকি, মনুষ্যদের ঠকামিতে, ধূর্ততায়, ভ্রান্তির চাতুরীক্রমে তরঙ্গাহত এবং যে সে শিক্ষাবায়ুতে ইতস্ততঃ পরিচালিত না হই”। (ইফিষীয় ৬:১১, ৪:১৪)। “চক্রান্ত” শব্দটি এমন একজন প্রতারক শিল্পীর কৌশলকে বোঝায় যিনি একটি পাশা খেলা ঠিক করে পাশাকে এমনভাবে গড়িয়ে দেওয়ার মাধ্যমে খেলাটিকে এমন ভাবে নিয়ন্ত্রণ করে যা সর্বদা জুয়াড়ির বিরুদ্ধে যায়। প্রতিটি খেলায়, জুয়াড়ি স্বেচ্ছায় তার অর্থ প্রতারক শিল্পীর কাছে ছেড়ে দেয় এবং জয়ের কোন আশাই তার কাছে থাকে না।

একইভাবে, আমাদেরকে প্রতারকের চক্রান্ত, তার আত্মবিশ্বাসী শৈল্পিকতা সম্পর্কে সচেতন থাকার নির্দেশ দেওয়া হয়েছে। সে আমাদেরকে কোণঠাসা করে এবং আমাদেরকে লক্ষ্য করে একটি পরিকল্পনা করে, আমাদের সম্পত্তি লুট করার জন্য একটি ব্যক্তিগত প্রতারণা তৈরি করে। ঈশ্বর যখন ধনী, দীর্ঘমেয়াদী বিনিয়োগের উপর রিটার্নে বিনিয়োগ করেন, তখন শয়তান “দ্রুত ধনী হও” পরিকল্পনার মাধ্যমে আমাদেরকে প্রতারিত করার চেষ্টা করে।

যেহেতু প্রতারক আমাদের মধ্যে বাস করতে পারে না, বলপ্রয়োগ করে আমাদের ডাকাতি করতে পারে না, ঈশ্বরের অনুমতি ছাড়া আমাদের ক্ষতি করতে পারে না, অথবা খ্রীষ্টে আমাদের পরিত্রাণ কেড়ে নিতে পারে না, তাই সে যা করতে পারে তা হল আমাদেরকে স্বেচ্ছায় আমাদের সম্পদ ত্যাগ করতে প্রতারণা করা। সে জানে যে যীশু খ্রীষ্টের মাধ্যমে আমাদের একটি সমৃদ্ধশালী উত্তরাধিকার রয়েছে যা সে সরস করতে পারবে না। কিন্তু সে এটাও জানে যে যদি সে আমাদের প্রতারণা করে, তাহলে আমরা স্বেচ্ছায় আমাদের আনন্দ, আস্থা বা ঈশ্বরের উপর আস্থা স্বল্পমেয়াদী জনপ্রিয়তা, সাফল্য বা আনন্দের বিনিময়ে আদানপ্রদান করতে পারি।

একজন প্রতারক শিল্পীর মতো সে বলে,

চক্রান্তকারী আক্রমণকারীরা

“তোমার যা আছে তা আমাকে দাও, আমি তোমাকে দ্বিগুণ সুখ দেব। বিবাহের বাইরে প্রেমের সম্পর্কের মাধ্যমে তোমার স্ত্রী-সন্তানদের ত্যাগ করো; তুমি সুখী হবে। দূশ্চিন্তা করার মাধ্যমে তোমার শান্তি ত্যাগ করো; জীবন আরও ভালো হবে। পর্নোগ্রাফির মাধ্যমে তোমার আত্মনিয়ন্ত্রণ ত্যাগ করো; তুমি একাকীত্ব থেকে মুক্তি পাবে। ষড়যন্ত্র তত্ত্ব অনুসন্ধান করে তোমার সময় ত্যাগ করো; তুমি ন্যায্যতা অনুভব করবে”।

এই সমস্ত উদাহরণে, আমাদেরকে যা প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল তা পাই না, এবং প্রায়শই আমাদের কাছে যা ছিল তা হারিয়ে ফেলি। প্রায়শই আমাদের কাছে কিছুই থাকে না। সে চুরি করতে, হত্যা করতে এবং ধ্বংস করতে চায়, কিন্তু আমাদের নিজের হাতে। সে আদম এবং হবাকে তাদের আশীর্বাদগুলি নিজের ইচ্ছায় ত্যাগ করার জন্য প্রতারণা করেছিল। একইভাবে, সে আমাদের নিজস্ব আধ্যাত্মিক গন্তব্য ত্যাগ করতে বাধ্য করতে চায়।

সংস্কৃতি-ভিত্তিক প্রতারণা

শত্রু যেমন ভাবে ব্যক্তিদের কোণঠাসা করে, তেমনি মনে হয় বিভিন্ন সাংস্কৃতিক ও ঐতিহাসিক পরিবেশের জন্যও সে পরিকল্পনা করে। ইফিযীয় ৬:১২ পদে রাজত্ব এবং ক্ষমতার উল্লেখ ইঙ্গিত দেয় যে বিভিন্ন ভৌগোলিক অবস্থান, সংস্কৃতি, স্থান এবং সময়ে বিভিন্ন শক্তি কাজ করেছে। চুরি, হত্যা এবং ধ্বংস করার জন্য শয়তানী প্রচেষ্টাগুলিকে একটি সাংস্কৃতিক পরিবেশের সাথে খাপ খাইয়ে পরিবর্তন করা হয় যাতে মানুষ আবদ্ধ থাকে।

অতএব, কেনিয়াতে যে প্রতারণা কার্যকর, তা থাইল্যান্ডে কার্যকর নাও হতে পারে, এবং ১৭ শতকের ফ্রান্সে যে মিথ্যার গুচ্ছ কার্যকারী হয়েছিল, তা আজ ফ্রান্সে ততটা কার্যকর নাও হতে পারে। বিংশ শতাব্দীর প্রথমার্ধে আমেরিকায় যা একটি সাধারণ রোগ ছিল, তা এক শতাব্দী পরে আমেরিকায় ব্যবহৃত পরিকল্পনা থেকে আলাদা।^{৪৪} প্রকৃতপক্ষে, প্রমাণ রয়েছে যে ১৯৫০ সাল থেকে, মার্কিন যুক্তরাষ্ট্রে মন্দ আত্মাদের তাদের লুণ্ঠনের কাজ করার জন্য নার্সিসিজম ছিল একটি পছন্দের কৌশল (পরিশিষ্ট ৬ দেখুন)।

আরেকবার ভাবুন

মস্তিষ্কে লুপ্তন

সংস্কৃতি, সময় বা স্থান নির্বিশেষে, প্রতিপক্ষের অদৃশ্য লুপ্তন আমাদের মস্তিষ্কের মাধ্যমে ভৌত জগতে নিজেকে প্রকাশ করে। উদ্বেগ, দুশ্চিন্তা বা ভয়ের মতো দুর্বৃত্ত চিন্তায় ভরা একটি বিশৃঙ্খল মন এমন একটি সংকেত পাঠায় যা আমাদের মস্তিষ্কে স্নায়ুতন্ত্র তৈরি করে। উদাহরণস্বরূপ, যারা পোস্ট-ট্রমাটিক স্ট্রেস ডিসঅর্ডার (PTSD) বা পোস্ট-ইনকার্সারেশন (কারাবাস পরবর্তী) সিন্ড্রোমে⁴⁵ ভুগছেন তারা এমন কিছু ভয়াবহ ঘটনার সম্মুখীন হয়েছেন যা তাদের মস্তিষ্কের গঠনকে পরিবর্তন করেছে। ট্রমা চলাকালীন, ব্যক্তিটি এমনভাবে ঘটনার প্রতি প্রতিক্রিয়া দেখিয়েছিলেন যে জৈব রাসায়নিক স্তরে বিষাক্ত চিন্তাভাবনাগুলি সংযুক্ত হয়েছিল। ব্যক্তিটি ঘটনাটি বারবার পুনরুজ্জীবিত করার সাথে সাথে, তারের সংযোগ ক্রমশ স্থায়ী হয়ে ওঠে, ফ্ল্যাশব্যাক তৈরি করে যা ধ্বংসাত্মক চিন্তাভাবনাগুলিকে শক্তিশালী করে।⁴⁶

সংক্ষেপে, মিথ্যার জনক আমাদের মস্তিষ্কের দুর্গগুলিকে ক্ষতিগ্রস্ত করার জন্য অনেক কৌশল ব্যবহার করে। ইঁদুরের মতো, সে আক্রমণের জন্য একটি দ্বার খুঁজে বেড়ায় এবং একজন প্রতারকের মতো সে আমাদেরকে আমাদের উত্তরাধিকার থেকে বঞ্চিত করার জন্য একটি ব্যক্তিগত কৌশল তৈরি করে। যাইহোক, বাইবেল এবং ইতিহাসের মধ্য দিয়ে ঈশ্বরের লোকদের অভিজ্ঞতা শত্রুদের দ্বারা ব্যবহৃত সবচেয়ে সাধারণ পরিকল্পনাগুলির ক্ষেত্রে অন্তর্দৃষ্টি প্রদান করে। আমাদেরকে অজান্তেই শত্রুর ফাঁদে ধরা পড়ার প্রয়োজন নেই। পরিবর্তে, আমরা একটি বার্তা শুনতে পারি, অথবা থামতে পারি এবং একটি দুর্গ গঠনে প্রতারিত হওয়ার আগে এর অর্থ সম্পর্কে আরেকবার ভাবতে পারি।

অধ্যায় 9 আবেগপ্রবণ ধ্বংস

শয়তান হলো এক ধূর্ত, একটি ব্যক্তিগতকৃত পরিকল্পনা বাস্তবায়ন করতে প্রস্তুত। দুর্ভাগ্যবশত, শত্রুর ব্যবহৃত প্রতিটি মিথ্যাকে সম্পূর্ণভাবে তালিকাভুক্ত করার কোন সম্ভাব্য উপায় নেই, কিন্তু আদম ও হবার সময় থেকে, প্রতারক আদিপুস্তক ৩:১-৬ পদে পাওয়া একটি সাধারণ লুপ্তন সূত্র ব্যবহার করেছে: “তোমরা অবশ্যই মরবে না... কারণ ঈশ্বর জানেন যে, যখন তোমরা তা খাবে তখন তোমাদের চোখ খুলে যাবে এবং তোমরা ঈশ্বরের মতো ভালো-মন্দের জ্ঞান অর্জন করবে”। এই সূত্রের তিনটি প্রতারণামূলক উপাদান লক্ষ্য করুন:

1. ঈশ্বর সত্য কথা বলেন না (ঈশ্বর আপনাকে অন্ধকারে রেখেছেন)
2. আপনার যা কিছু প্রয়োজন তা আপনার কাছে নেই (অনেক গুপ্ত বিষয় আছে যা আপনার প্রয়োজন, কিন্তু আপনি সেই বিষয়ে কিছুই জানেন না)
3. আপনার যা অভাব রয়েছে তা প্রাপ্ত করা সম্পূর্ণ আপনার উপর নির্ভর করে (ঈশ্বর সাহায্য করবেন না, তাই আপনি নিজেই নিজের জন্য দায়ী)।

আরেক কথায়, শয়তান ক্রমাগত এই ফর্মুলাটি ব্যবহার করে: ঈশ্বরকে বিশ্বাস করা যায় না; কিছুর অভাব আছে; যা অভাব আছে তা পূরণ করার দায়িত্ব আপনার। তার সমস্ত পরিকল্পনা এই মৌলিক কৌশলের কোনও না কোনও রূপকে স্পর্শ করে, যা ভয়ঙ্করভাবে আমাদের তাৎক্ষণিক তৃপ্তি, জনসাধারণের আরাধনা এবং সম্পদের মাধ্যমে ক্ষমতার দিকে ঠেলে দেয় (এবং সবকিছুই ঈশ্বরের সাহায্য ছাড়াই)। এই সাধারণ সূত্রের মধ্যে, শয়তান এমন কিছু পরিকল্পনা ব্যবহার করে যা আমাদের নিজেদের বা অন্যদের ক্ষতি করতে পরিচালিত করে। এই কৌশলগুলির মধ্যে একটিকে “আবেগপ্রবণতা” বলা হয়।

আবেগপ্রবণতা

আবেগপ্রবণতা হলো আত্মনিয়ন্ত্রণ অভ্যাস না করেই পরিস্থিতির প্রতি প্রতিক্রিয়া দেখানো। এটি হলো যন্ত্রণার প্রতি প্রতিক্রিয়া, অথবা কিছু হারানোর ভয়, একটি মিথ্যা বিশ্বাসের প্রতি প্রতিক্রিয়া: “তুমি যা চাও, তোমার তা থাকে উচিত, এবং এখনই তা পাওয়া উচিত”। পরিস্থিতির জ্ঞান নিয়ে চিন্তা করার পরিবর্তে,

আরেকবার ভাবুন

আমরা বোকামি করে দ্রুত এগিয়ে যাই, এই বিশ্বাসে যে আমাদের অবশ্যই সেই ঘটনা ঘটতে বাধ্য করতে হবে।

তাৎক্ষণিক তৃপ্তি দৈনন্দিন জীবনের মূল প্রেরণা হয়ে ওঠে। উদাহরণস্বরূপ, একজন ব্যক্তি আমাদের অপমান করে, তাই আমরা তাৎক্ষণিকভাবে তাদের প্রতিহত করি; আমাদের দিনটি কঠিন হয় এবং ভালো বোধ করার জন্য নিজের ইচ্ছা মত খাবার খাই; আমরা এমন কিছু দেখতে পাই যা আমরা কিনতে চাই এবং তাৎক্ষণিকভাবে তা কিনে ফেলি, এমনকি যখন আমাদের কাছে সেই বস্তুটি কেনার অর্থও থাকে না।

আবেগপ্রবণতা যখন আমাদের পরিচালনা করে, তখন কিছু স্পষ্ট লক্ষণ দেখা যায়। আমরা যা চাই তার জন্য অপেক্ষা করা অসহনীয় এবং অন্যায্য বলে মনে হয়। যখন আমরা ব্যথা বা অস্বস্তি অনুভব করি, তখন আমরা বিশ্বাস করি যে বিশ্বব্রহ্মাণ্ডে কিছু একটা ভুল হয়ে গেছে। আমরা আমাদের অধিকার ছাড়া আর কিছুই দেখতে পাই না এবং ক্রমাগত আমাদের অধিকারের পরিপ্রেক্ষিতে পরিস্থিতি মূল্যায়ন করি। আমরা আত্মরক্ষার জন্য প্রতিক্রিয়া জানাই, প্রায়শই অন্যদের উপর এর প্রভাব বিবেচনা করার আগে আঘাতমূলক কথা বলি। আবেগপ্রবণতা বৃদ্ধির সাথে সাথে, আমাদের কথোপকথন থেকে কৃতজ্ঞতা ম্লান হয়ে যায় এবং অভিযোগ করা একটা আদর্শ হয়ে ওঠে।

আমেরিকান সমাজে কয়েক দশক ধরে চলে আসা প্রশয়মূলক আচরণ আবেগপ্রবণতাকে উৎসাহিত করেছে। শিশুরা ছোটবেলা থেকেই শেখে যে বাবা-মায়েরা তাদের সন্তানদের যেকোনো ধরনের কষ্ট থেকে মুক্তি দিতে আগ্রহী এবং বিশ্বাস করে যে এই পৃথিবীর উচিত তাদের যত্ন নেওয়া। যখন তারা বড় হয়ে আবিষ্কার করে যে সবাই তাদের আকাঙ্ক্ষার কাছে নতি স্বীকার করে না, তখন তারা বিভ্রান্ত হয়ে পড়ে এবং অন্যদের দোষারোপ করে বলে, “সবাই আমাকে ঘৃণা করে। কেউ আমাকে বোঝে না। পুরো পৃথিবী পচা”।

নিজেদেরকে অস্বীকার করতে শেখার মাধ্যমে আত্মনিয়ন্ত্রণ অনুশীলন করার পরিবর্তে, এই ধরনের লোকেরা প্রলোভনের শিকার হয়। তারা বিশ্বাস করে যে শৃঙ্খলা এবং পবিত্রতা অসম্ভব। একজন রাগান্বিত মোটর চালক হিসেবে, তাদের অবস্থান লজ্জিত হলে তারা হিংস্র হয়ে ওঠে। বাবা-মা হিসেবে, তারা

শিশুদের ক্রীড়া ইভেন্টে নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে, রেফারীদের সাথে মৌখিকভাবে গালিগালাজ করে এবং অন্য বাবা-মায়ের উপর চিৎকার করে।

আবেগপ্রবণতা জীবনের নিয়ম থেকে অব্যাহতি চাওয়ার আকারেও আসে যা অন্য সকলকে মোকাবিলা করতে হয়। এই অব্যাহতির আকাঙ্ক্ষাই শয়তান যীশুকে প্রলোভিত করার জন্য ব্যবহার করেছিল, যাকে বলা হয় “প্রভুকে পরীক্ষা করা” (মথি ৪:৫-৭)। আমরা যখন কিছু কামনা করি এবং ঈশ্বর আমাদের নির্দিষ্টকরণ পূরণ করবেন বলে আশা করি তখন আমরা প্রভুকে পরীক্ষা করি, যেমন ইস্রায়েলের লোকেরা অভিযোগ করেছিল যে ঈশ্বর মঃসা নামক স্থানে তাদের প্রত্যাশা পূরণ করছেন না (যাত্রাপুস্তক ১৭:১-৩)। একইভাবে, যখন আমরা সত্যিই যা চাই তা করি এবং ঈশ্বর আমাদের বিপদ থেকে মুক্তি দেবেন বলে আশা করি তখন মনে হতে পারে যে আমরা আমাদের পরিকল্পনার জন্য ঈশ্বরের উপর নির্ভর করছি।

অসহায়ত্ব

আবেগপ্রবণতা বিশেষভাবে দুর্বল করে দেয় কারণ এক ক্ষেত্রে আমাদের আত্মনিয়ন্ত্রণের অভাব অন্য ক্ষেত্রেও ছড়িয়ে পড়তে পারে। যখন আমরা কোনও বিষয়ে ব্যর্থ হই, তখন আমরা সবকিছুতেই ব্যর্থতা লক্ষ্য করি। আমরা বলি, “আমি ধূমপান বন্ধ করতে পারছি না,” তারপর বলি, “আমি আমার বাইবেল পড়তে পারছি না”। শীঘ্রই, আমরা হতাশায় ডুবে যেতে পারি, এবং বিশ্বাস করি যে আমরা সবকিছুতেই ব্যর্থ। অসহায় বোধ করি, আমরা আমাদের আচরণের উপর নিয়ন্ত্রণ চাই, কিন্তু পরিবর্তন করার কোনও শক্তি অনুভব করি না। চরমভাবে, এই ধরনের হতাশা মানুষকে ঈশ্বরের প্রতি তাদের বিশ্বাস সম্পূর্ণরূপে ত্যাগ করতে বাধ্য করেছে।

প্রতারক লক্ষ লক্ষ মানুষকে বোঝাতে সক্ষম হয়েছে যে আত্ম-নিয়ন্ত্রণ আমাদের নাগালের বাইরে। আবেগপ্রবণ মানুষ এক আত্ম-সহায়ক কার্যকলাপ থেকে অন্য আত্ম-সহায়ক কার্যকলাপে বাঁপিয়ে পড়ে। তারা তাদের জীবনের উপর নিয়ন্ত্রণ অর্জনের জন্য সংকল্প নেয়, ওষুধ, অস্ত্রোপচার বা সম্মোহনের চেষ্টা করে, কিন্তু যখন কিছুই পরিবর্তন হয় না তখন তারা হতাশার গভীরে ডুবে যায়। হতাশার কারণে, আমরা শয়তানকে প্রতিরোধ করার এবং আত্ম-নিয়ন্ত্রণ

আরেকবার ভাবুন

বিকাশের জন্য প্রয়োজনীয় কাজ করার পরিবর্তে ঈশ্বরকে অলৌকিকভাবে আমাদের আবেগপ্রবণতা দূর করতে বলতে পারি। যখন আমরা এইরকম তাৎক্ষণিক সমাধান খুঁজি, তখন এটি প্রকাশ করে যে আমরা যন্ত্রণা এড়াতে বা আমাদের আকাঙ্ক্ষা পূরণের জন্য ঈশ্বরকে একটি হাতিয়ার হিসেবে ব্যবহার করতে বেশি আগ্রহী।

কিন্তু একই সাথে, শুধুমাত্র ইচ্ছাশক্তির দ্বারা আবেগপ্রবণতা কাটিয়ে ওঠা কঠিন। সুসংবাদ হল, পবিত্র আত্মার সাথে সহযোগিতা করে আমরা ভেতর থেকে পরিবর্তিত হতে পারি, যিনি মিথ্যাকে প্রত্যাখ্যান করে আমাদের সত্যের দিকে পরিচালিত করেন, যা এই বইয়ের শেষ অধ্যায়ের বিষয়বস্তু (পর্ব 3: আমরা যা উৎপাদন করি)।

কিন্তু প্রথমে, আবেগপ্রবণতার দিকে পরিচালিত করে এমন সাতটি ট্রিগার চিহ্নিত করে আমাদের সাহায্য করা যেতে পারে। এই উদাহরণগুলি সম্পূর্ণ বা কর্তৃত্বপূর্ণ হওয়ার জন্য নয় বরং আমাদের শত্রুর কিছু পরিকল্পনা চিনতে সাহায্য করে যা ধ্বংসাত্মক আচরণের দিকে পরিচালিত করে।

আমি অভাবী

আবেগপ্রবণতার দিকে আমাদের প্রলুব্ধ করার একটি উপায় হল আমাদের অভাবগুলি নিয়ে চিন্তা করা। উদাহরণস্বরূপ:

- আমার তাৎপর্যের অভাব আছে।
- আমার নিরাপত্তা এবং সুরক্ষার অভাব আছে, বিশেষ করে আমার প্রিয়জনদের জন্য।
- জীবনের আনন্দগুলো আমি হারিয়ে ফেলছি।
- আমি আমার কাজ নিয়ে হতাশ।
- আমার কোন বন্ধু নেই।
- আমার স্বীকৃতি এবং প্রশংসার অভাব আছে।
- আমি অনেক বৃদ্ধ, অনেক তরুণ, কম যোগ্যতাসম্পন্ন, অথবা অতিরিক্ত যোগ্যতাসম্পন্ন।

- আমার জন্য অনেক দেরি হয়ে গেছে, আমার জন্য খুব তাড়াতাড়ি।

লক্ষ্য করুন, শত্রু কীভাবে আমাদের মনোযোগ আমাদের যা নেই তার উপর কেন্দ্রীভূত করতে চায়, অন্যদিকে ঈশ্বর চান আমরা আমাদের যা আছে তা বিবেচনা করি। প্রত্যেক যদি আমাদের অভাবের উপর মনোযোগ কেন্দ্রীভূত করতে পারে, তাহলে আমরা ঈশ্বরের উত্তম ব্যবস্থা থেকে আমাদের চোখ সরিয়ে নিই। এর ফলে আমি যাকে বলি “যদি-কেবল” জীবন হতে পারে, যেখানে প্রতিটি আশীর্বাদ এবং সাফল্যের পরেই “যদি-কেবল আমি _____” আসে, তাহলে জীবন ভালো হত। যদি আমার একজন স্ত্রী থাকত; যদি আমার একটি সন্তান থাকত; যদি আমার একটি নাতি-নাতনি থাকত, তাহলে জীবন ভালো হত। অন্যেরা বলতে পারে, যদি আমার একটি ভাল গাড়ি থাকত; যদি আমার এই রোগ না থাকত, যদি আমার একটি ভাল চাকরি থাকত, তাহলে জীবন ভালো হত।

“যদি-কেবল জীবন”-এর অকৃতজ্ঞতা কেবল ঈশ্বরের সাথে সম্পর্কেই নষ্ট করে না, সাথে-সাথে আমাদের চারপাশের লোকেদের কাছেও বিরক্তিকর হতে পারে। কিন্তু ধারাবাহিক অভিযোগ করার পরিবর্তে, আমরা শয়তানের থেকে আসা অভাবের প্রলোভনকে শক্তিহীন করার জন্য কৃতজ্ঞতাকে বেছে নিতে পারি। আমরা সকল পরিস্থিতিতেই সন্তুষ্ট থাকার রহস্য শিখতে পারি, তা সে প্রচুর পরিমাণে হোক বা অভাবের মুখোমুখি হোক (ফিলি. ৪:১১-১৩)। অতএব, কৃতজ্ঞতা আধ্যাত্মিক যুদ্ধে একটি প্রধান অস্ত্র (ইফি. ৫:২০)।

বাদ পড়ার ভয়ও আরেক ধরণের অভাব হতে পারে। হবা হয়তো ভয় পেয়েছিলেন যে তাকে কোনও অভ্যন্তরীণ বৃত্ত থেকে বাদ দেওয়া হবে, কারণ তিনি বিশ্বাস করেছিলেন যে ঈশ্বরের কাছে একটি গোপন জ্ঞান আছে যা তিনি হবার কাছ থেকে গোপন রেখেছেন। শয়তান তাকে বিশ্বাস করাতে পেরেছিল যে যদি সে ফলটি খায়, তাহলে সে বৃত্তের ভিতরে থাকবে এবং বাইরে থাকবে না। দুঃখের বিষয় হল, আদম এবং হবা ইতিমধ্যেই ভিতরে ছিল এবং তাদের বিদ্রোহের মাধ্যমে তারা কিছুই অর্জন করতে পারেনি।

অভাবের আরেকটি লক্ষণ হল যখন আমরা নিন্দিত এবং নিরুৎসাহিত বোধ করি। শয়তান ঈশ্বরের লোকেদেরকে গমের মতো ছাঁকতে চায় (লুক ২২:৩১),

আরেকবার ভাবুন

কিন্তু ঈশ্বর আমাদের সাথে কোমল। আত্মা করুণাময় এবং উৎসাহজনক, আমাদের বলেন, “ভয় পেও না, ঠিক আছে”। কখনও কখনও ক্ষুদ্রতম সন্দেহ, এমনকি পোস্ট-ইট নোটের আকারের একটি সন্দেহও, বাইবেলের কথার ওজনকে চাপা দিতে পারে। যখন আমরা ঈশ্বরের বাক্যকে উপেক্ষা করি, তখন অভাবের অনুভূতি আমাদের দ্রুত অভিভূত করতে পারে। এই বাক্যটি বলার দ্বারা এই অভাবের মানসিকতার মোকাবিলা করুন, **“তাহার ঈশ্বরীয় শক্তি আমাদের জীবন ও ভক্তি সম্বন্ধীয় সমস্ত বিষয় প্রদান করিয়াছে”**। (২ পিতর ১:৩)।

আমি এটার যোগ্য

আবেগপ্রবণতার দিকে পরিচালিত করার একটি কারণ হলো আমরা বিশ্বাস করি যে জীবনে কেবল ভালো জিনিসই আমাদের প্রাপ্য। এই কথাটি বলার দ্বারা প্রতিপক্ষ আমাদের ক্ষতিকারক কাজে প্রলুব্ধ করে, “তোমার দিনটা এত কঠিন কেটেছে, তোমার একটা বিরতি প্রাপ্য। এগিয়ে যাও এবং (ধূমপান কর, মদ্যপান কর, অতিরিক্ত খাওয়া-দাওয়া কর, চুরি কর, পর্নোগ্রাফি দেখ)”।

উদাহরণস্বরূপ, “দ্য ম্যাট্রিক্স” সিনেমায়, খলনায়করা সাইফার নামক চরিত্রটিকে তার কঠিন অস্তিত্ব ছেড়ে এমন একটি জীবনে ফিরে যেতে প্রলুব্ধ করেছিল যা আরও সহজ হবে। কিন্তু তা করার জন্য, তাকে তার সহকর্মীদের সাথে বিশ্বাসঘাতকতা করতে হবে। ধীরে ধীরে সাইফারের আস্থা অর্জন করে, শত্রুরা তার স্বদেশীদের প্রতি অনুগত থাকার মাধ্যমে তার যে কষ্টের মুখোমুখি হতে হয়েছিল তা তুলে ধরে। তারা তাকে বোঝায় যে সে আরও ভালো কিছু পাওয়ার যোগ্য। অবশেষে, সাইফার তাদের প্রলোভনে আত্মসমর্পণ করার পর, তারা তাকে হত্যা করে এবং সাইফার কিছুই পায়না।

সাইফার হলো এমন একটি পরিকল্পনার চিত্র যা ছোট থেকে শুরু হয় এবং ধীরে ধীরে বৃদ্ধি পায়, যা যাকোব ১:১৪-১৫ পদ অনুসারে: “কিন্তু প্রত্যেক ব্যক্তি নিজ কামনা দ্বারা আকর্ষিত ও প্ররোচিত হইয়া পরীক্ষিত হয়। পরে কামনা সগর্ভা হইয়া পাপ প্রসব করে, এবং পাপ পরিপক্ব হইয়া মৃত্যুকে জন্ম দেয়”। সাইফারের জন্য, বিভ্রান্তি একটি সাধারণ চিন্তাভাবনা দিয়ে শুরু হয়েছিল (“আমি এটির যোগ্য”), তারপর এটি একটি চিন্তাভাবনার ধরণে

পরিণত হয়েছিল। গর্ভধারণের পর, এটি এমন একটি দুর্গের জন্ম দেয় যা এত গভীরভাবে শিকড় গেড়েছিল যে এটি মৃত্যুর দিকে তাকে পরিচালিত করেছিল।

আমাদের জন্য, এটি সম্পর্কের মৃত্যু, সততার মৃত্যু, সাক্ষ্যের মৃত্যু, এমনকি শারীরিক মৃত্যুও হতে পারে। যখনই আপনি “তুমি এটির যোগ্য” বাক্যাংশটি শুনবেন, সাবধান থাকুন। যা নির্দোষভাবে শুরু হয় তা ধ্বংসাত্মক পরিণতিতে শেষ হতে পারে। এই মিথ্যার বিরুদ্ধে এই এই কথাটি বলুন: “আমি _____ ছাড়াই এটার সম্মুখীন হতে পারি (খাওয়া, কেনাকাটা, চুরি, পর্ন দেখা)।”

অস্থায়ী স্মৃতিভ্রষ্টতা

“অস্থায়ী স্মৃতিভ্রংশ” হল শয়তানের আবেগপ্রবণতা জাগানোর আরেকটি পদ্ধতি। সে চায় আমরা যেন ভুলে যাই আমরা কে, এমনকি যদি তা এক মুহূর্তের জন্যও হয়। সিদ্ধা ভুলে যায় যে সে ভবিষ্যতের রাজা। পিনোকিও তার অনুসন্ধান থেকে বিচ্যুত হয়ে প্লেজার দ্বীপে ঘুরে বেড়ায়। অপব্যয়ী পুত্র তার পরিচয় হারিয়ে ফেলে এবং নিজেকে একটি শূকরের খাঁচায় খুঁজে পায় (লুক ১৫:১১-৩১)।

পৌল আমাদেরকে এমন একজন সৈনিকের মতো হওয়ার উপদেশ দিয়েছেন যারা সাধারণ নাগরিকদের বিষয়তে নিজেদের জড়ায় না (২ তীম ২:৪)। যখন আমরা নিজেরাই যোদ্ধা, বিশ্বাসের উত্তরে লড়াই করার জন্য সম্পূর্ণরূপে সজ্জিত, তখন আমরা দ্রুত বেসামরিক বিষয়ে এবং সমস্ত বোকামির মধ্যে নিজেদের ফেলতে পারি। হৃদস্পন্দনে, আমরা অবস্থানকারী নোঙ্গর এবং আমাদের সুরক্ষিত এমনটি সমর্থন ছেড়ে দিই। আপনি কতবার কিছু করেছেন এবং বলেছেন, “ওটা আমি ছিলাম না!” এমনকি এক মুহূর্তের জন্য হলেও, শত্রু চায় যে আমরা ভুলে যাই যে আমরা কে।

তবে, আমরা ঈশ্বরের বর্ম পরিধান করে অস্থায়ী স্মৃতিভ্রংশের বিরুদ্ধে লড়াই করি। সুপারম্যান, ব্যাটম্যান, ওয়াশার ওম্যান এবং স্পাইডার-ম্যানের মতো, আমরা আমাদের পোশাক পরি যা আমাদের আসল পরিচয়ের প্রতিনিধিত্ব করে। তারপর আমরা সেই অনুযায়ী জীবনযাপন করি, যার ফলে বিভ্রান্তিতে

আরেকবার ভাবুন

পড়ার প্রবণতা কমে আসে। আমরা আমাদের কর্তব্য, তাঁর রাজ্যে আমাদের অবদানের উপর মনোনিবেশ করার ক্ষমতা লাভ করি।

কেউ হয়তো আপত্তি জানাতে পারেন, ও বলতে পারেন, “সুপারহিরোর সব জিনিস ঠিক আছে, কিন্তু আমার প্লাস্টিং কাজ ভালো যাচ্ছে না, আমার স্ত্রী আমাকে ঘৃণা করে, এবং আমার বাচ্চারা স্কুলে ফেল করছে। আমার কোনও পরিস্থিতিই আমাকে ঈশ্বরের একজন সুপারহিরো বলে মনে করায় না”। যদিও জীবনের সাধারণ ঘটনাগুলি আমাদের আসল পরিচয়ের বিশ্বয়কে ভেঙে দিতে পারে, আমরা যা অনুভব করি তার সাথে আমাদের পরিচয়ের কোনও সম্পর্ক নেই। বাইবেল আমাদের সম্পর্কে যা বলে তা কখনও বদলাবে না। ঈশ্বরের একজন সুপারহিরো হওয়ার অর্থ হল ঈশ্বর যা বলেন তা দিয়ে শুরু করা, আমরা ভিতরে যা অনুভব করি তা দিয়ে নয়, তাই অস্থায়ী স্মৃতিভ্রংশের বিরুদ্ধে এই বলে লড়াই করুন, “আমি ঈশ্বরের ধার্মিকতা এবং আমি সেই অনুযায়ী কাজ করব” (২ করিন্থীয় ৫:২১)।

অতি প্রতিক্রিয়া

আবেগপ্রবণ আচরণের আরেকটি প্রলোভন হল অতিরিক্ত প্রতিক্রিয়া। আমি যখন ছোট ছিলাম, তখন জন উডেন চ্যাম্পিয়নশিপের বছরগুলিতে আমি একজন উদ্দীপনায় পূর্ণ UCLA বাস্কেটবল ভক্ত ছিলাম। প্রতিটি খেলা রেকর্ড করে মধ্যরাতে দেখানো হত, এবং আমি আমার বাবা-মায়ের কাছ থেকে খেলা দেখার জন্য রাত জেগে থাকার অনুমতি পেতাম। UCLA-এর রেকর্ড-ব্রেকিং জয়ের ধারা, যা ৪৪টি খেলায় প্রসারিত হয়েছিল, তখন তারা জাতীয় টেলিভিশনে নটরডেমের মুখোমুখি হয়েছিল। চার মিনিটেরও কম সময় বাকি থাকতে, UCLA 70-59 এ এগিয়ে ছিল, কিন্তু আমি যন্ত্রণা অনুভব করতে-করতে দেখছিলাম যখন নটরডেম 12-0 রানে এক পয়েন্টের ব্যবধানে জয়লাভ করে ঐতিহাসিক ধারার অবসান ঘটায়। আমি ঘর থেকে দৌড়ে বেরিয়ে গিয়ে তীব্র বিরক্তিতে কেঁদেছিলাম।

অবশ্যই, UCLA বাস্কেটবলের প্রতি আমার ভালোবাসা সত্যিকারের দুঃখের জন্ম দিয়েছিল। কিন্তু আমার প্রতিক্রিয়া সেই ইভেন্টের গুরুত্বের সাথে সামঞ্জস্যপূর্ণ ছিল না। এটি ছিল বাস্কেটবল জয়ের ধারাবাহিকতা হারানোর জন্য অতিরিক্ত

প্রতিক্রিয়া। একইভাবে, আমরা এমন পরিস্থিতিতে অতিরিক্ত প্রতিক্রিয়া দেখাতে পারি যা আমাদের আরও গুরুত্বপূর্ণ লক্ষ্য থেকে আবেগগতভাবে দূরে সরিয়ে দেয়।

উদাহরণস্বরূপ, আমরা যখন ঈশ্বরতাত্ত্বিক বিষয়ে পার্থক্য, বিবেকের বিষয় বা রাজনীতির সাথে সম্পর্কিত “ক্ষুদ্র বিষয়গুলির উপর দক্ষতা লাভ করি” তখন আমরা অতিরিক্ত প্রতিক্রিয়া দেখাই। আমরা সবকিছু সম্পর্কে “সঠিক” হতে আরও আগ্রহী হতে পারি, গুরুত্বহীন বিষয়গুলিকে অত্যধিক গুরুত্ব এবং তীব্রতা দিতে পারি, যার ফলে খ্রীষ্টের দেহে বিভাজন তৈরি হয়। একটি দীর্ঘশ্বাস নিয়ে এটা বলার মাধ্যমে অতিরিক্ত প্রতিক্রিয়ার বিরুদ্ধে লড়াই করুন, “এটি অনন্তকালীন বিষয়ের চশমা দিয়ে দেখলে কোনও বড় বিষয় নয়”।

শর্টকাট

আমরা যখন ভালো কাজ করি, তখনও আবেগপ্রবণভাবে প্রতিক্রিয়া দেখাতে পারি। ঈশ্বরের উদ্দেশ্য অর্জনের জন্য আমরা যখন জাগতিক নীতি এবং পদ্ধতি ব্যবহার করি তখন এটি ঘটে। अब্রাহামকে তার স্ত্রী সারার মাধ্যমে সন্তান লাভের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। কিন্তু যখন তা তার সময়সীমার মধ্যে ঘটেনি, তখন अब্রাহাম সারার দাসী হাগারের মাধ্যমে সন্তান জন্ম দিয়ে প্রতিশ্রুতি বাস্তবায়নের দায়িত্ব নিজের উপর নিয়েছিলেন। এই আবেগপ্রবণ কাজ ইতিহাস জুড়ে ব্যাপক ধ্বংস ডেকে এনেছে।

আরেকটি উদাহরণ দেখা যায় পিতর এবং প্রেরিতদের ক্ষেত্রে, যারা রোমান শাসনকে পরাজিত করার জন্য একজন মশীহের সন্ধান করছিলেন। কিন্তু যীশুর মনে আরও বৃহত্তর কিছু ছিল, প্রতিটি গোষ্ঠী, জাতি, ভাষা এবং জাতির লোকদের নিয়ে গঠিত একটি পরিবারের কথা ভেবেছিলেন (প্রকাশিত বাক্য ৭:৯)। তিনি তাঁর মহিমাম্বিত হওয়ার জন্য একটি সংক্ষিপ্ত পথ প্রত্যাখ্যান করেছিলেন, দীর্ঘ পথ ধরে ক্রুশের মধ্য দিয়ে এগিয়ে চলেছিলেন (ফিলি. ২:৬-১১)।

এছাড়াও, এমন একটি পৃথিবীতে যেখানে ব্যবসায়িক পদ্ধতিকে আরাধনা করা হয়, পরিমাপযোগ্য ফলাফলের পিছনে ছুটলে আমরা পরিচর্যায় শর্টকাট নিতে প্রলুব্ধ হতে পারি। গ্রীক পুরাণের সাইরেনদের মতো বাস্তববাদও দেখা যেতে

আরেকবার ভাবুন

পারে। কিন্তু ঈশ্বরের রাজ্যে, আমরা কঠোর পরিশ্রম করতে পারি, সবকিছু ঠিকঠাক করতে পারি, এবং তবুও অসন্তোষজনক ফলাফল পেতে পারি। কখনও কখনও ভাববাদীদের বিশ্বস্ত থাকার আদেশ দেওয়া হয়েছিল, এবং বলা হয়েছিল যে লোকেরা তাদের বার্তায় সাড়া নাও দিতে পারে, এবং আমাদের চতুরতা এবং সং উদ্দেশ্য যাই হোক না কেন, পরিমাণগত ফলের কোনও গ্যারান্টি নেই। প্রকৃতপক্ষে, পরিমাপযোগ্য সাফল্যের সাথে স্থিরতা আমাদেরকে সাম্প্রতিকতম উন্মাদনাগুলির পিছনে ছুটতে পরিচালিত করতে পারে, যা দ্রুত তাদের গতিতে চলে এবং আমাদের নিরুৎসাহিত করে।

যেহেতু আমরা সবসময় পর্দার আড়ালে আধ্যাত্মিক জগতে কী ঘটছে তা দেখতে পাই না, তাই ফলাফল যাই হোক না কেন, আমাদের অবশ্যই ঈশ্বরের নির্দেশনার প্রতি বিশ্বস্ত থাকতে হবে। সৎক্ষিপ্ত পথবলম্বন করার বিরুদ্ধে এই বলে লড়াই করুন, “আমি যদি ফলাফল নাও দেখতে পাই, তবুও আমি যা সঠিক তা করব”।

অন্তত আমি...

যখন আমরা আবেগপ্রবণভাবে পাপ করার জন্য প্রলুব্ধ হই, তখন আমরা প্রায়শই আমাদের আচরণকে ন্যায্যতা দেওয়ার চেষ্টা করি। কাউকে অপবাদ দেওয়ার আগে, আমরা হয়তো ভাবতে পারি, “অন্তত আমি সেই ব্যক্তি নই যে গুজব শুরু করেছিল”। আমরা কামুক চিন্তাভাবনা নিয়ে ভাবতে শুরু করি কিন্তু এই অজুহাত দিয়ে নিজেদের সাব্বনা দিই, “অন্তত আমি বাস্তবে ব্যভিচার করছি না”। অথবা আমরা কারো প্রতি ঘৃণাপূর্ণ বিরক্তি পোষণ করি কিন্তু ভাবি, “অন্তত আমি সেই ব্যক্তিকে এক ঘৃষি মারছি না”।

এই ঘটনাটি আমাদের নিজেদের পাপকে তুচ্ছ মনে করার এবং তুলনামূলকভাবে বেশি পাপী বলে মনে হয় এমন অন্যদের অবজ্ঞা করার আশ্চর্য ক্ষমতা প্রকাশ করে। উদাহরণস্বরূপ, কারাগারের ভিতরে, বন্দীরা অপরাধের একটি শ্রেণিবিন্যাসকে স্বীকৃতি দেয়, যেখানে কিছু লোকেরা অন্যদের চেয়ে খারাপ। আমরা যখন আমাদের পাপকে “স্বাভাবিক কারণ সবাই তা করে” বলে তুচ্ছ মনে করি অথবা “আমি কেবল মানুষ” বলি, তখন আমরা আবেগপ্রবণ আচরণের ঝুঁকিতে পড়ি।⁴⁷ এই ধরণের আধ্যাত্মিক অহংকার আমাদের অন্ধ করে দেয় এবং আমাদেরকে প্রয়োজনীয় ক্ষমা থেকে বিরত রাখে।

“অন্তত” অজুহাত ব্যবহার করে এমন পরিকল্পনাটি গুললেই, এটি যেন আমাদেরকে দ্রুত পাপ স্বীকার করার, তাঁর শুচিকরণের শক্তি গ্রহণ করার এবং আরও বড় পাপের দিকে পিচ্ছিল ঢাল এড়ানোর জন্য স্মরণ করিয়ে দেয় (১ যোহন ১:৮-৯)।

প্রকৃত শত্রু

পৌল আমাদের মনে করিয়ে দেন যে আমরা রক্তমাংসের বিরুদ্ধে লড়াই করি না, বরং শয়তান এবং তার মন্দ শক্তির বিরুদ্ধে লড়াই করি (ইফিষীয় ৬:১২)। প্রতিটি দুষ্ট কাজই আসে এক শয়তানী উৎস থেকে, এবং মানুষই কেবল শয়তানের ধ্বংসাত্মক চক্রান্ত বাস্তবায়নকারী এজেন্ট। কিন্তু আমরা মন্দ আত্মাদের দেখতে পাই না। আমরা কেবল সেইসব লোকদের দেখতে পাই যারা আমাদের জীবনকে কঠিন করে তুলছে। এটি আমাদের আবেগপ্রবণভাবে প্রতিক্রিয়া জানাতে প্ররোচিত করতে পারে, কিন্তু যখন আমরা মনে রাখি যে প্রতিটি সমস্যারই একটি শয়তানী উৎস থাকে, তখন আমরা পিচ্ছিয়ে যেতে পারি এবং যথাযথভাবে প্রতিক্রিয়া জানাতে পারি।

উদাহরণস্বরূপ, কখনও কখনও আমরা নিজেদেরকে অবাস্তব প্রত্যাশার এক কাল্পনিক জগতে দেখতে পাই, যেখানে জনসাধারণ সর্বদা তাদের মতো আচরণ করে, পরিবারের সদস্যরা সর্বদা যা সঠিক তা করে এবং যারা খ্রীষ্টকে প্রভু বলে দাবি করে তারা সর্বদা তাঁর আদেশ অনুসারে কাজ করে। এই কাল্পনিক জগতে, আমরা স্বীকার করি যে মানুষ সময়ে সময়ে ভুল করে, কিন্তু আমরা আশা করি জীবন সাধারণত যেমনটি হওয়া উচিত তেমনভাবে প্রবাহিত হবে। কিন্তু যখন কেউ সেই প্রত্যাশা লঙ্ঘন করে, তখন আমরা পরিস্থিতি বোঝার ক্ষমতা হারিয়ে ফেলি এবং আমরা অস্বাস্থ্যকর উপায়ে প্রতিক্রিয়া জানাই। তিক্ততা, অভিযোগ, প্রতিশোধ এবং হতাশার ঝড় বইতে থাকে। আমরা প্রায়শই কিছুক্ষণের জন্য চাপাচাপি করি বা চুপচাপ থাকি, আমরা এর শিকার হয়েছি বলে মনে করি।

তবে, অন্যদের অসঙ্গত কর্মকাণ্ডের দ্বারা আমরা শক্তিহীন হই না। সত্য, ক্ষমা এবং ভালোবাসা দ্বারা পরিচালিত একটি সুস্থ ও বাস্তবসম্মত জগৎ দিয়ে আমরা আমাদের কাল্পনিক জগৎ থেকে মুক্ত হতে পারি। আমাদের মধ্যে এই উপস্থিত বুদ্ধি থাকতে পারে যে আমরা দেখতে পারি যে অন্যদের ক্ষতিকারক কাজগুলি

আরেকবার ভাবুন

আমাদের প্রত্যাশা সম্পর্কে অজ্ঞতার কারণে হতে পারে। অথবা যখন তারা জানে যে আমরা কী আশা করি, তারা তাদের জন্য আমাদের আদর্শ অনুসারে জীবনযাপন করতে অক্ষম হতে পারে। অতএব, যখন তারা আমাদের কাল্পনিক জগতের নিয়ম লঙ্ঘন করে, তখন ঈশ্বর এই আকস্মিক বিষয়টিকে ব্যবহার করে আমাদের দেখাতে পারেন যে আমরা আমাদের নিজস্ব তৈরি একটি কারাগার তৈরি করেছি, এবং আমাদের দৃষ্টিভঙ্গিকে পুনর্গঠনের জন্য আমাদের মুক্ত করেন, আর আমরা নিজস্ব স্বাধীনতার লেখক হয়ে উঠি।⁴⁸

এইভাবে, আমরা বিশ্বাসের দ্বারা চলতে শিখি, দৃষ্টিশক্তি দ্বারা নয়, যার অর্থ হল আমাদের আদর্শবাদী জগৎকে ঈশ্বরের রাজ্যের সত্যের সাথে বিনিময় করা। যখন আমরা তা করি, তখন আমাদের কাল্পনিক বাস্তবতার লক্ষ্যগুলিকে আমরা বাধাগ্রস্তকারীদের দ্বারা অবাক বা ক্ষুব্ধ হওয়ার সংখ্যা কমিয়ে আনি। এটি আমাদের হতাশার প্রতি সুস্থভাবে প্রতিক্রিয়া জানাতে সক্ষম করে। কখনও কখনও এর অর্থ হল তাদের মঙ্গলের জন্য প্রেমের সাথে সত্য কথা বলা। অন্য সময় আমাদের চুপচাপ এগিয়ে যেতে হবে, মনে রাখবেন যে তাদেরও প্রত্যাশার একটি কাল্পনিক জগৎ থাকতে পারে যা আমরা অসাবধানতাবশত লঙ্ঘন করি।

কিন্তু প্রতিটি ক্ষেত্রেই, কীভাবে প্রতিক্রিয়া জানাবো তা আমাদের সিদ্ধান্ত। আমরা কখনই এমন এক শিকার হয়ে উঠি না যাদের কাছে আশা নেই। আমাদের আসল শত্রুদের চিহ্নিত করে আমরা একটি নতুন বাস্তবতায় বেঁচে থাকার উদ্যোগ নিতে পারি: “আধিপত্য সকলের সহিত, কর্তৃত্ব সকলের সহিত, এই অন্ধকারের জগৎপতিদের সহিত, স্বর্গীয় স্থানে দুষ্টিতার আত্মাগণের সহিত আমাদের মঙ্গলযুদ্ধ হইতেছে।” (ইফিষীয় ৬:১২)।

আবেগপ্রবণ ধ্বংসের পরিকল্পনাগুলি কাটিয়ে ওঠা

এই তিনটি সত্যের সাথে একমত হওয়ার মাধ্যমে আমরা এই বিভিন্ন ধরণের আবেগপ্রবণতা কাটিয়ে উঠি: 1) আমরা আমাদের নিজস্ব পছন্দ করি; 2) আমরা আমাদের নিজস্ব কর্মের জন্য দায়ী; 3) আমরা আমাদের কর্মের পরিণতি মেনে নিই। পরিস্থিতির শিকার না হয়ে, আমরা যেসব বিষয়কে প্রভাবিত করতে পারি তার প্রতি মনোযোগ দিতে পারি।

উদাহরণস্বরূপ, আমি একবার একজন পরিচর্যা নেতার সাথে কথা বলেছিলাম যিনি তার নেতাদের অধীনে যে ধরণের বাধা অনুভব করেছিলেন সে সম্পর্কে অভিযোগ করেছিলেন। আমি তাকে পরিচর্যার এমন দিকগুলি বর্ণনা করতে বলেছিলাম যেখানে তার কাজ করার স্বাধীনতা ছিল। তারপর আমি তাকে পরামর্শ দিয়েছিলাম যে যেখানে তার বিচক্ষণতা আছে সেখানে উদ্যমীভাবে উদ্ভাবন করতে এবং অন্য সবকিছু নিয়ে ক্ষোভ প্রকাশ করা বন্ধ করতে। কখনও কখনও, আমাদের কাছে আমরা যতটা স্বাধীনতা পাই তার চেয়ে বেশি স্বাধীনতা থাকে।

পরিশেষে, আবেগপ্রবণতার উপর জয়লাভের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ হল ঈশ্বরের অনুগ্রহ গ্রহণ করা এবং নিজেদেরকে অতিরিক্ত গুরুত্ব সহকারে নেওয়া বন্ধ করা। যদি আমরা কৃতজ্ঞতা ও প্রশংসায় বেশি সময় ব্যয় করি এবং আত্মবিশ্লেষণে এবং আমাদের ব্যর্থতা নিয়ে চিন্তা করায় কম সময় ব্যয় করি, তাহলে আমরা আবেগপ্রবণতার কবল থেকে মুক্তি পাওয়ার জন্য যথেষ্ট স্বচ্ছ অনুভব করতে পারি। পৌলের মতো, আমরা যেকোনো পরিস্থিতিতে শান্তি খুঁজে পেতে পারি (১ করি. ৭:২৪)।

যারা খ্রীষ্ট যীশুতে আছে তাদের প্রতি কোন দণ্ড নেই (রোমীয় ৮:১)!

পরবর্তী অধ্যায়ে বিভিন্ন ধরণের পরিকল্পনার বর্ণনা দেওয়া হবে যা আমাদের বিভ্রান্তির দ্বারা দূরে সরিয়ে রাখতে প্রলুব্ধ করে।

অধ্যায় 10 নিষ্ক্রিয় মনোযোগ ভঙ্গ

শেষ অধ্যায়ে শয়তান কীভাবে আমাদের ধ্বংসাত্মক কর্মকাণ্ডের দিকে প্রলুব্ধ করে, তা অন্বেষণ করা হয়েছে, যা এই মিথ্যার উপর ভিত্তি করে ধারণা তৈরি করে: “আমি যা চাই, আমার তা পাওয়া উচিত, এবং আমার তা এখনই পাওয়া উচিত”।

কিন্তু সব শয়তানী পরিকল্পনা আমাদেরকে আবেগপ্রবণতার দিকে ঠেলে দেয় না। শয়তান আরও কিছু কৌশল ব্যবহার করে, যাতে আমাদের যখন এগিয়ে যাওয়া উচিত তখন আমরা হাল ছেড়ে দেই, যখন আমাদের সক্রিয় থাকা উচিত তখন নিষ্ক্রিয় থাকি। নিম্নলিখিত আটটি উদাহরণ আমাদের অচল করে দেওয়ার জন্য তৈরি করা হয়েছে যাতে আমরা বিশ্বাস হারিয়ে ফেলি, আশা ছেড়ে দেই, অথবা পাশে বসে সময় নষ্ট করি।

ভয়াবহ হওয়া

প্রথম পরিকল্পনাটিকে “ভয়াবহতা” বলা হয়, যা এমন কিছু খারাপ ঘটতে পারে না, তার প্রতি ভয়ে অতিরিক্ত প্রতিক্রিয়া দেখানো। এটি তখন ঘটে যখন আমরা নিজেদের বলি, “যদি সেই জিনিসটি আসলেই ঘটে, তাহলে এটি আমাকে নিশ্চিহ্ন করে দেবে। এটি হবে ভয়াবহ, জঘন্য, খারাপ বিষয়; যেন পৃথিবীর শেষ”। ভয়াবহতা একটি সম্ভাব্য অবাঞ্ছিত পরিস্থিতি গ্রহণ করে এবং এটিকে অতিরিক্ত মাত্রা পর্যন্ত নিয়ে যায়।⁴⁹

উদাহরণস্বরূপ, একজন তরুণীর কথা ভাবুন যে ভয়ে এতটাই ভারাক্রান্ত যে সে চাকরি খোঁজার সাহস পাচ্ছে না। সে চাকরি চায় কিন্তু বলে, “আমি চেষ্টা করেছি কিন্তু পারছি না। আমি ইন্টারভিউ ঘৃণা করি। তারা আমাকে ভয় দেখায়”। তাকে কী ভয় দেখায় জানতে চাইলে সে বলে, “তারা হয়তো আমাকে অবজ্ঞা করে দেখবে এবং আমাকে বোকা মনে করবে। এটা ভয়াবহ হবে। এটা ভয়াবহ হবে”।

সত্য কথা হলো, কেউ যদি তাকে বোকা মনে করে তাহলে সেটা আসলে পৃথিবীর শেষ হবে না। এটা অপ্রীতিকর হবে, কিন্তু পৃথিবীর শেষ নয়। সে

আরেকবার ভাবুন

ভয়াবহগ্রস্ত হয়েছে। ভয়াবহতার সাথে দুটি সমস্যা রয়েছে। প্রথমত, ভয়ঙ্কর পরিস্থিতি কখনও নাও ঘটতে পারে, তাই এমন কিছু নিয়ে অনর্থক উদ্বেগ থাকে যা ঘটতে পারে না। দ্বিতীয়ত, যদি তা ঘটেও, তবুও সেটা কল্পনার তুলনায় অনেকটাই কম খারাপ হবে।

দুর্ভাগ্যবশত, ভয়াবহতা হল স্ব-সৃষ্ট উদ্বেগের উৎস। আমরা এমন কিছুতে ভয় পাই যা সম্ভবত ঘটবে না, এবং এমনকি যদি কাল্পনিক ভয়গুলি সত্য হয়, তবুও আমরা আমাদের উপর প্রভাব বিস্তার করি। যদিও আমরা যা ভয় পাই তা বাস্তবে পরিণত হওয়ার সম্ভাবনা কম, আমরা এতদূর যেতে পারি যে আমরা বিশ্বাস করি যে আমাদের ভয় সম্ভাব্যতার চেয়েও বেশি, সেগুলি অনিবার্য। তাই আমরা আমাদের নিজস্ব মায়ার জালে আটকে পড়ি। শত্রু একের পর এক বিরক্তিকর পরিস্থিতি আমাদের সামনে তুলে ধরে, এবং কীভাবে আমরা তার মিথ্যার আঙুনে জ্বালানি যোগ করে থাকি তা দেখি।

শয়তানের নিম্নলিখিত মিথ্যাগুলো ভয়াবহ করে তোলার সাধারণ প্রলোভন। এর মধ্যে কিছু পরিচিত হতে পারে:

- আমি যদি আমার বন্ধুদের সাথে বাইরে যাই, তাহলে তারা হয়তো আমাকে নিয়ে হাসবে। এটা খুবই খারাপ হবে।
- আমি হয়তো মানুষের প্রত্যাশা পূরণ করতে পারব না, আর তারা হতাশ হবে। এটা ভয়াবহ হবে।
- আমাকে প্রত্যাখ্যান করা হতে পারে। এটা ভয়াবহ হবে।
- আমি ভুল করতে পারি। এটা ভয়াবহ হবে।
- আমি হয়তো বোকার মতো কিছু বলবো। এটা তো ভয়াবহ হবে।
- আমি আঘাত পেতে পারি। এটা ভয়াবহ হবে।
- আমাকে এমন কিছু করতে বলা হতে পারে যা আমি জানি না। এটা অত্যন্ত লজ্জাজনক বিষয় হবে।
- আমি যা কিছু পেয়েছি তা হারাতে পারি। এটা একটা অত্যন্ত খারাপ বিষয় হবে।

- আমি মারা যেতে পারি। এটা ভয়াবহ হবে।
- একবার সুখ পেলে, আমি হয়তো তা হারাতে পারি। এটা ভয়াবহ হবে।
- আমি হয়তো অন্যদের মতো দেখতে সুন্দর নাও হতে পারি। এটা খুবই খারাপ হবে।
- ওরা হয়তো আমাকে মেনে নেবে না। এটা ভয়াবহ হবে।
- সে হয়তো আবিষ্কার করবে আমি আসলে কে। এটা ভয়াবহ হবে।

লক্ষ্য করুন, এই মিথ্যাগুলোর মধ্যে কতগুলো অন্যদের চিন্তাভাবনার সাথে সম্পর্কিত। কল্পনা করুন, কেমন হবে যদি আমরা অন্যদের প্রত্যাশা থেকে মুক্ত থাকতে পারি। অন্যদের মতামতের গুরুত্ব কমিয়ে দিলে আমরা কী স্বাধীনতা উপভোগ করতে পারব? আমাদের শয়তানের সাথে সহযোগিতা করে, আমাদের মনকে ভয়াবহ করে তোলার দরকার নেই। “এটা ভয়াবহ হবে” এর পরিবর্তে “যা আমি ভয় পাচ্ছি তা কখনো ঘটতে পারে না; কিন্তু যদি তা হয়, আমি তা পছন্দ করব না কিন্তু আমি ঠিক থাকব”।

আপনার অতীত আপনার ভবিষ্যৎ নির্ধারণ করে

শয়তান আমাদের অচল করার জন্য দ্বিতীয় যে পদ্ধতি ব্যবহার করে তা হল আমাদের পরিচয় নির্ধারণ করা, তাকে আমাদের অতীতকে আমাদের ভবিষ্যতের সাথে সংযুক্ত করার সুযোগ দেওয়া। দ্য ম্যাট্রিক্স সিনেমায়, শত্রু এজেন্ট নিওর ফাইলটি ধীরে ধীরে উল্টাতে-উল্টাতে নিওকে জিজ্ঞাসাবাদ করে। ঠাট্টা-বিদ্রূপের সুরে, সে নিওকে তার পুরনো নাম “মিস্টার অ্যান্ডারসন” দিয়ে উল্লেখ করে, যা তাকে তার অতীতের কথা মনে করিয়ে দেয়। অভিযোগকারী আমাদের সাথে এটিই করে। সে একটি বড় দলিলপত্র আমাদের সামনে খুলে ধীরে ধীরে পাতা উল্টে অতীতের ব্যর্থতা এবং ত্রুটিগুলি তুলে ধরে শান্ত, শীতল, যুক্তিসঙ্গত এবং বস্তুনিষ্ঠভাবে। তাকে অভিযোগকারী বলার পিছনে একটি কারণ আছে (প্রকাশিত বাক্য ১২:১০)।

তবে, অতীতের ভুল সিদ্ধান্তগুলি দ্বারা আমাদের পরিচয় সংজ্ঞায়িত করা হয় না। প্রকৃতপক্ষে, আমাদের অতীতের কোনও কিছুই আমাদের ভবিষ্যৎ নির্ধারণ করে না: আমাদের চাকরি নয়, আমাদের খ্যাতি নয়, আমাদের পাপ নয়,

আরেকবার ভাবুন

আমাদের ভুল নয়, অন্যদের কাজ নয়, আমাদের লিঙ্গ নয়, আমাদের বয়স নয়, আমাদের জাতি নয়, আমাদের স্বাস্থ্য নয়। আমাদের অতীত যেমনই হোক না কেন, তা সত্ত্বেও ঈশ্বর আমাদেরকে ব্যবহার করতে পারেন। তিনি মোশিকে ব্যবহার করেছিলেন, যদিও তিনি মরুভূমিতে একজন খুনি পলাতক ছিলেন। তিনি পৌলকে ব্যবহার করেছিলেন, যদিও তিনি মণ্ডলীকে নির্যাতন করেছিলেন। ঈশ্বর আমাদের জীবনে দীর্ঘ বিলম্ব এবং বিচ্যুতি দ্বারা বিরক্ত হন না। আমাদের পরিচয় আমাদের দলিলপত্র পড়ার অভিযোগকারী দ্বারা সংজ্ঞায়িত করা হয় না!

সিনেমার চরিত্র নিও ম্যাট্রিক্সকে আসলে কী ছিল তা দেখে এর উদাহরণ দিয়েছেন: প্রতারণার এক জগৎ যেখানে মানুষ বাস্তব জগৎ সম্পর্কে অজ্ঞ হয়ে ঘুরে বেড়াত। অতএব, প্রস্তুতকারী তার দলিলপত্র থেকে পড়া শুনে তিনি প্রভাবিত হননি। একইভাবে, আমাদের অতীত আমাদের ভবিষ্যৎকে নির্দেশ করে না। আমাদের মস্তিষ্কের কোষগুলিতে ভ্রমণকারী প্রতিটি চিন্তার শিকার হতে হবে না। এই মিথ্যার বিরুদ্ধে বলুন, **“আমি যীশুর সাথে একজন যৌথ উত্তরাধিকারী” (রোমীয় ৮:১৭)।**

আরাম করুন, বিরতি নিন

আমাদের বিভ্রান্ত করার জন্য সে আরেকটি কৌশল ব্যবহার করে তা হল আধ্যাত্মিক যুদ্ধ থেকে বিরতি নেওয়ার পরামর্শ দেওয়া, আমাদের বোঝানো যে যুদ্ধটি ক্ষণস্থায়ী, এটি একদিন চলে যেতে পারে। কিন্তু যে মুহূর্তে আমরা খ্রীষ্টকে “হ্যাঁ” বলি, সেই মুহূর্তেই লড়াই শুরু হয়ে যায়। এটি কখনও থামে না এবং আমরা এটি থামাতে পারি না। জীবনের অন্যান্য ক্ষেত্রে, আমরা বিশ্রামের জন্য বিরতি নিতে পারি, কিন্তু শয়তান কখনও বিরতি নেয় না। সি.এস. লুইস বলেছিলেন, “আপনি জেগে ওঠার সাথে-সাথেই খ্রিস্টীয় জীবনের সমস্যাগুলি আসে। আপনার সমস্ত ইচ্ছা এবং আশা বন্য প্রাণীর মতো আপনার উপর ছুটে আসে। প্রথম কাজ হল তাদের পিছনে ঠেলে দেওয়া, সেই অন্য কণ্ঠস্বর শোনা, সেই বৃহত্তর, শক্তিশালী, শান্ত জীবনকে প্রবাহিত হতে দেওয়া”^{১০}

কিন্তু শয়তান আমাদেরকে আপাতদৃষ্টিতে সদয় কার্যকলাপে প্রলুব্ধ করে, যা পরে আমরা ভাবি, “কেন আমি এত সময় ওটা করার জন্য ব্যয় করলাম?!” মাইকেল ডিনকিন্স বলেছেন,

“শয়তান চায় তুমি প্রতিদিন ২ - ৪ ঘন্টা সোশ্যাল মিডিয়ায় সোয়াইপ করা, ষড়যন্ত্র তত্ত্ব পড়াশোনা করা, অপ্রয়োজনীয় জিনিস কেনাকাটা করা, অনলাইনে মনোযোগ আকর্ষণ করা, সাইবার-শেমিং, প্রেমের ছলনা করা, ছদ্মবিজ্ঞান সম্পর্কে পড়া, ঈশ্বরতাত্ত্বিক তর্ক-বিতর্কে জড়িয়ে পরা, ফ্যান্টাসি জগতের পিছনে ছুটতে থাকা, অথবা ফোনে পাওয়া অর্থহীন গেম খেলার মতো কাজে নষ্ট করো। শয়তান তোমার পরিত্রাণ কেড়ে নিতে পারবে না, কিন্তু সে তোমার জীবনে আসবে যাতে তুমি ঈশ্বরের জন্য আরও উৎপাদনশীল কাজ করা থেকে বিরত থাকো”।⁵¹

প্রতারক আরেকটি উপায়ে আমাদেরকে আত্মিক যুদ্ধ থেকে বিশ্রাম নিতে উৎসাহিত করে, তা হল, জীবনের সমস্ত গুরুত্বপূর্ণ ঘটনা ভবিষ্যতে আসছে বলে মনে করানো। অতএব, আমরা সতর্ক থাকতে শিখিল হয়ে পড়ি, এই ভেবে যে “বড় খেলা” পরে আসছে। আমরা সুদূর প্রান্তের দিকে তাকাই কিন্তু আমাদের সামনে থাকা সুযোগগুলি দেখতে পাই না। অ্যালিসিয়া চোল বলেছেন,

“আমাদের একটা প্রবণতা আছে যে আমরা ধরে নিই যে প্রধান জিনিসটা এখানে নয়, বাইরে কোথাও আছে। তাই আমরা আজকের দিনটিকে আমাদের যতটা সম্মান করা উচিত তার চেয়ে কম সম্মান করি, যেন আমাদের সামনে বর্তমান সময়ের উপহারটি কেবল একটি পরিপূরক। এই ধরনের পরিবেশে, আমাদের পক্ষে আমাদের ক্ষুধা মেটানোর যুক্তিসঙ্গত কারণ আজকের দিনটি আসলে গুরুত্বপূর্ণ নয়, অথবা, আমরা পরে সমস্যাটি মোকাবিলা করব, অথবা, এটি এখন কোনও পার্থক্য আনবে না। এগুলি সবই স্পষ্ট মিথ্যা। আজকের দিনটি সর্বদা গুরুত্বপূর্ণ”।⁵²

“আরাম করো, বিরতি নাও” এর আরেকটি লক্ষণ হল যখন আমরা করণীয় এবং করণীয় নয় এমন আইনগত তালিকা ব্যবহার করে চলতে শুরু করি। “দিনগুলো খারাপ, তাই আমরা কীভাবে চলছি” তা সাবধানে দেখার মাধ্যমে এই গতিশীল আধ্যাত্মিক দ্বন্দ্ব লিগু হওয়ার পরিবর্তে (ইফিমীয় ৫:১৫-১৬), আমাদের নিজস্ব শক্তি ব্যবহার করে নিয়মের তালিকা অনুসরণ করে আমরা নিরাপত্তার মিথ্যা অনুভূতিতে প্রলুব্ধ হতে পারি। আমরা মনে করি যদি আমরা খারাপ কাজ এড়িয়ে চলি এবং ভালো কাজ করি, তাহলে আমরা কাজগুলিকে ভালোভাবে সম্পন্ন করে সন্তুষ্ট থাকতে পারি। এই তালিকা তৈরির আধ্যাত্মিকতা প্রকাশ করে যে আমরা আত্মার সাথে ধাপে ধাপে চলার ঈশ্বরের মানের তুলনায় কতটা নিম্ন স্তরে অবস্থান করি (গালাতীয় ৫:২৫)।

আরেকবার ভাবুন

যাইহোক, যখন আমরা আধ্যাত্মিক যুদ্ধ থেকে বিশ্রাম নিই, তখন আমরা নিজেদের বিপদে ফেলি। শত্রু চায় আমরা ছোট ছোট জিনিসের জন্য সন্তুষ্ট থাকি, খ্রীষ্টের মধ্যে সাহসিক জীবনযাপনের জন্য আত্মার আহ্বানকে উপেক্ষা করি। সে আমাদেরকে রাজ্যের জন্য তিনি আমাদের যে আবেগ দিয়েছেন তা উপেক্ষা করে শিথিল হতে, স্থির থাকতে, স্বাচ্ছন্দ্য বোধ করতে উৎসাহিত করে। এই কথাটি বলার দ্বারা এই মিথ্যার বিরুদ্ধে প্রতিবাদ করুন, **“যীশুর জোয়াল ভুলে নিয়ে আমি বিশ্রাম পেতে পারি” (মথি ১১:২৯)।**

এটা তোমার দোষ ছিল

শত্রু আমাদের অচল করে দেওয়ার আরেকটি উপায় হল মিথ্যা অপরাধবোধ। উদাহরণস্বরূপ, অভিযোগকারী হয়তো বলতে পারে, “তুমি কিছু ভুল করেছ, এবং এখন ঈশ্বর তোমাকে শাস্তি দিচ্ছেন।” আমরা যদি এই ধরনের মিথ্যাকে বিশ্বাস করি, তাহলে ঈশ্বর দোষী সাব্যস্ত হন এবং আমরা নিজেদেরকে ব্যর্থ বলে অনুভব করি। সত্য হল যে অনেক সমস্যাগুলির আমাদের কর্ম বা ঈশ্বরের শাস্তির সাথে কোনও সম্পর্ক নেই। কখনও কখনও দুর্ঘটনা ঘটে কারণ আমরা একটি পতিত জগতে বসবাস করছি। অন্য সময়ে, অন্যদের পাপের কারণে আমরা অসুবিধার মুখে পড়ি, আমাদের নিজেদের কোনও দোষ ছাড়াই, অথবা এটি শয়তানের সরাসরি কাজ হতে পারে।

এটি একটি মিথ্যা ধারণা থেকে শুরু হয়: “যারা ভালো তাদের প্রত্যেকেরই আরামদায়ক জীবন যাপনের অধিকার আছে”। তারপর, যখন পরিস্থিতি খারাপ হয়, তখন আমরা প্রায়ই ভুক্তভোগীকে দোষারোপ করি। “আমি এমন কিছু ভুল করেছি যার কারণে আমার স্ট্রীক হয়েছে,” অথবা, “আমার ছেলে মাদকাসক্ত হয়েছে, তাই আমি অবশ্যই একজন খারাপ বাবা”। এই ভুল নামকরণগুলি কেবল আমাদের নিজেদের সম্পর্কে শয়তানের মিথ্যাচারের জন্য ঝুঁকিপূর্ণ করে তোলে না, বরং অন্যদের প্রতি বিচারমূলক মনোভাবও তৈরি করে।

এ ছাড়াও, যখন মানুষ নির্যাতনের শিকার হয়, তখন প্রতিপক্ষ প্রায়শই বলে, “এটা তোমার দোষ কারণ তুমি কুৎসিত, নোংরা, কদর্য, নোংরা, ঘৃণ্য বা অপ্রিয়”। আমরা নির্যাতনের যন্ত্রণা ভোগ করলে সে আনন্দিত হয়, কিন্তু সে আমাদের নিজেদের উপর নির্যাতনের জন্য দোষ চাপিয়ে দিয়ে দ্বিতীয় বারও

বিজয়ই হতে চায়। এই ধরনের হাস্যকর ধারণাগুলিকে অবশ্যই চিহ্নিত করতে হবে: নরকের গর্ত থেকে আসা মিথ্যা। এই মিথ্যার বিরুদ্ধে এই বলে প্রতিবাদ করুন, “এই জগতে আমার ক্লেশ হবে, কিন্তু যীশু জগৎকে জয় করেছেন” (যোহন ১৬:৩৩)।

আরও চেষ্টা করো

আমরা যখন কোনও কিছুতে কঠোর চেষ্টা করি এবং তারপর ব্যর্থ হই, তখন আমরা নিরুৎসাহিত হই এবং আশা ছেড়ে দিই।

ট্র্যাক অ্যান্ড ফিল্ড খেলাধুলা থেকে এর একটি উপযুক্ত উদাহরণ পাওয়া যায়, যা বহু প্রজন্ম ধরে আমার জীবনের একটি গুরুত্বপূর্ণ অংশ হয়ে এসেছে। আমার দাদা ওয়াইমিং বিশ্ববিদ্যালয়ে প্রতিযোগিতা করেছিলেন এবং আমার কাকা জন লিলি ছিলেন একজন বিশ্বমানের মধ্য-দূরত্বের দৌড়বিদ এবং কিংবদন্তি ডিক ফসবারি (ফসবারি ফ্লপের উদ্ভাবক) এর ওরেগন স্টেটের রুমমেট। ছোটবেলায় আমি তার অনেক ট্র্যাক মিটে অংশ নিয়েছিলাম, সেই যুগের অসামান্য ক্রীড়াবিদদের সাথে দেখা করেছিলাম। প্রাথমিক বিদ্যালয় থেকে হ্রেসনো স্টেটে আমার কলেজের বছর পর্যন্ত, আমি একজন হাই জাম্পার এবং ডেক্যাথলিট হিসাবে প্রতিযোগিতা করেছি এবং আমাদের দুই ছেলেই হাই স্কুলের পোল ভল্টার ছিল। ফলস্বরূপ, আমি বছরের পর বছর ধরে শত শত দৌড় দেখেছি।

আমি একটা গল্প শুনেছিলাম, একটা ছেলে পেছন থেকে দিকে দৌড়ে এগিয়ে আসছে, লিডারের কাছে এগিয়ে এসেছিল। তারপর সে ম্লান হয়ে যেতে লাগল, একজন দৌড়বিদকে এগিয়ে যেতে দেখে, তারপর আরেকজন, তারপর আরেকজন। তার মা তাকে চিৎকার করে বললেন, “তাড়াতাড়ি দৌড়াও! দ্রুত দৌড়াও!” অবশেষে, বিংশতমবারের মতো তার মায়ের উপদেশ শুনে, সে সম্পূর্ণ থেমে গেল, স্ট্যান্ডের দিকে ফিরে গেল এবং চিৎকার করে বলল, “তুমি কি দেখতে পাচ্ছ না আমি যতটা সম্ভব দ্রুত দৌড়চ্ছি?” সে আরও কয়েক পা এগিয়ে গেল এবং তারপর দৌড় থেকে পুরোপুরি বাদ পড়ল।

আরেকবার ভাবুন

এই মায়ের মতো, অভিযোগকারী আমাদের চিৎকার করে বলে, “আরও চেষ্টা করো, আরও চেষ্টা করো!” আর তরুণ দৌড়বিদটির মতো, আমরা যথাসাধ্য চেষ্টা করি, একই ধরনের নিরুৎসাহিতকারী নির্দেশনা শুনতে পাই: শুধু তোমার বাইবেল আরও পড়ো, আরও প্রার্থনা করো! এই পরামর্শটি প্রায়শই সাহায্য করার চেয়ে বেশি হতাশাজনক প্রমাণিত হয়। শত্রু জানে যে যখন এই উপদেশ দেওয়া হয়, “আরও চেষ্টা করো পাপ না করার জন্য।” তখন আমরা হাল ছেড়ে দিতে পারি।

“আরও চেষ্টা করো” এই কথাগুলো শুনলে মনে রাখবেন যে এটি হয়তো হতাশা এবং হাল ছেড়ে দেওয়ার জন্য তৈরি একটি পরিকল্পনা। কেবল আরও চেষ্টা করার চেয়ে স্থিতিস্থাপকতা তৈরি করার আরও ভালো উপায় আছে, যা পরবর্তী অধ্যয়নগুলিতে ব্যাখ্যা করা হবে। এই মিথ্যার বিরুদ্ধে এই বলে প্রতিবাদ করুন, **“আমি দ্রাক্ষালতায় থাকার মাধ্যমে ফল উৎপন্ন করি” (যোহন ১৫:৫)।**

মহান মহানকে জন্ম দেয়

আরেকটি কারণ হলো মানুষ যখন সাফল্যের ভুল মাপকাঠি ব্যবহার করে তখন হাল ছেড়ে দেয়। পশ্চিমে আমরা এমন এক সেলিব্রিটি সংস্কৃতিতে বাস করি যা এই ধারণার উপর প্রতিষ্ঠিত যে যত মহান তত ভালো, অথবা “মহান মহানকে জন্ম দেয়”। বিশ্বাস করে যে যা কিছু প্রথমেই একটা বড় ছাপ ফেলে তা একটা স্থায়ী ছাপ, মানুষ সেই অসাধারণ ঘটনার উপর আস্থা রাখে যা বড় চমক সৃষ্টি করে। তবে, এটি একটি সাধারণ নিয়ম যে যা দ্রুত বৃদ্ধি পায় তা দ্রুত মারাও যায়। যা ধীরে ধীরে বৃদ্ধি পায় তা সাধারণত দীর্ঘস্থায়ী হয়।⁵³

ঈশ্বরের রাজ্যে, একজন কল্পনাপ্রবণ তত্ত্বাবধায়ক ঈশ্বর যা সরবরাহ করেন তা গ্রহণ করে এবং দীর্ঘ সময় ধরে ধীরে ধীরে সেটাকে বৃদ্ধি দেয়। বেসবল খেলাতে হোম রান স্থায়ী ফল উৎপন্ন করে না, বরং ইনফিল্ড আঘাত, তারপরে একটি বান্ট, একটি চুরি করা বেস, এবং একটি ত্যাগস্বীকারের মাধ্যমে ঘরে ফিরে আসা কার্যকর হয়। পৃথিবীতে, মহান মহানকে জন্ম দেয়, কিন্তু ঈশ্বরের রাজ্যে, ক্ষুদ্র মহানকে জন্ম দেয়। যীশু খামির এবং সরিষা বীজের দৃষ্টান্তে এই নীতিটি ব্যাখ্যা করেছেন (মথি ১৩:৩১-৩৩)। ধীর এবং স্থির বৃদ্ধি স্থায়ী মূল্য উৎপন্ন করে।

অধিকন্তু, আমরা মাঝে মাঝে এই বিশ্বাসে প্রতারিত হই যে খ্রীষ্টের রাজ্য একজন সেলিব্রিটি (সর্বশেষ ক্রীড়া ব্যক্তিত্ব, অভিনেতা, রাজনীতিবিদ, অথবা কোটিপতি) দ্বারাই সবচেয়ে ভালোভাবে এগিয়ে যায়। যখন আমরা ক্ষমতায় থাকা ব্যক্তিদের প্রতি পক্ষপাতিত্ব দেখানোর জন্য প্রলুব্ধ হই, তখন আমাদের যাকোব ২:১-৪ পদ দ্বারা তিরস্কৃত হওয়া উচিত:

“হে আমার ভ্রাতৃগণ, তোমরা আমাদের প্রভু যীশু খ্রীষ্টের—প্রতাপের প্রভুর— বিশ্বাস মুখাপেক্ষার সহিত ধারণ করিও না। কেননা যদি তোমাদের সমাজ-গৃহে স্বর্ণময় অঙ্গুরীয়ে ও শুভ্র বস্ত্রে ভূষিত কোন ব্যক্তি আইসে, এবং মলিন বস্ত্র পরিহিত কোন দরিদ্রও আইসে, আর তোমরা সেই শুভ্রবস্ত্র পরিহিত ব্যক্তির মুখ চাহিয়া বল, ‘আপনি এখানে উত্তম স্থানে বসুন,’ কিন্তু সেই দরিদ্রকে যদি বল, ‘তুমি ওখানে দাঁড়াও, কিম্বা আমার পাদপীঠের তলে বস,’ তাহা হইলে তোমরা কি আপনাদের মধ্যে ভেদাভেদ করিতেছ না, এবং মন্দ বিতর্কে লিপ্ত বিচারকর্তা হইতেছ না?”

যেসব বিভ্রান্তি জাগতিক মূল্যবোধকে উৎসাহিত করে, যেখানে মহান মহানকে জন্ম দেয়, সেসবের প্রতি সতর্ক থাকুন। ধীর এবং স্থির পদ্ধতি ব্যবহার করুন যা দীর্ঘমেয়াদী ফল দেয়। এই মিথ্যার বিরুদ্ধে এই কথাটি বলুন, “অনেক বিষয়ে বিশ্বস্ত হওয়ার আগে আমাকে অল্প বিষয়ে বিশ্বস্ত হতে হবে” (লুক ১৬:১০)।

তোমার হৃদয়কে অনুসরণ করো

নিষ্ক্রিয়তার আরেকটি প্রলোভন আসে যখন মানুষ বিশ্বাস করে যে ঈশ্বরের জ্ঞান অন্বেষণ করার পরিবর্তে তাদের নিজেদের হৃদয়ের কথা শোনা উচিত। প্রকৃত পরিচয় আমাদের ভিতরে কেমন অনুভব হয় তার উপর ভিত্তি করে নয় বরং আমাদের বাইরের কারোর [ঈশ্বর] দ্বারা সংজ্ঞায়িত হয়। ঈশ্বর সম্পর্কে বাহ্যিক সত্যের পরিবর্তে অভ্যন্তরীণ সত্তার প্রতি আমাদের মনোভাব আমাদের আধ্যাত্মিক যুদ্ধে দুর্বল এবং অকার্যকর করে তুলেছে।

উদাহরণস্বরূপ, প্রচলিত ধারণা হলো, মানুষ যখন কোন পরিণতি ছাড়াই যা ইচ্ছা তাই করতে স্বাধীন থাকে, তখনই সে সুখী হয়। বিপরীতে, গবেষণা দেখায় যে, যখন মানুষ কঠোর নৈতিক আচরণবিধি মেনে চলে, যার প্রভাব আমাদের আচরণের উপর পড়ে, তখন সে আরও আশাবাদী, ইতিবাচক হয়

আরেকবার ভাবুন

এবং হতাশাগ্রস্ত হওয়ার সম্ভাবনা কম থাকে।⁵⁴ অতএব, অনেক মানুষ মানসিক ব্যাধিতে ভোগে কারণ তাদের ব্যক্তিগত অভিজ্ঞতার বাইরে বিদ্যমান পরম কিছু বিষয়ের অভাব থাকে।

দুর্ভাগ্যবশত, এমনকি খ্রিস্টান পরিবারগুলিও এই পরিকল্পনার দ্বারা প্রভাবিত হতে পারে। ছোটবেলা থেকেই মানুষকে তাদের ব্যক্তিগত পছন্দের চারপাশে একটি বৃত্ত আঁকতে বাধ্য করা হয়, প্রতিটি ঘটনাকে নিজের সাথে সম্পর্কিত হিসাবে মূল্যায়ন করতে হয়। খ্রিস্টীয় জীবন “যীশুর সাথে আমার ব্যক্তিগত সম্পর্ক” হয়ে ওঠে, যেখানে সবকিছুই “আমি এবং ঈশ্বর” সম্পর্কে। বাইবেলকে “জীবনযাপনের জন্য আমার ব্যক্তিগত হ্যান্ডবুকে” সংকুচিত করা হয়, স্থানীয় মণ্ডলী “আমার চাহিদা পূরণের জন্য” থাকে এবং ঈশ্বর “আমার জীবনের জন্য একটি চমৎকার পরিকল্পনা” প্রদান করার জন্য বিদ্যমান।

গর্ডন ফি এটিকে এভাবে ব্যাখ্যা করেছেন:

“ধর্মনিরপেক্ষ মনোবিজ্ঞান এবং খ্রিস্টীয় শিক্ষা উভয়ই অভ্যন্তরীণ সত্তার উপর দৃষ্টি নিবদ্ধ করে: পূর্ণতার কিছু মানদণ্ড অনুসারে আমি কেমন করছি? অভ্যন্তরীণ সংগ্রামের উপর দৃষ্টি নিবদ্ধ করে, আমরা খুব কমই খ্রীষ্টকে দেখতে পাই বা আত্মার পথে আত্মবিশ্বাসের সাথে চলতে পারি। আত্মার ফল উপভোগ করার পরিবর্তে, আত্মা আমাদের জীবনে এবং অন্যদের জীবনে যা করছেন তার জন্য অবিরাম কৃতজ্ঞতায়, আমাদের ব্যক্তিবাদী বিশ্বাস তীব্রভাবে আত্মকেন্দ্রিক হয়ে ওঠে - ঈশ্বরের সামনে আমাদের ব্যক্তিগত ব্যর্থতা সম্পর্কে সচেতন, আমাদের অসম্পূর্ণতায় হতাশ, আমরা যে প্রেম, আনন্দ, শান্তি এবং ভদ্রতাকে বাস্তব বলে মনে করি তা ভান করে। আমাদের অশান্তিগুলি পবিত্র আত্মার কাছে উন্মুক্ত হতে বাধা দেয়। এই ধরনের আধ্যাত্মিক অস্থিরতায় ঈশ্বর প্রায় সর্বদা দোষ পান”।⁵⁵

এই মিথ্যার বিরোধিতা করে বলুন: “সমস্ত জ্ঞান ও তত্ত্ব যীশুর মধ্যেই লুকানো আছে, আমার মধ্যেই নয়” (কল. ২:৩)।

সংরক্ষণ

বিভ্রান্তির সবচেয়ে কার্যকরী কৌশলগুলির মধ্যে একটি হল “সংরক্ষণ”, একটি আত্মরক্ষামূলক মনোভাব যা আমাদের বিশ্বাসে পদক্ষেপ নেওয়া থেকে বিরত

রাখে। সংরক্ষণ জীবনকে শূন্য-সমষ্টির খেলা হিসাবে দেখে, যেখানে একজন ব্যক্তি অন্যজনের মূল্যে জয়লাভ করে। পৃথিবীকে বিভক্ত করার জন্য একটি পাই হিসাবে দেখা হয়, যেখানে “আমি আমারটি নেব যাতে অন্যরা আমারটি না নেয়”। আমরা উদ্ভিন্নভাবে আমাদের যা আছে তা আঁকড়ে থাকি অথবা আরও অংশ পাওয়ার জন্য সম্পদ এবং ক্ষমতা সম্পন্নদের সাথে নিজেদের সংযুক্ত করি। আমরা নিয়ন্ত্রণ, মনোযোগ বা সম্পত্তির একটি টুকরোর জন্য প্রতিযোগিতা করি, বিশ্বাস করি যে “এখনও অনেক কিছু আছে”।

অন্য কথায়, সংরক্ষণ জীবনকে সীমাবদ্ধতার পরিপ্রেক্ষিতে উপস্থাপন করে: স্বর্গ বন্ধ, এবং আকাশ একটি উল্টানো পাত্রে মতো যা আমাদের আটকে রেখেছে। আমরা এমন একটি অস্তিত্বে আবদ্ধ, বেঁচে থাকা এবং মারা যাওয়া অনুভব করতে পারি যেখানে কেবল দৃশ্যমানই বাস্তব। দাসত্বের অনুভূতিতে, আমরা বিশ্বাস করি যে আমরা কখনই মুক্ত হতে পারব না, চরম যন্ত্রণা এবং একঘেষেমেমিতে জীবনযাপন করি, কয়েক মুহূর্তের জন্য হলেও মুক্তি খুঁজি।⁵⁶ অথবা থোরো যেমন দুঃখ প্রকাশ করেছিলেন, “মানুষের বিশাল অংশ নীরব হতাশার জীবনযাপন করে”।⁵⁷ এই অনুমানের অধীনে, আমরা পরিবর্তনকে প্রতিরোধ করি কারণ আমরা আমাদের ভাগের একটি অংশ হারানোর ভয়ে থাকি।

এছাড়াও, সংরক্ষণের যুক্তি হল যে ঈশ্বরের কর্মগুলিকে বিশ্লেষণ এবং পূর্বানুমান করা যেতে পারে এবং তারপর ব্যক্তিগত সুবিধার জন্য ব্যবহার করা যেতে পারে, তাঁর আশীর্বাদগুলিকে কাজে লাগানোর জন্য। অতএব, এই পরিকল্পনাটি একটি আমলাতান্ত্রিক প্রবণতা তৈরি করে, পরিমাণগত, পরিমাপযোগ্য এবং পূর্বাভাসের প্রতি এক আচ্ছন্নতা, যেখানে প্রতিটি সমস্যার একটি কারণ-প্রভাব সমাধান থাকে। ফলস্বরূপ, সংরক্ষণবাদীরা এমন পরিকল্পনাকে মূল্য দেয় যা সম্ভাব্য ফলাফল তৈরি করে। কিন্তু কেউ ঈশ্বর সম্পর্কে মডেল স্থাপন করতে পারে না কারণ তাঁর সম্পর্কে পূর্বানুমান করা যায় না।

অধিকন্তু, সংরক্ষণবাদীরা সুনির্দিষ্ট উত্তর দাবি করে। তারা অস্পষ্টতাকে ঘৃণা করে এবং রহস্যের ধারণাকে প্রতিরোধ করে, যেমন অদৃশ্য আধ্যাত্মিক জগৎ থেকে আসা যুদ্ধ। যদিও এই পরিকল্পনা আমাদের মনকে সন্তুষ্ট করে, এটি আমাদের কল্পনাকে অনুপ্রাণিত করে না, যার ফলে বীরত্বপূর্ণ প্রচেষ্টা এবং সাহসী উদ্যোগকে কাপুরুষোচিতভাবে এড়িয়ে যাওয়া হয়। আর্থিক দিক থেকে,

আরেকবার ভাবুন

একটি সংরক্ষণ মানসিকতা সাহসী, আক্রমণাত্মক উদ্যোগী মূলধন উদ্যোগের পরিবর্তে নিরাপদ হিসাব করার পদ্ধতি এবং সুসম খাতার প্রতি আকৃষ্ট হয়। বিনিয়োগের উপর ঝুঁকিপূর্ণ রিটার্ন বিনিয়োগের পরিবর্তে, সংরক্ষণ আমাদের যা দেওয়া হয় তা নিতে এবং নিরাপদ রাখার জন্য মাটিতে লুকিয়ে রাখতে প্রলুব্ধ করে।

কিন্তু ঈশ্বরের প্রজা হিসেবে, আমাদের উচিত বর্তমান অবস্থাকে প্রতিহত করা কারণ এই পতিত পৃথিবীকে ঠিক করা দরকার। জীবন যেমন হওয়া উচিত তেমনটি নেই - এমনকি কাছাকাছই অবস্থাতেও নয়। তাই আমাদের সংরক্ষণের টান প্রতিরোধ করতে হবে এবং পরিবর্তনের প্রতিনিধি হতে হবে। উদাহরণ হিসেবে 12 জন গুপ্তচরের কথা ধরুন। যখন তারা প্রতিশ্রুত ভূমি অনুসন্ধান করেছিল, তখন 10 জন সংরক্ষণের প্রতিক্রিয়া নিয়ে ফিরে এসেছিল, তারা যা দেখেছিল তার উপর ভিত্তি করে, “আমরা সেখানে যেতে পারি না; দেশে দৈত্যরা আছে”। কিন্তু যিহোশূয় এবং কালেব সংরক্ষণের দ্বারা আবদ্ধ হতে অস্বীকৃতি জানিয়েছিলেন এবং বিশ্বাস অনুশীলন করেছিলেন এই বলে, “ঈশ্বর আমাদের সাথে আছেন, আমরা এটি করতে পারি!” (গণনা. ১৩:২৬-৩৩)।

উন্নত পদ্ধতি

নিষ্ক্রিয়তা হলো এমন একটি সম্ভাব্য অপ্রীতিকর পরিস্থিতির প্রতি অতিরিক্ত প্রতিক্রিয়া দেখানো যা কখনোই ঘটতে পারে না। অন্যদিকে, আবেগপ্রবণতা হলো এমন কিছু ঘটানোর চেষ্টা করা, যাতে আমরা কষ্ট না পাই বা মিস না করি। প্রথমটির ফলে বিভ্রান্তি দেখা দেয়, দ্বিতীয়টি ধ্বংসের দিকে নিয়ে যায়। পার্থক্য বুঝতে হলে, জীবনকে একটি অপ্রত্যাশিত নদী হিসেবে ভাবুন। আবেগপ্রবণতা আমাদেরকে স্রোত অতিক্রম করার জন্য একটি স্পিডবোট চালাতে বাধ্য করে, ঈশ্বরের নির্দেশনা ছাড়াই অজানার দিকে ছুটে যায়। নিষ্ক্রিয়তা আমাদের পা না ভিজিয়েও নদীর তীরে ভয়ের সাথে দাঁড়াতে প্ররোচিত করে, বিশ্বাস করে যে আমরা ঈশ্বরের উপর নির্ভর করতে পারি না যে তিনি আমাদের রক্ষা করবেন।

তবে, সর্বোত্তম পস্থা হল জলের কেন্দ্রে প্রবেশ করা এবং ঈশ্বরের উপস্থিতির স্রোতকে গতি নির্ধারণ করতে দেওয়া, তা দ্রুত হোক বা স্থির। এভাবেই

নিষ্ক্রিয়তা এবং আবেগপ্রবণতা এড়ানো যায়, যা ঈশ্বরের বিনিয়োগের উপর লাভ আনে।

এই সমস্ত পরিকল্পনার মধ্যে, শয়তানের উদ্দেশ্য একই: খ্রীষ্ট আমাদের যে সুবিধাগুলি দিয়েছেন তা ব্যবহার করা থেকে আমাদের বিভ্রান্ত করা। প্রতারক আমাদেরকে যীশুর উপর মনোযোগ কেন্দ্রীভূত করা থেকে বিরত রাখার জন্য যেকোনো কিছু ব্যবহার করবে, তা সে আবেগপ্রবণ ধ্বংস হোক বা নিষ্ক্রিয় বিভ্রান্তি। আমাদের জীবন আধ্যাত্মিক শত্রু এবং পরিকল্পনায় পূর্ণ, ক্লেশ, পরীক্ষা এবং অসুবিধায় (এখনও হয়নি এমন রাজ্য) পূর্ণ।⁵⁸ কিন্তু আমরা যদি আবার চিন্তাভাবনা করার জন্য কিছুক্ষণ থামি, তাহলে এই পরিকল্পনাগুলিতে আত্মসমর্পণ করার আগে আমরা নিজেদেরকে আটকাতে পারব। আমাদের মাথার প্রতিটি চিন্তা সত্য নয়। আমরা মিথ্যাকে সত্য দিয়ে প্রতিস্থাপন করে জয়লাভ করতে পারি।

কোনটি সবচেয়ে সহায়ক তা দেখতে এই পাল্টা যুক্তিগুলি পরীক্ষা করুন:

- যদি আমি ব্যর্থ হই, তার মানে এই নয় যে আমি পরের বার ব্যর্থ হব কারণ আত্ম-নিয়ন্ত্রণ একটি প্রক্রিয়া, কোনও এককালীন ঘটনা নয়।
- আমার জীবনে যতই কষ্ট হোক না কেন, নিজেকে প্রশয় দিলেই সেই কষ্ট দূর হবে না।
- আমি যা চাই তা ছাড়াই আমি এগিয়ে যেতে পারি।
- অসুবিধা, কষ্ট, অস্বস্তি এবং কঠিন পরিস্থিতি স্বাভাবিক বিষয়।
- আমি আমার প্রতিক্রিয়ার নিয়ন্ত্রণে আছি: আমি আমার অনুভূতির শিকার নই।
- আমি মূলত একজন আধ্যাত্মিক সত্তা, যৌন সত্তা নই।
- নিজেকে অস্বীকার করার অর্থ এই নয় যে আমি স্থায়ীভাবে নিজের একটি অংশ হারিয়ে ফেলছি।
- যীশুর জীবনযাপনের ধরণ ছিল দুর্ব্যবহার ও অবহেলার শিকার হওয়া।
- আমি এই সিদ্ধান্ত নিচ্ছি: আমি ছাড়া আর কেউ দোষী নই।

আরেকবার ভাবুন

- সবকিছুর প্রতি আমার প্রতিক্রিয়ার জন্য আমিই দায়ী।

ভাগ 2: শয়তান প্রতিবন্ধকতা সৃষ্টি করে -এর উপসংহার

আমাদের দেহ সত্য এবং মিথ্যার মধ্যে পার্থক্য করতে পারে না, কেবল আমরা কী বিশ্বাস করি তা বুঝতে পারে। ফলস্বরূপ, আমরা ক্রমাগত বিভ্রান্তিকর এবং ধ্বংসাত্মক বার্তা দ্বারা আক্রান্ত হই যা বিশ্বাস করলে ধ্বংসাত্মক অভ্যাস এবং দুর্গের জন্ম দেয়। শয়তান চায় যে আমরা বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে, বিশেষ করে আবেগপ্রবণ ধ্বংস বা নিষ্ক্রিয় বিভ্রান্তির মাধ্যমে স্বেচ্ছায় আমাদের সম্পদ ত্যাগ করি।

আমাদের চিরতরে হারিয়ে ফেলার পর, শত্রু আমাদের অন্ধ করে রাখার, নিরুৎসাহিত ও হতাশ করে তোলার চেষ্টা করছে। সে তার পুরানো অস্ত্র ফেলে নতুন-নতুন অস্ত্র তুলে নিয়েছে। সে একজন আক্রমণাত্মক হুঁদুর এবং একজন প্রতারক হিসেবে কাজ করে, আক্রমণের একটি ব্যক্তিগতকৃত পরিকল্পনা তৈরি করে।

সৌভাগ্যক্রমে, এই যুদ্ধে আমরা অসহায় নই। যদিও প্রতিপক্ষ আমাদের ক্রমাগত প্রতারণা করছে, তবুও আমরা সত্য এবং মিথ্যার মধ্যে পার্থক্য করতে শিখতে পারি। আমাদের প্রতারকের শিকার হতে হবে না যতটা আমার বিশ্বাস করার দরকার ছিল যে আমার বিছানায় একটি সাপ আছে। আমরা আমাদের নিজস্ব শক্তি দিয়ে জীবনের সমস্যাগুলির মুখোমুখি হতে পারি (যা কাজ করবে না), অথবা ঈশ্বরের সরবরাহিত অস্ত্র, ঐশ্বরিক শক্তিসম্পন্ন অস্ত্র ব্যবহার করে জীবনের অসুবিধাগুলিকে জয় করতে পারি। আমরা আবার চিন্তাভাবনা করতে শিখতে পারি, এমন দক্ষতা বিকাশ করতে পারি যা আমাদের যীশুর মতো আরও স্থিতিস্থাপক করে তোলে, বিনিয়োগের উপর রিটার্ন তৈরি করার ক্ষমতা বৃদ্ধি করে।

ফলস্বরূপ, আমাদের কাজ হল কেবলমাত্র সত্যকে বিশ্বাস করা এবং মিথ্যাকে অবিশ্বাস করা। এটি ভাগ 3: আমরা যা উৎপন্ন করি -এর পরবর্তী অধ্যায়গুলির বিষয়বস্তু।

ভাগ 3: আমরা যা উৎপন্ন করি

সমুদয় চিন্তাকে বন্দি করিয়া খ্রীষ্টের আঙাবহ করিতেছি

২ করিন্থীয় ১০:৫

অধ্যায় 11 কার্যকর অস্ত্র নিয়োগ করা

যদিও অভিযোগকারীর পাটিগণিত বিয়োগের উপর ভিত্তি করে তৈরি, আমরা তার চুরি, হত্যা এবং ধ্বংস করার পরিকল্পনা প্রতিহত করতে পারি কারণ যীশু প্রচুর জীবন প্রদান করেন! তিনি আমাদেরকে অন্যদের উপকারের জন্য উপচে পড়া আশীর্বাদ করতে চান। ঈশ্বরের কাজ গুণনপ্রক্রিয়ার উপর বদ্ধমূল, তাই তিনি আমাদের উপর তাঁর বিনিয়োগের প্রতিদান চান। শয়তানের লুপ্তন এবং ঈশ্বরের যোগানের মধ্যে আমাদের অংশগ্রহণ রয়েছে। ঈশ্বর আমাদেরকে তাঁর নাশকতার কাজ চালিয়ে যাওয়ার জন্য ব্যবহার করেন, যেখানে যুদ্ধক্ষেত্র হল আমাদের মন। শয়তানের উপর বিজয়ের জন্য ঈশ্বরের প্রতিনিধি হওয়ার সৌভাগ্য আমাদের আছে।

একদিকে শয়তান প্রতিবন্ধকতা সৃষ্টি করে, অন্যদিকে ঈশ্বর যোগান দেন। মাঝখানে, আমরা আমাদের পছন্দের উপর ভিত্তি করে উৎপাদন করি। মিথ্যার কোন শক্তি নেই যতক্ষণ না আমরা তাদের বিশ্বাস করি, এবং সত্যের আশীর্বাদ প্রকাশের আগে এটিকে সক্রিয় করার জন্য একজন ব্যক্তির প্রয়োজন হয়। যখন আমরা সত্যের প্রতি সাড়া দিই, তখন ঈশ্বর মহিমাষিত হন এবং শত্রু হতাশ হয়।

আমরা যা উৎপন্ন করি ← ঈশ্বর যোগান দেন

অন্যদিকে, যখন আমরা মিথ্যায় অংশগ্রহণ করি, তখন ঈশ্বর দুঃখিত হন এবং শত্রু জয়ী হয়।

শয়তান প্রতিবন্ধকতা সৃষ্টি করে → আমরা উৎপন্ন করি

আরেক কথায়, ঈশ্বরের যোগান শয়তানের বিরুদ্ধে ক্ষতি ডেকে আনার জন্য দেওয়া হয়েছে। তিনি সাহসী পরিকল্পনা সম্পন্ন সাহসী লোকদের জীবনে নিবেশ করতে চান, যারা অন্ধকারের রাজত্বে যেতে ইচ্ছুক, যারা ব্যর্থতার চেয়ে সুযোগ হারাতে বেশি ভয় পায়। মার্ক ব্যাটারসন বলেছিলেন, “আমি ভাবতে চাই যে যখন আমি শেষে বা আমাদের মণ্ডলীর আরাধনা সভাতে আশীর্বাচন

আরেকবার ভাবুন

ঘোষণা করি, তখন আমি শত্রুর উপর ধ্বংসযজ্ঞ চালানোর জন্য বিপজ্জনক লোকদেরকে তাদের প্রাকৃতিক আবাসস্থলে ফিরে যাওয়ার জন্য পাঠাচ্ছি”।⁵⁹

কিন্তু কখনও কখনও আমরা সাহসী অভিযান চাই না। আমরা স্থিতিশীলতা এবং স্পষ্টতা পছন্দ করি। আমরা উত্থান-পতন এবং বিভ্রান্তির জীবনকে প্রতিরোধ করি। আমরা অনিশ্চয়তাকে হতাশাজনক বলে মনে করি। আমরা জানতে চাই আমরা কোথায় যাচ্ছি যাতে আমরা আমাদের জীবনের উপর নিয়ন্ত্রণ প্রয়োগ করতে পারি। প্রকৃতপক্ষে, আমাদের প্রার্থনা এবং প্রচেষ্টার বেশিরভাগই আমাদের পরিস্থিতিগুলিকে নিয়ন্ত্রণ করার বিষয়ে হয়ে থাকে, আমাদের ঘরকে কীভাবে সুশৃঙ্খল রাখা যায় তার উপর কেন্দ্রীভূত থাকে। কিন্তু ঈশ্বর আমাদের জীবনে নতুন গতিপথ শুরু করতে, তাঁর উপর নতুন নির্ভরতার সাথে আমাদের পুনর্নির্মাণ করতে বিভ্রান্তি ব্যবহার করতে পারেন।

সুতরাং, আমাদের পরিস্থিতি নিয়ন্ত্রণ করার পরিবর্তে, আমাদের চিন্তাভাবনাগুলিকে নিয়ন্ত্রণে আনার জন্য আরও প্রচেষ্টা করা উচিত। যখন আমরা আমাদের মনের দরজা খোলা রাখি, তখন আমরা যেকোনো বিপথগামী ধারণাকে ভেতরে আসতে দিই। তারপর যখন সেই ধারণাটি প্রচণ্ডভাবে ছড়িয়ে পড়তে শুরু করে, তখন আমরা ঈশ্বরের কাছে প্রার্থনা করি যেন তিনি আমাদের ঘর থেকে সেই হুঁদুরটিকে বের করে দেন। সবচেয়ে ভালো কৌশল হল অবাঞ্ছিত প্রবেশগুলিকে নিয়ন্ত্রণ করা, কখনই পোকামাকড়কে প্রথমেই প্রবেশ করতে না দেওয়া।

মাংসের অস্ত্র

পৌল বলেন যে জীবনের সমস্যাগুলি মোকাবিলা করার দুটি উপায় আছে: 1) মাংসের দ্বারা অথবা 2) ঐশ্বরিক শক্তিসম্পন্ন অস্ত্রের সাহায্যে। “কারণ আমাদের যুদ্ধের অস্ত্রশস্ত্র মাংসিক নহে, কিন্তু দুর্গসমূহ ভাঙ্গিয়া ফেলিবার জন্য ঈশ্বরের সাক্ষাতে পরাক্রমী”। (২ করিন্থীয় ১০:৪)। মাংসের দ্বারা জীবনের সাথে মোকাবিলা করা স্পষ্ট হয় যখন আমরা এমনভাবে জীবনযাপন করি যেন সবকিছু আমাদের কাঁধে রয়েছে, বিশ্বাস করি যে আমাদের সর্বদা নিয়ন্ত্রণে থাকতে হবে। আমরা আমাদের নিজস্ব শক্তিতে কাজ করি, যেন কোনও ঈশ্বর নেই। আমরা জীবনকে আমাদের ইচ্ছামতো পরিণত করার চেষ্টা করি, কেবল যা সঠিক তা করার এবং ফলাফলের জন্য ঈশ্বরের উপর নির্ভর করার পরিবর্তে

কার্যকর অস্ত্র নিয়োগ করা

তা করি। আমরা উন্মত্তভাবে দাঁত কিড়মিড় করে এবং স্বার্থপর সংকল্পের সাথে আমাদের পরিস্থিতিকে নিয়ন্ত্রণ করি।

মাংসিক শক্তির দ্বারা, আমরা নিজেরাই জীবনকে কার্যকর করার চেষ্টা করি। আমরা মানুষের সম্মান অর্জন করার এবং জীবনের অর্থ খুঁজে বের করার চেষ্টা করি, উত্তরগুলি অনুসন্ধান করি এবং পরিকল্পনাগুলিকে বাস্তবায়ন করি, আমাদের প্রিয়জনদের সাথে খারাপ কিছু না ঘটে তা নিশ্চিত করি এবং যা আমাদের আনন্দ দেয় তার পিছনে ছুটতে থাকি। এর ফলে দলাদলি এবং বিভাজন, ক্ষমতার লড়াই এবং প্রভাব বা সম্পত্তির জন্য প্রতিযোগিতা দেখা দেয় (গোলাতীয় ৫:১৯-২১; যাকোব ৩:১৪-১৬)। অবশেষে আমাদের মধ্যে হীনমন্যতা, নিরাপত্তাহীনতা, অযোগ্যতা, অপরাধবোধ, উদ্বেগ এবং সন্দেহ থেকে যায়। মাংসিক শক্তির দ্বারা জীবনযাপন আমাদের তিক্ত, হতাশাগ্রস্ত, রাগান্বিত, অতি-সংবেদনশীল এবং অবিশ্বাসী করে তোলে।^{৬০}

এটি আমাদের কঠোর পরিশ্রম করতে, ডিগ্রি অর্জন করতে এবং বিখ্যাত হওয়ার চেষ্টা করতে উৎসাহিত করে যাতে আমরা ভালোবাসা পাই এবং প্রশংসিত হই, কিন্তু কর্মমুখী এবং আত্মকেন্দ্রিক হয়ে যাই। আমরা সবাইকে খুশি করার চেষ্টা করি এবং তাদের অনুভূতিতে আঘাত করা এড়িয়ে চলি যাতে আমরা লালিত এবং প্রশংসা পাই কিন্তু সহ-নির্ভরশীল হই। আমরা আমাদের পরিবেশের নিয়ন্ত্রণে থাকার দাবি করি এবং নিষ্ক্রিয়-আক্রমণাত্মক হয়ে উঠি। আমরা বার্ষিক্য এবং মৃত্যুর সাথে লড়াই করি এবং আমাদের চেহারা, আমরা কী খাই এবং কতটা ব্যায়াম করি সে সম্পর্কে আচ্ছন্ন হয়ে পড়ি। আমরা যেকোনো মূল্যে আমাদের পরিবারকে রক্ষা করার চেষ্টা করি এবং বাধ্যতামূলক বা উন্মাদ হয়ে পড়ি।

ফলস্বরূপ, মাংসের দ্বারা যুদ্ধ শুরু করা সহজেই ধরা পড়ে। এটি হতাশা, উদ্বেগ এবং বিশৃঙ্খলায় পরিপূর্ণ, ক্রমাগত ঝাঁকুনি খাচ্ছে এবং কখনও শান্তিতে নেই। আমাদের প্রতিদিন এমন পণ্যের কথা মনে করিয়ে দেওয়া হয় যা আমাদের সুখী হওয়ার জন্য প্রয়োজন, যার ফলে আমরা ভোগবাদের দিকে পরিচালিত হই, যা স্থায়ী তৃপ্তি দেয় না। এটি একটি কারণ যে আমেরিকানরা অ্যান্টিডিপ্রেসেন্টের উপর অত্যধিক নির্ভরশীল হয়ে পড়েছে এবং ইতিহাসের সবচেয়ে উদ্বেগ-প্রবণ সংস্কৃতিতে পরিণত হয়েছে, যেখানে 200 ধরনের মানসিক অসুস্থতা রয়েছে।^{৬১}

আরেকবার ভাবুন

আমরা ক্যারিয়ার, খাদ্য, বিনোদন, ভিডিও গেম, মাদক, সাফল্য এবং অন্যান্য আসক্তির মাধ্যমে আমাদের ভয়ের ক্ষতিপূরণ দেওয়ার চেষ্টা করি।

কিন্তু ঈশ্বর আমাদের এতটাই ভালোবাসেন যে তিনি আমাদের মাংসিক অস্ত্র দিয়ে লড়াই করার প্রচেষ্টাকে ব্যর্থ করে দেবেন। যখন আমরা নিজের শক্তিতে পর্যাণ্ডতার পিছনে ছুটি, তখন তিনি আমাদেরকে কিছু সময়ের জন্য মরুভূমির মধ্যে দিয়ে নিয়ে যান। যখন আমরা নিজেরাই উত্তরগুলি অন্বেষণ করি, তখন তিনি আমাদেরকে বিভ্রান্তির অভিজ্ঞতা লাভ করতে দেন। যখন আমরা নিজেরাই নিরাপত্তা খুঁজি, তখন তিনি আমাদের কঠিন সময়ের মধ্য দিয়ে যেতে দেন। যখন আমরা নিজেরাই আনন্দ লাভ করি, তখন তিনি আমাদের পাপের ধ্বংসাত্মকতা দেখান যাতে আমরা বুঝতে পারি যে এটি আমাদের কল্পনার মতো মজাদার নয়। আমরা যখন মরুভূমি, বিভ্রান্তি, কঠিন সময় এবং ধ্বংসের মধ্য দিয়ে যাই, তখন তিনি খ্রীষ্টের মতো রূপান্তর হওয়ার জন্য প্রস্তাব দেন, যদি আমরা এই প্রক্রিয়ায় তাঁর সাথে সহযোগিতা করতে ইচ্ছুক হই, তাহলেই।⁶²

অগ্নিশক্তিসম্পন্ন অস্ত্র

আমরা আমাদের বাহ্যিক পরিস্থিতি (মাংসের দ্বারা) নিয়ন্ত্রণ করে অভ্যন্তরীণ প্রশান্তি এবং ভারসাম্য অর্জন করতে পারি, অথবা অভ্যন্তরীণ অবস্থার মাধ্যমে (আত্মার সাথে সহযোগিতা করে স্থিতিস্থাপকতা তৈরি করার দ্বারা) অভ্যন্তরীণ প্রশান্তি এবং ভারসাম্য অর্জন করতে পারি। যখন আমরা আত্মার কাছে আত্মসমর্পণ করি, তখন তিনি আমাদের দেখাবেন কিভাবে সত্যিকারের এবং স্থায়ী পর্যাণ্ডতা, উত্তর, নিরাপত্তা এবং আনন্দ অনুভব করা যায়, যা পরিস্থিতি আমাদের থেকে কেড়ে নিতে পারবে না। জীবনের সমস্যাগুলিকে জয় করার জন্য মাংসের অস্ত্রগুলি খুব দুর্বল। আমাদের এমন অস্ত্রের প্রয়োজন যার অতিপ্রাকৃত, ঐশ্বরিক শক্তি রয়েছে। আমরা আর মাংসের অকার্যকর কাজের কাছে ঋণী নই, তবে আমরা এখন আত্মার শক্তি অনুসারে জীবনযাপন করতে পারি (রোমীয় ৮:১-১২)।

পবিত্র আত্মার কাছে একটি ভিন্ন পদ্ধতি আছে, তিনি এমন অস্ত্র প্রদান করেন যা সত্যিই কার্যকর। তিনি আমাদেরকে প্রভু যীশুর মতো ভেতরে শক্তিশালী করে আমাদের রূপান্তরিত করেন। স্থিতিস্থাপকতা গড়ে তোলার অর্থ হল

কার্যকর অস্ত্র নিয়োগ করা

আমাদের দেহকে আত্মার কাছে জীবন্ত বলিদান হিসেবে উপস্থাপন করা, বারবার আমাদের অস্বাস্থ্যকর অভ্যাসগুলিকে ধ্বংস করে খ্রীষ্টের মতো অভ্যাসগুলি দিয়ে প্রতিস্থাপন করা। আত্মার মাধ্যমে, আমরা মাংসকে হত্যা করতে পারি (রোমীয় ৮:১২-১৫)।

এইভাবে নিজেদেরকে সচল করার মাধ্যমে, আমরা আধ্যাত্মিক বিচক্ষণতা এবং কাজ করার সাহস অর্জন করি। এটি তাঁর প্রদত্ত অস্ত্র ব্যবহার করে আমাদেরকে স্থিতিস্থাপক করে তোলে। পরবর্তী অধ্যায়গুলিতে এই স্থিতিস্থাপকতা বৃদ্ধির জন্য পাঁচটি দক্ষতা বর্ণনা করা হয়েছে, যা হল ঈশ্বরের রাজ্যের জন্য বিনিয়োগের উপর রিটার্ন তৈরি করার আমাদের ক্ষমতা। প্রথম দক্ষতা হল “তিনটি বিস্তারে গঠন করা”: অতীতের দুর্গগুলি ভেঙে ফেলা, বর্তমানের মিথ্যাকে আটকে রাখা এবং ভবিষ্যতে অবাধ্যতার বিরুদ্ধে রক্ষা করা।

অধ্যায় 12 তিনটি বিস্তারে গঠন করা

স্থিতিস্থাপকতা গড়ে তোলার প্রথম দক্ষতা হল তিনটি বিস্তারে (অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ)⁶³ ২ করিছীয় ১০:৪-৬ এর উপর ভিত্তি করে গড়ে তোলা: কারণ আমাদের যুদ্ধের অস্ত্রশস্ত্র ... দুর্গসমূহ ভাঙ্গিয়া ফেলিবার জন্য ঈশ্বরের সাক্ষাতে পরাক্রমী। আমরা বিতর্ক সকল এবং ঈশ্বর-জ্ঞানের বিরুদ্ধে উত্থাপিত সমস্ত উচ্চো বস্তু ভাঙ্গিয়া ফেলিতেছি, এবং সমুদয় চিন্তাকে বন্দি করিয়া খ্রীষ্টের আঞ্জাবহ করিতেছি; আর তোমাদের আঞ্জাবহতা সম্পূর্ণ হইলে পর সমস্ত অবাধ্যতার সমুচিত দণ্ড দিতে প্রস্তুত আছি।

অন্য কথায়, আমরা সময়ের সাথে সাথে আমাদের মস্তিষ্কে গড়ে ওঠা দুর্গগুলিকে (অতীত) ভেঙে ফেলতে পারি। আমরা সত্যের (বর্তমান) বিরুদ্ধে উত্থাপিত নতুন মিথ্যাকেও আটকে রাখতে পারি। অবশেষে, আমরা (ভবিষ্যতে) ফিরে আসা অবাধ্যতার শাস্তি দিয়ে ইতিমধ্যেই দখল করা ভিত্তি রক্ষা করার জন্য প্রস্তুত থাকতে পারি।

দুর্গগুলিকে ভেঙ্গে ফেলা (অতীতের)

আমাদের মস্তিষ্কে বিশ্বাস করা মিথ্যার মাধ্যমেই শক্তিশালী ঘাঁটি তৈরি হয়।⁶⁴ যখন ধারণা উপস্থাপন করা হয় (এমনকি এই পৃষ্ঠার শব্দগুলি পড়েও), তখন আমাদের মস্তিষ্কে নিউরন তৈরি হয়। অনুমান করা হয়েছে যে আমাদের প্রতিদিন ৩০০০০ টিরও বেশি চিন্তাভাবনা আসে। এই নিউরনগুলি ডেনড্রাইট নামক শাখায় বিভক্ত হয়ে যায় যা সময়ের সাথে সাথে শক্ত হয়ে যায়। যখন আমরা এই শাখাগুলিকে শক্তিশালী করতে থাকি, কয়েক সপ্তাহ ধরে টেকসই বিশ্বাসের পরে, এগুলি বৃদ্ধি পায় এবং স্থায়ী অভ্যাস এবং মনোভাব হিসেবে গড়ে ওঠে।

অতএব, যা আপাতদৃষ্টিতে ক্ষতিকারক বলে মনে হয় না, এমন বিষয় দিয়ে যদি আমরা শুরু করি, তাহলে তা স্থায়ী দুর্গে পরিণত হতে পারে। যখন একটি মিথ্যা বারবার বিশ্বাস করা হয়, তখন তা আমাদের মস্তিষ্কে শারীরবৃত্তীয়ভাবে প্রতিষ্ঠিত হয়, যা উদ্বেগ, তিক্ততা এবং এমনকি মানসিক বা শারীরিক অসুস্থতার দিকে পরিচালিত করে। অতএব, আমরা যা বিশ্বাস করি তার দ্বারা আমাদের মস্তিষ্কে দুর্গ তৈরি হয়। উদাহরণস্বরূপ, শত্রু আমাদের কানে-কানে বলতে পারে, “তুমি

আরেকবার ভাবুন

খ্রিস্টান নও, দেখো তুমি এখন কী করেছ!” যদি আমরা এই মিথ্যাকে গ্রহণ করি, বিশ্বাস করি যে ঈশ্বর আমাদের প্রত্যাখ্যান করেছেন, তাহলে সেই মুহূর্তে আমাদের মস্তিষ্কে একটি নমনীয় শারীরিক কাঠামো তৈরি হয়। সেই মিথ্যা বিশ্বাস করার বেশ কয়েকবার মুখোমুখি হওয়ার পর, এটি আমাদের মস্তিষ্কে একটি শক্ত শাখায় পরিণত হয়।

কয়েক মাস ধরে ক্রমাগত মিথ্যা কথাগুলিকে গ্রহণের পর, সেই দুর্গটি এতটাই স্বয়ংক্রিয় হয়ে ওঠে যে আমরা এটি সম্পর্কে চিন্তাও করি না। যেহেতু যীশু বলেছিলেন যে আমরা আমাদের হৃদয়ের উপচে পড়া অংশ থেকে কথা বলি (লুক ৬:৪৫), আমরা কী বলছি তা লক্ষ্য না করেই প্রতারণামূলক দুর্গের দিকগুলি মৌখিকভাবে বলতে শুরু করি। আমাদের কথোপকথনে নেতিবাচক কথাবার্তা ছড়িয়ে পড়তে শুরু করে, যারা আমাদের কথা শোনে তাদের মস্তিষ্কে মিথ্যার বীজ বপন করে, অন্যদের মধ্যে আমাদের বিষাক্ত চিন্তাভাবনা পুনরুৎপাদন করে।

একটি ধাতু থেকে কিছু তৈরি করার মত

ঈশ্বরের ধন্যবাদ হোক, দুর্গগুলিকে ধ্বংস করা যেতে পারে এবং সুস্থ মস্তিষ্কের কাঠামো দিয়ে প্রতিস্থাপন করা যেতে পারে, অনেকটা ধাতুর স্ফটিক কাঠামো পরিবর্তন করে মূল্যবান পণ্যে ভাঙ্গা ধাতু তৈরির প্রক্রিয়ার মতো (চিত্র 1 দেখুন)। প্রথমে, ভাঙ্গা ধাতুটি কয়েক

ঘন্টা ধরে 2500 ডিগ্রিতে গলিয়ে ফেলা হয়। তারপর এটি একটি বড় পিণ্ডে ঢেলে দেওয়া হয় যা পিটিয়ে-পিটিয়ে একটি আকৃতি দেওয়া হয়, যা পুরানো স্ফটিক কাঠামো ধ্বংস করে দেয় এবং পরে একটি নতুন, শক্তিশালী কাঠামো



চিত্র 1: তৈরি করার আগে জ্বালা ধাতু

দ্বারা প্রতিস্থাপিত হয়। এটিকে বারো ঘন্টা ধরে পুনরায় গরম করা হয় যাতে এটাকে একটা আকার দেওয়ার জন্য যথেষ্ট নরম হয়, এবং তারপর আবার পছন্দসই আকারে পিটিয়ে ছয় ঘন্টা তরলে ঠান্ডা করা হয়। অবশেষে, দক্ষ কারিগর মরিচা ঝেড়ে ফেলে এবং টুকরোটিকে একটি অস্তিম পণ্যে পরিণত করে।

তিনটি বিষয়ে গঠন করা

প্রকৃতপক্ষে, ফোরজিং -এর এই প্রক্রিয়াটি স্ক্রাপ ধাতুতে বিদ্যমান অণুগুলিকে নেয় এবং নতুন কিছু তৈরি করার জন্য তাদের স্ফটিক কাঠামো পুনরায় গঠন করে (চিত্র 2 দেখুন)।



চিত্র 2: তৈরি করার পর সম্পূর্ণ বস্তুটি

একইভাবে, আত্মা আমাকে ডন অলসম্যান হিসেবে গ্রহণ করে এবং আমাকে আরও খ্রীষ্টের মতো হতে উৎসাহিত করে। আমি এখনও ডন অলসম্যান এবং আমি একজন স্বতন্ত্র সৃষ্টি হিসেবে আমার মৌলিক ব্যক্তিত্ব হারাতে পারি না। আমি পুনর্গঠিত, এবং পুনর্নির্মিত হই যাতে আমি আমার ব্যক্তিত্ব ধরে রাখতে পারি কিন্তু যীশু খ্রীষ্টের প্রতিমূর্তিতে পুনর্গঠিত হই। ফলাফল হল ডন অলসম্যান হিসেবে খ্রীষ্টের একটি পুনর্নির্মিত প্রতিক্রিয়া।

যদিও আমরা কখনই একটি সমাপ্ত পণ্য নই, তবুও আমরা সেই ব্যক্তিতে রূপান্তরিত হচ্ছি যা আমাদের প্রকৃতরূপে তৈরি করা হয়েছে। খ্রীষ্টের পরিপূর্ণতা প্রতিটি ব্যক্তির সহজাত স্বতন্ত্রতার সাথে মিলিত হয়, ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট একজন ব্যক্তি। আত্মা মিথ্যাকে ধাক্কা দিয়ে এবং সত্য দিয়ে প্রতিস্থাপন করে আমাদের খ্রীষ্টের প্রতিমূর্তিতে পরিণত করেন। তিনি আমাদের জীবনের অবশিষ্টাংশের স্তূপ নিয়ে আমাদেরকে এমন একটি অগ্রভাগে ঢালাই করেন যা তৃষ্ণার্ত পৃথিবীতে জীবন্ত জল সরবরাহ করে। আমরা মিথ্যাকে প্রত্যাখ্যান করে এবং সত্য দিয়ে প্রতিস্থাপন করে দুর্গগুলিকে ভেঙে ফেলি। এটি আমাদের মস্তিষ্কের বিষাক্ত স্ফটিক কাঠামোগুলিকে চূর্ণ করে দেয় এবং তাদের জায়গায় নতুন, স্থিতিশীল কাঠামো তৈরি করে।

টেকসই অভ্যাস

দুর্গ ধ্বংস করার জন্য, আমাদের প্রতিদিন কয়েক মিনিট ঈশ্বরের বাক্যে প্রকাশিত সত্যের উপর মনোযোগ কেন্দ্রীভূত করার প্রয়োজন। এটি প্রার্থনা, উপাসনা, অধ্যয়ন, ধ্যান বা গানের মাধ্যমে করা যেতে পারে, তবে ধ্বংস এবং রূপান্তর ঘটতে হলে আমাদের দিনের পর দিন এটি অনুশীলন করতে হবে।

আরেকবার ভাবুন

আমাদের চিন্তাভাবনার গতিবিধি পরীক্ষা করে আমরা এই দুর্গগুলো ভেঙে ফেলি। তারপর আমরা সিদ্ধান্ত নিই কোনগুলো টিকে থাকতে পারে এবং কোনগুলো ধ্বংস করতে হবে। মিথ্যা যেমন আমাদের মস্তিষ্কে শাখা-প্রশাখায় পরিণত হয়, তেমনি সত্যও আমাদের বিশ্বাসের উপর ভিত্তি করে শাখা-প্রশাখায় পরিণত হতে পারে। গবেষণায় দেখা গেছে, সত্যের উপর মাত্র তিন মাস ধরে অবিচল বিশ্বাস রাখার পর, আমরা আমাদের চারপাশের মানুষকে প্রভাবিত করতে শুরু করতে পারি। অন্য কথায়, অল্প সময়ের মধ্যেই, ঈশ্বর আমাদের যথেষ্ট ক্ষমতা দেন যাতে আমরা অন্যদের প্রভাবিত করতে শুরু করতে পারি, এমন আশীর্বাদ উৎপাদন করতে পারি যা আমাদের জীবন থেকে উপচে পড়ে।

মিথ্যাগুলিকে আটকানো (বর্তমান)

অতীতের দুর্গগুলো ভেঙে ফেলার পাশাপাশি, আমরা বর্তমানের চিন্তাভাবনাকে বন্দী করে রাখতে পারি। একটি দুর্গের বিরুদ্ধে সর্বোত্তম প্রতিরক্ষা হল এটিকে কখনও শিকড় গাড়াতে না দেওয়া, তাই, যখন কোনও বিষয়ক মিথ্যা আমাদের কাছে আসে, তখন আমরা এটিকে বন্দী করে আটকে রাখতে পারি। এটা করা আমাদের মস্তিষ্কে জীবনদায়ক কাঠামো গঠনের সুযোগ দেয়। বিষয়ক আক্রমণকারীরা কখনও প্রতিষ্ঠিত হওয়ার সুযোগ পাবে না। সেই মুহূর্তে সত্যকে নিশ্চিত করে, ঈশ্বর খ্রিস্টের মতো আমাদের মধ্যে স্থিতিস্থাপকতা তৈরি করেন।

যেহেতু আমরা ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট, তাই আমরা আমাদের অনুভূতির বাইরে দাঁড়িয়ে তাদের মূল্যায়ন করতে পারি। আমরা একটি অনুভূতিকে পর্যবেক্ষণ করতে পারি এবং এটিকে জেরা করতে পারি, ঠিক যেমনটি ক্যাথি আমাকে বলেছিল যে আমাকে ক্ল্যারেন্স থমাসকে বেতনভুক্ত করতে হবে না। আমরা একটি চিন্তাভাবনা বিশ্লেষণ করতে পারি এবং হয় তা গ্রহণ করতে পারি অথবা প্রত্যাখ্যান করতে পারি। এর অর্থ হল আমরা আমাদের অতীতের শিকার নই এবং জৈবিক স্তরে পরিবর্তন হতে পারি।

চিন্তাভাবনাকে বন্দী করে রাখার জন্য আমাদের তাদের জিজ্ঞাসা করতে হবে, “ওটা কি বন্ধু না শত্রু?” কখনও কখনও আমাদের জোরে বলতে হবে: “ওটা একটা মিথ্যা, আর আমি এটা মেনে নেব না!” আমাদের উচিত অন্ধকার থেকে একটা চিন্তা বের করে আলোতে আসতে বাধ্য করা, মিথ্যাকে একটা নাম

তিনটি বিষয়ে গঠন করা

দেওয়া। আমাদের অনুভূতিকে জড়িয়ে ধরে, আমরা তাদেরকে আমাদের উপর কর্তৃত্ব করতে দিই না। শতাব্দীর পর শতাব্দী ধরে, যখন বিশ্বাসীরা তাদের চিন্তাভাবনা দ্বারা বিরক্ত হয়ে থাকে, তখন তারা উচ্চস্বরে সত্য কথাকে বলার সাহায্য লাভ করে, নিজেদেরকে মনে করিয়ে দেয় যে তারা যীশু খ্রীষ্টের এবং তাঁর ধার্মিকতায় পরিত্রা।

শত্রুর প্যাঁচ

এই ধরণের ধ্বংসাত্মক মন্তব্য শুনলে কী হয় তা ভেবে দেখুন:

- আমাদের এখানে তোমার প্রয়োজন নেই, তোমাকে বরখাস্ত করা হলো।
- আমি আর তোমাকে ভালোবাসি না।
- তোমার বাচ্চা মারা গেছে।
- তোমার স্ত্রীর ক্যান্সার হয়েছে।
- তুমি কেন তোমার ভাইয়ের মতো হতে পারো না?

এই ধরণের কিছু শোনা মাত্রই শয়তান তার ব্যাখ্যা ফিসফিসিয়ে বলতে ছুটে আসে। সে পরিস্থিতির উপর তার ঘূর্ণন চাপাতে চায়, অর্থ বিকৃত করতে চায় যাতে সে চুরি করতে, হত্যা করতে বা ধ্বংস করতে পারে। সেই মুহূর্তে, আমরা কী বিশ্বাস করব তা বেছে নিতে পারি: 1) শয়তানের প্রতারণামূলক ব্যাখ্যা, যা একটি ধ্বংসাত্মক দুর্গ তৈরি করবে; অথবা 2) ঈশ্বরের উৎসাহব্যঞ্জক ব্যাখ্যা যা প্রচুর জীবনের দিকে পরিচালিত করে, এবং চিন্তাগুলিকে বন্দী করে:

- “আমাদের এখানে তোমার দরকার নেই, তোমাকে বরখাস্ত করা হয়েছে।” (হ্যাঁ, আমাকে এই চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে, কিন্তু ঈশ্বর আমার জন্য অন্য কোথাও কাজ রেখেছেন)।
- “আমি আর তোমাকে ভালোবাসি না।” (এই ব্যক্তি আমাকে ভালোবাসে না, কিন্তু ঈশ্বর আমাকে ভালোবাসেন এবং অন্যদের আশীর্বাদ করার জন্য আমাকে ব্যবহার করতে চান; তিনি আমার উপর এখনও হাল ছেড়ে দেননি)।

আরেকবার ভাবুন

- “তোমার সন্তান মারা গেছে।” (হ্যাঁ, আমার সন্তান মারা গেছে, কিন্তু ঈশ্বর আমাকে সাঙ্ঘনা দেবেন কারণ তিনিও জানেন সন্তান হারানোর কষ্ট কী)।
- “তোমার স্ত্রীর ক্যান্সার হয়েছে।” (হ্যাঁ, আমার স্ত্রীর ক্যান্সার হয়েছে, কিন্তু ঈশ্বর আমাকে তাঁর নামের গৌরব বয়ে আনার জন্য স্থিতিস্থাপকতা দেবেন)।
- “কেন তুমি তোমার ভাইয়ের মতো হতে পারো না?” (আমার ভাই, বোন বা অন্য কারো সাথে নিজেকে তুলনা করার দরকার নেই)।

এইসব আঘাতমূলক কথার অভিযোগকারীর অর্থ দিয়ে আমরা সংজ্ঞায়িত নই। ঈশ্বরের সত্য দ্বারা আমরা সংজ্ঞায়িত। গেটে থাকা একজন নিরাপত্তারক্ষীর মতো, আমরা সন্দেহজনক মাল বহনকারী একটি ট্রাককে আটক করতে পারি। আমাদের মনের দরজা দিয়ে প্রবেশ করতে দেওয়ার আগে আমরা ট্রাকটিকে পাশে টেনে তার বিষয়বস্তু তদন্ত করতে পারি, চিন্তাভাবনা এবং অনুভূতিগুলিকে জিজ্ঞাসাবাদ করি এবং তাদের প্রবেশাধিকার প্রত্যাখ্যান করি। আমাদের মনের প্রহরী হিসেবে, আমরা চিন্তাভাবনাগুলিকে বন্দী করে রাখতে পারি, তাদের বিতাড়িত করতে পারি। বিষাক্ত চিন্তাভাবনাকে আটকে রেখে, আমরা ঈশ্বরের সত্যকে আমাদের অনুভূতিগুলিকে পরিচালনা করতে দিই।

অবাধ্যতার বিরুদ্ধে প্রতিরক্ষা (ভবিষ্যত)

অতীতের দুর্গগুলো ধ্বংস করে বর্তমানের মিথ্যাগুলোকে আটকে রাখলেই, শয়তান ভবিষ্যতে অতীতে ব্যবহৃত মিথ্যাগুলো ব্যবহার করে ফিরে আসা বন্ধ করবে না। আমাদের “আজ্ঞাবহতা সম্পূর্ণ হইলে পর সমস্ত অবাধ্যতার সমুচিত দণ্ড দিতে প্রস্তুত” থাকতে হবে। (২ করিন্থীয় ১০:৬)। দুর্গগুলো ধ্বংস করে যখন আমাদের আনুগত্য সম্পূর্ণ হবে, তখন আমাদের আশা করা উচিত যে অবাধ্যতা আবারও শাসন করার চেষ্টায় ফিরে আসবে। যেহেতু আমাদের শত্রু ফিরে আসবে, তাই আমাদের অবশ্যই পরাজিত শত্রুদের বিরুদ্ধে প্রতিরক্ষা করতে হবে।

অন্য কথায়, আমরা বেখেয়াল হয়ে যেতে পারি, এবং ভাবতে পারি যে আমরা কোনও দুর্গের উপর নিয়ন্ত্রণ অর্জন করেছি, কিন্তু তারপরেও এটি আবার ফিরে আসতে পারে। শত্রুরা হাল ছেড়ে দিতে পছন্দ করে না এবং সে

তিনটি বিস্তারে গঠন করা

আবার জয় করার চেষ্টা করবে। যখন তারা আবার দেখা দেয় তখন আমাদের চিন্তাভাবনাগুলিকে বন্দী করে রাখতে হবে এবং কোনও বিষাক্ত বীজকে আবার শিকড় গজিয়ে উঠতে দেওয়া উচিত হবে না। ল্যারি ক্র্যাব বলেছিলেন যে আমাদের প্রতিপক্ষকে গুলি করতে হবে, “এবং যদি সে মৃত অবস্থায় না থাকে, তাহলে আমাদের তাকে আবার গুলি করতে হবে, তারপর তাকে মারতে হবে, তারপর তাকে মরুভূমির প্রথর রোদের নীচে বালিতে বেঁধে রাখতে হবে, তার শরীরে লাল পিঁপড়ের একটি বাহিনী ছেড়ে দিতে হবে এবং কোন প্রকারের সহানুভূতি না দেখিয়েই সেখান থেকে চলে যেতে হবে। এবং তারপরে আমাদের বারবার এটি করতে হবে, যতক্ষণ না আমরা আমাদের আসল স্থানে ফিরে আসি”।⁶⁵

ধাতু তৈরির চিত্রে ফিরে গেলে, একজন ধাতুবিদ ধরে নিতে পারেন না যে ক্রমাগত রক্ষণাবেক্ষণ ছাড়া যন্ত্রাংশগুলি কাজ করবে। প্রকৃতপক্ষে, ক্ষয়কারী পরিবেশে বারবার ব্যবহারের ফলে ধাতু ব্যর্থ হয়।

একইভাবে, আমাদের ক্রমাগত সতর্কতা অবলম্বন করা প্রয়োজন কারণ শয়তান সেইসব এলাকায় পুনরায় প্রবেশ করার চেষ্টা করবে যেখানে একসময় তার শক্ত ঘাঁটি ছিল। ভবিষ্যতে সে পাল্টা আক্রমণ চালানোর চেষ্টা করবে। যেখানে আমরা একসময় একটি শক্ত ঘাঁটি জয় করেছিলাম, সেখানে আমাদের অবশ্যই পাল্টা আক্রমণের বিরুদ্ধে প্রতিরক্ষা করতে হবে।

যীশুর প্রলোভনের উদাহরণটি বিবেচনা করুন। তিনি চিন্তাভাবনাকে বন্দী করে শয়তানের উপর জয়লাভ করেছিলেন। তিনি জীবনদায়ক সত্য দিয়ে বিষাক্ত মিথ্যার মোকাবিলা করেছিলেন। কিন্তু যীশুর প্রলোভনের শেষে, লুক ৪:১৩ পদে বলা হয়েছে, “আর সমস্ত পরীক্ষা সমাপন করিয়া দিয়াবল কিয়ৎকালের জন্য তাঁহার নিকট হইতে চলিয়া গেল”। যদি সেই শয়তান আমাদের প্রভু যীশুকে প্রলোভিত করার জন্য পরবর্তী সুযোগের সন্ধান করে, তাহলে আমরা আশা করতে পারি যে সে আমাদের সাথেও একই আচরণ করবে। ভবিষ্যতের আক্রমণের বিরুদ্ধে প্রতিরক্ষার জন্য প্রস্তুত থাকুন।

অবাধ্যতা ফিরে আসার এই ধারণাটি ইফিষীয় ৬:১৩ পদেও পাওয়া যায়: “অতএব ঈশ্বরের সমগ্র যুদ্ধসজ্জা গ্রহণ কর, যেন তোমরা সেই দুঃসময়ে

আরেকবার ভাবুন

প্রতিরোধ করতে পারো, এবং সকলই সম্পন্ন করার পর স্থির থাকতে পারো”। আমাদের প্রথমে দুঃসময়কে প্রতিরোধ করতে হবে (বর্তমান চিন্তাভাবনা আটকে রাখা), কিন্তু “সকলই সম্পন্ন করার পর, স্থির থাকতে হবে” (আরেকটি দফা রক্ষা করতে হবে)। এটি একবারে সম্পন্ন প্রক্রিয়া নয়, বরং যা ভেঙে ফেলা হয়েছে এবং আটকে রাখা হয়েছে তার বারবার প্রতিরক্ষা করতে হবে। আমাদের অবশ্যই সেই ভিত্তি রক্ষা করতে হবে যা দখল করা হয়েছে, ভবিষ্যতের আক্রমণের বিরুদ্ধে দৃঢ়ভাবে দাঁড়াতে হবে।

সতর্কীকরণ এবং উৎসাহ

যদিও এই সমস্ত কিছু অপ্রতিরোধ্য মনে হতে পারে, তবুও আমরা যন্ত্রণার মধ্যে উৎসাহ খুঁজে পেতে পারি, যাকোব ১:২-৪ পদে ঈশ্বরের বাক্য স্মরণ করায়: “হে আমার ভাই ও বোনেরা, যখনই তোমরা নানা ধরণের পরীক্ষার সম্মুখীন হও, তখনই একে বিশুদ্ধ আনন্দ বলে মনে করো, কারণ তোমরা জানো যে তোমাদের বিশ্বাসের পরীক্ষা ধৈর্য্য উৎপন্ন করে। ধৈর্য্যকে তার কাজ শেষ করতে দাও যাতে তোমরা পরিপক্ব ও সম্পূর্ণ হও, কোন কিছুর অভাব না থাকে”। গঠন প্রক্রিয়াটি বেদনাদায়ক হতে পারে কারণ এটি প্রায়শই পরীক্ষাকে সঙ্গে করে আনে। কিন্তু শেষ ফলাফল হল পরিপক্বতা, সম্পূর্ণতা এবং স্থিতিস্থাপকতা, যেখানে আমাদের কোনও কিছুরই অভাব নেই। অতএব, রূপান্তর প্রক্রিয়ার মধ্যেও আমরা আনন্দ খুঁজে পেতে পারি।

এই তিনটি বিস্তারে গঠনের প্রক্রিয়াটি সহজ নয়। ইব্রীয় ১২:১১ পদে বলা হয়েছে, “আপাতত সমস্ত শাসন আনন্দের চেয়ে বরং বেদনাদায়ক বলে মনে হয়, কিন্তু পরে যারা এর দ্বারা প্রশিক্ষিত হয়েছে তাদের জন্য এটি ধার্মিকতার শান্তিপূর্ণ ফল দেয়”। আমাদের অবশ্যই যন্ত্রণার মধ্য দিয়ে যেতে ইচ্ছুক থাকতে হবে, কিন্তু যখন আমরা তা করব, তখন ঈশ্বর আমাদের অতীতের দুর্গুণ্ডি ভেঙে ফেলার জন্য, বর্তমানের চিন্তাভাবনাগুলিকে আটকে রাখার জন্য এবং ভবিষ্যতে ফিরে আসা পরাজিত শত্রুদের বিরুদ্ধে রক্ষা করার জন্য সুসজ্জিত করবেন।

পরিশেষে, কারণ-এবং-প্রভাব সম্পর্কে বিচার করা এড়িয়ে চলুন, কারণ পরিস্থিতি আমরা যা দেখি তার চেয়েও রহস্যময় এবং জটিল হতে পারে।

তিনটি বিস্তারে গঠন করা

উদাহরণস্বরূপ, প্রতিটি অসুস্থতা অসুস্থ ব্যক্তির দোষ নয়। একটি পতিত পৃথিবীতে, জিনগতভাবে উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সমস্ত ধরণের রোগ রয়েছে যা রোগীর ক্রটিপূর্ণ বিশ্বাসের কারণে হয় না। এটি ইয়োবের কাছ থেকে পাওয়া একটি প্রধান শিক্ষা: সমস্ত দুঃখকষ্ট এবং রোগ পাপ থেকে আসে না। যদি আমরা রোগের শিকার ব্যক্তিকে তাদের নিজস্ব দুর্দশার জন্য দোষারোপ করি, তাহলে আমরা মিথ্যার পিতার সাথে সহযোগিতা করার ঝুঁকিতে পড়ি, যা ভুক্তভোগীকে আরও দুর্দশাগ্রস্ত করে তোলে।

ধ্বংস করুন, আটক করুন এবং রক্ষা করুন। তিনটি বিস্তারে গড়ে ওঠার অর্থ এটাই, যা স্থিতিস্থাপকতা তৈরির প্রথম দক্ষতা। স্থিতিস্থাপকতা তৈরির প্রক্রিয়ায় আমরা যখন আবার চিন্তাভাবনা করি, তখন আমরা পূর্ণতা, স্বাধীনতা, নিরাময়, বিশ্বাস এবং ক্ষমা অনুভব করতে পারি যা তাঁর রাজ্যের বিনিয়োগের উপর প্রতিদান দেয়। পরবর্তী অধ্যায়ে স্থিতিস্থাপকতার জন্য আমরা আরও একটি দক্ষতা বিকাশ করতে পারি, তা হল ব্যক্তিগতকৃত প্রতিরক্ষা ডিজাইন করা।

অধ্যায় 13

ব্যক্তিগতকৃত প্রতিরক্ষা ডিজাইন করা

স্থিতিস্থাপকতা বিকাশের প্রথম দক্ষতা ছিল তিনটি বিস্তারে গঠন করা, অতীত, বর্তমান এবং ভবিষ্যতের শক্তিশালী ঘাঁটিগুলির সাথে মোকাবিলা করা। পরবর্তী দক্ষতা হল শয়তানের চক্রান্ত প্রতিহত করার জন্য ব্যক্তিগতকৃত প্রতিরক্ষা নকশা করা।

শয়তান একজন সামরিক নেতার মতো লুণ্ঠন করে, যে ঘাঁটি স্থাপন করে, প্রতিপক্ষের শক্তি এবং দুর্গগুলি অধ্যয়ন করে এবং তারপর দুর্বলতম পক্ষের উপর আক্রমণ করে। একইভাবে, সে আমাদেরকে কোণঠাসা করে, দুর্বলতম স্থানটি খুঁজে বের করে এবং আমাদের আক্রমণ করার চেষ্টা করে। যখন এটি ঘটে, তখন আমরা প্রায়শই আত্ম-ধ্বংসাত্মক উপায়ে প্রতিক্রিয়া জানাতে প্রলুব্ধ হই, যেমন অতিরিক্ত খাওয়া, কাজের প্রতি আসক্তি, মাদকের অপব্যবহার বা অতিরিক্ত কেনাকাটা।

আমরা হয়তো ভাবতে পারি যে আমরা এটা এড়াতে পারি কারণ আমরা বাইবেল জানি এবং নিয়মিত নীরব সময় পালন করি, কিন্তু আশ্চর্যভাবে আমরা পরীক্ষা থেকে মুক্ত নই। পরিবর্তে, প্রভু চান আমরা শয়তানকে প্রতিরোধ করার জন্য আমাদের ইচ্ছাশক্তি প্রয়োগ করি। প্রতিটি ব্যক্তি একটি ব্যক্তিগতকৃত পরিকল্পনার জন্য বাঁকিপূর্ণ, অগ্নিময় তীরের একটি সমষ্টির সামনে উন্মুক্ত, যা সেই ব্যক্তির জন্য কার্যকর। এটি এমন একটি পরিকল্পনা যা অন্য ব্যক্তির উপর কাজ করবে না, তবে এটি প্রায় প্রতিবারই লক্ষ্যবস্তু ব্যক্তির উপর কাজ করে। এবং যখন তীরগুলি সেই অনন্য সংমিশ্রণে অবতরণ করে তখন তারা একজন ব্যক্তির বুদ্ধবুদ্ধ ফেটে যেতে পারে, এবং সে রাগ, ভয়, লজ্জা, প্রত্যাখ্যান বা বিভ্রান্তি প্রকাশ করতে পারে (চিত্র 3 দেখুন)।



চিত্র 3: পরিকল্পনাগুলির প্রতি আমাদের প্রতিক্রিয়া

আরেকবার ভাবুন

আমার এই ধরনের বেলুন-ফাটানোর অভিজ্ঞতা হয়েছিল, যা 30 বছরেরও বেশি সময় ধরে পূর্ণ-সময়ের পরিচর্যার মধ্যে সবচেয়ে খারাপ সময় ছিল। আমার মনে আছে আমি ভাবছিলাম, “পরিচর্যায় আমি কী করছি? কাউকে দেওয়ার মতো আমার কাছে কী আছে?” আমি হতাশায় ভুগছিলাম, এতটাই যে আমি জেমি ওয়েস কলিসের গানটির সাথে সম্পর্কস্থাপন করেছিলাম যেখানে বলা হয়েছিল, “তাহলে তুমি বেঁচে থাকার ইচ্ছা হারিয়ে ফেলেছো, মনে হচ্ছে তুমি তোমার শেষ বন্ধুর মতো হয়ে গেছো, এবং পৃথিবীর ভার তোমাকে টেনে তোলার চেষ্টা করছে”।⁶⁶ কিন্তু এই অভিজ্ঞতা থেকে, আমি আধ্যাত্মিক যুদ্ধের একটি মূল্যবান শিক্ষা পেয়েছি: একটি ব্যক্তিগতকৃত প্রতিরক্ষা কৌশল তৈরি করা।

কয়েক মাস প্রার্থনা, ধ্যান এবং বিশ্বস্ত লোকদের সাথে কথা বলার পর, আমি বুঝতে পারলাম যে শয়তান আমার জীবনকাল জুড়ে বিভিন্ন ধরনের পরিস্থিতি ব্যবহার করে আসছে, যা আমার বিশ্বাসকে চূর্ণ করার জন্য তৈরি করা হয়েছে (চিত্র 4 দেখুন)। আমার সবচেয়ে ধ্বংসাত্মক অভিজ্ঞতার তালিকা তৈরি করার পর, প্রভু এই শয়তানী সংমিশ্রণটি প্রকাশ করলেন: আমার জীবনের একজন বিশ্বস্ত ব্যক্তি আমাকে একটি লিখিত এবং অস্পষ্ট সমালোচনা দিয়ে অবাক করলেন, যা আমাকে বাকরুদ্ধ করে দিয়েছিল, এবং এই আশ্বাসের সাথে বলেছিলেন যে এটি আমার ভালোর জন্য। আমার কেবল এই অস্পষ্ট এবং অন্যায় সমালোচনা শুধু শোনার প্রয়োজন ছিল না, বরং আমার এটির প্রশংসা করাও উচিত ছিল। এই ঘটনাগুলি মুহূর্তের উত্তাপে ক্রোধপূর্ণ প্রতিক্রিয়া ছিল না বরং সাবধানে প্রস্তুত করা একটি লিখিত নথি ব্যবহার করে উপস্থাপন করা হয়েছিল। আমি বুঝতে পেরেছিলাম যখন এই উপাদানগুলি ঘটবে, তখন এটি আমার বুদ্ধি ফেটে যাবে, যার ফলে হতবাক, রাগ, ভয়, লজ্জা, প্রত্যাখ্যান এবং বিভ্রান্তি দেখা দেবে।



চিত্র 4: আমার ব্যক্তিগতকৃত পরিকল্পনা

ব্যক্তিগতকৃত প্রতিরক্ষা ডিজাইন করা

তিনটি ধাপ

এই পরিকল্পনার উপাদানগুলি আবিষ্কার করা একটি ভালো শুরু হলেও, দুটি কারণে আমার একটি ব্যক্তিগতকৃত কৌশলের প্রয়োজন ছিল। প্রথমত, অতীতের আঘাতগুলি নিরাময়ের মাধ্যমে কাজ করা এবং দ্বিতীয়ত ভবিষ্যতের আক্রমণগুলির প্রতি প্রতিক্রিয়া তৈরি করা। এটি আমাকে শয়তানকে আরও ভালভাবে প্রতিরোধ করতে এবং আমার বিশ্বাসে দৃঢ় থাকতে সজ্জিত করবে। আগের মতো বিশৃঙ্খলার সমুদ্রে ডুবে থাকার পরিবর্তে, আমি আমার পা রাখার জন্য এবং ভবিষ্যতের যুদ্ধে লড়াইতে ভিত্তি স্থাপন করার জন্য একটি পদ্ধতি তৈরি করতে পারব। প্রভু আমাকে তিনটি ধাপে পরিচালিত করেছেন: 1) একটি বাইবেলের অনুচ্ছেদ অনুসন্ধান করুন যা একটি মৌলিক বিষয় প্রদান করে; 2) ঈশ্বরের ভূমিকা, শয়তানের ভূমিকা এবং আমার প্রতিক্রিয়ার মধ্যে পার্থক্য সনাক্ত করার জন্য অন্যান্য বিশ্বাসীদের জ্ঞানের উপর নির্ভর করুন; 3) একটি ব্যক্তিগতকৃত প্রতিরক্ষামূলক ঢাল উপস্থাপন করে একটি সহজ চিত্র তৈরি করুন যা মনে রাখা সহজ।

1. একটি বাইবেল ভিত্তিক থিম

অনেকগুলি অনুচ্ছেদ অনুসন্ধান করার পর, আমি ১ পিতর ৫:৬-১০ পদগুলিকে বিশেষভাবে সহায়ক বলে মনে করেছি:

“অতএব তোমরা ঈশ্বরের পরাক্রান্ত হস্তের নীচে নত হও, যেন তিনি উপযুক্ত সময়ে তোমাдиগকে উন্নত করেন; তোমাদের সমস্ত ভাবনার ভার তাঁহার উপরে ফেলিয়া দেও; কেননা তিনি তোমাদের জন্য চিন্তা করেন। তোমরা প্রবুদ্ধ হও, জাগিয়া থাক; তোমাদের বিপক্ষ দিয়াবল, গর্জনকারী সিংহের ন্যায়, কাহাকে গ্রাস করিবে, তাহার অন্বেষণ করিয়া বেড়াইতেছে। তোমরা বিশ্বাসে অটল থাকিয়া তাহার প্রতিরোধ কর; তোমরা জান, জগতে অবস্থিত তোমাদের ভাতৃবর্গেও সেই প্রকার নানা দুঃখভোগ সম্পন্ন হইতেছে। আর সমস্ত অনুগ্রহের ঈশ্বর, যিনি তোমাদিগকে খ্রীষ্টে আপনার অনন্ত প্রতাপ প্রদানার্থে আহ্বান করিয়াছেন, তিনি আপনি তোমাদের ক্ষণিক দুঃখভোগের পর তোমাдиগকে পরিপক্ব, সুস্থির, সবল, বদ্ধমূল করিবেন”।

এই অনুচ্ছেদ থেকে, আমি ছয়টি নীতি আবিষ্কার করেছি যা আমাদের পরিচালনা করে থাকে। প্রথমত, নম্রতা এবং শিক্ষণীয় হৃদয় দিয়ে শুরু করুন। দ্বিতীয়ত,

আরেকবার ভাবুন

ঈশ্বর আমাদের এমন একটি সময়সীমার মধ্যে উন্নত করেন যা আমার সান্ত্বনার স্তরের বাইরেও হতে পারে। আরেক কথায়, অনন্তকাল অপেক্ষার মতো অনুভূতির পরে একটি সমাধান আসতে পারে।

তৃতীয়ত, একজন প্রতিপক্ষ কাজ করেছে, গ্রাস করার চেষ্টা করেছে। চতুর্থত, শত্রুকে প্রতিরোধ করার জন্য দৃঢ়প্রতিজ্ঞ হন। পঞ্চমত, এই যুদ্ধ শুধুমাত্র আমি একাই অনুভব করছি না, বরং সারা বিশ্বের মানুষও এর সম্মুখীন হচ্ছে। আমি একা নই। অবশেষে, যখন আমি আমার ভূমিকা পালন করব, তখন ঈশ্বর নিজেই আমাকে পুনরুদ্ধার, সুনিশ্চিত, শক্তিশালী এবং প্রতিষ্ঠিত করবেন।

2. অন্যদের থেকে প্রজ্ঞালাভ

বাইবেল ছাড়াও, আমি অন্যান্য বিশ্বাসীদের কাছ থেকেও সাহায্য পেয়েছি, বিশেষ করে লয়োলার ইগনেশিয়াস, যিনি কয়েক শতাব্দী আগে বেঁচে ছিলেন।⁶⁷ তার বাক্যাংশের কিছু অংশ আমাকে এমনভাবে সাহায্য করেছে যা আমি বুঝতে পেরেছিলাম। তিনি আমাদের শয়তানের “বিধ্বংসী” কাজ এবং ঈশ্বরের “সান্ত্বনাদায়ক” কাজের মধ্যে পার্থক্য করার প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছিলেন। উদাহরণস্বরূপ, ঈশ্বরের সান্ত্বনা আমাদের পাপের সম্বন্ধে চেতনা প্রদান করে, আমাদের বিবেককে জাগ্রত করে, অনুশোচনার অনুভূতি দেয় এবং পরবর্তী সময়ে সঠিক কাজ করার আশা প্রদান করে। তবে, ধ্বংস আমাদের হাল ছেড়ে দেওয়ার জন্য নিন্দা এবং হতাশার স্তূপ তৈরি করে। যারা খ্রীষ্ট যীশুতে আছেন তাদের জন্য কোনও দণ্ডাজ্ঞা নেই (রোমীয় ৮:১)!

কখনও-কখনও আমরা ঈশ্বরের অনুধাবনে অলস হয়ে পড়ার কারণে নির্জনতা অনুভব করি এবং শত্রুকে পা রাখার সুযোগ করে দিই। কিন্তু প্রায়শই ঈশ্বর তাঁর রাজ্যের জন্য ফল উৎপাদনের জন্য আমাদের ক্ষমতা বৃদ্ধি দিতে নির্জনতা ব্যবহার করেন, যেমন একজন ক্রীড়াবিদ তার শক্তি বৃদ্ধির জন্য ওজন তোলেন। খ্রীষ্টের সাথে আমাদের চলার সময়ে, আমাদের শিখতে হবে কিভাবে পরিস্থিতি খারাপ হলে বা ভালো অনুভূতি উপস্থিত না থাকলেও বিশ্বস্ত থাকতে হয়। এটি করার মাধ্যমে, আমরা তাঁর সান্ত্বনা এবং শত্রুর নির্জনতার মধ্যে পার্থক্য বুঝতে শিখি।⁶⁸

ব্যক্তিগতকৃত প্রতিরক্ষা ডিজাইন করা

যখন আমরা বিশ্বাসের পথে বাধা অনুভব করি, অন্ধকার, সন্দেহ, অস্থিরতা, অথবা বিশৃঙ্খলা অনুভব করি, যা হঠাৎ করে যেকোনো স্থান থেকে আসতে পারে, তখনও নির্জনতাকে চিহ্নিত করা যেতে পারে। যাইহোক, ঈশ্বরের সাক্ষ্যনা বিশ্বাসের পথে আসা বাধাকে দূর করে, যার ফলে সাহস, অনুপ্রেরণা এবং সংকল্প করার শক্তি আসে। যখন আমরা বিশ্বাস, আশা বা ভালোবাসা ত্যাগ করতে প্রলুব্ধ হই, অথবা হঠাৎ করে এমন দুঃখ অনুভব করি যা কখনও শেষ হবে না, তখন এটি নির্জনতার অনুভূতি আনে। বিপরীতে, সাক্ষ্যনা তখনই অনুভূত হয় যখন, অপ্রত্যাশিতভাবে, আমরা ঈশ্বরের প্রতি ভালোবাসায় অনুপ্রাণিত হই, যীশুর কষ্টের কথা ভেবে কৃতজ্ঞতার অশ্রু বারাই, অথবা যখন আমাদের হৃদয় প্রশংসায় পূর্ণ হয়ে ওঠে। যখনই আমরা হঠাৎ বিশ্বাস, আশা বা আনন্দ অনুভব করি যা আমাদের মনকে স্বর্গরাজ্যের দিকে ঘুরিয়ে দেয়, যখনই আমরা আমাদের আত্মায় শান্তি এবং প্রশান্তি অনুভব করি, অথবা যখনই আমরা আমাদের পরিত্রাণে নিরাপদ বোধ করি, তখনই সাক্ষ্যনা অনুভব করি।

নির্জনতার আরেকটি বৈশিষ্ট্য হল এটি ধীরে ধীরে এবং সূক্ষ্মভাবে বিকশিত হতে পারে। প্রকৃতপক্ষে, শয়তান ভালো এবং পবিত্র চিন্তাভাবনা আমাদের মনের মধ্যে দিয়ে শুরু করতে পারে এবং তারপরে আমাদের ছোট-ছোট প্রতারণার দিকে টেনে আনতে পারে যা বদ্ধমূল হয়ে বৃদ্ধি পেতে থাকে। যা মিষ্টিভাবে শুরু হয় তা পরবর্তী সময়ে খারাপ হয়ে যেতে পারে। উদাহরণস্বরূপ, একজন ব্যক্তির যীশুকে আরও ভালভাবে জানার জন্য বাক্য পড়ার ইচ্ছা থাকতে পারে। কিন্তু সময়ের সাথে-সাথে, এই অনুপ্রেরণা দলের অন্যদের তুলনায় বাইবেলের তথ্য বেশি জানার প্রতিযোগিতায় পরিণত হতে পারে। এটি অবশেষে মনোযোগ আকর্ষণের জন্য একটি স্বার্থপর উচ্চাকাঙ্ক্ষায় পরিণত হতে পারে যা একসময়ে খ্রীষ্টের জন্য একটি বিশুদ্ধ হৃদয় দিয়ে শুরু হয়েছিল।

অবশেষে, ইগনেশিয়াস ঈশ্বরের সাক্ষ্যনাকে কোমলতা, হালকা ভাব এবং মিষ্টতার পরিভাষায় বর্ণনা করেছেন, যেমন এক ফোঁটা জল স্পঞ্জের মধ্যে মৃদুভাবে প্রবেশ করে। অন্যদিকে, নির্জনতা তীক্ষ্ণ, কোলাহলপূর্ণ এবং বিরক্তিকর, যেমন পাথরের উপর জলের বর্ণা আছড়ে পড়ে। নির্জনতাকে বন্ধন এবং ভাঙা সম্পর্কের প্রবণতা দ্বারা চিহ্নিত করা যেতে পারে, কিন্তু সাক্ষ্যনা আমাদের খ্রীষ্টে স্বাধীনতা এবং পুনরুদ্ধারিত সম্পর্কের দিকে পরিচালিত করে। সংক্ষেপে, শয়তানের নির্জনতা আমাদেরকে ঈশ্বর এবং অন্যদের থেকে দূরে নিয়ে যায়,

আরেকবার ভাবুন

অন্যদিকে সান্ত্বনা (কঠিন সময়েও), আমাদেরকে ঈশ্বর এবং মানুষের আরও কাছে আসার জন্য আমন্ত্রণ জানায়।

এজেঙ্গি

শয়তানের ধ্বংস এবং ঈশ্বরের সান্ত্বনার মধ্যে সূক্ষ্ম পার্থক্য সম্পর্কে আরও গভীর ধারণা অর্জন করার পর, আমি একটাকে প্রত্যাখ্যান করে অন্যটিকে আলিঙ্গন করার আমাদের দায়িত্ব সম্পর্কে আগ্রহী হয়ে উঠি, যাকে “এজেঙ্গি”ও বলা হয়। ঘটনাবলীর প্রতি আমাদের প্রতিক্রিয়ার দায়িত্ব গ্রহণ করে “শয়তানকে প্রতিরোধ করুন” বলার আরেকটি উপায় হল এজেঙ্গি।

আরেক কথায়, আমাদের পথে আসা তীরগুলির জন্য বা আমরা যে পরিস্থিতির মুখোমুখি হচ্ছি তার জন্য আমরা দায়ী নাও হতে পারি, তবে তাদের প্রতি আমাদের প্রতিক্রিয়ার জন্য আমরা দায়ী। এর অর্থ হল আমরা অন্যদের দোষ দেওয়া বন্ধ করতে পারি, পরিস্থিতির দোষ দেওয়া বন্ধ করতে পারি এবং আমাদের নিজস্ব প্রতিক্রিয়ার দায়ভার নিতে পারি। শয়তানকে আমাদের শিকার করার সুযোগ দেওয়ার পরিবর্তে আমরা কীভাবে দৃঢ় সংকল্প দেখাতে হয় তা শিখতে পারি। লড়াই না করে তাকে আমাদের ধমক দিতে বা আমাদের সম্পদ লুট করতে দিলে হবে না।

আমাদের এজেঙ্গি প্রতিষ্ঠা করা গুরুত্বপূর্ণ কারণ আমরা যখন পিছু হটব, তখন সে প্রথমবারের চেয়েও বেশি প্রতিশোধমূলকভাবে আক্রমণ করবে। যখন আমরা আমাদের এজেঙ্গি ত্যাগ করি, তখন সে নির্দয়ভাবে দ্বিগুণ আক্রমণ করে। ইগনেশিয়াস এটিকে এভাবে বর্ণনা করেছেন:

“শক্তির উপস্থিতিতে শত্রু দুর্বল কিন্তু আমাদের ইচ্ছাশক্তি থাকলে সে শক্তিশালী। আমরা যখন দৃঢ় সংকল্প প্রদর্শন করি তখন সে সাহস হারিয়ে ফেলবে এবং পালিয়ে যাবে। একইভাবে, যদি আমরা সাহস হারিয়ে ফেলি এবং পিছনে যেতে শুরু করি, তাহলে শত্রুর রাগ, ক্রোধ এবং প্রতিশোধের মনোভাব সীমা ছাড়িয়ে যাবে। আধ্যাত্মিক জীবনের অনুসারী ব্যক্তি যখন সাহসের সাথে প্রলোভনের বিরুদ্ধে দাঁড়ায় এবং শত্রু যা বলে তার ঠিক বিপরীত কাজ করে, তখনই শত্রু সাহস হারিয়ে ফেলবে এবং পালিয়ে যাবে। বিপরীতে, যদি কোনও ব্যক্তি প্রলোভনের বিরুদ্ধে লড়াই করার সময়ে পালিয়ে যেতে শুরু করে এবং সাহস হারিয়ে ফেলে, তবে পৃথিবীর কোনও

ব্যক্তিগতকৃত প্রতিরক্ষা ডিজাইন করা

বন্য প্রাণী এই শত্রুর চেয়ে হিংস্র নয় কারণ সে ক্রমবর্ধমান বিদ্বেষের সাথে তার মন্দ উদ্দেশ্য অনুসরণ করে”।⁶⁹

এই পিছুপা হওয়ার কিছু লক্ষণ কী? এগুলো দেখা যায় যখন আমরা মানুষ বা পরিস্থিতিকে দোষারোপ করি, শিশুসুলভ প্রতিক্রিয়া দেখাই, অথবা খাওয়া, কেনাকাটা করা বা অতিরিক্ত টেলিভিশন দেখার মতো ধ্বংসাত্মক পরিস্থিতির মুখোমুখি হই। আরেকটি লক্ষণ হল যখন আমরা আমাদের পরিস্থিতি নিয়ে কথা বলতে ব্যস্ত হয়ে পড়ি, যখন আমরা তা আমাদের মন থেকে বের করতে পারি না। এগুলো লক্ষণ যে আমরা হাল ছেড়ে দেওয়ার দ্বারপ্রান্তে। এগুলো হলো সতর্কীকরণ যে শত্রু যা বলে তার ঠিক বিপরীত কাজ করার এবং শক্তি প্রদর্শন করার সময় এসেছে।

যুদ্ধে এজেন্ডিকে ব্যবহার করা

সাস্থ্য এবং নির্জনতার মধ্যে এই উত্তেজনা হল আধ্যাত্মিক যুদ্ধের একটি স্বাভাবিক অভিজ্ঞতা, যে কারণে আমাদের আবার চিন্তাভাবনা করতে শিখতে হবে। আমাদের মনে যে প্রথম চিন্তা বা অনুভূতি আসে তা সম্পূর্ণরূপে শক্তিহীন এবং নিষ্ক্রিয় থাকে যতক্ষণ না আমরা সেটাকে জীবন্ত করে তুলি। আত্মার থেকে আসা সাস্থ্য আমাদেরকে ইচ্ছাশক্তি দ্বারা সক্রিয় করতে হবে, ঠিক যেমন শয়তানের নির্জনতার শক্তি কেবল তখনই থাকে যখন আমরা এতে সম্মত হই। তাই যখন আমরা একাকী, দুঃখিত বা বিরক্ত বোধ করি, তখন আমাদের সত্য দিয়ে এর বিরুদ্ধে লড়াই করতে হবে এবং বুঝতে হবে যে আবেগটি ক্ষণস্থায়ী হতে পারে।

এই কারণে, যখন আমরা নির্জনতার মাঝখানে থাকি তখন আমাদের কখনই বড় সিদ্ধান্ত নেওয়া উচিত নয়। পরিবর্তে, নির্জনতার আবির্ভাবের আগেই যে সত্য ছিল তাতে আমাদের দৃঢ় থাকা উচিত। ঈশ্বর যেমন আমাদের জ্ঞানের দিকে পরিচালিত করেন, তেমনি শত্রুও আমাদের মূর্খতার দিকে নিয়ে যেতে চায়। আমাদের প্রার্থনা বা বাক্য পড়ার জন্য আমাদের প্রচেষ্টা দ্বিগুণ করা উচিত কারণ এটি করার মাধ্যমে আমরা শয়তানকে প্রতিরোধ করি এবং নির্জনতার সময়কালকে সংক্ষিপ্ত করে তুলি। সাস্থ্য আসতে বেশি সময় লাগবে না।

আরেকবার ভাবুন


এছাড়াও, যখন আমরা সান্ত্বনার সময়ে নিজেদের খুঁজে পাই, তখন এটা মনে রাখা সহায়ক যে নির্জনতা অবশ্যই আসছে, তাই যখন তা আসে তখন আমরা যেন সতর্ক থাকি। আমরা মিথ্যার বিরুদ্ধে নিজেদেরকে রক্ষা করার জন্য প্রস্তুত করতে পারি যাতে আমরা আরও দ্রুত তাদের প্রতিরোধ করতে পারি। সান্ত্বনা আমাদের অসহায়ত্বকে স্মরণ করারও একটি সময়, যাতে আমরা অহংকারে ডুবে না যাই। আমাদেরকে লড়াই করার এবং শিকার না হওয়ার জন্য সরঞ্জামগুলি দেওয়া হয়েছে, তবে সেগুলি পিতার দানশীলতা, পুত্রের যোগান এবং আত্মার শক্তি দ্বারা সরবরাহ করা হয়। ঈশ্বর চান আমরা মনে রাখি যে বিজয় কেবল তখনই আসে যখন আমরা দ্রাক্ষালতায় সংযুক্ত থাকি, আমাদের নিজস্ব শক্তিতে নয়।

3. সান্ত্বনা দেওয়ার কৌশল তৈরি করা

বাইবেলের ভিত্তি এবং সান্ত্বনা, নির্জনতা এবং কর্তৃত্ব সম্পর্কে অন্তর্দৃষ্টি দিয়ে সজ্জিত হয়ে, আমি একটি ব্যক্তিগত প্রতিরক্ষা কৌশল তৈরি করতে প্রস্তুত ছিলাম। আমার জন্য এটি ছিল শয়তানের চক্রান্তের বিরুদ্ধে দাঁড়ানোর জন্য এক ধরনের “বিশ্বাসের ঢাল”, যা শয়তানের ধ্বংসাত্মক তীরগুলিকে নিভিয়ে দেবে (ইফিষীয় ৬:১৬)। নিম্নলিখিত পদক্ষেপগুলি অনুসরণ করার সময়ে আমি আমার স্ত্রী এবং অন্যান্য বিশ্বাসীদের কাছ থেকে সাহায্য পেয়েছি।

প্রথমত, আমি নয়টি অবস্থা তালিকাভুক্ত করেছি যা আমার জীবন জুড়ে ধারাবাহিকভাবে কার্যকর ছিল: সমালোচনামূলক, কোনও সংলাপ নেই, বিশ্বস্ত উৎস, অস্পষ্ট, লিখিত, অন্যায্য, আবদ্ধ, আশ্চর্য, কোনও সুনির্দিষ্ট পদক্ষেপ নেই (চিত্র 5 দেখুন)। দ্বিতীয়ত, আমি ঢালটি কী রক্ষা করতে চেয়েছিলাম, যে “বেলুন” আমি ছিটকে পড়া রোধ করতে চেয়েছিলাম তা চিহ্নিত করেছি। আমার ক্ষেত্রে, আমি ইফিষীয় ৬:১০-১৬ (ঈশ্বরের বর্ম ব্যবহার করে প্রভুতে এবং তাঁর শক্তিতে শক্তিশালী হতে) এর উপর ভিত্তি করে “আত্মবিশ্বাস” শব্দটি বেছে নিয়েছি।

ব্যক্তিগতকৃত প্রতিরক্ষা ডিজাইন করা



তৃতীয়ত, আমি ফিরে গিয়ে চারটি পদ স্মরণ করলাম যা প্রভু আমার জীবন জুড়ে ধারাবাহিকভাবে ব্যবহার করেছেন ঝড় মোকাবিলায় সাহায্য করার জন্য, সেই সকল সহায়ক পদগুলি যা পবিত্র আত্মা আমার জীবনে স্থাপন করেছেন। আমি প্রতিটি পদের প্রতিনিধিত্ব করার জন্য একটি একক শব্দও নিয়ে এসেছি:

- মনোনীত: আমার পিতামাতা আমাকে ত্যাগ করিয়াছেন, কিন্তু সদাপ্রভু আমাকে তুলিয়া লইবেন (গীত ২৭:১০)।
- অবগত: চোর চুরি করে, বধ করে ও বিনাশ করে (যোহন ১০:১০)।
- সুরক্ষিত: তিনি আপনি তোমাদের ক্ষণিক দুঃখভোগের পর তোমাদিগকে পরিপক্ব, সুস্থির, সবল, বদ্ধমূল করিবেন (১ পিতর ৫:১০)।
- সম্মানিত: ভয় করিও না, কেবল বিশ্বাস কর (মার্ক ৫:৩৬)।

এই পরিচিত শাস্ত্রাংশগুলি এমন এক সত্যের সংমিশ্রণ তৈরি করেছে যা আমি শয়তানকে প্রতিরোধ করার জন্য ব্যবহার করতে পারি, যা একটি প্রমাণকারী শক্তি। এই প্রতিরক্ষামূলক ঢালের উপর ধ্যান করা আমার জীবনের অন্যান্য আঘাতমূলক ঘটনা থেকে নিরাময়ের জন্যও কার্যকর ছিল। এই কৌশলটির বারবার ব্যবহার আমাকে উপরে উল্লিখিত জেমি ওয়েল কলিসের সেই একই গানে ফিরিয়ে নিয়ে যায়, “ডোন্ট গিভ আপ, ডোন্ট গিভ ইন, গিভ ইট অল টু হিম, বিকস হি কেয়ারস সো মাচ মোর দ্যান ইউ নো। হোয়েন ইট সিমস্ হু


আরেকবার ভাবুন

ইউ রিয়ালি ওয়ান্ট টু বি ইস সামওয়ান ইউ উইল নেভার বিকাম, জাস্ট লুক হাউ ফার ইউ হ্যাভ কাম”।”

এই প্রক্রিয়ার মাধ্যমে প্রভু আমাকে দৃষ্টিভঙ্গি পেতে সাহায্য করেছেন, আমি কতদূর এগিয়ে এসেছি তা দেখতে দিয়েছেন। আমি বুঝতে পেরেছি যে ঈশ্বর আমার জীবদ্দশায় কতটা কাজ করেছেন, আমার পরিচর্যায় সঠিক দৃষ্টিভঙ্গি অর্জনে আমাকে সাহায্য করেছেন। হ্যাঁ, ধ্বংসের তীর এখনও আসছে, এবং এখনও একটি সিংহ গ্রাস করার চেষ্টা করছে। কিন্তু একজন সার্বভৌম প্রভুও আছেন যিনি সান্ত্বনা প্রদান করেন, এবং আমি এখন কর্তৃত্ব প্রদর্শন করতে, দৃঢ়ভাবে দাঁড়াতে এবং আমার প্রয়োজনের সময়ে সাহায্য পেতে আরও ভালভাবে প্রস্তুত।

আপনার ঢাল গঠনের ধাপ

1. আপনার ব্যক্তিগতকৃত পরিকল্পনা তৈরি করে এমন শর্তগুলির একটি সমষ্টি চিহ্নিত করুন। কতগুলি শর্ত রয়েছে সেটা গুরুত্বপূর্ণ নয়। আমার উদাহরণে, আমার কাছে নয়টি ছিল, কিন্তু আপনার কাছে মাত্র তিনটি থাকতে পারে। চিত্র 6-এ পাঁচটি শর্ত রয়েছে। কোনও প্যাটার্ন তৈরি হয় কিনা তা দেখার জন্য কমপক্ষে চারটি কঠিন স্মৃতি তালিকাভুক্ত করে এই প্রক্রিয়াটি শুরু করুন। এটি কোনও বিশ্বস্ত ব্যক্তির সাথে আলোচনা করে বা ব্যক্তিগত প্রতিফলনের মাধ্যমে করা যেতে পারে।



চিত্র ৬: আপনার সান্ত্বনা কৌশল

ব্যক্তিগতকৃত প্রতিরক্ষা ডিজাইন করা

2. এরপর, এমন একটি শব্দ বা বাক্যাংশ নির্বাচন করুন যা বেদনাদায়ক স্মৃতি থাকা সত্ত্বেও আপনি যে সত্যটি বিশ্বাস করতে চান তা বর্ণনা করে। অন্য কথায়, ঢালটি কী রক্ষা করুক, যে বেলুনটি আপনি তীর থেকে রক্ষা করতে চান? চিত্র ৬-এ, সুরক্ষিত কেন্দ্রটি হল “উঁচু” বোধ করা, যা ১ পিতর ৫:৬ থেকে নেওয়া হয়েছে।
3. তারপর, বেলুনের চারপাশে একটি পরিধি তৈরি করে এমন সত্যের একটি তালিকা তৈরি করুন। যদি সম্ভব হয়, পরিধির প্রতিটি প্রাচীরকে সমর্থন করার জন্য বাইবেলের পদগুলি নির্বাচন করুন। উপযুক্ত পদগুলি নির্বাচন করতে আপনার যদি অসুবিধা হয় তবে একজন পালক বা বন্ধুর সাহায্য নিন, অথবা ১ পিতর ৫:৬-১০ পদের চিত্র ৬-এর উদাহরণ দিয়ে শুরু করুন:
 - অর্পণ করা (তাঁর উপর আপনার সকল উদ্বিগ্নতা, পদ ৭)
 - সতর্ক থাকা (দিয়াবলে ক্ষেত্রে, পদ ৮)
 - সঙ্গী (বাকি ভাইয়েরাও একই কষ্টভোগের মধ্যে দিয়ে যাচ্ছে, পদ ৯)
 - অপেক্ষা করা (কিছুক্ষণ কষ্টভোগ করার পর, তিনি পুনরুদ্ধার করবেন, শক্তিয়ুক্ত করবেন, এবং স্থাপিত করবেন, পদ ১০)

আরও অধ্যয়ন ও ধ্যান করার পর, আপনি চারটি সত্যকে বিভিন্ন বাইবেলের পদ দিয়ে প্রতিস্থাপন বা পুনরায় বাক্যগঠন করতে পারেন। কিন্তু লক্ষ্য হল অতীতকে নিরাময় করার জন্য এবং ভবিষ্যতের জন্য একটি সহজে মনে রাখা যায় এমন একটি ব্যক্তিগতকৃত সরঞ্জাম তৈরি করা।

4. পরিশেষে, ভবিষ্যতের রেফারেন্সের জন্য একটি চিত্র তৈরি করুন। আপনার ব্যক্তিগতকৃত প্রতিরক্ষা চিত্র তৈরি করা আপনার জন্য উপকারী হবে, কিন্তু যদি আপনি শয়তানকে প্রতিরোধ করে এই ক্ষমতার ব্যবহার অভ্যাস না করেন, তাহলে চিত্রটির কোনও মূল্য থাকবে না। এটি আপনাকে ঈশ্বরের সান্ত্বনা, পিতার দানশীলতা, যীশুর যোগান এবং আত্মার শক্তির কথা মনে করিয়ে দেওয়ার একটি উপায়, তবে আপনাকে এই সম্পদগুলি ব্যবহার করার জন্য প্রচেষ্টা করতে হবে। আপনি চিত্রটি আপনার ফোনে বা আপনার মানিব্যাগে একটি কার্ড হিসাবে রাখতে পারেন, যেখানে আপনি যখন সমস্যা বোধ করেন তখন প্রয়োজনে এটি বের করতে পারেন। আপনি প্রতিদিন

আরেকবার ভাবুন

সকালে আপনার নীরব সময়ে বা ব্যস্ত দিনের মধ্যে যখন আপনি প্রতিফলন করার জন্য থামেন তখন এটি পর্যালোচনা করতে পারেন।

অন্যদের থেকে সাহায্য লাভ করা

যদিও এই পদক্ষেপগুলি আপাতদৃষ্টিতে সহজ মনে হয়, একা এটি করা কঠিন হতে পারে। আধ্যাত্মিক যুদ্ধ সর্বদা একটি সম্মিলিত কাজ। আমাদের কখনই একাকী লড়াই করা উচিত নয়। একজন বন্ধু বা পরামর্শদাতা আমাদের দুর্বলতাগুলি কী তা আবিষ্কার করতে এবং তারপরে একটি ব্যক্তিগতকৃত সাঙ্ঘ্যনা কৌশল তৈরি করতে সহায়তা করতে পারেন।

তাছাড়া, কখনও কখনও বিষণ্ণতার একটি জৈব রাসায়নিক উৎস থাকে যে ক্ষেত্রে একটি পেশাদার চিকিৎসা গ্রহণ করা গুরুত্বপূর্ণ। শয়তানকে প্রতিরোধ করার জন্য আমাদের সকলেরই অবশ্যই প্রচেষ্টা চালাতে হবে, ঈশ্বর আমাদের সাহায্য করার জন্য বিশেষজ্ঞদেরও দিয়েছেন, বিশেষ করে যখন অতীতের আঘাত জড়িত থাকে। আশ্চর্যজনক নতুন চিকিৎসা রয়েছে যা জৈব রাসায়নিক স্তরে পরিমাপযোগ্য ফলাফল প্রদান করে, যেমন EMDR.⁷⁰

কিছু লোক পরামর্শ গ্রহণের বিরোধিতা করে কারণ বাইবেলে মানসিক স্বাস্থ্যের কথা উল্লেখ নেই। তবে, ইমেল, পেনিসিলিন, গাড়ি বা বিমান ব্যবহার করতে আমাদের কোনও সমস্যা নেই, যেগুলির উল্লেখ বাইবেলেও নেই। যেহেতু ঈশ্বর আমাদের অসুস্থতার জন্য চিকিৎসার ব্যবস্থা করেছেন, তাই আমাদের উচিত সেগুলি ব্যবহার করা যাতে আমরা ঈশ্বরের বিনিয়োগের উপর প্রতিদান দিতে পারি। যদি আমাদের পেশাদার খ্রিস্টীয় পরামর্শের প্রয়োজন হয় যা আমাদের কর্তৃত্ব প্রয়োগ করতে এবং শয়তানকে প্রতিরোধ করতে শেখায়, তাহলে আমাদের তা করা উচিত। কোনও পেশাদারের কাছ থেকে, কোনও সহবিশ্বাসী বা পালকের কাছ থেকে সাহায্য নেওয়া অনৈতিক নয়।

তাছাড়া, যখন আমরা সাহায্য পেতে অস্বীকৃতি জানাই, তখন আমরা আমাদের প্রিয়জনদের উপর অতিরিক্ত হতাশার বোঝা চাপিয়ে দেই। আমার স্ত্রী ক্যাথি বহু বছর ধরে একজন অডিওলজিস্ট ছিলেন। বারবার তিনি এমন ক্লায়েন্টদের সেবা করতেন যাদের স্পষ্টতই শ্রবণযন্ত্রের প্রয়োজন ছিল কিন্তু বিভিন্ন অবৈধ কারণে তারা তা নিতে অস্বীকৃতি জানাত। ক্যাথি তার রোগীদের বলতেন যে

ব্যক্তিগতকৃত প্রতিরক্ষা ডিজাইন করা

তারা তাদের ভার-বোঝা তাদের বন্ধুবান্ধব এবং পরিবারের উপর চাপিয়ে দিচ্ছেন যাদের কথা শোনার জন্য চিৎকার করতে হচ্ছে। চিকিৎসা প্রত্যাখ্যান করে, তারা কেবল তাদের আশেপাশের লোকদের জীবনকে আরও কঠিন করে তুলেছে, তাই মানসিক আঘাতের জন্য পেশাদার সাহায্য প্রত্যাখ্যান করা আমাদের ভালোবাসার লোকদের জন্য অপ্রয়োজনীয় যন্ত্রণা যোগ করে।

এটা কি এর যোগ্য?

ব্যক্তিগতকৃত প্রতিরক্ষা কৌশল তৈরি করা অতিরিক্ত পরিশ্রম বলে এবং এতে কোন লাভ নেই বলে মনে হতে পারে। অথবা অতীতের গভীর ক্ষতের স্মৃতিগুলিকে খুলে বলার চিন্তাও ভয়ঙ্কর হতে পারে। এবং কখনও কখনও আমরা মনে করি যে এটিকে এত জটিল না করেই আপনি এটি বের করতে পারবেন। কিন্তু যদিও এটি কঠিন বলে মনে হতে পারে, আমাদের দুর্বলতাগুলি আবিষ্কার করা এবং একটি ব্যক্তিগতকৃত কৌশল তৈরি করা প্রচেষ্টার যোগ্য। বিকল্প হল আপনার বাকি জীবন ধরে শয়তানের কাছে বারবার আপনার আশীর্বাদগুলিকে হারানো, এবং তার সাথে-সাথে আমাদের কর্মহীনতার কারণে প্রিয়জন বা সহকর্মীদের কষ্ট প্রদান করা।

শুধু আমাদের জন্য নয়, বরং তাঁর মহিমার জন্যও নিরাময় হতে দেওয়া কি ভালো বিষয় নয়? শয়তান যে বিষয়টিকে তার মন্দ সঙ্কল্পের জন্য ব্যবহার করতে চেয়েছিল; ঈশ্বর সেটাকে ভালোর জন্য ব্যবহার করে থাকেন। তিনি ভয়ানক পরিস্থিতিগুলিতে উদ্ধার আনেন, এবং তিনি প্রায়শই এমন একটি ক্ষেত্র দেখানোর মাধ্যমে তা করেন যেখানে আমরা ক্রমাগত আহত হয়েছি। অতএব, ভ্রাতৃত্বের সাথে সম্প্রদায়ে, এবং কখনও কখনও পেশাদার সাহায্যের মাধ্যমে, আত্মার সাঙ্ঘনা কাজে সহযোগিতা করুন। রাজ্যের জন্য ঈশ্বরের বিনিয়োগের উপর প্রতিদান পেতে কর্তৃপক্ষের মাধ্যমে শয়তানের ধ্বংসকে প্রতিরোধ করুন।

ব্যক্তিগতকৃত পরিকল্পনাগুলির বিরুদ্ধে প্রতিরক্ষা করার কৌশল ব্যবহার করে আরেকবার ভাবুন।

অধ্যায় 14 জয়ের জন্য মানিয়ে নেওয়া

ব্যক্তিগত প্রতিরক্ষা কৌশল অন্বেষণ করার পর, আমরা অতীতের দুর্গাগুলি ধ্বংস করতে, বর্তমান মিথ্যাকে আটকাতে এবং ভবিষ্যতের অবাধ্যতা থেকে রক্ষা করতে আরও ভালভাবে প্রস্তুত (ত্রি-মাত্রিক গঠনমূলক কাজ)। এই দক্ষতাগুলি স্থিতিস্থাপকতা তৈরি করে যা ঈশ্বরের জন্য বিনিয়োগের উপর প্রচুর পরিমাণে রিটার্ন দেয়। কিন্তু আমরা একটি তৃতীয় দক্ষতা থেকে উপকৃত হই, একটি মানসিকতা যা ক্রমাগত গতিশীল পরিস্থিতির সাথে খাপ খাইয়ে নেয়। স্থিতিস্থাপকতা বৃদ্ধির জন্য, আমাদের জয়ের জন্য খাপ খাইয়ে নিতেও শিখতে হবে।

যেহেতু প্রতিপক্ষ মানিয়ে নেয়, তাই আমাদেরও মানিয়ে নিতে হবে। শয়তান স্থির থাকে না। এই কারণেই পিতর আমাদের সতর্ক করেছিলেন যে আমরা যেন যন্ত্রণাদায়ক পরীক্ষাগুলি দেখে অবাক না হই (১ পিতর ৪:১২)। পরিবর্তে, আমাদের বিরোধি এবং ওঠানামাকারী পরিস্থিতিতে আমাদের দৃষ্টিভঙ্গি পরিবর্তন করতে হবে। মানিয়ে নেওয়ার ক্ষমতা না থাকলে, আমাদের দ্বারা সময় ও অর্থ নষ্ট হবে এবং উদ্বেগ এবং হতাশার ঝুঁকিতে পড়বে। কিন্তু যখন আমরা নমনীয় হই, তখন আমরা দীর্ঘ সময়ের জন্য সতেজ থাকতে পারি এবং হতাশগ্রস্ত হয়ে যাওয়া থেকে প্রতিরোধ করতে পারি।

আমরা প্রায়শই ক্লান্ত হয়ে পড়ি কারণ আমরা ভুলে যাই যে জীবন অনিশ্চিত এবং রহস্যময়। বিজ্ঞান কেবল এতটুকুই ব্যাখ্যা করে। প্রতিটি পরিস্থিতির অতিরিক্ত বিশ্লেষণ না করলে আমরা তীক্ষ্ণ এবং সতর্ক থাকতে পারি। এমনকি খারাপ পরিস্থিতির মধ্যেও ভালো কিছু খুঁজে পাওয়া যেতে পারে; বিরোধিতার অর্থ এটা হতে পারে যে আমরা সঠিক পথে রয়েছি। চ্যালেঞ্জিং পরিস্থিতি থেকে উদ্ভাবন উদ্ভূত হতে পারে, কারণ “প্রয়োজনীয়তাই আবিষ্কারের জননী।”

অন্যদিকে, ভালো পরিস্থিতি প্রভারণামূলক হতে পারে। যখন সবকিছু ঠিকঠাক থাকে, তখন আমরা প্রায়শই খাপ খাইয়ে নেওয়া বন্ধ করে দিই, পুরনো অভ্যাসগুলিতে ফিরে যাই, ভাবি যে এগুলোই সাফল্যের কারণ। এমনকি শত্রু আমাদের একা ছেড়ে দিতে পারে, আমাদেরকে তুচ্ছ সাফল্য প্রদান করে আরও বড় সাফল্য থেকে বিরত রাখতে পারে। অথবা আরও খারাপ, এমনকি

আরেকবার ভাবুন

আমরা অহংকারে পড়ে যেতে পারি, ভাবতে পারি যে আমরাই আমাদের নিজস্ব সাফল্যের উৎস।

পরিস্থিতি ভালো হোক বা খারাপ, আমরা বিভ্রান্ত বা স্পষ্ট যাই হই না কেন, লক্ষ্য হল আরও স্থিতিস্থাপক হয়ে ওঠা, চ্যালেঞ্জিং সময়ের পরে ফিরে আসার ক্ষমতা বিকাশ করা। আমাদের মধ্যে সবকিছু যখন হাল ছেড়ে দিতে চায়, কিন্তু আমাদের এগিয়ে যাওয়ার সাহস থাকে তখন স্থিতিস্থাপকতা প্রদর্শিত হয়। যখন অন্যরা নিন্দাবাদী এবং হতাশাগ্রস্ত হয়ে ওঠে, তখন স্থিতিস্থাপক লোকেরা ঘুরে দাঁড়ায় এবং এগিয়ে যায়। যখন অন্যরা হাল ছেড়ে দিতে, ভিড়ের কাছে হার মানতে বা সরল সমাধান প্রয়োগ করতে প্রলুব্ধ হয়, তখন অভিযোজিত লোকেরা তাদের নিজস্ব পদ্ধতি বা কৌশলগুলিকে আলগাভাবে ধরে রাখে। এটি তাদের অন্তর্নিহিত সমস্যার সৃজনশীল সমাধান খুঁজে পেতে এবং নতুন কৌশলের জন্য উন্মুক্ত করতে দেয়।⁷¹

ভালো এবং সবচেয়ে ভালোর মধ্যে পার্থক্যও করতে শেখা

যে সকল ব্যক্তির মানিয়ে নিতে পারে, তাদের চরিত্রের মধ্যে এক তীক্ষ্ণ শক্তি থাকে যা তাদেরকে ভিত্তিগত, শিক্ষণীয়, সংযত, অভিযোজিত এবং দৃঢ় হিসেবে প্রকাশ করে। তারা ভেতরে শান্ত থাকে এবং ভেতরের কোলাহল দ্বারা বিভ্রান্ত হয় না। ভালো এবং মন্দ উভয়ের উপস্থিতিতে একত্রিত করার জন্য বাইবেলের শিক্ষা দ্বারা তারা গড়ে উঠেছে এবং খারাপ ঘটনা ঘটলে তারা অবাক হয় না। এটি তাদেরকে উভয় অস্পষ্ট পরিস্থিতিতে পরীক্ষার মুখোমুখি হতে এবং বিচক্ষণতার সাহস দেয়।⁷²

এছাড়াও, যে ব্যক্তির মানিয়ে নিতে পারে, তারা কিছু সুযোগের সদ্ব্যবহার করে এবং অন্য সময়ে সেগুলোকে ছেড়ে দিয়ে জ্ঞানে বৃদ্ধি পেতে পারে। তারা বোঝে যে কিভাবে “দ্য ডুস্ট কস্ট ফ্যালাসি” নামক একটি সাধারণ বিনিয়োগের ঝুঁকি এড়াতে হয়, অর্থাৎ যখন এটি পরিত্যাগ করা উচিত তখন কাজ চালিয়ে যাওয়ার প্রবণতাকে এড়াতে হয়। সময় বা অর্থ ইতিমধ্যেই বিনিয়োগ করা হয়ে গেলে হাল ছেড়ে দেওয়া আমাদের পক্ষে কঠিন হয়ে পড়ে। আমরা আমাদের ভুল স্বীকার করার পরিবর্তে, আমরা একটি নষ্ট প্রকল্পে অর্থ ব্যয় করতে থাকি, এই আশায় যে এটি ঘুরে দাঁড়াবে।

জয়ের জন্য মানিয়ে নেওয়া

উদাহরণস্বরূপ, ৩০ মিনিট ধরে সিনেমা দেখার পর, আমরা দেখতে পাই যে আমরা যা আশা করেছিলাম তা হয়নি। কিন্তু চ্যানেল পরিবর্তন করার পরিবর্তে, আমরা শেষ পর্যন্ত দেখতে থাকি কারণ আমরা স্বীকার করতে চাই না যে আমরা সেই আধ ঘন্টা নষ্ট করেছি। যখন আমরা জয়ের সাথে মানিয়ে নিই, তখন পরিস্থিতি আরও খারাপ হওয়ার আগেই আমরা একটি ভুল সিদ্ধান্তকে দ্রুত স্বীকার করতে পারি।

স্বীকৃতি লাভের আকাঙ্ক্ষা করা

মানিয়ে নেওয়ার ক্ষমতার প্রতি আরেকটি বাধা হল মানুষের অনুমোদন বা স্বীকৃতি লাভের আকাঙ্ক্ষা। মানব সভ্যতার ইতিহাস জুড়ে, মানুষ তাদের শারীরিক ও মানসিক শক্তির বেশিরভাগই কৃতিত্ব গ্রহণ এবং দোষ এড়ানো, সুখ ও আনন্দকে বৃদ্ধি দেওয়া এবং ব্যথা কমানোর জন্য উৎসর্গ করেছে। আমরা অন্যদের চোখে সঠিক দেখানোর জন্য, আমাদের অযোগ্যতাগুলি লুকিয়ে রাখার জন্য এবং আমাদের সাফল্য প্রচারের জন্য নিজেদের নিবেদিত করি।

এই প্রলোভন থেকে কেউই রেহাই পায় না। রাস্তায় মস্তান ছেলেরা দৌড়াদৌড়ি করে মেয়েদেরকে প্রভাবিত করতে চায়। কলেজের অধ্যাপক অন্যান্য শিক্ষাবিদদের কাছ থেকে অনুমোদন কামনা করেন। সবাই তাদের সমবয়সীদের মধ্যে আলাদা হয়ে দাঁড়াতে চায়, সুখের জন্য প্রয়োজনীয় স্বীকৃতি পেতে চায়। আমরা সকলেই আমাদের আশেপাশের মানুষদের থেকে সম্মান পাওয়ার জন্য ছুটছি, যদিও সেই সম্মান অর্জনের পদ্ধতি সম্বন্ধে আমাদের মধ্যে ভিন্নতা রয়েছে।

আমরা এই আশ্বস্ত বোধ করতে চাই যে আমরা অনুমোদন পেয়েছি, এবং কখনও কখনও সেই আকাঙ্ক্ষা নিরাপত্তাহীনতায় পরিণত হতে পারে। যখন এটি ঘটে, তখন আমরা এত ভয়ে ভীত হয়ে পড়ি যে আমাদের মন খাপ খাইয়ে নেওয়ার জন্য যথেষ্ট স্বাধীন থাকে না। অনুমোদন পাওয়ার জন্য আমাদের সমস্ত শক্তি নষ্ট হয়ে যায়। প্রশংসার জন্য বেঁচে থাকা আমাদের উদ্ভাবনের ক্ষমতাকে হ্রাস করে।

আরেকবার ভাবুন

আমরা হয়তো এমন ভূমিকায় নিজেদেরকে ঠেলে দিতে পারি যা আমাদের প্রস্তুত হওয়ার আগেই ঝুঁকির মুখে ফেলে। কোলে বলেন,

“কয়েক দশক ধরে, আমি সেই সকল সত্যিকারের ব্যতিক্রমী পুরুষ ও নারীর পতন প্রত্যক্ষ করেছি ও চোখের জল ফেলেছি যারা অত্যধিক প্রশংসা, অত্যধিক কর্তৃত্ব এবং আত্মনিয়ন্ত্রণের অকাল, সম্মিলিত ভারের নিচে ভেঙে পড়েছিলেন। তাই, আমি যাদের পরামর্শ প্রদান করে থাকি, যখন তাদের দেখি যে তারা ভবিষ্যতের দিকে ছুটে চলেছেন বা নজরে পড়ার জন্য আকুল বা দায়িত্বের জন্য ক্ষুধার্ত, তখন আমি নীরবে প্রার্থনা করি: ওহ, যীশু, তাদের গোপনীয়তার উপহার দিন। আরও কয়েক বছরের জন্য, দয়া করে তাদের নীরব অজ্ঞাতসারে বেড়ে উঠতে দিন”¹⁷³

গুরুত্বপূর্ণ হওয়ার জন্য সৃষ্টি হওয়া

অনুমোদনের বিরোধিতা করা মানুষের নিজস্ব স্বভাবের বিপরীত, কারণ ঈশ্বর আমাদেরকে গুরুত্বপূর্ণ হওয়ার জন্য সৃষ্টি করেছেন। গুরুত্বপূর্ণ হওয়ার প্ররোচনা মন্দ নয়। বরং, এটি আমাদের মধ্যে স্বয়ং ঈশ্বর নিহিত একটি গুণ। আমরা সৃজনশীল হতে, গুরুত্বপূর্ণ কাজ করতে, লক্ষ্য হওয়া এবং প্রশংসা পাওয়ার জন্য প্রস্তুত। আমরা অপরিহার্য হওয়ার জন্য তৈরি।

কিন্তু শয়তান এই আকাঙ্ক্ষার সুযোগ নেয়, এবং আশা করে যে আমরা অন্যদের অনুমোদন সুনিশ্চিত করার জন্য এটি নিজেদের উপর নেব। একটি পতিত পৃথিবীতে, গুরুত্বপূর্ণ হওয়ার ঈশ্বর-প্রদত্ত প্রবণতা গ্রহণযোগ্যতা বা বিখ্যাত হওয়ার আবেশে রূপান্তরিত হতে পারে। আমরা সত্যিই গুরুত্বপূর্ণ কিনা তা ভাবি, আমরা মূল্যহীন হওয়ার ভয়ে ভীত হয়ে পড়তে পারি, তুচ্ছতার ভয়কে মোকাবিলা করার জন্য উন্মত্তভাবে নিজেদেরকে কার্যকলাপে নিয়োজিত করতে পারি।

শিশুদের মধ্যে এটি লক্ষ্য করা যায়, যে তারা অস্পষ্টতা এড়াতে যেকোনো কিছু করতে প্রস্তুত থাকে, এমনকি নিজেদেরকে বিপদের মুখে ফেলার জন্যও প্রস্তুত থাকে। সারা জীবন ধরে, আমরা লোকেদের দৃষ্টিতে আসার জন্য, সম্মানিত হওয়ার জন্য এবং সমাদর পাওয়ার জন্য মরিয়া হয়ে থাকি। যাকোব ৪:২-৩ পদে আমাদের সতর্ক করা হয়েছে: “তোমরা অভিলাষ করিতেছ, কিন্তু প্রাপ্ত হও না; তোমরা নরহত্যা ও ঈর্ষা করিতেছ, কিন্তু পাইতে পার না; তোমরা বিবাদ

জয়ের জন্য মানিয়ে নেওয়া

ও যুদ্ধ করিয়া থাক, কিছু প্রাপ্ত হও না, কারণ তোমরা যাচঞা কর না। যাচঞা করিতেছ, তথাপি ফল পাইতেছ না; কারণ মন্দ ভাবে যাচঞা করিতেছ, যেন আপন আপন সুখাভিলাষে ব্যয় করিতে পার”। আমাদের ভুল উদ্দেশ্য আছে কারণ আমরা কুখ্যাতির আকাঙ্ক্ষা করি, অন্যদের উপর এর প্রভাব যাই থাকুক না কেন।

উদাহরণস্বরূপ, আমরা প্রতিটি কথোপকথনে নিজেদেরকে নিযুক্ত করতে পারি অথবা যখন আমাদের অবদানকে স্বীকৃতি দেওয়া হয় না তখন আমরা আহত বোধ করতে পারি। অথবা যখন কোনও আলোচনা শুরু হয় এবং সেখানে আমাদেরকে অন্তর্ভুক্ত না করেই শেষ হয় তখন আমাদের অসুবিধা হতে পারে। এর ফলে অস্বাস্থ্যকর চিন্তাভাবনা তৈরি হতে পারে যেমন:

- আমি যদি এই পুরস্কারটি লাভ করতে পারি, তাহলে তারা আমাকে সম্মান করবে।
- আমার এই আর্টিকেলটি যদি প্রকাশিত হয়ে যায়, তাহলে আমি একজন উল্লেখযোগ্য ব্যক্তিতে পরিণত হবো।
- আমি যদি এই পদোন্নতিটি লাভ করতে পারি পারি, তাহলে আমি মনে করবো যে আমি আমার গন্তব্যে পৌঁছেছি।

এই হতাশা আমাদেরকে ঈর্ষার দিকে পরিচালিত করতে পারে, আমরা চাই অন্যদের যা আছে তা আমরা নিয়ে নিতে পারি এবং তা আমাদের নিজের করে নিতে পারি। যখন আমরা অন্যদের সাফল্যে ঈর্ষান্বিত হই, তখন আমরা কয়িনের মতো হয়ে যাই যে তার ভাইকে হত্যা করেছিল। যাকোব বলেছিলেন, “কিন্তু তোমাদের হৃদয়ে যদি তিক্ত ঈর্ষা ও প্রতিযোগিতা রাখ, তবে সত্যের বিরুদ্ধে শ্লাঘা করিও না ও মিথ্যা কহিও না। সেই জ্ঞান এমন নয়, যাহা উপর হইতে নামিয়া আইসে, বরং তাহা পার্থিব, প্রাণিক, পৈশাচিক। কেননা যেখানে ঈর্ষা ও প্রতিযোগিতা, সেইখানে অস্থিরতা ও সমুদয় দুষ্কর্ম থাকে”। (যাকোব ৩:১৪-১৬)। কিন্তু অনুমোদনের জন্য এইরকম মরিয়া আকাঙ্ক্ষা থেকে আমরা কীভাবে বেরিয়ে আসতে পারি?

আরেকবার ভাবুন

নিজের পরিচয়কে চিহ্নিত করতে পারা

এই প্রক্রিয়াটি শুরু হয় নিজেদেরকে সংজ্ঞায়িত করার অধিকারকে এবং আত্মপরিচয়কে ত্যাগ করা দিয়ে। বিয়ন্ড দ্য অবভিয়াসে, হার্টি এবং ডিইয়ং বলেছেন,

“পাপের মূল কারণ হলো অহংকার। অহংকারের মূলে রয়েছে আত্ম-সংজ্ঞা। এটি আত্মার একটি স্বভাব যা বলে, ‘আমি নিজেকে ভালোবাসি এবং আমি নিজেই নিজের পরিচয়কে নির্ধারণ করব’। এটি এমন একটি মনোভাব যা বিশেষ করে নিজেদের সম্পর্কে যা কিছু সত্য তা গ্রহণ করতে অস্বীকার করে। আমরা আমাদের মনের মধ্যে আমাদের একটি পরিচয়ের বা আমরা কে হতে চাই তার একটি চিত্র তৈরি করি এবং তারপর আমরা নিজেদেরকে এবং অন্য সকলকে বোঝাতে শুরু করি যে আমরা আসলেই তাই যা আমরা দাবি করি”।⁷⁴

লেখকরা আরও বলেন যে, অহংকার দুটি উপায়ে প্রকাশ পায়: গর্ব এবং নিরাপত্তাহীনতা। মানুষ হয় নিজেদেরকে খুব বেশি উচ্চ মনে করে অথবা নিজেদেরকে হেয় করে, কিন্তু উভয়ই আত্মকেন্দ্রিক এবং সত্যের উপর ভিত্তি করে নয়। অন্যদিকে, রোমীয় 12:3 পদ বলে যে, ঈশ্বর যে পরিমাণ বিশ্বাস নির্ধারণ করেছেন, সেই অনুযায়ী নিজেদের সম্পর্কে বিচক্ষণতার সাথে চিন্তা করতে হবে। অতএব, অহংকার এড়াতে, আমাদের নিজেদেরকে সত্যিকার অর্থে যেমনটি আমরা, তেমনই দেখতে হবে, খুব বেশি উঁচুতে নয়, খুব কমও নয়। অন্য কথায়, আত্ম-মহিমাষয়ন এবং আত্ম-অবজ্ঞা উভয়ই সত্যের পরিপন্থী এবং ক্ষতিকারক।⁷⁵

এটি আমাদেরকে যথাসম্ভব নিজের সম্পর্কে সত্য, অন্যদের সম্পর্কে সত্য এবং আমাদের চারপাশের বিশ্ব সম্পর্কে সত্যের কাছাকাছি বসবাসের জন্য নিজেদেরকে পুনর্নির্মাণ করতে অনুপ্রাণিত করে। অহংকারী লোকেরা ক্রমাগত নিজেদের প্রতিরক্ষা করে, অধিকার দাবি করে, নিজেদের জন্য সম্মান খোঁজে, অথবা তাদের ভাবমূর্তি বজায় রাখার জন্য একটি মুখোশ পরে। বিপরীতে, নিরাপত্তাহীনতায় ভোগা লোকেরা নিজেদেরকে তুচ্ছ মনে করে এবং এই প্রক্রিয়ায় তাদের মধ্যে থাকা ঈশ্বরের প্রতিমূর্তিকে অসম্মান করে।

জয়ের জন্য মানিয়ে নেওয়া

কিন্তু যীশু হলেন সত্য অনুসারে জীবনযাপন করার নিখুঁত উদাহরণ। তিনি যা দাবি করেন তার সবকিছুই তিনি। তিনিই সমস্তভাবে সত্য, সুন্দর, ভালো এবং পবিত্র। তাঁর অন্যথা ঘোষণা করা মিথ্যা বলা হবে। যখন লোকেরা তাঁর উপাসনা করত, তখন তিনি অস্বীকার করতেন না, কারণ এটা সত্য ছিল যে তিনি উপাসনার যোগ্য ছিলেন। তাঁর মধ্যে কোন নকল নম্রতা ছিল না, এমনকি তিনি তাঁর গুরুত্বকেও অতিরঞ্জিত করেননি।

আমরা নিজের সম্পর্কে যা সত্য, তা গ্রহণ করে তাঁর উদাহরণ অনুসরণ করতে পারি। এর মধ্যে অপ্রীতিকর এবং মনোরম সত্যও অন্তর্ভুক্ত থাকবে। আমাদের মধ্যে দুর্বলতা এবং ত্রুটি রয়েছে, কিন্তু তিনি আমাদের তাঁর সেবা করার এবং অন্যদের আশীর্বাদ করার জন্য ক্ষমতা এবং প্রতিভাও দিয়েছেন। এই ক্ষমতাগুলিকে সম্পূর্ণরূপে স্বীকৃতি দেওয়া অহংকার নয়, বরং কার্যকর ব্যবহারের জন্য এগুলিকে কাজে লাগানোর স্বাধীনতা। অতএব, আমরা যখন নিজেদের সম্পর্কে সত্যের সাথে একমত হই, তা ভালো এবং খারাপ উভয়ই হোক না কেন, তখন আমরা ঈশ্বরকে মহিমাম্বিত করি।⁷⁶

অস্পষ্টতাকে আলিঙ্গন করা

কিন্তু মানিয়ে নিতে হলে সত্য অনুসারে জীবনযাপন করার জন্য কেবল আন্তরিক প্রচেষ্টার প্রয়োজন হয় না। আরও এক ধাপ এগিয়ে যাওয়ার, অস্পষ্টতাকে আলিঙ্গন করার, যীশুর মতো অদৃশ্য বা বেনামী হয়ে ওঠার ইচ্ছাশক্তি প্রয়োজন। অস্পষ্টতা আমাদেরকে গঠিত হওয়ার অবস্থানে নিয়ে যায়। আমাদের আনন্দের উৎস “মানুষের অনুমোদন” থেকে “ঈশ্বরের অনুমোদন”-এ পরিবর্তিত হয়। পবিত্র আত্মা মানুষকে খুশি করার দুর্গগুলিকে ভেঙে ফেলতে শুরু করতে পারেন এবং আমাদের মস্তিষ্কে এমন একটি নতুন পথ দিয়ে প্রতিস্থাপন করতে পারেন যা ঈশ্বরকে খুশি করাতে আনন্দ পায়।

আরেক কথায়, সেইসব ঋতুতে যখন কেউ আমাদের জন্য হাততালি দেয় না, যখন আমরা অবমূল্যায়িত, বা অপ্রশংসিত বোধ করি, তখন ঈশ্বর আমাদের রূপান্তরিত করতে পারেন। এই মুহূর্তগুলির বেদনাদায়ক নীরবতায়, আমাদের এমন কিছুর সাথে লড়াই করার সুযোগ থাকে যা আমাদেরকে প্রকৃত অর্থে তাৎপর্যপূর্ণ করে তোলে। যখন কেউ আমাদেরকে বলার জন্য থাকে না যে

আরেকবার ভাবুন

আমরা কেন এত মূল্যবান, তখন আমাদেরকেই যীশুর দিকে তাকাতে হবে এবং সেই প্রশ্নের উত্তর দিতে হবে।⁷⁷

মূলত, অস্পষ্টতাকে আলিঙ্গন করা আমাদেরকে একটি চৌমাথায় নিয়ে আসে: যদি আমরা এগিয়ে যাই, তাহলে এর অর্থ হল কোনও কৃতিত্ব বা কুখ্যাতি না পাওয়ার জন্য ইচ্ছুক থাকা। উপেক্ষিত, অবহেলিত হতে পারে এবং অতীতের কর্মক্ষমতা, শিক্ষা, কৃতিত্ব বা অভিজ্ঞতার জন্য কোনও স্বীকৃতি নাও পেতে পারি। রাস্তার এই মোড়ে, আমরা বাম দিকে যেতে পারি, এবং বিরক্ত, নিন্দাবাদী এবং তিক্ত হয়ে উঠতে পারি; অথবা আমরা ডান দিকে যেতে পারি, এবং সেখানে স্বাধীনতার দিকে পরিচালিত করে এমন এক অস্পষ্টতার কাছে আত্মসমর্পণ করতে পারি। যখন আমরা এই স্তরের নিঃস্বার্থতার মুখোমুখি হই, তখন আমাদের আসল উদ্দেশ্য বেরিয়ে আসে।

যদি আমরা আমাদের খ্যাতি তৈরির জন্য কৃতিত্ব গ্রহণের উপর জোর দিই, তাহলে আমাদের সামনে সৃজনশীল বিকল্পের সংখ্যা কমিয়ে দেই। সিদ্ধান্ত নেওয়ার জন্য কেবলমাত্র প্রচুর ব্যান্ডউইথ থাকে, এবং আমরা যত বেশি নিজেদের সম্পর্কে চিন্তা করি, আমাদের সামনে থাকা কাজগুলির প্রতি আমাদের মনোযোগ তত হ্রাস পেতে থাকে। আমরা আমাদের মন এবং আমাদের কাছে উপলব্ধ সীমাহীন কল্পনাপ্রসূত বিকল্পগুলির মধ্যে একটি প্রাচীর তৈরি করি।

কিন্তু যদি আমরা অস্পষ্টতাকে আলিঙ্গন করি, তাহলে ঈশ্বর আমাদের যে কাজগুলো দিয়েছেন সেগুলোতে আমাদের শক্তি নিয়োজিত করার জন্য আমরা স্বাধীন হব, ঈশ্বর আমাদের যে উপকরণগুলো দিয়েছেন সেগুলো ব্যবহার করে আমাদের পৃথিবীকে আশীর্বাদ করব। বিখ্যাত হওয়ার, সোশ্যাল মিডিয়ায় নিজেদের জন্য নাম তৈরি করার, আমাদের পেশায় সুপরিচিত হওয়ার, অথবা একজন নিখুঁত পিতামাতা বা দাদা-দাদী হিসেবে পরিচিত হওয়ার আকাঙ্ক্ষা আমাদের উপর চেপে বসবে না। পরিবর্তে, আমরা গোপনে সেবা করার জন্য আমাদের শক্তি ব্যয় করতে পারি, কারণ ঈশ্বরের রাজ্যে আমাদের অবদান কখনও বৃথা যায় না (১ করি. ১৫:৫৮)। যখন আমরা অস্পষ্টতাকে আলিঙ্গন করি তখনই আমরা ঈশ্বরের বিনিয়োগের উপর সর্বাধিক লাভ অর্জন করতে পারি।

জয়ের জন্য মানিয়ে নেওয়া

চারটি অপরিহার্যমূলক মানসিকতা

চারটি মনোভাব আমাদের অস্পষ্টতাকে আলিঙ্গন করতে সাহায্য করে, যা আমাদেরকে প্রকৃত অর্থে মানিয়ে নিতে সাহায্য করে।

মনোভাব 1: আপনাকে পর্যাপ্ত রূপে প্রেম করা হয়েছে

অস্পষ্টতাকে আলিঙ্গন করার প্রথম মনোভাব হল এটা বিশ্বাস করা যে আমরা ঈশ্বরের দ্বারা পর্যাপ্তভাবে ভালোবাসা পেয়েছি। এটি ঈশ্বরের চরিত্রের একটি ঈশ্বরতাত্ত্বিক স্বীকৃতির চেয়েও বেশি কিছু। এটি অবশ্যই একটি হৃদয়গ্রাহী, পাথরের মতো দৃঢ় বিশ্বাস হতে হবে যে ঈশ্বর আমাদের ভালোবাসেন এবং আমাদের পক্ষে রয়েছে। ঈশ্বরের স্নেহময় চোখ সর্বদা আমাদের উপর ছিল। তাঁর মনোযোগ সর্বদা আমাদের প্রতি রয়েছে, কিন্তু আমরা তা দেখতে পাই না কারণ আমরা নিজেদের দৃষ্টিতে খুব বেশি বিভ্রান্ত হয়ে পড়েছি।⁷⁸

আরেক কথায়, আমাদের অবশ্যই ২ পিতর ১:৩ পদে আত্মবিশ্বাসী হতে হবে: জীবন ও ধার্মিকতার জন্য আমাদের যা কিছু প্রয়োজন, সবকিছুই আমাদের দেওয়া হয়েছে। এর অর্থ হল আমরা নিরাপদে ও সুরক্ষায় চলতে পারি, মানব ইতিহাসে ঈশ্বর যা কিছু কাজ করে চলেছেন, সেইগুলির প্রতি আস্থা রাখতে পারি। আমরা স্বস্তির নিঃশ্বাস ফেলতে পারি কারণ আমরা গুরুত্বপূর্ণ। আমরা মূল্যবান। আমাদেরকে অন্যদের কাছ থেকে গ্রহণযোগ্যতা অর্জন করতে হবে না, কারণ খ্রীষ্টে আমরা ইতিমধ্যেই গ্রহণযোগ্য হয়েছি। আমরা তাঁর!

তবে, অনেক মানুষ অক্ষম কারণ তারা ঈশ্বরের ক্ষমা গ্রহণ করতে পারে না। যারা ক্রমাগত অপরাধবোধ এবং দাসত্বের মধ্যে বাস করে তারা আসলে বিশ্বাস করে না যে খ্রীষ্টের রক্ত তাদের পাপ ঢেকে দেওয়ার জন্য যথেষ্ট। কিন্তু যখন আমাদের আস্থা থাকে যে খ্রীষ্টের মধ্যে ঈশ্বর সমস্ত অন্যায়ের মূল্য দিয়েছেন, তখন আমরা পাপ স্বীকার করতে পারি, ক্ষমা পেতে পারি এবং দ্রুত এগিয়ে যেতে পারি (১ যোহন ১ :৯)। তিনি অনিচ্ছাকৃতভাবে ক্রুশে যাননি, বরং স্বেচ্ছায় গিয়েছেন।

অন্যরা দাসত্বের জোয়ালের নিচে বাস করে, বিশ্বাস করে যে তাদের জীবনের গন্তব্য হল তারা কতটা পাপী এবং মূল্যহীন তা উপলব্ধি করা। তারা প্রতিদিন

আরেকবার ভাবুন

পাপ স্বীকার করে এবং নিজেকে তুচ্ছ মনে করে অহংকারের বিরুদ্ধে লড়াই করার চেষ্টা করে। খ্রীষ্টের স্বাধীনতায় বেঁচে থাকার পরিবর্তে, তারা বিশ্বাস করে যে খ্রিস্টীয় জীবন মূলত তাদের পাপের সাথে কীভাবে মোকাবিলা করতে হয় সেই বিষয় সম্পর্কিত। ডালাস উইলার্ড এটিকে “পাপ ব্যবস্থাপনার সুসমাচার” বলেছেন,⁷⁹ যেখানে মানুষ পাপ, লজ্জা, স্বীকারোক্তির পুনরাবৃত্তিমূলক চক্রে আটকে যায়, তাদের আত্ম-উল্লেখযোগ্য ক্ষেত্র থেকে বেরিয়ে আসা কঠিন হয়ে পড়ে।

বিপরীতভাবে, যখন আমরা জানি যে আমাদেরকে প্রেম করা হয়েছে, তখন আমরা ঝুঁকিপূর্ণ, দুঃসাহসিক জীবনযাপন করতে স্বাধীন। এর পুরস্কার ঝুঁকির যোগ্য। প্রভুতে আমাদের পরিশ্রম বৃথা যায় না (১ করিন্থীয় ১৫:৫৮)। ঈশ্বরের প্রমাণিত প্রেমে আমরা নিরাপদ, যা শাস্ত্রের নিশ্চিত বাক্য। ঈশ্বর কখনও আমাদের ত্যাগ করেন না (ইব্রীয় ১৩:৫)। তিনি আমাদের অনাথ হিসেবে ছেড়ে যান না (যোহান ১৪:৮)। যেহেতু ঈশ্বর ঝুঁকি কমিয়ে দিয়েছেন, তাই আমরা তাঁর দ্বারা নির্ধারিত যেকোনো উদ্যোগের ক্ষেত্রে সাহসপূর্ণ প্রচেষ্টা অনুসরণ করতে স্বাধীন।⁸⁰

মনোভাব 2: বিরক্তিকর এবং অকৃতজ্ঞ কাজ

অস্পষ্টতাকে আলিঙ্গন করার দ্বিতীয় মনোভাব হল একটি বিরক্তিকর ও একঘেয়ে এবং কৃতজ্ঞতাহীন কাজের কাছে আত্মসমর্পণ করা। বেশিরভাগ মানুষ নিজেদেরকে সূক্ষ্ম এবং নিরলস বিবরণগুলির উর্ধ্ব মনে করে, তাই তারা “তাদের নীচে” যা কিছু রয়েছে, সেইগুলিকে অনুসরণ করতে অনিচ্ছুক। তারা বলে, “আমি এটি করার জন্য চার বছর কলেজ করিনি”। কিন্তু ঈশ্বর অহংকারীদের প্রতিরোধ করেন কিন্তু নম্রদের অনুগ্রহ দান করেন (যাকোব ৪:৬), এবং তিনি অন্য কাউকে আমাদের প্রাপ্য কৃতিত্ব পাওয়ার ক্ষমতা দিতে পারেন, তাই আমাদের এই ধরণের অস্পষ্টতাকে কীভাবে উৎসাহের সাথে গ্রহণ করতে হয় তা শিখতে হবে।

এই পরিস্থিতিগুলি তখনই প্রকাশ পেতে পারে যখন আমরা সেই বিষয়গুলি এক শক্ত ভাবে আঁকড়ে ধরে থাকি যা আমাদেরকে সংজ্ঞায়িত করে: কাজ, পরিবার, যৌনতা, খ্যাতি, অথবা পরিচর্যা। টোজার বলেছিলেন, “আমাদের মৃতপ্রায় হাত

জয়ের জন্য মানিয়ে নেওয়া

থেকে সেই ছায়ারূপী রাজদণ্ড কেড়ে নেওয়া উচিত ছিল যা দিয়ে আমরা কল্পনা করি যে আমরা বিশ্ব শাসন করব”।⁸¹ হয়তো এটি “বিশ্ব শাসন” করার মতো চরম নয়, তবে আমাদের পরিচয়-নিয়ন্ত্রণকারী রাজদণ্ডকে ছেড়ে দেওয়া আমাদেরকে আশ্চর্যজনক প্রতিরোধের মুখোমুখি করতে পারে। অস্পষ্টতাকে আলিঙ্গন করার অর্থ হল যা কিছু আমাদেরকে এখন পর্যন্ত পরিচয় দিয়ে এসেছে তা ছেড়ে দেওয়া। এর অর্থ হতে পারে রাজ্যের একটি বৃহত্তর অবদান রাখার জন্য একটি কর্মজীবন ত্যাগ করা (পরিশিষ্ট ৪ দেখুন)।

মনোভাব 3: তিজ্ঞতা থেকে মুক্ত হওয়া

অস্পষ্টতাকে আলিঙ্গন করার তৃতীয় মনোভাব হল অন্যদের ক্ষমা করা এবং তাদের শত্রু হিসেবে না দেখা। যখন আমরা ক্ষমা করতে অস্বীকৃতি জানাই, তখন আমাদের মন তিজ্ঞতার দাস হয়ে যায়। এই কারণেই যীশু আমাদের প্রার্থনা করতে শিখিয়েছিলেন যে ঈশ্বর যেন আমাদের পাপ ক্ষমা করেন যেমন আমরা আমাদের বিরুদ্ধে পাপকারীদের ক্ষমা করি (মথি ৬:১২)। যদি আমরা বিশ্বাস করি যে অন্যরা আমাদের সম্ভাবনাকে বাধা দিচ্ছে বা আমাদের লক্ষ্যকে দমিয়ে রাখছে, তাহলে আমরা ভুলে যাই যে ঈশ্বর এখনও নিয়ন্ত্রণে আছেন।

আমরা হয়তো ভাবতে পারি, “আমার নেতারা অদূরদর্শী, আমার বাবা-মা বুঝতে পারছেন না, কর্মক্ষেত্রে আমার বস ঈর্ষান্বিত, এবং আমার স্ত্রী আমাকে টেনে হিঁচড়ে নিচের দিকে নামিয়ে আনছে। কর্মক্ষেত্রে পুরানো লোকেরা আমার উদ্ভাবনী ধারণাগুলি বন্ধ করে দিচ্ছে, তরুণরা আমার অভিজ্ঞতার জ্ঞানকে সম্মান করে না, আমাদের বোর্ড যোগাযোগের বাইরে, অথবা আমি যে টাস্ক ফোর্সে কাজ করি তা বিপথগামী”। প্রভু কি এতই দুর্বল যে তিনি এই চ্যালেঞ্জগুলি কাটিয়ে উঠতে পারেন না? তিনি কি আমাদের হতাশা সম্পর্কে অবগত নন? তিনি কি তাঁর দায়িত্ব পালনের সময়ে ঘুমিয়ে আছেন?

নিঃসন্দেহে, আমরা অন্যদের সিদ্ধান্ত দ্বারা প্রভাবিত হই, কিন্তু তারা আমাদেরকে পিছনে আটকে রাখে না। কেবলমাত্র একজনই আছে যে আপনার ভবিষ্যৎ ধ্বংস করতে পারে। সেই ব্যক্তি হলেন আপনি নিজে। (লক্ষ্য করুন, আমি “আমাদের” ব্যবহার বন্ধ করে দিয়ে “আপনি” শব্দটি ব্যবহার করেছি এই জোর দিয়ে যে অস্পষ্টতাকে আলিঙ্গন করা আপনার দায়িত্ব)। একমাত্র আপনিই

আরেকবার ভাবুন

যিনি তিজ্ঞ মনোভাব পোষণ করে আপনার সম্ভাবনাকে ধ্বংস করতে পারেন।⁸² আপনার জীবনে হতাশা থাকা সত্ত্বেও আপনি আনন্দের সাথে ঈশ্বরের উপর নির্ভর করার সিদ্ধান্ত নিতে পারেন।

মনোভাব 4: আপনি একা এটা করতে পারবেন না

আমেরিকানদের জন্য ব্যক্তিস্বাতন্ত্র্য থেকে মুক্ত হওয়া কঠিন। তারা বাইবেলকে এমনভাবে পড়ার প্রবণতা রাখে যেন এটি তাদের সাথে ব্যক্তিগতভাবে সম্পর্কিত। যখন কোন পদ “তুমি” বলে তখন তারা “আমি” বলে মনে করে যখন এর অর্থ প্রায়শই “তোমরা সবাই” (বহুবচন) হয়ে থাকে। ঈশ্বর চান যে আমরা যেন একটি সম্প্রদায়ের মধ্যে থেকে খ্রীষ্টিয় জীবনযাপন করি। তিনি তাঁর সমষ্টিগত দেহের মাধ্যমে কাজ করেন, এবং মণ্ডলী কেবল ঈশ্বরের সাথে ব্যক্তিগত সম্পর্কের একটি সমষ্টি নয়। স্থিতিস্থাপক হওয়ার জন্য, আমাদের এমন লোকদের প্রয়োজন যারা আমাদেরকে উঠতে সাহায্য করবে যখন আমরা হতাশ হই। যখন আমরা হতাশ বোধ করি তখন আমাদের আশার সাথে উৎসাহিত করার জন্য আমাদের অন্যদের প্রয়োজন।

জীবনকে সম্পৃষ্টভাবে দেখতে হলে আমাদের অন্যদেরও প্রয়োজন। আমাদের চারপাশের জগৎকে বোঝার জন্য এবং এর সাথে আমরা কীভাবে মিশে যাই তা বোঝার জন্য আত্ম-সচেতনতা গুরুত্বপূর্ণ। যুক্তি অনুসারে, আত্ম-সচেতনতা আসে নিজের উপর মনোযোগ দেওয়ার মাধ্যমে। কিন্তু বিদ্রূপাত্মকভাবে, তীব্র আত্ম-মগ্নতা কেবল আমাদের নিজেদেরকে সঠিকভাবে দেখার ক্ষমতাকে অস্পষ্ট করে তোলে। সবচেয়ে আত্ম-সচেতন মানুষ তারাই যারা অন্যদের প্রতিক্রিয়া জানাতে, অন্ধ দাগ এবং ভুল ধারণা সনাক্ত করতে সাহায্য করার জন্য তাদের উপর নির্ভর করে।⁸³ আমাদের নিজস্ব ছোট্ট ও সঙ্কীর্ণ জগৎ থেকে দূরে থাকতে আমাদের অন্যদের সাহায্যের প্রয়োজন।

সংক্ষেপে, আমরা সত্য অনুসারে জীবনযাপন করে এবং অস্পষ্টতাকে আলিঙ্গন করে মানিয়ে নিতে শিখি। এর অর্থ হল তাঁর প্রেমে বিশ্রাম নিতে শেখা, বিরক্তিকর এবং তুচ্ছ কাজগুলি গ্রহণ করা, তিজ্ঞতা থেকে মুক্তি দেওয়া এবং অন্যদের কাছ থেকে সাহায্য নেওয়া। যখন আমরা অস্পষ্টতাকে আলিঙ্গন করি, তখন আমরা আমাদের ক্রুশ তুলে নিই, যেমনটি যীশু আদেশ করেছিলেন (মথি

জয়ের জন্য মানিয়ে নেওয়া

১৬:২৪)। যীশুর পথ ছিল প্রথমে অস্পষ্টতা খোঁজা এবং পরে মহিমা লাভ করা। উদাহরণস্বরূপ, গুড-ফ্রাইডেতে ক্রুশবিদ্ধকরণের অস্পষ্টতা প্রথমে এসেছিল, এবং তারপরে ইস্টার-সানডেতে পুনরুত্থান পরে এসেছিল। ক্রুশের অস্পষ্টতা ছিল তাৎপর্য অর্জনের যীশুর উপায়, এবং এই পথটি আমাদের জন্যও।

অন্য কথায়, যখন আমরা অস্পষ্টতা বপন করি, তখন আমরা স্বীকৃতি লাভ করি। যখন আমরা ঈশ্বরের পরাক্রমশালী হাতের নীচে নিজেদের নত করি, তখন তিনি উপযুক্ত সময়ে আমাদের উন্নত করবেন। তিনি নিজেই আমাদের পুনরুদ্ধার, শক্তিশালী, প্রতিষ্ঠিত এবং দৃঢ় করবেন (১ পিতর ৫:৬-১০)।

মানিয়ে নেওয়ার ক্ষমতা আমাদেরকে পরিবর্তনশীল পরিস্থিতিতে কীভাবে প্রতিক্রিয়া জানাতে হয় সে সম্পর্কে আরেকবার ভাবার স্বাধীনতা দেয়, যা ঈশ্বরের জন্য সুদের হার তৈরিতে একটি গুরুত্বপূর্ণ দক্ষতা। তবে আরও একটি দক্ষতা রয়েছে যা আমাদের স্থিতিস্থাপকতা বিকাশে সহায়তা করে: আপনার কল্পনাশক্তি গড়ে তোলার ক্ষমতা।

অধ্যায় 15

আপনার কল্পনাশক্তিকে গড়ে তোলা

“জয়ের জন্য মানিয়ে নেওয়া” এর প্রতি স্বীকৃতি জানানো হল স্থিতিস্থাপকতা তৈরির চতুর্থ দক্ষতার পূর্বশর্ত: “আপনার কল্পনাশক্তিকে গড়ে তুলুন”। ঈশ্বর সাহসপূর্ণ এবং ত্যাগী ব্যক্তিদের কল্পনা এবং দৃঢ়তার মাধ্যমে আত্মিক সম্পদগুলি তৈরি করে থাকেন, কোন সূত্র বা ফলকের উপর লেখার মাধ্যমে নয়। ঈশ্বরের নকশা হল আমাদের মতো লোকদের মাধ্যমে তাঁর উদ্যোগী মূলধনের প্রতিদান ফিরে পাওয়া। কারণ উদ্ভাবন করা আমাদের স্বভাব, যখন আমাদের কল্পনাশক্তি প্রকাশিত হয়, তখন আমরা স্বাভাবিকভাবেই সুযোগগুলিকে গ্রহণ করি। অতএব, আধ্যাত্মিক যুদ্ধের প্রকৃতি সর্বদা ভয়ঙ্কর বা ভীতিকর হতে হবে না। আমরা যারা আত্মার দ্বারা পরিচালিত, তাদের জন্য এটি একটি উত্তেজনাপূর্ণ অভিযান হতে পারে।

কিন্তু উদ্ভাবনগুলিকে পরিকল্পনা বা ভবিষ্যদ্বাণী করা যায় না কারণ এগুলো একজন উদ্যোক্তার সাহসী কল্পনা থেকে উদ্ভূত হয়। উদাহরণস্বরূপ, স্টিভ জবস (অ্যাপল), মার্ক জুকারবার্গ (ফেসবুক), অথবা স্যাম ওয়ালটন (ওয়ালমার্ট) এর মতো উদ্ভাবকদের সম্পর্কে অনেক কিছু লেখা হয়েছে। খেলাধুলায়, আমরা অলিম্পিক চ্যাম্পিয়ন বা পেশাদার ক্রীড়াবিদদের চাতুর্য দেখে বিস্মিত হই। এবং মণ্ডলীতে, আমরা সংস্কারক, জন ওয়েসলি বা মার্টিন লুথার কিং জুনিয়রের কল্পনাকে সম্মান করি।

আধ্যাত্মিক উদ্যোক্তাদের মতো, আমরা এমন প্রকল্প করতে উপভোগ করি যা ভালো ফল দেয়। ঈশ্বর আমাদেরকে সরঞ্জাম এবং সম্পদ দিয়ে সজ্জিত করেছেন, তারপর সৃজনশীল পদ্ধতি নিয়ে আসার দায়িত্ব তিনি আমাদের উপর ছেড়ে দিয়েছেন। প্রকৃতপক্ষে, যারা একটি ভাল চ্যালেঞ্জ পছন্দ করেন তারা তাদের পালের মধ্যে ঈশ্বরের বাতাস খুঁজে পেতে পারেন, এমনকি যখন পরিস্থিতি কঠিন বা বিভ্রান্তিকর হয়ে ওঠে, তখনও। আমরা যখন আত্মার সাথে তলে-তাল মিলিয়ে হাঁটি তখন আমরা শক্তি খুঁজে পেতে পারি, ঠিক যেমন মানুষ যখন ভেধগর ক্যাপিটাল ডিল, প্রতিযোগিতামূলক অ্যাথলেটিক্স বা সৃজনশীল প্রচেষ্টার অন্যান্য ক্ষেত্রে তাদের কল্পনা ব্যবহার করে তখন তাড়াহুড়ো করে।

আরেকবার ভাবুন

সুযোগ কিনে নেওয়া

ইফিমীয় ৫:১৫-১৬ পদে বলা হয়েছে, “তাহলে সাবধানে দেখো কিভাবে চলছো, অজ্ঞানের মতো নয় বরং জ্ঞানীর মতো চলছো, সময়ের সর্বোত্তম ব্যবহার করো।” “সময়ের সর্বোত্তম ব্যবহার করো” এই বাক্যাংশটির অর্থ “সুযোগ কেনা”, যা নাবিকদের জগৎ থেকে এসেছে (ল্যাটিন অর্থ “বন্দরের দিকে”)। ধারণাটি হল যে আমাদের ক্রমাগত বাতাস এবং জোয়ার সম্পর্কে সচেতন থাকতে হবে যা এক বা অন্য দিকে সরে যায়, তাদের সুবিধা গ্রহণ করে বন্দরের দিকে আমাদের পরিচালিত করতে হবে, যা হল একটি কার্যকলাপের চূড়ান্ত লক্ষ্য।^{৪৪}

জ্ঞানী হতে হলে আমাদের বুঝতে হবে যে এই বাতাস এবং জোয়ার এক সময় অন্য সময়ের চেয়ে বেশি অনুকূল প্রমাণিত হয়। অতএব, প্রজ্ঞার মধ্যে অপেক্ষা করা জড়িত। অন্য সময় এর অর্থ হল দ্রুত পদক্ষেপ নেওয়া। আমি বাস্কেটবল খেলতে পছন্দ করতাম কারণ এটি ক্রমাগত সুযোগ সন্ধান করার একটি খেলা। সেরা খেলোয়াড়রা হাতের সামনে যা কিছু রয়েছে, তার উপর নির্ভর করে পাস, শ্যুট, ড্রিবল, কাট বা ড্রাইভ করার জন্য তাৎক্ষণিক সিদ্ধান্ত নেয়। এমনকি যখন খেলোয়াড়দের কাছে বল দখলে থাকে না, তখনও তারা পরিস্থিতি পর্যবেক্ষণ করে সুযোগগুলি কাজে লাগাতে থাকে।

একইভাবে, যখন পৌল সুযোগের কথা বলেন, তখন তিনি প্রার্থনা করেন যে ঈশ্বর যেন সেই সুযোগের যথাযথ সদ্ব্যবহারের জন্য দরজা খুলে দেন। “আর তৎসঙ্গে আমাদের জন্যও প্রার্থনা কর, যেন ঈশ্বর আমাদের জন্য বাক্যের দ্বার খুলিয়া দেন, যেন খ্রীষ্টের সেই নিগূঢ়তত্ত্ব জ্ঞাত করিতে পারি, যাহার জন্য আমি বন্ধনযুক্তও আছি, যেন আমার যেমন বলা উচিত, তেমনি তাহা প্রকাশ করিতে পারি।” (কল. ৪:৩-৪)।

মিশন ইম্পসিবল: যোস্ট প্রোটোকল সিনেমা থেকে একটি উদাহরণ পাওয়া যায়। ঘুম থেকে উঠে ইথান নিজেকে হাসপাতালের বিছানায় দেখতে পায় এবং তার ঘরের বাইরে একজন বিদেশী এজেন্ট তাকে জিজ্ঞাসাবাদ করার জন্য প্রস্তুত থাকে। দেরি না করে, ইথান উপলব্ধ সম্পদ ব্যবহার করে আশেপাশের পরিবেশ মূল্যায়ন করে এবং একটি অভিনব পদ্ধতি তৈরি করে। জানালার ধার

আপনার কল্পনাশক্তিকে গড়ে তোলা

দিয়ে বেরিয়ে আসার সাথে সাথে, সে নীচে একটি ট্রাক দেখতে পায় এবং সে তার বেল্ট ব্যবহার করে একটি তারের উপর বুলে পরে, পাশ দিয়ে যাওয়া ট্রাকের উপরে লাফ দিয়ে পড়ে এবং ভিড়ের মধ্য দিয়ে পালাতে সক্ষম হয়। একইভাবে, ঈশ্বর আমাদের সম্পদ দেন, কিন্তু সেগুলো ব্যবহার করার জন্য আমাদের কল্পনাশক্তির প্রয়োজন।

যখন আমরা পরীক্ষার সম্মুখীন হই, তখন আমাদেরকেও সুযোগের জন্য প্রস্তুত থাকতে হবে। উদাহরণস্বরূপ, যখন আমার মা মারা যান এবং আমরা নিজেদের শোকের মাঝখানে ছিলাম, তখন আমাদের তার বেশ কয়েকজন বন্ধুকে তার মৃত্যুর খবর জানাতে হয়েছিল। তাদের অনেকেই কান্নায় ভেঙে পড়েছিলেন, এবং তাদেরকে সাহায্য এবং উৎসাহের কথা বলার প্রয়োজন ছিল। ঈশ্বর আমাদের যে অনুগ্রহ দিয়েছেন, তার ফলে আমরা অন্যদের শক্তির উৎস হতে পেরেছি। সুযোগগুলি চিনতে হলে, আমাদের অবশ্যই আমাদের চারপাশের পরিবেশ সম্পর্কে সচেতন থাকতে হবে, কারণ পরীক্ষার মধ্য দিয়ে ভেসে যাওয়া এবং সেবা করার জন্য গুরুত্বপূর্ণ মুহূর্তগুলি মিস করা সহজ।

সংরক্ষণকে কল্পনাশক্তি দিয়ে প্রতিস্থাপন করুন

আমাদের কল্পনাশক্তিকে বিকশিত করার আরেকটি উপায় হল সংরক্ষণকে চিহ্নিত করা, যা দশম অধ্যায়ে বর্ণিত শয়তানের একটি পরিকল্পনা বলা হয়েছে। এই সংরক্ষণ মানসিকতাটি জীবনকে একটি গোলাকার পাই হিসেবে দেখে, যেখানে প্রতিটি ব্যক্তি পাইয়ের তার ভাগের অংশটি পাওয়ার জন্য অন্য সকলের সাথে লড়াই করতে থাকে। এটি বাদ পরে যাওয়া, বা ইতিমধ্যে যাকিছু অর্জন করা হয়েছে তা হারানোর ভয়ের উপর ভিত্তি করে। বিপরীতে, কল্পনাশক্তির বিকাশ জীবনকে অসীম সম্ভাবনার সমুদ্র হিসেবে দেখার মাধ্যমে এই ভয়কে নিষ্ক্রিয় করে যেখানে ঈশ্বর আরও অনেক পাই উৎপাদন করতে পারেন!

সংরক্ষণের একটি প্রকাশ হল তথ্য ধরে রাখা। আমরা যখন জ্ঞানকে শক্তি হিসেবে ব্যবহার করি, দাঁত কিড়মিড় করে সর্বাধিক সুবিধা লাভ করার জন্য চেষ্টা করি, পরিস্থিতির অপব্যবহার করি, অথবা যেকোনো মূল্যে জয়লাভ করি, তখন আমাদের সৃজনশীল আবিষ্কারের ক্ষমতা হ্রাস পায়। কিন্তু কল্পনাপ্রবণ

আরেকবার ভাবুন

মানুষ জ্ঞানকে ঈশ্বরের দ্বারা অন্যদের আশীর্বাদের জন্য উন্মোচিত একটি বিষয় হিসেবে দেখেন, অস্ত্র হিসেবে ব্যবহার করার মতো দেখে না।

তারা রহস্যকেও আলিঙ্গন করে, এবং তারা এই বিষয়ে অবগত যে ঈশ্বর এবং তাঁর জগৎকে কখনই সম্পূর্ণরূপে জানা বা বোঝা যায় না, যা আমাদের মনকে আনন্দদায়ক উপাখ্যানের জন্য উন্মুক্ত করে। উদাহরণস্বরূপ, অ্যান্টিবায়োটিক তৈরির বহু বছরের প্রচলিত প্রচেষ্টার পর, পেনিসিলিনের আবির্ভাব ঘটে যখন একটি পেট্রি ডিশে দুর্ঘটনাক্রমে ছত্রাক বেড়ে উঠতে দেখা যায়।

যদিও এই জগৎ পাইয়ের তাদের ভাগের অংশটি লাভ করার জন্য ধনী, ক্ষমতামূলী এবং প্রভাবশালীদের অগ্রাধিকার দিয়ে থাকে, কল্পনাপ্রবণ লোকেরা দুর্বল, বন্দী, শরণার্থী, অথবা শিশু যে কারোর মধ্যেই ঈশ্বরের মূল্যবোধকে কর্মরত দেখতে পায়। কিছু লোক আমেরিকান মূল্যবোধকে ঈশ্বরের রাজ্যের সাথে তুলনা করার ভুল করে, বিশ্বাস করে যে আমেরিকান শক্তির ব্যবহার বা সেলিব্রিটিদের সমর্থন সুসমাচারকে এগিয়ে নেওয়ার সর্বোত্তম উপায়। কিন্তু ঈশ্বর রাজনৈতিক শক্তি দ্বারা সীমাবদ্ধ নন, এবং প্রকৃতপক্ষে দরিদ্রদের মাধ্যমে কাজ করতে পছন্দ করেন, বিশেষকরে যারা বিশ্বাসে সমৃদ্ধশালী (যাকোব ২:৫), অদৃশ্য লোকদের মাধ্যমে সুদের হার তৈরি করেন যারা কখনও বিখ্যাত হবে না। কল্পনাপ্রবণ লোকেরা পার্থিব ক্ষমতার এই ফাঁদের বাইরে দেখেন এবং যারা নম্র সেবার মাধ্যমে স্থায়ী ফল উৎপন্ন করে তাদের মধ্যে বিনিয়োগ করেন।

আমরা যখন সম্পর্ক এবং পরিস্থিতির সাথে শক্তভাবে আঁকড়ে থাকি তখনও সংরক্ষণের অনুভূতি দেখা দেয়। এটা উপলব্ধি করা আমাদের জন্য উপকারী যে জীবনের বিভিন্ন ঋতুতে মানুষ আসবে এবং যাবে। কল্পনাপ্রবণ ব্যক্তি সেই সকল ব্যক্তিদের প্রতি মনোযোগ দেন যাদেরকে ঈশ্বর তাদের পথে নিয়ে আসেন, কিন্তু তাদের ছেড়ে দিতেও সক্ষম হন, এবং আত্মবিশ্বাসী হন যে নতুন সুযোগ সামনে আসছে। আমাদের জীবনে ক্ষয়-ক্ষতির জন্য শোক করি কিন্তু পরবর্তী ঋতুর জন্য আশায় বেঁচে থাকি। ক্যাথি এবং আমি অনেক আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব এবং প্রতিবেশীকে হারিয়েছি যারা চলে গেছেন বা মারা গেছেন। প্রতিটি ক্ষতির জন্য আমরা শোকাহত, কিন্তু আমরা নিজেদেরকে মনে করিয়ে দিই যে ঈশ্বর আমাদের জীবনে পরবর্তী কাউকে পাঠাবেন এবং সেই প্রত্যাশায় আমাদের কল্পনাশক্তি ব্যবহার করতে হবে।

আপনার কল্পনাশক্তিকে গড়ে তোলা

কল্পনাশক্তি সমালোচকদের আকর্ষণ করে

আমরা যখন আমাদের কল্পনাশক্তির বিকাশে ক্রমশ এগিয়ে যাচ্ছি, তখন আমাদের দ্বারা সমালোচকরা আকর্ষিত হলে আমাদের অবাক হওয়া উচিত নয়। সংরক্ষণের দ্বারা প্রভাবিত ব্যক্তির কল্পনার প্রতি বিরূপ, কারণ এটি তারা যা সংরক্ষণ করার চেষ্টা করছে সেটাকে বিপদের মুখে ফেলে: তাদের স্থিতিবস্থা, তাদের জীবনের কাজ, তাদের কুখ্যাতির উৎস। কল্পনাশক্তি তাদের পরিকল্পনা ও উদ্দেশ্যের পিছনে লুকিয়ে থাকা আসল উদ্দেশ্যটিকে প্রশ্নের মুখে ফেলে। লোকেরা হয়তো বলতে পারে যে তারা কল্পনাপ্রসূত ধারণা দ্বারা মুক্ত হতে চায়, কিন্তু তারা প্রায়শই তাদের আত্মতুষ্টি পরিস্থিতির শান্তশিষ্ট আরামদায়ক অবস্থানে সম্ভুষ্ট থাকে। এই ধরনের লোকেরা এমন লোকদের সামনে আসতে ভয় পেতে পারে যাদের উপর তাদের আশা এবং স্বপ্ন রয়েছে, এবং যারা তাদের আরামদায়ক জীবনকে চ্যালেঞ্জ করে।

এছাড়াও, যখন তাদের নিরাপত্তার উৎস বিপদের সম্মুখীন হয় বা সেটা নিয়ে উপহাস করা হয়, তখন মানুষ প্রতিহত করে, তাই কল্পনাশক্তির বিকাশকে বিপ্লবের সূচনা হিসেবে দেখা যেতে পারে। মানুষ এই ভান করে যে তাদের জন্য ছোট্ট পৃথিবীই যথেষ্ট এবং তাই তারা আত্ম-সমালোচনার প্রতি গভীরভাবে প্রতিরোধী হতে পারে। তারা মিথ্যাভাবে ধরে নেয় যে তারা সেই স্বর্ণমান ধারণ করে যা অন্যরা অনুকরণ করতে চায়। তারা আত্ম-প্রতারিত, তারা ভাবে যে তাদের প্রভাব চিরকাল বেঁচে থাকবে। অতএব, তারা এই সত্যকে অস্বীকার করে যে তাদের পাইয়ের অংশ চিরকাল তাদের কাছে থাকবে, এবং তাদের ম্লান সাম্রাজ্য ধীরে ধীরে ধ্বংসের দিকে এগিয়ে চলছে।

আমি এই ঘটনাটি আমার কিছু বন্ধুদের সাথে ঘটতে দেখেছি যারা পালকীয় নেতৃত্বের মধ্যে রয়েছে, যখন তারা প্রাপ্তবয়স্ক মানুষদের শিষ্যত্ব করার কাঠামোতে পরিবর্তন আনতে চেয়েছিলেন। মণ্ডলীর একজন ছোট দলের নেতা এই পরিবর্তনগুলিকে প্রতিহত করেছিলেন, এই ধারণায় বিভ্রান্ত হয়েছিলেন যে তার ছোট্ট ছিটমহলাটি মণ্ডলীর অন্যদের জন্য অনুকরণ করার মত একটি উদাহরণ। যদিও তার প্রভাব ধীরে ধীরে ক্ষয় হচ্ছিল, তিনি লড়াই করে বলেছিলেন, “আমার বেঁচে থাকাকালীন আমার এই ছোট দলের মধ্যে কোন

আরেকবার ভাবুন

প্রকারের পরিবর্তন আসবে না”। কয়েক বছরের মধ্যেই, তিনি চলে গেলেন এবং তার কোনও অনুসারী ছেড়ে যেতে পারেননি।

এছাড়াও, সমালোচকরা সমালোচনা বা নিরুৎসাহের মাধ্যমে কল্পনাপ্রবণ ব্যক্তিদের টেনে নামানোর চেষ্টা করবে। প্রতিটি কল্পনাপ্রবণ-নহিমিয়ের জীবনে একজন করে সংরক্ষণবাদী-সম্বল্লট থাকে, যিনি নহিমিয়কে তার দৃষ্টিভঙ্গি থেকে বিভ্রান্ত করার চেষ্টা করেছিলেন (নহিমিয় ৪:১-৯)। নহিমিয়ের কাজ কতটা অপ্রস্তুত ছিল; কতটা অপেশাদার, অথবা পশ্চাদপদ ছিল তা বলতে সম্বল্লট দ্বিধা করেননি। একইভাবে, সংরক্ষণের দ্বারা পরিচালিত লোকেরা তাদের নিজস্ব উদ্ভাবনী ধারণা প্রদান করবে না বরং তাদের অংশ সংরক্ষণের জন্য কল্পনাপ্রবণ ব্যক্তিদের আক্রমণ করবে।

উদাহরণস্বরূপ, শিক্ষা জগতের বেশ কয়েকজন ব্যক্তি আমার বন্ধু ডঃ ডন ডেভিসকে বলেছেন যে নেতৃত্ব গঠনের তার এই পাঠ্যক্রমটি (দ্য ক্যাপস্টোন কারিকুলাম) বিশ্বের বিভিন্ন দেশে এবং কাগারে ব্যাপকভাবে ব্যবহৃত হওয়া সত্ত্বেও নিম্নমানের। তারা তার কাজকে অবমূল্যায়ন করে পরামর্শ দিয়েছিল যে তাদের নিজস্ব পাঠ্যক্রমটি তার ১৬-মডিউল মাস্টারপিসে যুক্ত করা উচিত। যখন এটি ঘটেছিল, তখন আমরা এই সমালোচনাটিকে “সপ্তদশ মডিউল সিন্ড্রোম” বলে অভিহিত করেছিলাম। বিরোধিতাকারীরা এই বিষয়টিতে কোনও মনোযোগ দেয়নি যে ক্যাপস্টোন তাদের প্রশিক্ষণের চেয়ে হাজার হাজার বেশি নেতাকে প্রশিক্ষণ দিয়েছেন। ফলস্বরূপ, আমরা তাদের উপেক্ষা করার সিদ্ধান্ত নিয়েছি এবং এমন অংশীদারদের বেছে নিয়েছি যাদের সংরক্ষণের নিজস্ব এজেন্ডাকে এগিয়ে নেওয়ার চাপ বোধ করে নি।

নির্ভরতা আকর্ষণ করে

যখন আমরা কল্পনাশক্তির বিকাশ ঘটাই, তখন আমাদের অস্বাস্থ্যকর নির্ভরশীলতার দিকেও নজর রাখা উচিত। কল্পনাপ্রবণ এবং ফলপ্রসূ মানুষরা এমন লোকদের আকৃষ্ট করবে যারা নিজেদের বোঝা বহন করতে অনিচ্ছুক কিন্তু নিজেদের জন্য যা করা উচিত তা করার জন্য সাহায্য চাইতে দ্রুত এগিয়ে আসে। কিন্তু প্রকৃত ক্ষমতায়ন করণার মাধ্যমে আসে না। আমাদের অবশ্যই লোকদের উপর যথেষ্ট বিশ্বাস রাখতে হবে যাতে তারা সংগ্রাম করতে পারে।

আপনার কল্পনাশক্তিকে গড়ে তোলা

আমরা সাহায্য করতে পারি, কিন্তু আমরা সকলের জন্য সবকিছু সমাধান করতে পারি না।

প্রকৃতপক্ষে, লোকেরা তাদের “অনন্য পরিস্থিতির” কারণে ব্যতিক্রমের জন্য অনুরোধ করবে। কিন্তু যখন আমরা সেই প্রত্যাশা পূরণ করতে পারে এমন লোকদের জন্য মান কমিয়ে দেই, তখন এটি ক্ষমতায়ন নয়, বরং সক্ষম করে তোলে। এর অর্থ হল লোকেরা আমাদেরকে কঠোর বলে ভুল বুঝতে পারে। কিন্তু কল্পনাপ্রবণ ব্যক্তির আমাদের নিজস্ব আহ্বানের উপর আস্থা রেখে, অন্যদের তাদের নিজস্ব কল্পনা গড়ে তুলতে সাহায্য করার জন্য পবিত্র আত্মার উৎসের উপর আস্থা রেখে অস্বাস্থ্যকর নির্ভরতার দিকে নজর দেন।

যন্ত্রণা দ্বারা গঠিত

কল্পনাশক্তির বিকাশ কেবল মিষ্টি এবং হালকা নয়। প্রকৃতপক্ষে, কল্পনাশক্তি তৈরি হয় বিষয়গুলি ভিন্ন হওয়ার গভীর আকাঙ্ক্ষা থেকে, স্থিতাবস্থার প্রতি অসন্তোষ থেকে। যখন আমরা ভাবি, “কেন আমি এই অবিরাম শোককে কাটিয়ে উঠতে পারি না?” তখন এটি দেখায় যে আমাদের কল্পনাশক্তি এখনও জীবিত, আমরা সংরক্ষণের অসাড়তার শিকার হইনি। প্রকৃতপক্ষে, আমাদের যন্ত্রণা আমাদেরকে সেই বিষয়টিকে মুক্ত করতে সাহায্য করবে যা দাসত্বে আবদ্ধ রয়েছে, সংরক্ষণের স্থিতাবস্থার পতনে অবদান রাখতে পরিচালিত করবে।

উদাহরণস্বরূপ, মিশরীয় নিপীড়নের বিরুদ্ধে ইস্রায়েলীয় জাতির চিৎকারের কথা বিবেচনা করুন। কল্পনাশক্তি তখনই গড়ে ওঠে যখন লোকেরা মিশরের নিরাপত্তা ত্যাগ করার কথা বিবেচনা করার জন্য যথেষ্ট দীর্ঘ সময় ধরে কষ্ট ভোগ করেছিল, নতুন জাতি হিসেবে একটি নতুন ভবিষ্যৎ কল্পনা করেছিল (যাত্রাপুস্তক ৩:৯)। কল্পনাশক্তি একটি নতুন পরিস্থিতি, একটি আশাব্যঞ্জক পরিস্থিতি দেখার চেষ্টা করে। ঈশ্বরের রাজ্যে আমাদের কাজ সেই বিষয়ের উপর নজর রাখা যা আবদ্ধ রয়েছে, মানুষের হতাশার দিকে তাকানো এবং একটি ভিন্ন পরিস্থিতি কল্পনা করা।

এই ধরনের কল্পনাশক্তির বিকাশের একটা উপায় ছিল দক্ষিণ লস অ্যাঞ্জেলেসে আমার অফিসে বহু বছর ধরে সাবওয়েতে যাতায়াতের মাধ্যমে। যখন আমি

আরেকবার ভাবুন

ভূগর্ভস্থ পথ থেকে উইলশায়ার এবং ভার্মন্ট যেখানে মিলিত হচ্ছে, সেখানে গিয়ে পৌঁছতাম, তখন আমি প্রায়শই বিশ্বের সবচেয়ে ব্যস্ততম এবং বৈচিত্র্যময় মোড়ে এক কাপ কফির জন্য থামতাম। বিভিন্ন জাতিগত গোষ্ঠী সেই বিশাল উঠানের মধ্য দিয়ে হেঁটে যেত, বাস পরিবর্তন করত, স্কুলে যেত, অথবা কাজে ছুটে যেত। আমি সকল বয়সের, আর্থ-সামাজিক স্তরের এবং পেশার লোকদের দেখেছি, যার মধ্যে আইনজীবী, নার্স, ছাত্র, গৃহহীন মানুষ এবং নির্মাণ শ্রমিকরাও অন্তর্ভুক্ত ছিল। আমি তাদের আশা, স্বপ্ন এবং ভয় সম্পর্কে ভাবতাম, ঈশ্বর যেভাবে দেখেছিলেন সেভাবে দেখার চেষ্টা করতাম, অর্থপূর্ণ এবং জীবনদায়ক কিছুতে অংশগ্রহণের জন্য মুক্তির অপেক্ষায় থাকা মানুষদের লক্ষ্য করতাম।

এইভাবেই কল্পনাশক্তির বিকাশ ঘটানো যায়, ব্যথা ও হতাশার স্তরের নীচে তাকিয়ে সৌন্দর্য ও আশার এক নতুন পরিস্থিতি দেখতে পাওয়া যায়। কল্পনাশক্তি ঈশ্বরের প্রতিমূর্তিতে যা তৈরি হয়েছে তা দেখতে পায়, যা পবিত্র আত্মার দ্বারা মুক্ত হওয়ার অপেক্ষায় রয়েছে, এবং মানুষকে যে কারণে সৃষ্টি করা হয়েছিল, সেই কারণটি পূর্ণ হতে দেখার অপেক্ষায় রয়েছে। কল্পনাশক্তি হল কোন স্লেট পরিষ্কার করার মত বিষয় নয়, বরং ইতিমধ্যেই যে ভালো বিষয়টি বিদ্যমান রয়েছে, সেটার উপর ভিত্তি করে তৈরি করা। এই ধরনের কাজ করার জন্য আমাদের কল্পনাশক্তির প্রয়োজন - ভালোটা দেখতে পাওয়া এবং মুক্ত করা।


কিন্তু এই ধরনের কল্পনার মধ্যে যন্ত্রণা এবং ব্যথা জড়িত। আমরা ভালো অবস্থায় রয়েছি, কারণ আমাদের আগে যে ভাববাদী এবং প্রেরিতরা এসেছিলেন, তারা যন্ত্রণাদায়ক কল্পনার জীবনযাপন করেছিলেন। প্রকৃতপক্ষে, আমাদেরকে একটি ভাববাণীমূলক পরিচর্যা দেওয়া হতে পারে, যেখানে আমরা বিশ্বস্ততার সাথে ঈশ্বর যা বলেন তা করি, যদিও কেউ না শোনে, তবুও। প্রাচীনকালের বিশ্বাসীরা জানতেন যে সমালোচকদের আকর্ষিত করার, অস্বাস্থ্যকর নির্ভরতা আকর্ষণ করা এবং তাদের যন্ত্রণা থেকে একটি বার্তা তৈরি করার অভিজ্ঞতা কী। কিন্তু আমাদের কল্পনাশক্তি গড়ে তোলার জন্য আরও একটি চ্যালেঞ্জ রয়েছে: এতে সময়, প্রচেষ্টা লাগে এবং ব্যর্থতার মধ্যে দিয়ে যেতে হয়।

আপনার কল্পনাশক্তিকে গড়ে তোলা

সুদের হার লাভ করতে গেলে সময়, প্রচেষ্টা এবং ব্যর্থতার অভিজ্ঞতা লাভ করা দরকার

বিনিয়োগের উপর একটি ভালো রিটার্ন পেতে অনেক সময় লাগে। মথি 25:19 পদ বলে, “অনেক দিন পরে সেই দাসদের প্রভু এসে তাদের কাছ থেকে হিসাব নিলেন।” কার্যকরী তত্ত্বাবধায়করা, যারা তাদের দেওয়া উদ্যোগের মূলধন দ্বিগুণ করেছিলেন, তারা সেই রিটার্ন অর্জন করতে অনেক সময় নিয়েছিলেন। তারা “দ্রুত ধনী হও” পরিকল্পনা অনুসরণ করেননি।

প্রকৃতপক্ষে, বিনিয়োগের উপর রিটার্ন খুব কমই সরলরেখায় অর্জিত হয়, তবে সাধারণত এই পথে উত্থান-পতন জড়িত থাকে। (চিত্র 7 দেখুন)। বিনিয়োগের বড় প্রতিদান সাধারণত চক্রবৃদ্ধি প্রভাবের মাধ্যমে অর্জিত হয়, ছোট ছোট পদক্ষেপ যা পুনরাবৃত্তি করা হয়, যা সময়ের সাথে সাথে বিস্ময়কর, সূচকীয় ফলাফলের দিকে পরিচালিত করে। যারা ধীরে ধীরে এবং বিশ্বস্ততার সাথে বিনিয়োগ করেন তারা পরবর্তী বছরগুলিতে বেশিরভাগ রিটার্ন পান।



চিত্র 7: চক্রবৃদ্ধি প্রভাব

কল্পনাশক্তি ঈশ্বরের জ্ঞান দান করার প্রত্যাশায় অপেক্ষা করে, কিন্তু হয়তো আমাদের সময়সূচী অনুসারে নয়: “কিন্তু যাহারা সদাপ্রভুর অপেক্ষা করে, তাহারা উত্তরোত্তর নূতন শক্তি পাইবে” (যিশাইয় ৪০:৩১)। এটি হতাশাজনক অপেক্ষা নয়, বরং একটি শান্তিপূর্ণ অপেক্ষা, আশাবাদী প্রত্যাশার অনুভূতি। আমরা যখন অপেক্ষা করি, তখনও আমাদের কল্পনাশক্তি কর্মরত থাকে, যেমন প্রেরিতরা যে প্রত্যাশার অনুভূতি লাভ করেছিলেন যখন যীশু তাদেরকে পবিত্র আত্মার আগমনের জন্য অপেক্ষা করতে বলেছিলেন।

আরেকবার ভাবুন

প্রচেষ্টা

কল্পনাশক্তির জন্যও প্রচেষ্টার প্রয়োজন। এর জন্য শৃঙ্খলা, উচ্চাকাঙ্ক্ষা এবং সাহসের প্রয়োজন। আমরা যখন চেষ্টা করি এবং ব্যর্থ হই তখন ঈশ্বর খুশি হন কিন্তু যখন আমরা ঝুঁকি নিই না, এবং তাঁর ধন মাটিতে পুঁতে ফেলি তখন তিনি অসন্তুষ্ট হন। অলস গৃহাধ্যক্ষ ঠিকই বলেছিলেন: “আমি জানতাম তুমি একজন কঠোর লোক, যেখানে বপন করোনি সেখানে ফসল কাটো এবং যেখানে বীজ ছড়িয়ে দাওনি সেখানে সংগ্রহ করো” (মথি ২৫:২৪)। ঈশ্বর চান আমরা পরিশ্রমী হই, আমাদের কল্পনাশক্তি ব্যবহার করি যাতে তিনি তাঁর বিনিয়োগের প্রতিদান পেতে পারেন, বীজ বপনের পরিণতি হিসেবে ফসল পেতে পারেন। তিনি আশা করেন যে আমরা যেন বুদ্ধিমান হই এবং কাজ সম্পন্ন করার জন্য কঠোর পরিশ্রম করি।

কল্পনাশক্তি এমন কিছু নয় যা মুহূর্তের মধ্যে তৈরি করা যায়।^{৪৫} আমরা কেবল সুযোগের সাথে তাল মিলিয়ে চলতে পারি না। এটিকে কঠোর পরিশ্রমের মাধ্যমে আমাদের মধ্যে গড়ে তুলতে হবে যাতে এটি আমাদের অভ্যাস এবং চরিত্রের মধ্যে দৃঢ়ভাবে গেঁথে যায়। ঠিক যেমন একজন ব্যক্তি রাতারাতি স্প্লিট করার জন্য শারীরিক নমনীয়তা বিকাশ করতে পারে না, তেমনি ইচ্ছাকৃত অনুশীলন এবং প্রতিফলনের মাধ্যমে ধীরে ধীরে কল্পনাশক্তি গড়ে তোলার জন্য প্রচেষ্টা প্রয়োজন।

ব্যর্থতা

কল্পনাশক্তির সাথে ব্যর্থতাও জড়িত। উদ্ভাবকরা ব্যর্থতা দেখে বিরক্ত হন না কারণ তারা ব্যর্থতাগুলো থেকে শেখার সুযোগ পান। যে গাছটি বীজ বপন করে তা ভবিষ্যতে প্রচুর ফসলের উৎস হতে পারে, তাই আমাদের বীজ বপন করা উচিত এবং দেখা উচিত কী হয়। যা প্রতিভার স্কুলিঙ্গ বলে মনে হয় তা একসময়ে ভেঙে যেতে পারে। তারপর, আমরা অবাক হই যখন দেখি যে একটি ভিন্ন পদ্ধতি কাজ করে। কিছু সেরা ধারণা দ্বিতীয় এবং তৃতীয়বারের প্রচেষ্টা থেকে আসে। এমনকি যখন আমরা আত্মার নেতৃত্ব অনুসরণ করার জন্য যথাসাধ্য চেষ্টা করি, তখনও কিছু ধারণা কাজ করে না, এবং কিছু-কিছু ধারণা হাস্যকর পর্যায়ে থাকে। কিন্তু ঈশ্বর সবকিছু পরিবর্তিত করতে পারেন।

আপনার কল্পনাশক্তিকে গড়ে তোলা

ব্যর্থতা হলো বৈচিত্র্যকরণ নামক বিনিয়োগ নীতির একটি উপাদান, যার অর্থ একটি পোর্টফোলিওতে বিভিন্ন প্রকল্প বা সম্পদ রাখা। যেহেতু কেউই নিশ্চিত হতে পারে না যে কোন প্রকল্পটি কাজ করবে, তাই বৈচিত্র্যকরণ একটি বিনিয়োগকে হ্রাস বা ব্যর্থ হতে দেয়, অন্যদিকে অন্যগুলি সফল হয়। যখন একজন বিনিয়োগকারী একসাথে বেশ কয়েকটি প্রকল্প চালু করেন, তখন সামগ্রিক রিটার্ন কিছু ব্যর্থ হলেও, সাধারণত ইতিবাচক হয়। একইভাবে, ব্যর্থতার ভয় ছাড়াই আমাদের পরিচর্যার জন্য বেশ কয়েকটি ধারণা চেষ্টা করা উচিত।

সবকিছুকে একসঙ্গে নিয়ে আসা

টড বলসিঞ্জার তার টেম্পার্ড রেজিলিয়েন্স বইতে তিনটি নীতির পরামর্শ দিয়েছেন যা কঠিন পরিস্থিতিতে আমাদের কল্পনাশক্তি ব্যবহারে সাহায্য করবে: 1) শান্ত থাকুন; 2) পথ ধরে চলুন; 3) সংযুক্ত থাকুন। যখন সবকিছু হারিয়ে গেছে বলে মনে হয়, তখন এমন একজন ব্যক্তি হয়ে উঠুন যিনি শান্ত থাকতে পারেন। যখন মনে হয় ঈশ্বরের পথ কাজ করছে না, তখন সেই পথ ধরে চলুন, সবকিছু ভুল হওয়ার আগে ঈশ্বর সম্পর্কে যা জানা আছে তার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ থাকুন। যখন অন্যরা দোষারোপ বা বিভেদের কাছে নতি স্বীকার করে, তখন এমন একজন ব্যক্তি হয়ে উঠুন যিনি মানুষের সাথে আন্তঃব্যক্তিকভাবে সংযুক্ত থাকেন। এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ, দ্রাক্ষালতার সাথে সংযুক্ত থাকুন।^{১৬}

যখন আমরা শান্ত থাকার, পথ ধরে থাকার এবং সংযুক্ত থাকার আকাঙ্ক্ষা করি, তখন আমরা ঈশ্বরের জন্য একটি সুদের হার প্রদানের জন্য নিজেদেরকে অবস্থান করাই। আমাদের কল্পনাশক্তি গড়ে তোলা কৌশলের চেয়ে শান্ত থাকার, বুদ্ধিমত্তার চেয়ে অধ্যবসায়ের এবং চতুরতার চেয়ে সংযোগের বিষয়ে বেশি গুরুত্বপূর্ণ। এটি কেবল বাইবেল অধ্যয়নের বিষয় নয়, এটি সৃজনশীল পরিস্থিতিতে বাইবেলের সত্য প্রয়োগ করার, এমন জ্ঞান অনুশীলন করার বিষয় যা ফল দেয় এবং তাঁর নামকে মহিমান্বিত করে।

আমরা আমাদের কল্পনাশক্তিকে চর্চা করতে পারি কারণ আমরা ভয়াবহভাবে এবং আশ্চর্যজনকভাবে ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট। আমরা জগতের আলো (মিথি ৫:১৪)। আমরা তাঁর কারিগর, খ্রীষ্ট যীশুতে সৃষ্ট, ঈশ্বর পূর্বেই প্রস্তুত করেছিলেন

আরেকবার ভাবুন

এমন সংকর্ম করার জন্য যা আমরা সেইসবের মধ্যে চলতে পারি (ইফিসীয় ২:১০)। অনাবৃত মুখের সাথে, প্রভুর মহিমা দেখে, আমরা একই প্রতিমূর্তিতে এক স্তর থেকে অন্য স্তরে মহিমায় রূপান্তরিত হচ্ছি। কারণ এটি প্রভুর কাছ থেকে আসে, যিনি আত্মা (১ করিন্থীয় ৩:১৮)।

কিন্তু এই ভালো কাজ কেবল আমাদের মধ্যেই সীমাবদ্ধ নয়। প্রকৃতপক্ষে, আমরা অন্যদেরও ঈশ্বরের জন্য তাদের নিজস্ব সুদের হার প্রদান করতে সাহায্য করতে পারি। তারা তাদের নিজের জীবনে দুর্গগুলি ভেঙে ফেলতে, চিন্তাভাবনাগুলিকে বন্দী করে রাখতে এবং ফিরে আসা অবাধ্যতার বিরুদ্ধে প্রতিরক্ষা করতে শিখতে পারে। ধ্যান, উপাসনা এবং প্রশংসায় বেড়ে ওঠার সাথে সাথে, তারা ফেলে দেওয়া ও মূল্যহীন ধাতু থেকে তৈরি হতে পারে যা তাদের পরিবার এবং বন্ধুদের নেটওয়ার্কের জন্য জীবন্ত জল সরবরাহ ব্যবস্থায় পরিণত হতে পারে।

মূলত, যখন আমরা যন্ত্রণাপ্রাপ্ত, বিভ্রান্ত, শয়তানের মিথ্যাচারে বিধ্বস্ত মানুষদের যত্ন নিই এবং তাদেরকে তাঁর বাক্যের জীবনদায়ক সত্যের দিকে নির্দেশ করি, তখন আমরা তাঁর বিনিয়োগের উপর একটি প্রতিদান তৈরি করি। যখন আমরা কল্পনাশক্তি গড়ে তুলি, তখন ঈশ্বর আমাদেরকে একটি ফল উৎপাদন করার একটি যন্ত্রে পরিণত করতে পারেন!

অধ্যায় 16

পুরাতন অভ্যাসগুলিকে নতুন দিয়ে প্রতিস্থাপন করুন

পূর্ববর্তী অধ্যায়গুলির সমস্ত দক্ষতাগুলি আমাদের জন্য উপকারী। কল্পনাশক্তি, অভিযোজনযোগ্যতা, ব্যক্তিগতকৃত প্রতিরক্ষা এবং ত্রিমাত্রিক গঠন আমাদের অনেক দূর নিয়ে যাবে। কিন্তু যদি আমরা স্থিতিস্থাপক হতে চাই, ঈশ্বরের বিনিয়োগের উপর একটি শক্তিশালী রিটার্ন দিতে চাই, তাহলে আমাদের আরও একটি দক্ষতার প্রয়োজন। আমাদের পুরানো অভ্যাসগুলি নতুন দিয়ে প্রতিস্থাপন করতে হবে। আমরা পরিবর্তন করতে পারি এমন একমাত্র উপায় হল আমাদের দৈনন্দিন জীবনের বিদ্যমান চিন্তাভাবনা এবং কার্যকলাপে নতুন তথ্য একীভূত করা, তবে এটি সময়ের সাথে সাথে ঘটে, কিছুটা এখানে এবং কিছুটা সেখানে।⁸⁷

এপিজেনেটিক্সের আবিষ্কারগুলি নিশ্চিত করে যে, যদি আমরা গভীর ধ্যানমূলক চিন্তাভাবনার মাধ্যমে নিজেদেরকে শৃঙ্খলাবদ্ধ করি, আমাদের মস্তিষ্কের বিভিন্ন অংশ ব্যবহার করি, তাহলে আমরা আমাদের চিন্তাভাবনাগুলিকে ধারণ এবং নিয়ন্ত্রণ করতে শিখি। প্রার্থনা এবং শাস্ত্র মুখস্থ করার সময়, আমরা আমাদের চিন্তাভাবনা পর্যবেক্ষণ করতে এবং ঈশ্বরের সত্য সম্পর্কে গভীরভাবে চিন্তা করতে পারি। এটি মস্তিষ্কের কার্যকারিতা ত্বরান্বিত করে, যার ফলে মানসিক, শারীরিক এবং আধ্যাত্মিক নিরাময় হয়। এই প্রক্রিয়াটি মস্তিষ্কের বিষাক্ত কাঠামোগুলোকে ধ্বংস করে এবং সেগুলিকে জীবনদায়ক সত্য দিয়ে প্রতিস্থাপন করে।

শাস্ত্র এবং এপিজেনেটিক গবেষণার উপর ভিত্তি করে, এই অধ্যায়ে শয়তানকে প্রতিরোধ করতে এবং স্থিতিস্থাপকতা তৈরি করতে আমি প্রতিদিন 10 মিনিটের একটি প্রক্রিয়া বর্ণনা করেছি। পুরানো অভ্যাসগুলি প্রতিস্থাপন করতে এবং একই ফলাফল অর্জনের জন্য বিভিন্ন পদ্ধতি রয়েছে।⁸⁸ কিন্তু আমার এই প্রস্তাবিত রুটিনের একটি সুবিধা হল এই যে এটি খুব বেশি সময়সাপেক্ষ নয়।

এপিজেনেটিক্স গবেষণা

আমি এপিজেনেটিক্স গবেষণা থেকে তথ্য লাভ করে আধ্যাত্মিক যুদ্ধের দৈনন্দিন চ্যালেঞ্জগুলিতে অংশগ্রহণ করি।⁸⁹ এই গবেষণার কিছু অংশ মস্তিষ্কের

আরেকবার ভাবুন

বিভিন্ন অংশকে পুনর্গঠন করার জন্য পাঁচটি ধাপের পরামর্শ দেয়: 1) আমাদের চিন্তাভাবনা সম্পর্কে সচেতন হওয়া; 2) আমাদের চিন্তাভাবনার গভীরে যাওয়া; 3) চিন্তাভাবনাগুলিকে কাগজে লেখা; 4) আমরা যে পরিবর্তনটি চাই তা তৈরি করা; 5) কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা।

আমি এই পাঁচটি ধারণা অধ্যয়ন করেছি এবং সেগুলোকে ছয়টি ধাপে সংগঠিত করেছি যা আমার কাছে এই অ্যাক্রোস্টিক ব্যবহার করে বোধগম্য হয়েছিল: “RESILE” এটি একটি অদ্ভুত শব্দ, কিন্তু এটি “RESILIENCE” শব্দের ক্রিয়া রূপ; অর্থাৎ, যখন আমরা স্থিতিস্থাপকতা প্রদর্শন করি, তখন আমরা *resile* করি। ধাপগুলি এখানে দেওয়া হল:

R: নিজের পরিকল্পনাগুলিকে ছেড়ে দেওয়া

E: অনুভূতিগুলিকে নিরীক্ষণ করা

S: মিথ্যাগুলিকে চিহ্নিত করা

I: সত্যকে আহ্বান করা

L: সংঘর্ষ সমাধান করা

E: একটি স্লোগান ব্যবহার করা

যদিও প্রতিটি ধাপ সমগ্র বিষয়টির সাথে সংযুক্ত, প্রাথমিক লক্ষ্য হল শেষ পর্যন্ত পৌঁছানো (একটি স্লোগান ব্যবহার করা), তাই প্রক্রিয়াটি চলমান রাখা এবং পথে আটকে যাওয়া এড়ানো অত্যন্ত গুরুত্বপূর্ণ।

নিজের পরিকল্পনাগুলিকে ছেড়ে দেওয়া

যদিও RESILE-এর প্রতিটি পদক্ষেপ ঈশ্বরের সাথে সংলাপের একটি সুযোগ, তবুও *রিলিজ আজেন্ডা* হল ঈশ্বরের ইচ্ছার কাছে নিজেকে অধীন করার জন্য একটি জোরপূর্বক বিরতি নেওয়া। আমি আত্মাকে অনুরোধ করি যেন তিনি আমার চিন্তাভাবনাকে পরিচালিত করেন, আমাকে সত্যের দিকে পরিচালিত করেন যাতে তিনি আমাকে খ্রীষ্টের প্রতিমূর্তিতে রূপ দিতে পারেন, যেমন একজন ধাতুবিদ ফেলে দেওয়া ধাতু থেকে একটি পিতলের বাসন তৈরি করেন।

পুরাতন অভ্যাসগুলিকে নতুন দিয়ে প্রতিস্থাপন করুন

এটি করার জন্য, কখনও কখনও আমি তাঁর রাজ্যের মহিমা বিবেচনা করার জন্য কিছুক্ষণ সময় ব্যয় করি, যুগ যুগ ধরে তাঁর বিশাল পরিকল্পনায় আমার তুলনামূলকভাবে তুচ্ছ অবদানের তুলনা করি। এটি আমাকে আমার সমস্যাগুলিকে সঠিক দৃষ্টিকোণে রাখতে সাহায্য করে, আমাকে মনে করিয়ে দেয় যে জীবনের সমস্ত উত্তর ঈশ্বর আমার কাছে প্রকাশ করেছেন, এবং আমার নিজস্ব অন্তর্দৃষ্টি বা চতুরতা থেকে তা প্রকাশ পায়নি। কখনও কখনও এই পদক্ষেপটি কয়েক সেকেন্ডের মধ্যে সম্পন্ন করা যেতে পারে, এবং কখনও কখনও ঈশ্বরকে আমার জীবনের নিয়ন্ত্রণ দেওয়া আমার পক্ষে কঠিন হয়ে পড়ে। কিন্তু আমি ঈশ্বরের সাথে লড়াই করি যতক্ষণ না আমি আমার উদ্দেশ্য ও পরিকল্পনাগুলিকে তাঁর কাছে ছেড়ে দিতে পারি। যদি আমি আটকে যাই, আমি প্রভুর প্রার্থনা দিয়ে শুরু করি, প্রার্থনা করি যে তাঁর ইচ্ছা আমার জীবনেও যেমন স্বর্গে তেমনই পূর্ণ হোক।

অনুভূতিগুলিকে নিরীক্ষণ করা

পরবর্তী পদক্ষেপ হল আমার অনুভূতিগুলির একটি দ্রুত তালিকা তৈরি করা, আমি কীভাবে খুশি, দুঃখিত, চিন্তিত, বিভ্রান্ত ইত্যাদি হতে পারি তা তালিকাভুক্ত করা। এই অনুভূতিগুলি মূল্যায়ন করার, তাদের অর্থ নির্ধারণ করার, বা সত্যের সাথে তাদের প্রতিহত করার সময় এটা নয়। এগুলি কেবল আমার মনে অথবা একটি কাগজের মধ্যে লিখে রাখার মাধ্যমে চিহ্নিত করা দরকার। উদাহরণস্বরূপ:

- আমার বাচ্চার পরীক্ষার ফলাফল নিয়ে আমি খুব চিন্তিত
- আমার প্রতিবেশীর বাড়ির প্রাচীর ভেঙ্গে পড়াতে আমি অত্যন্ত দুঃখিত হয়েছি।
- কর্মক্ষেত্রে আমার প্রকল্পে কাজ করা নিয়ে অত্যন্ত খুশি।

কখনও কখনও আমার অনুভূতির নাম খুঁজে বের করার জন্য আমাকে “অনুভূতি চক্র”⁹⁰ ব্যবহার করতে হয়, আবার কখনও কখনও, এত আবেগে ভারাক্রান্ত বোধ করি যে, সবচেয়ে প্রভাবশালী আবেগটিই আমাকে বেছে নিতে হয়। অনেক উদ্বেগ নিয়ে চিন্তাভাবনা করে নিজেকে আটকে রাখা থেকে এড়াতে দ্রুত এই পরিস্থিতি কাটিয়ে ওঠাই মূল কথা। যদি এই তালিকা তৈরি করতে

আরেকবার ভাবুন

কয়েক মিনিটের বেশি সময় লাগে, তাহলে তিন মিনিটের জন্য টাইমার সেট করুন যাতে আপনি এগিয়ে যেতে পারেন।

এই পদক্ষেপটি গুরুত্বপূর্ণ কারণ অনুভূতিগুলি একটি সূচক হিসেবে কাজ করে যে কীভাবে আমরা আমাদের জীবনের পরিস্থিতিগুলিকে ব্যাখ্যা করছি। একটি মেটাল ডিটেক্টর যন্ত্রের মতো, এটি আমাদের সেই মুহূর্তে আমাদের মানসিক শক্তি কোথায় প্রয়োগ করা হচ্ছে তা মূল্যায়ন করতে সাহায্য করে, অথবা একটি থার্মোমিটারের মতো যা জ্বর মাপতে সাহায্য করে। আবেগকে প্রকাশ্যে আনা এবং আমরা কী অনুভব করছি, তা স্পষ্ট ভাবে প্রকাশ করা একটা ভালো বিষয়, তা বন্ধুর সাথে হোক বা কেবল নিজের সাথে। কখনও কখনও শত্রুর চক্রান্তগুলি কেবল আমাদের অনুভূতির সাথে কথা বলার মাধ্যমেই প্রকাশিত হয়।

যদিও আমাদের মনোযোগ প্রায়শই নেতিবাচক অনুভূতির দিকে আকৃষ্ট হয়, তবুও এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে শয়তান ইতিবাচক আবেগ ব্যবহার করেও আমাদেরকে ঈশ্বরের সেবা করা থেকে বিরত রাখতে পারে। উদাহরণস্বরূপ, মানুষ তাদের পাপপূর্ণ অহংকারে সন্তুষ্ট থাকতে পারে, স্পষ্টতই লাভের লোভে উচ্ছ্বসিত হতে পারে, প্রতিশোধ নেওয়ার পরিকল্পনা করার সময় খুশি হতে পারে, অথবা যৌন নৈতিকতার রোমাঞ্চে মোহিত হতে পারে। অতএব, কেবল নেতিবাচক অনুভূতি নয়, আমাদের জীবনের সমস্ত অনুভূতিগুলির মূল্যায়ন করা গুরুত্বপূর্ণ।

মিথ্যাগুলিকে চিহ্নিত করুন

অনুভূতির তালিকা ব্যবহার করে, আমি খুঁজে বের করি যে শত্রু আমাকে কোথায় প্রতারণা করার চেষ্টা করেছে। সে কোন আবেগকে মিথ্যায় রূপান্তরিত করেছে যার ফলে বিভ্রান্তি, নিরুৎসাহ বা আত্ম-ধ্বংসাত্মক আচরণ দেখা দেয়? উদাহরণস্বরূপ, যদি অনুভূতিটি একটি শিশুর পরীক্ষায় প্রাপ্ত নম্বর সম্পর্কে উদ্বেগ হয়, তাহলে শত্রু হয়তো ফিসফিসিয়ে বলতে পারে, “আপনার সন্তানের পরীক্ষায় খারাপ ফলাফল বেকারত্ব এবং আজীবন গৃহহীনতার দিকে পরিচালিত করবে”। এটি স্পষ্টতই একটি অতিরঞ্জিত বাক্য যাকে মিথ্যা বলা যেতে পারে।

পুরাতন অভ্যাসগুলিকে নতুন দিয়ে প্রতিস্থাপন করুন

এই পদক্ষেপটি মিথ্যার মূল্যায়ন করার সময় নয়, অথবা সত্য দিয়ে এর বিরোধিতা করার সময় নয়। এটি কেবল অনুভূতির সাথে সম্পর্কিত মিথ্যাগুলি সনাক্ত করার সময়। কখনও কখনও আমি নিজেকে “তাতে কী হল?” প্রশ্ন জিজ্ঞাসা করা সহায়ক বলে মনে করি, যা আবেগের পিছনে লুকিয়ে থাকা মিথ্যাগুলি উন্মোচন করে। একটি শিশুর পরীক্ষায় প্রাপ্ত নম্বর নিয়ে উদ্বেগের উদাহরণ ব্যবহার করে, কয়েকটি প্রশ্ন নিচে দেওয়া হল:

- তাতে কী হল? “আমার বাচ্চা যদি স্কুলের পড়াশোনায় ব্যর্থ হয়, তাহলে সে একটা ভালো বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার সুযোগ পাবে না”।
- তাতে কী হল? “আমার মেয়ে যদি একটা ভালো স্কুলে পড়াশোনা করতে না পারে, তাহলে আমার বৃদ্ধ বয়সে আমার দেখাশোনা করার জন্য কেউ থাকবে না”।
- তাতে কী হল? “আমার দেখাশোনা করার জন্য যদি কেউ না থাকে তাহলে আমি গৃহশূন্য হয়ে একদিন মারা যাব”।

তাতে কী হল প্রশ্নগুলি আমাদের চিন্তাভাবনার অযৌক্তিকতা উন্মোচন করতে পারে। এই উদাহরণে, স্কুলে এই একটি অস্থায়ী অসুবিধার সময়কে অত্যধিক গুরুত্ব দেওয়া হয়েছে, যা ঈশ্বরের প্রতি আস্থার অভাব এবং মেয়ের উপর অযৌক্তিক চাপ প্রকাশ করে। গোপনে লুকিয়ে থাকা মিথ্যা, ভয়, অহংকার বা অযৌক্তিক অনুমান সনাক্ত করে ঘটনাগুলিকে একটি সঠিক দৃষ্টিকোণে রাখা যেতে পারে।

এই পর্যায়ে গতিশীলতা বজায় রাখার জন্য 9-10 অধ্যায়ে ইমপালসিভ ডেস্ট্রাকশন এবং প্যাসিভ ডিস্ট্রাকশনের তালিকাভুক্ত ট্রিগারগুলির বর্ণনা সহায়ক হতে পারে। অথবা পরবর্তী ধাপে এগিয়ে যেতে দ্বিধা করবেন না, কারণ কখনও কখনও RESILE-এর পরবর্তী ধাপগুলির মাধ্যমে মিথ্যাটি বেরিয়ে আসবে। মূল উদ্দেশ্য হল শেষ ধাপে পৌঁছানো, তাই এগিয়ে যেতে থাকুন।

অনুভূতি পরীক্ষা করার সময়, কখনও কখনও ঈশ্বর আমার জীবনে এমন পাপ প্রকাশ করেন যার স্বীকারোক্তি প্রয়োজন। আত্মা আমাকে দেখাবেন যে আমি আত্মরক্ষামূলক আচরণ করছি অথবা আমার যা থাকা উচিত তার জন্য

আরেকবার ভাবুন

অন্যদের দোষারোপ করছি কিনা, তাই দ্রুত সম্মত হওয়া, অনুতপ্ত হওয়া এবং তাৎক্ষণিক ক্ষমা লাভ করাই সর্বোত্তম।

সত্যকে আহ্বান করা

পরবর্তী পদক্ষেপ হল আমার মস্তিষ্কে অন্য মোডে স্থানান্তরিত করা, আমার মনকে বস্তুনিষ্ঠভাবে সত্যের উপর কেন্দ্রীভূত করা, আমার অনুভূতি থেকে সরে এসে আমার পরিস্থিতির সাথে প্রযোজ্য সত্যটি পর্যালোচনা করা। এটি আমার অনুভূতিগুলিকে জিজ্ঞাসাবাদ বা জেরা করার সময় নয়, কেবল একজন উদাসীন পর্যবেক্ষক হিসাবে তথ্যগুলি তালিকাভুক্ত করার সময়।

এখানেই ঈশ্বর অতীতের বাইবেল অধ্যয়ন, মুখস্থকরণ এবং বাক্য ধ্যান করার ফলগুলি ব্যবহার করেন। আমি তাঁর বাক্যে বিনিয়োগ করার সাথে সাথে আত্মা আমাকে সত্যের দিকে পরিচালিত করেন। যারা যথেষ্ট শাস্ত্র জানেন না, তাদের দোষী বোধ করার দরকার নেই, কেবল আপনি যা ইতিমধ্যে জানেন তা নিয়েই কাজ করুন। পরবর্তী সময়ে বাইবেল অধ্যয়নের আরও গভীরে খনন করার জন্য এটি একটি অনুপ্রেরণা হতে দিন, একটি কনকর্ডেস ব্যবহার করে অথবা অনলাইনে এমন পদগুলি সন্ধান করুন যা এই চিহ্নিত পরিস্থিতির সাথে সম্পর্কিত।

সত্যটি একটি সংক্ষিপ্ত বিবৃতি আকারে লিখুন, যেমন নিচে দেওয়া উদাহরণগুলি, যা আমার ব্যক্তিগত লড়াইয়ে বিশেষভাবে সহায়ক সত্য হয়ে কাজ করেছে (আরও উদাহরণের জন্য পরিশিষ্ট 3 দেখুন):

- আমার দুর্বলতায় তাঁর অনুগ্রহ যথেষ্ট (২ করি ১২:৯).
- আমি যদি ঈশ্বরের রাজ্যকে সবার প্রথমে অন্বেষণ করি, তাহলে আমার সকল প্রয়োজনীয় বিষয় আমাকে দেওয়া হবে (মথি ৬:৩৩).
- আমার এক শত্রু রয়েছে (১ পিতর ৫:৮).
- এটা ঈশ্বরের কাজ, আমার কাজ নয় (মথি ৯:৩৮).
- জীবন ও ধার্মিকতার জন্য যা কিছু প্রয়োজন, তা আমার কাছে রয়েছে (২ পিতর ১:৩).

পুরাতন অভ্যাসগুলিকে নতুন দিয়ে প্রতিস্থাপন করুন

- মানুষ আমার স্তর নয়; প্রত্যেক সমস্যার একটি স্বর্গীয় উৎস রয়েছে (ইফি ৬:১২).
- কোন পরিস্থিতিই ঈশ্বরের দ্বারা উদ্ধার পাওয়ার উর্ধ্বে নয় (রোমীয় ৮:৩৭-৩৯).
- সমস্ত পরিস্থিতিতে সন্তুষ্ট থাকার ক্ষমতা আমার রয়েছে (ফিলি ৪:১১-১৩).
- আমি যা কিছু অর্জন করেছি, তা আমার যোগ্যতার কারণে পাইনি, বরং ঈশ্বরের অনুগ্রহের কারণে পেয়েছি (ইফি ২:৮-১০).
- দিয়াবলের অপেক্ষায় ঈশ্বর অনেক বেশি শক্তিশালী (১ যোহন ৪:৪).
- ঈশ্বরের কাজ করার জন্য আমি যোগ্যতা হাসিল করেছি (কল ১:১১-১২; ২ করি ৩:৫).
- দৃশ্য দ্বারা নয়, বরং আমরা বিশ্বাস দ্বারা চলি (২ করি ৫:৭).
- ঈশ্বর আমাকে প্রেম করেন এবং আমার জীবনে অনেক বিনিয়োগ করেছেন (মথি ১৩).
- পবিত্র আত্মা আমাকে সকল সত্যে পরিচালনা করেন (যোহন ১৬:১৩).

যদি সত্য নিশ্চিত করা কঠিন হয়, তাহলে একটি কলোমে অনুভূতির একটি তালিকা তৈরি করুন এবং অন্য কলোমে সত্যের সাথে এর তুলনা করুন।
উদাহরণস্বরূপ:

এর পরিবর্তে (অনুভূতিগুলিকে নিরীক্ষণ করার ফলে যা পেয়েছেন)	আপনি এটার স্বীকৃতি দিতে পারেন (সত্যকে আহ্বান করার ফলে যা পেয়েছেন)
কেউ আমার জন্য চিন্তা করে না	তুমি আমাকে পছন্দ কর এবং বাকিরাও করে
আমার মধ্যে কোন প্রতিভা নেই	তুমি আমাকে বরদান দিয়েছ যাতে আমি তোমার দেহের মধ্যে সেবা করতে পারি

আরেকবার ভাবুন

আমার অবস্থা অত্যন্ত খারাপ	আমি সন্তুষ্ট হতে পারি
আমি একা	আমার বন্ধুদের জন্য তোমাকে ধন্যবাদ জানাই
আমি অসহায়	তুমি আমাকে কখনই ছাড়বে না বা ত্যাগ করবে না

পূর্ববর্তী ধাপগুলির মতো, আমি মাত্র কয়েক মিনিটের মধ্যে এই ধাপটি সম্পন্ন করি যাতে হতাশায় আমি হাল ছেড়ে দিতে প্রলুব্ধ না হই। ইতিহাসকে বিশ্লেষণ করার চাপ প্রতিরোধ করুন, যেমন কোথায় আপনার বিশ্বাস ভুল পথে চালিত হয়েছিল বা শৈশবে কী ঘটেছিল, ইত্যাদি। কিছু চিন্তাভাবনা এবং সমস্যাগুলি এই সংক্ষিপ্ত অনুশীলনে বের করার জন্য খুব গভীর এবং প্রার্থনা, ধ্যান বা পেশাদার পরামর্শের জন্য দীর্ঘ সময় প্রয়োজন হতে পারে। আমি জেনোয়ার ক্যাথরিন যা বলেছিলেন তা পুনরাবৃত্তি করতে পছন্দ করি, “ঈশ্বর আমাকে যা জানাতে চান তার বাইরে জানার চেষ্টা করে আমি নিজেকে ক্লান্ত করব না। পরিবর্তে, ঈশ্বর আমাকে যে বোধগম্যতা দিয়েছেন তা নিয়ে আমি শান্তিতে থাকব। এবং আমি এটিকে আমার মনকে দখল করতে দেব”।⁹¹

সংঘর্ষ সমাধান করুন

একবার মিথ্যাকে চিহ্নিত করা এবং সত্যকে আহ্বান করা হয়ে গেলে, আমার অনুভূতি এবং সত্যের মধ্যে দ্বন্দ্বের সমাধান করার জন্য একটি উপায় প্রয়োজন। “মীমাংসা” একটি আইনি শব্দ যা বর্ণনা করে যে আদালতে বিরোধগুলি কীভাবে নিষ্পত্তি করা হয়, তাই এই পদক্ষেপটি আবেগ, মিথ্যা এবং সত্যের মধ্য দিয়ে এগিয়ে যাওয়া এবং একটি সমাধানে আসার জন্য ডিজাইন করা হয়েছে।

এটি গুরুত্বপূর্ণ কারণ আবেগ স্বভাবতই অনুসারী, এবং আমরা যখন আমাদের আবেগগুলিকে নেতৃত্ব দিতে দিই তখন আমরা আমাদের আত্মাকে বিপদে ফেলি। অন্যদিকে, সত্যের উদ্দেশ্য হল নেতৃত্ব দেওয়া। ঈশ্বরের সত্য আমাদের মনের কুয়াশা দূর করে, আমাদের আবেগের চারপাশে বেড়া প্রদান করে এবং বুদ্ধিদীপ্ত সিদ্ধান্ত নেওয়ার জন্য আমাদের মুক্ত করে।⁹² যাইহোক, আমরা মস্তিষ্কের মধ্যে পুঁথিগত ভাবে সত্যকে জানতে পারি, কিন্তু যতক্ষণ না আমাদের

পুরাতন অভ্যাসগুলিকে নতুন দিয়ে প্রতিস্থাপন করুন

হৃদয় আমাদের মস্তিষ্কের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়, ততক্ষণ আমরা বিভ্রান্ত এবং হতাশ হতে পারি। উদাহরণস্বরূপ, আমরা একাকী বোধ করতে পারি এবং তার সাথে-সাথে এটাও বিশ্বাস করতে পারি যে ঈশ্বর কখনও আমাদের ছেড়ে যাবেন না বা ত্যাগ করবেন না। উভয়ই একই সাথে সত্য হতে পারে।

কিন্তু যখন আমাদের অনুভূতি সত্যের সাথে এতটাই তীব্রভাবে বিরোধপূর্ণ হয়, তখন সত্য গ্রহণ করা কঠিন হয়ে পড়ে। একে “জ্ঞানীয় অসঙ্গতি” বলা হয়। উদাহরণস্বরূপ, আমরা বলতে পারি যে আমাদের ক্ষমা করা হয়েছে, এবং ঈশ্বর আমাদের উপর আনন্দিত হন, কিন্তু আমাদের হৃদয়ে, আমরা অনুভব করি যে আমরা তাঁকে হতাশ করি এবং তিনি কেবল আমাদের সহ্য করেন। আমরা হয়তো চাই যে বাইবেল আমাদের প্রতি তাঁর ভালোবাসা সম্পর্কে যা কিছু বলে তা আমরা যেন বিশ্বাস করতে পারি, কিন্তু পরিবর্তে আমরা ঈশ্বরের থেকে নিজেদেরকে দূরে বোধ করতে পারি। অতএব, বিবাদ সমাধান হল অনুভূতির সাথে সত্যের সমন্বয় সাধন করে, আমাদের আবেগে আটকে থাকা বাধাগুলি চিহ্নিত করে জ্ঞানীয় অসঙ্গতি দূর করার একটি প্রচেষ্টা।

শুধুই বিষয়টিকে দৃশ্যমান করে তোলা নয়

স্ব-সহায়ক শিল্প জ্ঞানীয় অসঙ্গতিকে উপেক্ষা করে এই পরামর্শ দেয় যে আমরা কেবল একটি কাঙ্ক্ষিত ফলাফলকে “কল্পনা” বা “মৌখিকভাবে” অস্তিত্বে আনতে পারি। অন্য কথায়, কেবল “বিষয়টিকে দেখা” বা “বিষয়টিকে বলা” বিষয়টিকে বাস্তবে পরিণত করবে। লোকেরা তাদের সমস্ত হৃদয় দিয়ে কল্পনা এবং মৌখিকভাবে বলতে পারে, কিন্তু “এটি দেখুন - বলুন” পদ্ধতিটি প্রায়শই লোকের খারাপ বোধ করায় যখন তাদের স্বপ্নগুলি বাস্তবায়িত হয় না।⁹³ এই পদ্ধতির আরেকটি সমস্যা হল যে লোকেরা ধরে নেয় যে ভাল পরিস্থিতি সুখের জন্ম দেবে, যখন আমাদের যা সত্যিই প্রয়োজন তা হল অসুবিধার মুখোমুখি হওয়ার জন্য আরও স্থিতিস্থাপকতা।

এই ইতিবাচক স্বীকারোক্তির পদ্ধতি অনেকটা জাদুর মতো, যেখানে মানুষ বিশ্বাস করে যে তারা সঠিক মন্ত্র বলবে এবং তাদের কাঙ্ক্ষিত ফলাফল প্রকাশিত হবে। এটি ঈশ্বরের উপর অযৌক্তিক প্রত্যাশা রাখে যে তিনি আমাদের যা চান তা দেবেন, তাঁকে একজন ইচ্ছাপূরণ দৈত্য বা দাসের মতো মনে করি। এটি

আরেকবার ভাবুন

আরও ধরে নেয় যে আমরা জানি তাঁর রাজ্যের জন্য কোন বিষয়টি সর্বোত্তম। জ্ঞানীয় অসঙ্গতি কাটিয়ে ওঠার সর্বোত্তম উপায় হল সত্যের পথে বাধা হয়ে দাঁড়ানো ভুল বিশ্বাসের বিরুদ্ধে শক্তি ব্যবহার করার জন্য আত্মার কাছে শক্তি চাওয়া। এই বাধাগুলি চিহ্নিত করে, আমরা তাদের জেরা করতে পারি, শাস্ত্রের সত্যতার সামনে রেখে তাদেরকে প্রশ্নের মুখে রাখতে পারি। এইভাবে, আমরা সত্যকে একটি তাপস্থাপকের মতো ব্যবহার করি, যা ব্যবহার করে আমাদের আবেগকে সারিবদ্ধ করার জন্য তাপমাত্রা নির্ধারণ করি।

যখন আমরা সংঘর্ষের সমাধান করি, এবং আমাদের আবেগগুলি সত্যের সাথে সারিবদ্ধ হতে শুরু করে, তখন আমরা ইব্রীয় ১১:১ পদে বর্ণিত বিশ্বাস অনুভব করি। আমাদের প্রত্যাশিত জিনিসের (সত্য) নিশ্চয়তা (অনুভূতি), অদৃশ্য জিনিসের (সত্য) দৃঢ় প্রত্যয় (অনুভূতি) থাকে। পরিস্থিতি যেমনই হোক না কেন, তবুও আমাদের মধ্যে আত্মবিশ্বাসের অনুভূতি থাকে। কঠিন পরিস্থিতিতেও আমরা শান্তিতে থাকি। কিন্তু যদি আমাদের মধ্যে জ্ঞানীয় অসঙ্গতি থাকে, তাহলে সংজ্ঞা অনুসারে আমাদের মধ্যে বিশ্বাস থাকে না। অতএব, যতক্ষণ না আমরা আরামপ্রদ ভাবে সত্যের সাথে অনুভূতির মিলন ঘটাই, এবং জ্ঞানীয় অসঙ্গতিকে দূর করি, ততক্ষণ পর্যন্ত মামলার মোকাবিলা করা গুরুত্বপূর্ণ।

কীভাবে এই সংঘর্ষ সমাধান করবেন

মানসিক স্বাস্থ্যের কিছু পদ্ধতিতে সমস্যার উৎস খুঁজে বের করার জন্য পিছনে ফিরে তাকানোর উপর জোর দেওয়া হয়। যদিও এটি কিছু ক্ষেত্রে সহায়ক হতে পারে, RESILE হল সত্য আবিষ্কারের একটি ভবিষ্যৎমুখী প্রক্রিয়া, যার ফলে ক্ষমতা ব্যবহার করে কর্ম পরিকল্পনা তৈরি হয়। অন্য কথায়, “কেন” প্রশ্ন জিজ্ঞাসা করবেন না (আমি কেন এটি করি? কেন আমি এইভাবে অনুভব করি?)। পরিবর্তে, “কী” প্রশ্ন জিজ্ঞাসা করুন (আমি এটি সম্পর্কে কী করতে যাচ্ছি?)। আমরা মিথ্যার উৎস অন্বেষণে এত বেশি সময় ব্যয় করে থাকি যে আমরা কখনই গুরুত্বপূর্ণ অংশে পৌঁছাতে পারি না, যা হল একটি কর্ম-পরিকল্পনা তৈরি করা।

গবেষণায় দেখা গেছে যে এটি করার সর্বোত্তম উপায় হল লেখা (পেন্সিল/কলম এবং কাগজ ব্যবহার করার একটি পুরাতন পদ্ধতি)। শিক্ষকরা জানেন

পুরাতন অভ্যাসগুলিকে নতুন দিয়ে প্রতিস্থাপন করুন

যে কাগজে পেন্সিলের কম্পন আমাদের মস্তিষ্কে রূপান্তরিত করে।⁹⁴ এই লেখাটি শব্দ এবং বাক্যের (জার্নাল-স্টাইল) মধ্যে সীমাবদ্ধ থাকার কথা নয়, বরং স্কেচিং, ডুডলিং, ডায়াগ্রাম তৈরি, রঙ ব্যবহার, চার্ট অঙ্কন, কবিতা লেখা বা গান রচনার মাধ্যমে সৃজনশীল হতে পারে। লেখার জন্য ব্যবহৃত পদ্ধতিটি গুরুত্বপূর্ণ নয়।

উদ্দেশ্য হলো যেকোনো পদ্ধতির ভার থেকে মুক্ত থাকা, আবেগ এবং সত্যের মধ্যে অবাধে এদিক-ওদিক ঘোরাফেরা করা। ঝড়ো আবেগ থেকে সত্যের একটি প্রতিরক্ষামূলক ছাউনির দিকে যাওয়ার পথ খুঁজে না পাওয়া পর্যন্ত জ্ঞানীয় অসঙ্গতির সাথে লড়াই করুন। এই অভিজ্ঞতা আপনাকে স্বাধীন করতে পারে, তবে এটি অগোছালোও হতে পারে এবং সম্ভবত সরলরেখায় চলতে নাও পারে। আমার অনুভূতিগুলিকে সত্যের সাথে মিলিত করার আগে আমি প্রায়শই বেশ কয়েকবার দৌলুমান থাকি। (যারা গোপনীয়তা নিয়ে উদ্ভিগ্ন, তারা তাদের লেখাটি সমাপ্ত করার পর পৃষ্ঠাটি ছিঁড়ে ফেলে দিতে পারে, কারণ লেখার প্রক্রিয়াটি গুরুত্বপূর্ণ, পৃষ্ঠাতে লেখা শব্দগুলি নয়)।

সংঘর্ষ সমাধান করা কখনও কখনও প্রকাশ করে যে আমরা অন্যদের প্রভাবিত করার জন্য কতটা শক্তি ব্যয় করছি, বন্ধুবান্ধব, পরিবার, আমার নিয়োগকর্তা, অথবা বৃহত্তর বিশ্বকে খুশি করার চেষ্টা করে চলেছি। আমাদের কার্যকলাপগুলি ঈশ্বরের কাছে গুরুত্বপূর্ণ হওয়া উচিত, আমার বা অন্যদের কাছে নয়। এছাড়াও, এটি এমন একটি সময় যখন ঈশ্বর আমাদের ক্ষমা করার প্রয়োজনীয়তা প্রকাশ করেন বা মানুষের প্রতি আমাদের নতুন করুণা দান করেন।

পূর্ববর্তী ধাপগুলির মতো, এই ধাপে খুব বেশি সময় নেওয়া এবং জটিলতা তৈরি করা সহজ। তবে এক বা দুই মিনিটের মধ্যে এটি করার চেষ্টা করুন (যদি আটকে যান তবে কিছু ধারণা পাওয়ার জন্য পরিশিষ্ট 10 দেখুন)। পরবর্তী সময়ে আরও গভীর অনুসন্ধানের জন্য ফিরে আসতে দ্বিধাবোধ করবেন না। লক্ষ্য হল সংঘর্ষ সমাধানের জন্য কয়েক মিনিটের বেশি সময় ব্যয় না করে পরবর্তী এবং চূড়ান্ত ধাপে পৌঁছানো।

আরেকবার ভাবুন

একটি শ্লোগান তৈরি করুন ও ব্যবহার করুন

RESILE-এর শেষ ধাপ হলো একটি কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা। এখনই সময়, যখন আমার প্রতিফলন বন্ধ করা, বিশ্লেষণ বন্ধ করা এবং আত্মবিশ্বাসের সাথে কাজ শুরু করা, এবং আমাদের চিন্তাভাবনা পরিবর্তনের জন্য দৃঢ় পদক্ষেপ নেওয়া প্রয়োজন। এখনই সময়, সিদ্ধান্ত গ্রহণের, আমাদের মস্তিষ্কের সার্কিট পুনর্গঠনের। আমি মাঝে-মাঝে আত্মার কাছে প্রার্থনা করি যেন তিনি আমাকে যে ব্যক্তি করতে চান, সেই ব্যক্তি হয়ে উঠতে সাহায্য করেন, তারপর আমি ব্যক্তিগতভাবে একটি পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব গ্রহণ করি।

এটি একটি ছোট শ্লোগান তৈরি করার দ্বারা হয় যা আমার চিন্তাভাবনার সেই পরিবর্তনকে প্রতিনিধিত্ব করে যা আমি বাস্তবায়ন করতে চাই। আমি ইতিমধ্যেই অনুভূতি পরীক্ষা করার, মিথ্যা চিহ্নিত করার, সত্যকে আহ্বান করার এবং সংঘর্ষ সমাধান করার জন্য সময় ব্যয় করেছি। আমার অনুভূতি থেকে সত্যের সেতু তৈরি করার জন্য আমার কাছে যথেষ্ট তথ্য রয়েছে। এরপর আমার পূর্ববর্তী সমস্ত চিন্তাভাবনার সারসংক্ষেপ করার জন্য একটি সংক্ষিপ্ত বিবৃতি প্রয়োজন। আমি যে কয়েকটি নমুনা শ্লোগান ব্যবহার করেছি তা এখানে দেওয়া হল:

- আমাকে কাউকে অবাক করতে হবে না।
- প্রেম করুন, একতা বজায় রাখুন, সত্য কথা বলুন।
- প্রত্যেকটি উত্তম কাজগুলিকে উপভোগ করার সময় আমার কাছে রয়েছে।
- প্রথমে ঈশ্বরের রাজ্যকে অন্বেষণ করা।
- আমাকে প্রত্যেকটি সমস্যার সমাধান করতে দেওয়া হয়নি।
- বিষাক্ত নাটকের মধ্যে আমাকে অংশগ্রহণ করতে হবে না।
- সন্তুষ্ট এবং কৃতজ্ঞ থাকো।
- সত্য-অনুগ্রহের মালভূমিতে বাস করো।
- অপেক্ষা করা আমাদের শক্তিকে পুনর্জীবিত করে।

এই শ্লোগানগুলির গভীর অর্থ রয়েছে, কারণ প্রতিটি শ্লোগানই RESILE (মুক্তি, পরীক্ষা, বাছাই, আহ্বান, সংঘর্ষ সমাধান) এর ধাপগুলি থেকে সংগৃহীত

পুরাতন অভ্যাসগুলিকে নতুন দিয়ে প্রতিস্থাপন করুন

তাৎপর্যপূর্ণ ধ্যানের প্রতিনিধিত্ব করে। এই স্লোগানে অনেক প্রতিফলন কেন্দ্রীভূত, পূর্ববর্তী সমস্ত ধাপগুলিকে একটি ছোট, মর্মস্পর্শী বাক্যাংশে ধারণ করে।

সাতটি দৈনিক পুনরাবৃত্তি

একটি স্লোগান বেছে নেওয়ার পর, পরবর্তী পদক্ষেপ হল সারা দিন ধরে এই স্লোগানটি পুনরাবৃত্তি করার জন্য সময় নির্ধারণ করা। এটি আমাকে আমার সচেতন মনকে স্লোগানের উপর কেন্দ্রীভূত করতে বাধ্য করে যাতে আমার মস্তিষ্কের রসায়নকে পরিবর্তন করা যায়। গবেষণা ইঙ্গিত দেয় যে প্রতিদিন সাতবার পুনরাবৃত্তি করা সর্বোত্তম। বারংবার সত্যকে সুনিশ্চিত করার প্রক্রিয়া ব্যবহার করে ঈশ্বর পুরানো কাঠামো ভেঙে নতুন কাঠামো দিয়ে প্রতিস্থাপন করেন যা স্থিতিস্থাপকতা তৈরি করে। প্রকৃতপক্ষে, গীতসংহিতা ১১৯:১৬৪ বলে, “আমি দিনে সাত বার তোমার স্তব করি, তোমার ধর্মময় শাসনকলাপের জন্য”। তাই তাঁর প্রতিমূর্তিতে আমাদের গড়ে তোলার জন্য সাতটি সত্য পুনরাবৃত্তি প্রয়োগের মধ্যে অবশ্যই একটি প্রজ্ঞামূলক বিষয় রয়েছে।

সাতটি পুনরাবৃত্তির প্রতিটির জন্য, আমি আমার মন থেকে অন্য সবকিছু মুছে ফেলতে প্রায় 4-5 সেকেন্ড সময় নিই, তারপর আমি স্লোগানটি পুনরাবৃত্তি করি। প্রথমে এটি আমার প্রত্যাশার চেয়েও কঠিন ছিল কারণ আমার মন অনেক অন্যান্য চিন্তাভাবনায় বিভ্রান্ত ছিল। কিন্তু যত বেশি আমি নিজেকে থামতে, স্লোগানটিতে মনোনিবেশ করতে এবং এটি কী প্রতিনিধিত্ব করে তা মনে রাখতে বাধ্য করি, ততই এটি সহজ হয়ে ওঠে।

এটি ভালোভাবে করার জন্য, অনেকে যে বিষয়টিকে “মিঙ্কশেক-মাল্টিটাস্কিং” বলে, সেটাকে এড়িয়ে চলুন।⁹⁵ যখন আমরা আমাদের মনোযোগ এলোমেলোভাবে এক কাজ থেকে অন্য কাজে স্থানান্তর করি, তখন আমরা আমাদের মনোযোগ কেন্দ্রীভূত করি না, যার ফলে অগভীরতা, সিদ্ধান্ত নিতে অক্ষমতা এবং নিষ্ক্রিয়তা দেখা দেয়। একসঙ্গে একাধিক কাজ করা বন্ধ করা এবং স্লোগানটি সম্পর্কে আবার চিন্তা করা গুরুত্বপূর্ণ যাতে গড়ে তোলার প্রক্রিয়াটি আমাদের মস্তিষ্কে নতুন কাঠামো তৈরি করে।

আরেকবার ভাবুন

শ্লোগানটিকে পর্যালোচনা করা বিভিন্ন উপায়ে নির্ধারণ করা যেতে পারে:

- পর্যালোচনা করার জন্য এটাকে একটি 3x5 কার্ডের মধ্যে লিখে রাখুন।
- বাইবেলের একটি পদের সাথে সংযুক্ত করে শ্লোগানটিকে পুনরাবৃত্তি করুন।
- কোন সঙ্গীতের সাথে শ্লোগানটিকে যুক্ত করতে পারেন।
- হাঁটতে-হাঁটতে বা ব্যায়াম করতে-করতে আপনি পুনরাবৃত্তি করতে পারেন।
- নীরব সময়ে আপনি শ্লোগানটি পর্যালোচনা করতে পারেন।
- পড়ার সময়ে দৃশ্যমান করে তোলার জন্য একটি বুকমার্কের মধ্যে লিখে রাখতে পারেন।
- কোন টেলিভিশন বিজ্ঞাপনের প্রদর্শনের সময়ে ভাবতে পারেন।

আমার একটি নমুনা উপায়

আমি এই সাতটি পুনরাবৃত্তি আমার দিনের বিদ্যমান কাজকর্মগুলির ফাঁকে-ফাঁকে রাখার সিদ্ধান্ত নিয়েছি, যাতে এগুলি আমার সময়সূচীর জন্য অতিরিক্ত বোঝা না হয়:

1. যখন আমি ঘুম থেকে উঠি, তখন শ্লোগানটিকে স্মরণ করি।
2. সকালের নীরব সময়: RESILE প্রক্রিয়াটির মধ্যে দিয়ে যেতে আমার কয়েক মিনিট সময় লাগে। কখনও কখনও এতে কয়েক মিনিট সময় লাগে, আবার কখনও কখনও বেশি সময় লাগে, যদি আমার হাতে বেশি সময় থাকে তাহলেই। কিন্তু আমি সবসময় শ্লোগান ব্যবহার করার মূল বিষয়ে পৌঁছানোর চেষ্টা করি, তাই সারাদিন ধরে আমি এটাকে ব্যবহার করে থাকি।
3. সকাল 10টার দিকে, আমি ট্রেডমিলে তিন মিনিটের জন্য শাস্ত্র থেকে পদ মুখস্থ করি এবং একই সাথে, আমি আমার শ্লোগানটিও পুনরাবৃত্তি করি।
4. দুপুরের খাবার খেতে যখন আমি আমার ডেস্ক থেকে বের হই, তখন আমার শ্লোগানটি মনে পড়ে।

পুরাতন অভ্যাসগুলিকে নতুন দিয়ে প্রতিস্থাপন করুন

5. আমার কাছে নেতৃত্বের স্বীকৃতির একটি তালিকা থাকে যা আমি প্রতিদিন বিকাল 3টার সময়ে পর্যালোচনা করি, তাই একই সাথে আমার স্লোগানটিও মনে পড়ে।
6. অফিস থেকে বাড়ি ফিরে যাওয়া আমার স্লোগানটি বিবেচনা করার আরেকটি সময়।
7. ঘুমানোর আগে দাঁত ব্রাশ করার সময়ে আমি সেই দিনের মত শেষ বার স্লোগানটি স্মরণ করি।

অনেক সময় আমি এটা করতে ভুলে যাই, কিন্তু আমি এটা দ্বারা আমাকে নিরুৎসাহিত করতে দেই না। পরিবর্তে, আমি কেবল এই প্রক্রিয়াটি নিয়ে কাজ করে যাই যাতে নিজেকে তাঁর রূপান্তরকারী কাজের জন্য উপলব্ধ করে তুলতে পারি। আমি যখনই পুনরাবৃত্তি করতে পারি তখনই ভালো, এবং যখন শয়তান আমার উপর ব্যর্থতার অভিযোগ ছুড়ে মারে তখন আমি তাকে প্রতিরোধ করার চেষ্টা করি। সাতটি পুনরাবৃত্তি আদর্শ, কিন্তু পাঁচটি তিনটির চেয়ে ভালো, এবং একটি একদম না হওয়ার চেয়ে ভালো।

এটি গুরুত্বপূর্ণ কারণ যখন আমরা প্রচুর পরিশ্রমের সাথে কোনও কিছুতে কাজ করি, তারপর থেমে যাই এবং আবার চেষ্টা করি তখন স্থিতিস্থাপকতা তৈরি হয়।⁹⁶ আসলে, সেরা তলোয়ারগুলি এভাবেই তৈরি হয়। ধাতুটিকে উত্তপ্ত করা হয়, তারপর এটিকে হাতুড়ি দিয়ে আঘাত করা হয়, তারপর এটি জলে ঠান্ডা করা হয় এবং তারপরে প্রক্রিয়াটি বেশ কয়েকবার পুনরাবৃত্তি করা হয়। একইভাবে, যখন আমরা প্রক্রিয়াটি করি, বিরতি নিই এবং আবার এটি পুনরাবৃত্তি করি তখন আমরা প্রভুর হাতে একটি কার্যকর হাতিয়ার হয়ে উঠি। এই রুটিন অনুসরণ করার এই প্রতিদিনের শৃঙ্খলাই আমাদের এমন একটি পাত্রে পরিণত করে যা তাঁর বিনিয়োগের উপর প্রতিদান দেয়।

একটি উদাহরণ

7ম অধ্যায়ে আমি আমার বন্ধু পলের গল্প বলেছিলাম, যে আমাকে আমার পদ ছেড়ে দেওয়ার কথা বলেছিল। আমি যদি RESILE প্রক্রিয়াটি ব্যবহার করতাম তাহলে আমি অনেক দুঃখ এড়াতে পারতাম। প্রথমত, যদি আমি আমার উদ্দেশ্যগুলিকে ছেড়ে দিতে শুরু করতাম, তাহলে আমি হয়তো আত্মাকে

আরেকবার ভাবুন

আমার নিজের উপর থেকে মনোযোগ পরিবর্তন করার অনুমতি দিতাম, এবং ঈশ্বরের আমার মধ্যে স্থিতিস্থাপকতা তৈরি করার সুযোগের জন্য আমি আরও উন্মুক্ত থাকতাম।

এরপর, যদি আমি অনুভূতিগুলিকে নিরীক্ষণ করার পদক্ষেপটি ব্যবহার করতাম, তাহলে আমি অসম্মানিত হওয়াকে আমার সেই অন্তর্নিহিত আবেগ হিসেবে চিহ্নিত করতাম, এবং আমার ভেতরে যে রাগ ফুটে উঠছিল সেটার একটা নাম দিতাম। মিথ্যাগুলিকে চিহ্নিত করার পদক্ষেপে যাওয়ার পর, আমি লক্ষ্য করতাম যে শত্রুরা আমাকে তুচ্ছ একটা বিষয়ের জন্য স্বেচ্ছায় আমার পরিচর্যাকে ত্যাগ করার জন্য আক্রমণ চালাচ্ছিল।

তারপর, যদি আমি সত্যকে আহ্বান করার পদক্ষেপটি ব্যবহার করতাম, তাহলে আমি বেশ কিছু তথ্য সনাক্ত করতে পারতাম:

- আমার কাছে হয়তো কিছু তথ্য নেই যা পলের কাছে ছিল।
- পল একজন ভালো বন্ধু এবং পরিচর্যা কাজে একজন সহ-যোদ্ধা
- আজ পর্যন্ত পল আমার প্রতি কোন প্রকারের অসম্মান প্রদর্শন করেনি।
- একজন শত্রু রয়েছে যে আমাকে ঠকাতে পারে।
- প্রত্যেক সমস্যার একটি স্বর্গীয় উৎস রয়েছে এবং বেশীরভাগ সময়ে উপরের স্তরে আমরা যা দেখি সেটা তা নয়।
- বিচ্ছেদ ও বিভেদ আনা দিয়াবলের একটি পরিকল্পনা।
- শয়তানের অস্তিত্ব লক্ষ্য হল আমাকে সেই বিষয়টিকে ছুঁড়ে ফেলে দিতে বাধ্য করা যা আমি স্বেচ্ছায় গ্রহণ করেছি।
- যদি সেখানে কোন প্রকারের অসম্মান থাকে, তবুও ক্ষমা করা হল ঈশ্বরের পছন্দসই সমাধান।

বিষয়টির সাথে সম্পর্কিত সত্য এবং আমার অনুভূতিটিকে স্পষ্টভাবে সংজ্ঞায়িত করার পর, আমি আমার অনুভূতিগুলিকে বাস্তবতার সাথে সামঞ্জস্য করার জন্য সংঘর্ষ সমাধান পদক্ষেপটি ব্যবহার করতে পারতাম। একদিকে আমার অনুভূতিগুলিকে এবং অন্যদিকে সত্যকে তালিকাভুক্ত করে, ঈশ্বর আমাকে

পুরাতন অভ্যাসগুলিকে নতুন দিয়ে প্রতিস্থাপন করুন

আমার অতিরিক্ত-প্রতিক্রিয়াগুলিকে স্বীকার করার জায়গায় নিয়ে যেতে পারতেন। আমি শান্তির এক অবস্থান থেকে পলের সাথে সরাসরি কথা বলতে পারতাম, পলকে অতীতের আচরণের উপর ভিত্তি করে বেনিফিট অফ ডাউট দিতাম এবং অনেক কম হতাশার সাথে তা করতে পারতাম।

এটি করার পর, আমি বুঝতে পারলাম যে আত্মা কীভাবে এই পরিস্থিতিকে ব্যবহার করে পুনরাবৃত্তি করার জন্য একটি স্লোগান তৈরি করতে চেয়েছিলেন, যাতে ঈশ্বর আমাকে আমার জৈব রাসায়নিক স্তরে রূপান্তরিত করতে পারেন। আমি বুঝতে পেরেছিলাম যে সেরা মানুষের উপর বিশ্বাস করার চেয়ে দ্রুত সিদ্ধান্তে পৌঁছানোর প্রবণতা রয়েছে, তাই আমি এই স্লোগানটি তৈরি করতে পারতাম: “যা সেরা, সেটাকে প্রথমে বিশ্বাস করো”। পরবর্তী কয়েক দিন ধরে দিনে সাতবার এই স্লোগানটি পুনরাবৃত্তি করার পরে, আমি এই ধরনের পরিস্থিতিতে আরও স্বাস্থ্যকর উপায়ে প্রতিক্রিয়া জানাতে একটি নতুন ক্ষমতা খুঁজে পেতাম।

কিছু অন্তিম পরামর্শ

RESILE ধাপগুলির ব্যাখ্যা থাকা সত্ত্বেও, এর প্রয়োগ সর্বাধিক করার জন্য এখানে কিছু পরামর্শ দেওয়া হল।

আপনার ক্ষেত্রে যা কাজ করে তা খুঁজে বের করুন: আমাদের স্থিতিস্থাপকতাকে শক্তিশালী করার প্রচেষ্টায়, আসল লক্ষ্য হল যীশুর মত আরও হয়ে ওঠার জন্য আত্মার সাথে সহযোগিতা করা, আমাদের সু-সমন্বিত বা স্ব-প্রণোদিত হওয়ার জন্য নয়। এটি এমন একটি আইনগত সূত্রে পরিণত হওয়া উচিত নয় যা ঈশ্বরের সাথে ঘনিষ্ঠ এবং ব্যক্তিগত যোগাযোগস্থাপনকে প্রতিস্থাপন করে। এটি RESILE প্রক্রিয়া (পরিশিষ্ট 9 এ সংক্ষিপ্ত করা হয়েছে), অথবা আবার চিন্তা করার অন্য কোনও পদ্ধতি হোক না কেন, আমাদের প্রতিদিনের শৃঙ্খলার প্রয়োজন যাতে নতুন অভ্যাস তৈরি করা যায় যা শয়তানের লুণ্ঠনমূলক কাজের বিরুদ্ধে ধ্বংস, আটক এবং প্রতিরক্ষা করে। এমন একটি প্রক্রিয়া খুঁজুন যা স্বাভাবিক এবং অর্জনযোগ্য।

আরেকবার ভাবুন

প্রক্রিয়াটির ক্ষেত্রে মুক্ত/নমনীয় থাকুন: যদি সম্ভব হয়, মস্তিষ্কের মধ্যে তৈরি শক্ত ঘাঁটি ভেঙে ফেলার জন্য একই স্লোগান কয়েক দিন বা সপ্তাহ ধরে ব্যবহার করুন। সাধারণভাবে, সেই ক্ষেত্রে বিজয় না পাওয়া পর্যন্ত একটি স্লোগান নিয়ে কাজ চালিয়ে যাওয়ার চেষ্টা করুন। তবে দ্বিতীয় দিনে ভিন্ন স্লোগানে স্থানান্তরিত হওয়া সম্পূর্ণরূপে গ্রহণযোগ্য, তারপর তৃতীয় দিনে আরেকটি, কারণ পবিত্র আত্মা বিভিন্ন দিনে বিভিন্ন দিকে আপনাকে পরিচালনা করতে পারেন। এছাড়াও, প্রতিদিন 10 মিনিটের নির্দেশিকা দ্বারা সীমাবদ্ধ বোধ করবেন না, বিশেষ করে যখন পদক্ষেপগুলি অস্বস্তিকর মনে হয়। একটি কার্যকর স্লোগানে পৌঁছানোর জন্য যতটা সময় প্রয়োজন তাই নিন।

স্লোগানের শব্দগুলি পরিবর্তন করুন: একটি স্লোগানের শব্দ পরিবর্তন করতে নমনীয় থাকুন। কখনও-কখনও RESILE প্রক্রিয়া একই থিমের মধ্যে একটি ভিন্ন শব্দ তৈরি করে। উদাহরণস্বরূপ, আমি একবার অপেক্ষার মাঝে আনন্দ করতে শেখার একটি ঋতুর মধ্যে দিয়ে গিয়েছিলাম এবং “অপেক্ষা করা আমাদের শক্তিকে পুনর্নবীকরণ করে” স্লোগান দিয়ে শুরু করেছিলাম। তারপর কয়েক দিন পরে এটি “ভবিষ্যতের পুনরুদ্ধার উপভোগ করুন” তে রূপান্তরিত হয়, যা আমার মস্তিষ্কের জন্য আরও শক্তিশালী একটি বার্তা ছিল। বিষয়বস্তুটি পরিবর্তিত হয়নি, তবে আমি যখন RESILE-তে দিন দিন কাজ করি, তখন প্রায়শই আরও সমৃদ্ধশালী এবং অর্থপূর্ণ স্লোগান উঠে আসে। কখনও-কখনও, আমি কয়েক সপ্তাহ ধরে একই বিষয়বস্তু নিয়ে থাকি, এবং অন্য সময় আমি নতুন কিছু পুনরাবৃত্তি করতে শুরু করি।

বহিরাগত প্রসেসরের জন্য: কিছু লোক কথা বলে তাদের ধারণাগুলি নিয়ে চিন্তাভাবনা করে এবং মনে করতে পারে যে RESILE অভ্যন্তরীণ প্রসেসরের জন্য আরও উপযুক্ত। তবে, বহিরাগত প্রসেসরগুলি অভ্যন্তরীণভাবে চিন্তাভাবনা করার পরিবর্তে কারও সাথে উচ্চস্বরে কথা বলে একই RESILE পদক্ষেপগুলি ব্যবহার করতে পারে। একমাত্র ব্যতিক্রম হল সংঘর্ষ সমাধান করার ধাপটি, যেখানে আমাদের মস্তিষ্ক পুনর্গঠনের সম্পূর্ণ প্রভাব পেতে কাগজে পেন্সিল লাগানো অপরিহার্য। তবে প্রথমে এটি সম্পর্কে কথা বলার পরে এবং তারপরে কাগজে ফলাফলটিকে লিখে রাখা যেতে পারে।

পুরাতন অভ্যাসগুলিকে নতুন দিয়ে প্রতিস্থাপন করুন

আধ্যাত্মিক অনুশীলনীগুলিকে অনুসরণ করুন: RESILE বলতে বোঝায় আধ্যাত্মিক অনুশীলনীগুলিকে অনুসরণ করা, যেমন বাক্য পাঠ করা, প্রার্থনা করা, স্থানীয় মণ্ডলীতে সেবা করা, ইত্যাদি (পরিশিষ্ট 4 দেখুন)। শতাব্দীর পর শতাব্দী ধরে এই অনুশীলনগুলি ঈশ্বরের লোকেদের জন্য কার্যকর প্রমাণিত হয়েছে, যা আমাদেরকে দ্রাক্ষালতার সাথে সংযুক্ত রাখে (যোহন ১৫:১-৫) এবং আধ্যাত্মিক যুদ্ধের জন্য আমাদের প্রস্তুত করে। অতএব, এই RESILE প্রক্রিয়াটি আধ্যাত্মিক অনুশীলনী প্রতিস্থাপন করার জন্য নয়, বরং তাদের পরিপূরক হয়ে ওঠার জন্য। আসলে, এগুলি ছাড়া RESILE ব্যবহার করা কঠিন হবে।

এটা করতে থাকুন: গবেষণায় দেখা গেছে যে মানুষ প্রথম কয়েকদিন ভালো করে, তারপর এটি কঠিন হয়ে পড়ে, এবং বেশিরভাগ মানুষ নিরুৎসাহিত হয়ে হাল ছেড়ে দেয়।⁹⁷ রূপান্তরের কাজটি করার জন্য ঈশ্বরের উপর আস্থা রেখে প্রক্রিয়াটির সাথে লেগে থাকুন। যদি এই সমস্ত কিছু অপ্রতিরোধ্য মনে হয়, তাহলে আবার এগিয়ে যাওয়ার জন্য পরিশিষ্ট 5-এর ধারণাগুলি বিবেচনা করুন। মনে রাখবেন, মস্তিষ্কের রসায়নে স্থায়ী পরিবর্তন আসার আগে 21 দিন ধরে অবিরাম পরিশ্রম করতে হয়। অন্যদের শিষ্য করার জন্য দক্ষতা অর্জনের জন্য 21 দিনের (63 দিন) তিনটি রাউন্ড লাগে।

বিরোধীদের ফিরে আসা প্রত্যাশা করুন। দুর্গগুলি ভেঙে ফেলার সাথে সাথে, প্রতিশোধমূলক বিরোধীদের বিরুদ্ধে প্রতিরক্ষা করতে ভুলবেন না। বিজয় অর্জিত হওয়ার সাথে সাথে, পুরানো চিন্তাভাবনা ফিরে এলে অবাক হবেন না। কখনও কখনও আমাকে আমার বর্তমান স্লোগান ব্যবহার বন্ধ করতে হয়েছে, একটি পুরানো স্লোগানে ফিরে যেতে হয়েছে যাতে আমি আবার একটি পুরানো যুদ্ধে লড়তে পারি। বিষাক্ত চিন্তাভাবনা ফিরে আসবে, তাই ভবিষ্যতে ফিরে আসা অবাধ্যতার বিরুদ্ধে আমাদের অবশ্যই প্রতিরক্ষা করতে হবে।

আপনার সমগ্র সত্তাকে কাজে লাগান। লক্ষ্য করো কিভাবে RESILE আমাদের সমগ্র ব্যক্তির বিভিন্ন দিকের সাথে সম্পর্কিত। নিজের উদ্দেশ্যগুলিকে ছেড়ে দেওয়া আমাদের ইচ্ছাশক্তিকে সম্বোধন করে কিছু বলে। অনুভূতিগুলিকে নিরীক্ষণ করা আমাদের আবেগগুলিকে তালিকাভুক্ত করে। মিথ্যাকে চিহ্নিত করা এবং সত্যকে আহ্বান করার পদক্ষেপগুলি আমাদের মনকে কেন্দ্রীভূত করে। সংঘর্ষ সমাধান আমাদের আবেগকে আমাদের মনের সাথে মিলিত

আরেকবার ভাবুন

করে। একটি শ্লোগান তৈরি করা আমাদেরকে কর্মশক্তি প্রয়োগ করে একটি পরিকল্পনা শুরু করতে বাধ্য করে। এপিজেনেটিক্স গবেষণা পরামর্শ দেয় যে মস্তিষ্কের ভালো কার্যকারিতা বিকাশের সর্বোত্তম উপায় হল চিন্তাভাবনার এই বিভিন্ন উপায়গুলিকে এক ধাপ-এক ধাপ করে কাজে লাগানো।

ভাগ 3: আমরা উৎপাদন করি -এর উপসংহার

শয়তান লুটপাট করতে আগ্রহী, বিভ্রান্তিকর চিন্তাভাবনা এবং অনুভূতি দিয়ে আমাদের উপর অনবরত বোমাবর্ষণ করতে থাকে। কিন্তু পিতার দানশীলতা, যীশুর যোগান এবং আত্মার শক্তির কারণে, শয়তানকে প্রতিরোধ করার এবং আরও বেশি করে খ্রীষ্টের মতো হয়ে ওঠার জন্য আমাদের কাছে অস্ত্র রয়েছে। আমরা চিন্তাভাবনাগুলিকে প্রশ্নের মুখে ফেলা, মিথ্যাকে চিহ্নিত করা এবং সত্যের সাথে সম্মুখীন হওয়ার মাধ্যমে অংশগ্রহণ করি। আমরা যতটা মাত্রায় ত্রিমাত্রিকভাবে গড়ে উঠি, ব্যক্তিগতকৃত প্রতিরক্ষা কৌশল বিকাশ করি, জয়ের জন্য মানিয়ে নিই, আমাদের কল্পনাশক্তিকে গড়ে তুলি এবং পুরানো অভ্যাসগুলি প্রতিস্থাপন করি, ততই আমরা স্থিতিস্থাপকতা অর্জন করব এবং ঈশ্বরের বিনিয়োগের উপর প্রতিদান দেব।

সংক্ষেপে বলতে গেলে, ঈশ্বর সরবরাহ করেন, শয়তান প্রতিবন্ধকতা সৃষ্টি করে, কিন্তু আমরা যখন আরেকবার ভাবি তখন আমরা উৎপাদন করি, ডন ফ্রান্সিসকোর গানের সাথে সম্মতি রেখে:⁹⁸

*Praise the Lord, hallelu, I don't care what the devil's
gonna do The word and faith is my sword and shield,
Jesus is Lord of the way I feel!*

উপসংহার

এই বইয়ের মূল ধারণাটি বোঝা সহজ: যা সত্য তা বিশ্বাস করা এবং যা মিথ্যা তা নিবারণ করা। এটি খুব বেশি দার্শনিক বিষয়বস্তু নয়। এটি ইচ্ছাশক্তি জাগানো, অথবা পাপ না করার জন্য আরও চেষ্টা করা নয়। এটি কোনও নতুন, প্রচলিত কৌশল গ্রহণ করা নয়। এটি কেবল বাইবেল সর্বদা যা শিখিয়েছে তা করা: সত্যকে বিশ্বাস করা এবং আত্মাকে আমাদের কৌষীয় স্তর পর্যন্ত রূপান্তরিত করে স্থিতিস্থাপকতা তৈরি করতে দেওয়া।

অতএব, মিথ্যার উৎস আবিষ্কার করার জন্য আমাদেরকে জটিল বিশ্লেষণে সময় ও শক্তি বিনিয়োগ করতে হবে না। আমাদের অতীতে খনন করার জন্য, দূষিত স্রোতের উৎস খুঁজে বের করার জন্য বছরের পর বছর ধরে ব্যয়বহুল প্রত্নতাত্ত্বিক কাজের প্রয়োজন নেই। পরিবর্তে, দূষিত জল কোথায় তা আমরা সনাক্ত করতে পারি এবং তা সতেজ, জীবন্ত জল দিয়ে প্রতিস্থাপন করতে পারি। আমরা আমাদের মস্তিষ্কের বিষাক্ত শাখাগুলিকে জীবনদায়ক শাখা দিয়ে প্রতিস্থাপন করে সেইগুলিকে ধ্বংস করতে পারি। আমরা যখন আত্মাকে আমাদের রূপান্তরিত করার অনুমতি দিই, তখন তিনি দুর্গগুলি ভেঙে ফেলেন এবং যীশুর জীবনকে প্রতিফলিত করে এমন এক নতুন পথ তৈরি করেন।

যদিও এটা বোঝা সহজ, কিন্তু স্থিতিস্থাপকতা দ্রুত বা সহজ নয়। আমরা চাই আমাদের সমস্যাগুলি জাদুর মত চলে যাক, অথবা অন্য কেউ আমাদের পরিস্থিতি পরিবর্তন করার জন্য এগিয়ে আসুক। স্থিতিস্থাপকতা তৈরি করতে সময় লাগে কারণ বহু বছর ধরে দুর্গগুলি তৈরি হয়ে থাকে। আমাদের মনকে নতুন করার জন্য অধ্যবসায় প্রয়োজন। স্থিতিস্থাপকতা তৈরি করা সহজ নয় কারণ সেই সময়ে কোনও শৃঙ্খলা সুখকর মনে হয় না, বরং বেদনাদায়ক মনে হয়। কিন্তু যদি আমরা কষ্টের মধ্য দিয়ে প্রশিক্ষিত হতে ইচ্ছুক হই, তাহলে ঈশ্বর বিনিয়োগের প্রতিফল দেওয়ার প্রতিশ্রুতি দেন (ইব্রীয় ১২:১১)।

শুরু করা সবচেয়ে কঠিন অংশ। আর যদি আপনি এই বইটি পড়েন এবং এখনও যীশুকে অনুসরণ করার সিদ্ধান্ত না নিয়ে থাকেন, তাহলে তাঁকে প্রভু হিসেবে গ্রহণ করার অর্থ কী এবং তাঁর রাজ্যে সেবা করার অভিযান শুরু করার জন্য আমি আপনাকে পরিশিষ্ট 7 পড়ার জন্য আমন্ত্রণ জানাচ্ছি।

আরেকবার ভাবুন

দ্বিতীয়বার পাঠ করুন

এই বইটি মানুষের জন্য তৈরি করা হয়েছে যাতে তারা ঈশ্বরের রাজ্যের জন্য আরও বেশি উৎপাদনশীল হতে পারে। অতএব, এটি এখনই পড়ুন এবং ভবিষ্যতের বছরগুলিতে এটি পুনরায় পড়ুন কারণ প্রতিটি বিশ্বাসীর ক্রমাগত পরিবর্তনের প্রয়োজন আছে। আমরা কখনই স্থিতিস্থাপকতা তৈরির প্রয়োজনীয়তার উর্ধ্বে যেতে পারব না এবং আমরা কখনই এত জ্ঞানী হব না যে আমাদের থামতে হবে এবং আবার চিন্তা করতে হবে না।

এছাড়াও, প্রথমবার পাঠটি ব্যক্তিগত প্রয়োগের জন্য হওয়া উচিত। কিন্তু দ্বিতীয় পাঠটি অন্যদের সাহায্য করার জন্য, রাজ্যের জন্য সুদের হার অর্জনের জন্য শিষ্যত্ব প্রদানের জন্য কার্যকর হতে পারে। অতএব, এই বইটি কেবল ব্যক্তিগত স্থিতিস্থাপকতার জন্য নয়, আত্মার যত্ন, শিষ্যত্ব এবং নেতৃত্ব বিকাশের জন্যও বিবেচনা করুন।

অবশেষে, যদিও এই নীতিগুলি এবং অনুশীলনগুলি প্রাপ্তবয়স্ক বিশ্বাসীদের জন্য তৈরি করা হয়েছে, তবুও এগুলি শিশুদের একটি জ্ঞানী এবং ফলপ্রসূ জীবনযাপনের জন্য লালন-পালনের ক্ষেত্রেও সহায়ক হতে পারে। শিশুরা প্রাপ্তবয়স্ক হিসাবে প্রভুকে অনুসরণ করার সিদ্ধান্ত নিক বা না নিক, তারা যদি ছোটবেলা থেকেই মিথ্যাকে চিহ্নিত করতে এবং সত্যকে গ্রহণ করতে শেখে তবে তারা আরও শক্তিশালী মানুষ হবে। আপনি যদি একজন বাবা-মা, ঠাকুরদা-ঠাকুমা, মাসি-পিসি, অথবা সান্ডে স্কুলের শিক্ষক হন, তাহলে সেই সন্তানের কথা মাথায় রেখে এই বইটি পুনরায় পড়ুন।

আপনার যন্ত্রণাকে অস্বীকার করবেন না

আরেকবার ভাবুন পুস্তকটি কোন বিজয়ের বা ইতিবাচক স্বীকারোক্তির অনুমোদন নয়। আত্মার এই গঠনের সৌন্দর্য হলো আমাদের কষ্ট অস্বীকার করতে হবে না। আমাদের এই ভয়ে বেঁচে থাকার দরকার নেই যে আমরা আমাদের অনুভূতিগুলিকে স্বীকার করে নিজেদের উপর সমস্যা ডেকে আনব।

বিপরীতে, আমরা যীশুর সাথে একমত হতে পারি এই বলে যে, “এই জগতে তোমাদের ক্লেশ হবে” (যোহন ১৬:৩৩)। পৌলের মতো, আমরাও স্বীকার

করতে পারি যে আমরা দুঃখ, তাড়না, দুর্ভিক্ষ, নগ্নতা, বিপদ, অথবা তরবারি অনুভব করি (রোমীয় ৮:৩৫)। আমরা যাকোবের কাছ থেকে সাঙ্ঘনা পেতে পারি যে, নানা ধরনের পরীক্ষার মুখোমুখি হওয়া সত্ত্বেও, আমরা এগুলোকে আনন্দের বিষয় হিসেবে গণ্য করতে পারি (যাকোব ১:২-৪)। যেহেতু আমাদের কেবল তাঁকে বিশ্বাস করার জন্যই নয়, বরং তাঁর জন্য কষ্টভোগ করার জন্যও আহ্বান করা হয়েছে, তাই আমরা আমাদের হৃদয়ের যন্ত্রণাকে নির্দিধায় স্বীকার করতে পারি (ফিলিপীয় ১:২৯)। আমরা যে দুঃখকষ্ট অনুভব করি তা উপেক্ষা করা আমাদের কোনও উপকার করে না!

কিন্তু আমাদের সমস্ত যন্ত্রণা সত্ত্বেও, মনে রাখবেন যে আমাদের জন্য অপেক্ষা করা মহিমার সাথে কোন কিছুই তুলনা করা যায় না: “বস্তুতঃ আপাততঃ আমাদের যে লঘুতর ক্লেশ হইয়া থাকে, তাহা উত্তর উত্তর অনুপমরূপে আমাদের জন্য অনন্তকালস্থায়ী গুরুতর প্রতাপ সাধন করিতেছে; আমরা ত দৃশ্য বস্তু লক্ষ্য না করিয়া অদৃশ্য বস্তু লক্ষ্য করিতেছি; কারণ যাহা যাহা দৃশ্য, তাহা ক্ষণকালস্থায়ী, কিন্তু যাহা যাহা অদৃশ্য, তাহা অনন্তকালস্থায়ী”। (২ করিন্থীয় ৪:১৭-১৮)।

ঈশ্বরের প্রশংসা হোক, আমরা আরেকবার ভাবতে পারি, যীশুর সাথে পৃথিবী পরিবর্তনের জন্য অংশগ্রহণ করতে পারি!

পরিশিষ্ট

- পরিশিষ্ট 1 কিছু সাধারণ মিথ্যা যা শক্তিশালী দুর্গ তৈরি করে
- পরিশিষ্ট 2 ঈশ্বরের যুদ্ধসজ্জাকে ব্যবহার করা
- পরিশিষ্ট 3 আমি কে?
- পরিশিষ্ট 4 আত্মিক অনুশাসন
- পরিশিষ্ট 5 বিহ্বল হয়ে পরলে এই ব্যবহারিক পদক্ষেপগুলি নেবেন
- পরিশিষ্ট 6 পশ্চিমে পরিচয় এবং নার্সিসিজম
- পরিশিষ্ট 7 কীভাবে যীশুর অনুগামী হওয়া যায়
- পরিশিষ্ট 8 আমার উদ্দেশ্যকে খুঁজে পাওয়া
- পরিশিষ্ট 9 স্থিতিস্থাপকতা যাচাই করার একটি ওয়ার্কশীট
- পরিশিষ্ট 10 বিবাদ সমাধান করার কিছু ধারণা
- পরিশিষ্ট 11 বাইবেলের পুস্তকগুলির সংক্ষিপ্ত নামগুলি

পরিশিষ্ট 1 কিছু সাধারণ মিথ্যা যা শক্তিশালী দুর্গ তৈরি করে

টেলিং ইয়োরসেলফ দ্যা ট্রুথ থেকে সত্যের ছদ্মবেশে যেসব মিথ্যা লেখা হয়, সেগুলো নিচে দেওয়া হল।^{১৭}

1. অন্যদের পছন্দের হওয়ার উপায় হলো অন্যরা আমাকে যা হতে চায় তাই হওয়া এবং তাদের কাছে যা সবচেয়ে আনন্দদায়ক তাই করা।
2. নিজের চাহিদার কথা ভাবা, অথবা নিজের চাহিদাকে গুরুত্বপূর্ণ মনে করা ভুল এবং অশ্রীষ্টিয় মনোভাব।
3. আমার নিজের ইচ্ছা ভুলে যাওয়া উচিত এবং আমার বন্ধুবান্ধব, ও পরিবারের লোকদের সন্তুষ্ট করা উচিত যখন তারা খুশি হতে চাইবে।
4. অন্যদের খুশি করা হল একটি বীমা পলিসি যা নিশ্চিত করে যে লোকেরা আমার সাথে ভালো ব্যবহার করবে। যখন আমি খুব প্রয়োজনে থাকি, তখন তারা আমাকে সাহায্য করার জন্য তাদের নিজস্ব প্রয়োজন ভুলে যাবে।
5. যখন অন্যরা আমার উপর অসন্তুষ্ট হয়, তখন আমি এক মুহূর্তের জন্যও শান্তি বা সুখ উপভোগ করতে পারি না।
6. আমার সুস্থতা এবং মানসিক প্রশান্তির অনুভূতির জন্য সকলের অনুমোদন অপরিহার্য।
7. ঈশ্বর চান না যে আমি সুখী থাকি, যতক্ষণ না অন্য সবাই আমাকে অনুমোদন করে।
8. অন্যরা আমাকে যা হতে দেখতে চায়, তাই হওয়াই হলো লোকদের কাছে পছন্দের হওয়ার একমাত্র উপায়।
9. অন্যদের খুশি করা এবং তারা আমার কাছ থেকে যা আশা করে তা করাই বন্ধু খুঁজে পাওয়ার একমাত্র উপায়।
10. যদি আমি না দিই, এবং দিতে না থাকি, তাহলে আমি একজন ভালো খ্রিস্টান নই।
11. আমি যা কিছু দান করি, তার জন্য লোকেরা যেন আমাকে প্রশংসা করে।

আরেকবার ভাবুন

12. আমার আত্মমর্যাদা অন্যদের মতামতের উপর নির্ভর করে।
13. অন্যরা যা চায় এবং আমার কাছ থেকে যা আশা করে আমি যদি তা না করি, তাহলে তারা আমাকে পছন্দ করবে না।
14. অন্যরা যা করতে চায়, যদি আমি তা না করি, তাহলে আমি তাদের অনুমোদন বা বন্ধুত্বের যোগ্য নই।
15. অন্যদের অধিকার আছে আমার কাছ থেকে যা ইচ্ছা চাইতে পারে যাতে আমি কাউকে অসন্তুষ্ট না করি।
16. যদি অন্যরা আমাকে না বলে যে আমি একজন ভালো মানুষ, তাহলে আমি অবশ্যই একজন ভালো মানুষ নই।
17. যদি কেউ আমাকে পছন্দ না করে, তাহলে আমার মধ্যে কিছু ভুল আছে।
18. যদি কেউ আমার উপর রাগ করে, তাহলে সেটা অবশ্যই আমার দোষ।
19. সবাইকে খুশি এবং আরামদায়ক করা আমার কর্তব্য।
20. আমার পরিবারের জন্য আমার নিজের হাতে কাজ করা আমার কর্তব্য। যদি আমি তা না করি, তাহলে তারা আমাকে প্রত্যাখ্যান করতে পারে।
21. অনুমোদন অর্জনের জন্য আমি যতই কঠোর পরিশ্রম করি না কেন, কিছু মানুষ এখনও আমাকে পছন্দ করে না এবং প্রত্যাখ্যান করে; তাই আমি খুবই খারাপ।
22. রাগ করাটা খুব খারাপ। আমি রাগ করি; তাই, আমি খুব খারাপ।
23. অন্যরা যা ব্যবহার করে তা হওয়া জঘন্য। আমি এমন একটি জিনিস যা অন্যরা ব্যবহার করে; তাই, আমি জঘন্য।
24. আমি আমার খারাপ অনুভূতিগুলোকে জয় করতে পারছি না। তাই, আমি খুব খারাপ।
25. আমি যেমন আছি, তেমনই আছি কারণ আমি এভাবেই জন্মেছি।
26. যদি আমার আরও ভালো শিক্ষাগত যোগ্যতা থাকতো, তাহলে আমি আরও বেশি পছন্দের হতাম।
27. আমি যদি অমুকের মতো হতাম, তাহলে আমি আরও সুখী মানুষ হতাম।

কিছু সাধারণ মিথ্যা যা শক্তিশালী দুর্গ তৈরি করে

28. আমি যদি দেখতে আরও সুন্দর হতাম, তাহলে আমি আরও সুখী মানুষ হতাম।
29. তুমি যা জানো তা নয়; তুমি যাকে জানো তা। এই কারণেই আমি বেশি সফল নই।
30. যদি আমি আরও ভালো পাড়ায় থাকতাম। তাহলে আমি খুশি হতাম।
31. এই বাড়িটা আমাকে বিষণ্ণ করে।
32. আমি জানি আমার বদলাতে হবে কিন্তু আমি পারছি না।
33. আমি প্রতিদিন যে চাপের মুখোমুখি হই তার কারণেই আমি মদ্যপান করি।
34. আমি খারাপ কথা বলি কারণ অফিসের সবাই খারাপ কথা বলে।
35. আমার চুরি করার কারণ হল আমার বস এতটাই সস্তা যে আমি আমার প্রাপ্য বেতন দিতে পারব না।

নিম্নলিখিত মিথ্যাগুলি এবং সংশ্লিষ্ট সত্যগুলি “টেলিং ইয়োরসেলফ দ্যা ট্রুথ”¹⁰⁰ থেকে নেওয়া হয়েছে এবং এটি একটি স্বাভাবিক বৈবাহিক সম্পর্কের ক্ষেত্রে সহায়ক হতে পারে। তবে, কিছু বিবাহের গভীর এবং গুরুতর সমস্যা থাকে যার জন্য পেশাদার সাহায্যের প্রয়োজন হয় যেমন বিশ্বাসঘাতকতা বা ব্যক্তিত্বের ব্যাধি। এই সত্যগুলি একটি বিপজ্জনক পরিস্থিতিতে থাকার ন্যায্যতা প্রমাণ করতে বা স্বামী বা স্ত্রীর খারাপ আচরণের জন্য অজুহাত দিতে ব্যবহার করবেন না।

অনুভূতি	সত্য
আমার মতো স্বামী থাকাকাটা খুবই খারাপ।	সে আমার ঈশ্বরপ্রদত্ত স্বামী এবং যদিও আমি চাই সে ভিন্নভাবে আচরণ করুক, আমি তার সাথে থাকতে পারি, এমন কোনও দাবি না করে যা কেবল অপূর্ণই থেকে যায়।
আমার স্ত্রীর সাথে সুখী থাকা অসম্ভব।	সে যদি বদলে যায় তাহলে ভালোই হতো, কিন্তু আমার ব্যক্তিগত সুখের জন্য এটা অপরিহার্য নয়।

আরেকবার ভাবুন

অনুভূতি	সত্য
আমি আর সহ্য করতে পারছি না।	সে যদি আমার সাথে আমার ইচ্ছা অনুযায়ী আচরণ না করে, তবুও আমি একটি সন্তোষজনক এবং সুখী জীবনযাপন করতে পারি। সে কখনও না বদলালেও আমার জীবন পরিপূর্ণ এবং উপভোগ্য হতে পারে।
আমি আমার জীবন নষ্ট করছি।	আমি আমার জীবন নষ্ট করছি না। আমি বিশ্বাস করি ঈশ্বর আমার স্ত্রীর হৃদয়ে কাজ করবেন এবং তাকে সেই ব্যক্তি হিসেবে গড়ে তুলবেন যা তিনি তাকে চান। আমি এটাও বিশ্বাস করি যে ঈশ্বর আমার হৃদয়েও কাজ করছেন, আমাকে সেই ব্যক্তি হিসেবে গড়ে তুলছেন যেভাবে তিনি আমাকে চান।

পরিশিষ্ট ২

ঈশ্বরের যুদ্ধসজ্জা ব্যবহার করা

শেষ কথা এই, তোমরা প্রভুতে ও তাঁহার শক্তির পরাক্রমে বলবান্ হও। [11] ঈশ্বরের সমগ্র যুদ্ধসজ্জা পরিধান কর, যেন দিয়াবলের নানাবিধ চাতুরীর সম্মুখে দাঁড়াইতে পার। [12] কেননা রক্তমাংসের সহিত নয়, কিন্তু আধিপত্য সকলের সহিত, কর্তৃত্ব সকলের সহিত, এই অন্ধকারের জগৎপতিদের সহিত, স্বর্গীয় স্থানে দুষ্টতার আত্মাগণের সহিত আমাদের মল্লযুদ্ধ হইতেছে। [13] এই জন্য তোমরা ঈশ্বরের সমগ্র যুদ্ধসজ্জা গ্রহণ কর, যেন সেই কুদিনে প্রতিরোধ করিতে এবং সকলই সম্পন্ন করিয়া দাঁড়াইয়া থাকিতে পার। [14] অতএব সত্যের কটিবন্ধনীতে বন্ধকটি হইয়া, [15] ধার্মিকতার বুকপাটা পরিয়া, এবং শান্তির সুসমাচারের সুসজ্জতার পাদুকা চরণে দিয়া দাঁড়াইয়া থাক; [16] এই সকল ছাড়া বিশ্বাসের ঢালও গ্রহণ কর, যাহার দ্বারা তোমরা সেই পাপাত্মার সমস্ত অগ্নিবাণ নিৰ্ব্বাণ করিতে পারিবে; [17] এবং পরিত্রাণের শিরস্ত্রাণ ও আত্মার খজা, অর্থাৎ ঈশ্বরের বাক্য গ্রহণ কর। [18] সৰ্ব্ববিধ প্রার্থনা ও বিনতি সহকারে সৰ্ব্বসময়ে আত্মাতে প্রার্থনা কর, এবং ইহার নিমিত্ত সম্পূর্ণ অভিনিবেশ ও বিনতিসহ জাগিয়া থাক, [19] সমস্ত পবিত্র লোকের জন্য এবং আমার পক্ষে বিনতি কর, যেন মুখ খুলিবার উপযুক্ত বক্তৃতা আমাকে দেওয়া যায়, যাহাতে আমি সাহস পূর্বক সেই সুসমাচারের নিগূঢ়তত্ত্ব জ্ঞাত করিতে পারি, [20] যাহার নিমিত্ত আমি শৃঙ্খলে বদ্ধ হইয়া রাজদূতের কৰ্ম করিতেছি; যেমন কথা বলা আমার উচিত, তেমনি যেন সেই বিষয়ে সাহস দেখাইতে পারি - ইফিষীয় ৬:১০-২০

কি সুস্বাদু এক অংশ! এটি সম্পূর্ণ ইফিষীয় পুস্তকটিকে একত্রিত করার একটি উপায় হিসেবে কাজ করে, পূর্ববর্তী সমস্ত বিষয়গুলিকে একটি সংক্ষিপ্ত, স্বর্গীয় ও ঐশ্বরিক বার্তায় রূপান্তরিত করে। এটি একটি কার্যকর সমগ্র গঠন করে। “অবশেষে” (পদ ১০) শব্দটি একটি সিরিজের শেষ বিন্দু নয়; এটি “দুধ, ডিম, মাখন এবং অবশেষে কেক মিক্স কিনুন” বলার মতো নয়। এটি আরও বেশি করে বলার মতো, “দুধ, ডিম, মাখন, কেক মিক্স সংগ্রহ করুন এবং অবশেষে একটি কেক তৈরি করুন।”

আমরা

১২ পদের মধ্যে, পৌল বলেছেন যে আমরা মল্লযুদ্ধ করি (আমরা একা এটি করি না)। যদিও এই অনুচ্ছেদটি প্রায়শই ব্যক্তিগত সংগ্রাম হিসাবে শেখানো হয়,

আরেকবার ভাবুন

সম্পূর্ণ ইফিমীয় পুস্তকটি জোর দিয়ে বলে যে খ্রিস্টীয় জীবন অন্যান্য বিশ্বাসীদের সাথে একসাথে বসবাস করার জন্য। ওয়াল্টার উইঙ্ক উল্লেখ করেছেন, “মণ্ডলীর রূপকটি রোমান কীলকের মতো, যা সেই সময় এবং কয়েক হাজার বছর পরেও পরিচিত সবচেয়ে দক্ষ এবং ভয়ঙ্কর সামরিক গঠন ছিল। প্রকৃতপক্ষে, এই পুরো অংশে নির্দেশটিকে বহুবচন রূপে দেওয়া হয়েছে”।¹⁰¹

এছাড়াও, যখন আমরা শয়তানের বিরুদ্ধে আমাদের মুখোমুখি হওয়া বিপদের পূর্ণ ভারটি উপলব্ধি করতে পারি, তখন আমরা সহজাতভাবেই আমাদের সহকর্মীদের কাছে চলে আসি, এমনকি যাদের সাথে আমরা অন্যথায় বন্ধুত্বপূর্ণ নাও হতে পারি। যারা বিভেদ সৃষ্টি করে তারা দেখায় যে তারা তাদের চারপাশে থাকা ভয়াবহ বিপদকে চিনতে পারে না। তারা একা একা এগিয়ে গিয়ে নিজেদেরকে ক্ষতির পথে ঠেলে দেয়।

মল্লযুদ্ধ করি

এরপর, পৌল আমাদের মনে করিয়ে দেন যে এটি একটি মল্লযুদ্ধ। ছোটবেলায়, আমি একটি গ্রীষ্মকালীন ক্রীড়া শিবিরে গিয়েছিলাম যেখানে আমি কুস্তি সহ বেশ কয়েকটি খেলার সাথে পরিচিত হয়েছিলাম। আমি দ্রুত কুস্তিকে অপছন্দ করতে শুরু করেছিলাম। এটি এত ঘর্মান্ত ছিল, অন্য ব্যক্তির শরীরে এত আক্রমণাত্মক ছিল। কুস্তিতে সর্বশক্তি জড়িত থাকে, অন্য ব্যক্তির মুখের দিকে তাকিয়ে তার বিরুদ্ধে লড়াই করতে হয়। আমি যতই ঘৃণা করতাম না কেন, কুস্তি খ্রিস্টীয় জীবনের জন্য একটি ভাল রূপক, কারণ আমরা একজন প্রতিপক্ষকে আন্তরয়ন্ত্রী উপায়ে মোকাবিলা করি। এই যুদ্ধটি দূরবর্তী স্থানে অবস্থিত জেনারেলদের চিত্রের মতো নয়, যারা দূরবর্তী সেনাবাহিনীর উপর ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে। এটি মুষ্টিযুদ্ধ; বিশৃঙ্খলায় পূর্ণ, ধোঁয়া, বিস্ফোরণ, বিভ্রান্তি, ব্যথা এবং চিৎকারে পূর্ণ।

প্রকৃত শত্রু

পৌল এই ধারণাকেও উড়িয়ে দেন যে মানুষ আমাদের শত্রু। আমরা রক্তমাংসের সাথে লড়াই করি না। আমাদের বিরুদ্ধে আক্রমণের আসল উৎস হল শাসক, কর্তৃপক্ষ, মহাজাগতিক শক্তি এবং মন্দের আধ্যাত্মিক শক্তি। চিত্রটি হল অদৃশ্য, অনবরত পরিকল্পনা যা আমাদেরকে প্রতিটি দিক থেকে লক্ষ্য করে আঘাত

ঈশ্বরের যুদ্ধসজ্জা ব্যবহার করা

করে চলছে। প্রতিটি সমস্যারই একটি মহাজাগতিক উৎস আছে, মানুষ সেই সমস্যাগুলির উৎস নয়।

পরিকল্পনা

আমাদের এই চক্রান্তগুলোর বিরুদ্ধে লড়াই করতে হবে, দৃঢ়ভাবে দাঁড়ানোর জন্য সবকিছু করার পরেও। আমাদের প্রতারণিত হওয়া উচিত নয়। শাস্ত্র প্রতিপক্ষের কৌশল সম্পর্কে বেশ কয়েকটি উল্লেখের দিকে ইঙ্গিত করে: প্রতারণা, সন্দেহ, ভীতি প্রদর্শন, বিকল্প সমাধান, বিভাজন, হয়রানি, বিভ্রান্তি, বিস্ময়।

প্রথমত, আমরা দেখতে পাই যে হবা প্রতারণা এবং সন্দেহের মাধ্যমে ঈশ্বরকে অবিশ্বাস করতে প্রলুব্ধ হয়েছিলেন। “ঈশ্বর তোমাকে মঙ্গল থেকে বঞ্চিত করছেন, তাই বিষয়গুলি নিজের হাতে নিয়ে নাও”। এর দুঃখজনক পরিণতি হল মানবজাতি স্বর্গ থেকে বঞ্চিত হয়েছিল। ইয়োবকে ভয় দেখানোর মাধ্যমে “ঈশ্বরের মুখের উপর অভিশাপ দিতে” প্রলুব্ধ করা হয়েছিল। শত্রুরা প্রিয়জনদের মৃত্যু, আর্থিক ক্ষতি এবং স্বাস্থ্য সমস্যার মাধ্যমে ইয়োবকে ভয় দেখানোর চেষ্টা করেছিল - যা এমন বন্ধুদের উপস্থিতির কারণে আরও খারাপ হয়ে উঠেছিল, যারা তাকে কোন ভাবে সাহায্য করতে পারেনি।

এরপর, বিকল্প সমাধানের মাধ্যমে ঈশ্বরের পরিকল্পনা ব্যাহত করার জন্য যীশুকে প্রলুব্ধ করা হয়েছিল। শত্রুরা যীশুকে পিতার লক্ষ্য অর্জনের জন্য একটি সংক্ষিপ্ত ও সহজ পথের প্রস্তাব দিয়েছিল। প্রথমত, যীশুকে তাৎক্ষণিক তৃপ্তি (পাথরে রুটিতে পরিণত করা) প্রদান করা হয়েছিল। কিন্তু যীশু প্রতিরোধ করেছিলেন, তাঁর প্রয়োজনের জন্য পিতার উপর তাঁর আস্থা প্রদর্শন করেছিলেন। এরপর, তাঁকে বিশ্বের সমস্ত রাজ্যের উপর প্রভাব এবং কর্তৃত্বের প্রস্তাব দেওয়া হয়েছিল। কিন্তু যীশু মহিমান্বিত হওয়ার জন্য সংক্ষিপ্ত পথটিকে প্রত্যাখ্যান করেছিলেন (যা বাস্তবে ক্রুশের অপমানের মধ্য দিয়ে হতে হবে)। অবশেষে, যীশুকে খ্যাতি এবং সম্মান লাভ করার জন্য প্রলুব্ধ করা হয়েছিল (চমৎকার স্টাইলে মন্দির থেকে লাফিয়ে)। কিন্তু তিনি তাঁর খ্যাতির জন্য ঈশ্বরের উপর নির্ভর করেছিলেন, যা আমরা জানি যখন “প্রত্যেক হাঁটু নত হবে এবং প্রতিটি জিহ্বা যীশুকে প্রভু হিসাবে স্বীকার করবে” (ফিলি. ২:৯-১১)।

আরেকবার ভাবুন

যীশু তাঁর ন্যায্য প্রশংসা পাবেন, কারণ তিনি শয়তানের বিকল্প সমাধান প্রত্যাখ্যান করেছিলেন।

তৃতীয়ত, প্রেরিতরা ব্যাখ্যা করেছিলেন যে কীভাবে শয়তান বিভেদ, হয়রানি, বিভ্রান্তি এবং বিস্ময় ব্যবহার করে।

- **বিভেদ:** ইফিষীয় ৪:২৭ পদে পৌল বিশ্বাসীদের সতর্ক করেছেন যেন তারা শয়তানকে আশ্রয় না দেয়। নিজেদের মধ্যে লড়াই এবং অনৈক্য এই মরণঘাতী ইঙ্গিত দেয় যে শত্রু পরিস্থিতিকে প্রভাবিত করছে।
- **হয়রানি:** প্রেরিত ১৬ অধ্যায়ে, একটি ভবিষ্যদ্বাণীকারী মন্দ আত্মা পৌলকে অনেক দিন ধরে তাড়িত করে।
- **বিভ্রান্তি:** ২ করিন্থীয় ১১:১৩-১৪ পদে বলা হয়েছে যে শয়তান আলোর দূতের ছদ্মবেশে থাকে।
- **বিস্ময়:** ১ পিতর ৪:১২ পদে, পিতর বলেন, “তোমাদের পরীক্ষা করার জন্য যখন অগ্নিপরীক্ষা তোমাদের উপর আসে, তখন তোমরা অবাক হয়ে না, যেন তোমাদের প্রতি অদ্ভুত কিছু ঘটছে।”

প্রতারণা, সন্দেহ, ভীতি প্রদর্শন, বিকল্প সমাধান, বিভেদ, হয়রানি, বিভ্রান্তি এবং বিস্ময় হল শয়তানের কিছু চক্রান্ত। কিন্তু ঈশ্বর আমাদের অসহায় রাখেন নি। শত্রুর চক্রান্তের বিরুদ্ধে লড়াই করার জন্য আমাদের কাছে সরঞ্জাম এবং অস্ত্র রয়েছে। তাঁর আক্রমণ প্রতিহত করার জন্য আমাদের কাছে বর্ম রয়েছে যা আমরা ব্যবহার করতে পারি।

অস্ত্রগুলিকে কার্যকারী করে তোলা

আমাদের সম্পদ রক্ষা করার ক্ষমতা আমাদের আছে, কিন্তু তিনি যে অস্ত্রগুলো দিয়েছেন সেগুলো আমাদের দক্ষতার সাথে ব্যবহার করতে হবে। সরঞ্জামগুলোকে কার্যকর করার জন্য আমাদের মন, ইচ্ছাশক্তি এবং আবেগ ব্যবহার করতে হবে:

Table 3 (Replace English text in each cell with translation.)

ঈশ্বরের যুদ্ধসজ্জা ব্যবহার করা

এর কারণে:	আমাদের প্রয়োজন:
প্রতারণা	সত্যের কটিবন্ধন (যা মিথ্যা ও অর্ধ-সত্যগুলির মোকাবিলা করবে)
বিভেদ ও বিকল্প সমাধান	ধার্মিকতার বুকপাটা (ঈশ্বরের সাথে ও অন্যদের সাথে সঠিক সম্পর্কটিকে প্রতিরক্ষা করা)
বিস্ময় ও ভয়	সুসজ্জতার পাদুকা (সতর্কতা বজায় রাখা)
বিভ্রান্তির অগ্নিবাণ	বিশ্বাসের ঢাল (পরীক্ষার মাঝেও প্রত্যয় ধরে রাখা)
আমাদের অনন্তকালীন নিরাপত্তা নিয়ে সন্দেহ করা	পরিত্রাণের শিরস্ত্রাণ (আমাদের ভবিষ্যতের নিশ্চয়তার উপর বিশ্বাস করা)
হয়রানি	আত্মার খড়্গ যা প্রার্থনা দ্বারা পরিচালিত (প্রজ্ঞার সাথে বিশৃঙ্খল ও পরিবর্তনশীল পরিস্থিতিগুলিকে সামলানো)

সত্য

বেল্টটি সমস্ত বর্মকে একসঙ্গে বেঁধে রাখে। ঈশ্বর হলেন সমস্ত সত্যের ঈশ্বর, কেবল বাইবেলের সত্যের নয়। সত্য আমাদেরকে মিথ্যা চিনতে সাহায্য করে এবং জীবনের প্রতিটি ক্ষেত্রে সত্যের সাথে সামঞ্জস্য রেখে সততার সাথে জীবনযাপন করতে সাহায্য করে।

ধার্মিকতা

আমাদের রক্ষা করার জন্য ধার্মিকতার প্রয়োজন। ব্যক্তিগত নীতিশাস্ত্রের চেয়ে ধার্মিকতা অনেক বড়, এটি সঠিক সম্পর্ক স্থাপনের সঙ্গে সম্পর্কিত। প্রথমত, এটি হল একটি সম্প্রদায়ের মধ্যে সুস্থ সম্পর্ক বজায় রাখা। বুকপাটা “এক-অন্য” আদেশের সংক্ষিপ্ত রূপ হিসেবে কাজ করে: নম্রতা, ভদ্রতা, ধৈর্য, প্রেম, ক্ষমা, দয়া, আনন্দ, ধন্যবাদ, পারস্পরিক আনুগত্য। বুকপাটা আমাদের মানবিক সম্পর্ক নষ্ট করা থেকে রক্ষা করে।

আরেকবার ভাবুন

দ্বিতীয়ত, এর অর্থ হল ঈশ্বরের সাথে একটি সঠিক সম্পর্ক। যখন শয়তান তিনটি বিকল্প সমাধান দিয়ে যীশুকে প্রলোভিত করেছিল, তখন যীশু ঈশ্বরের উপর ভরসা করেছিলেন যে তিনিই যোগান দেবেন। একইভাবে বুকপাটা পাপের কারণে ঈশ্বরের সাথে আমাদের সম্পর্ক নষ্ট হওয়া থেকে রক্ষা করে।

প্রস্তুতি

স্বাস্থ্য সমস্যা, অপ্রত্যাশিত মৃত্যু, অথবা আর্থিক চ্যালেঞ্জের কারণে আমরা অবাক হতে পারি বলে আমাদের অজান্তেই আটকে যাওয়া থেকে রক্ষা করার জন্য আমাদের প্রস্তুতির প্রয়োজন। আধুনিক বেসবল ব্যাটসম্যানদের জুতা যেমন তাদের ক্লিট খনন করে, তেমনি মাটিতে ধরে রাখার জন্য রোমান জুতোগুলির মধ্যে স্পাইক ছিল। একইভাবে, জুতাগুলির প্রস্তুতি তার একটি চিত্র যা আমরা আমাদের মনকে প্রস্তুত করতে পারি যাতে আমরা পরীক্ষার দ্বারা অবাক না হই।

প্রকৃতপক্ষে, ইতিমধ্যেই/এখনও না-থাকা রাজ্যে, আমাদের দুঃখভোগের অভিজ্ঞতা অনিবার্য, যা আমাদের বিস্ময়ের উপাদানগুলির সাথে মোকাবিলা করতে সাহায্য করে। পৌল বলেছিলেন যে তার দুঃখভোগ দেখে তারা যেন হতাশ না হয় কারণ এটি তাদের গৌরব (ইফিষীয় ৩:১৩)। তিনি বলেছিলেন যে “তোমরা কীভাবে চলছ সাবধানে দেখো কারণ দিনগুলি মন্দ” (ইফিষীয় ৫:১৫)। যীশু বলেছিলেন, “এই জগতে তোমাদের ক্লেশ হবে, কিন্তু আনন্দ করো কারণ আমি জগৎকে জয় করেছি” (যোহন ১৬:৩৩)।

এই প্রস্তুতি (শান্তির সুসমাচার দ্বারা প্রদত্ত) কেবল অনুগ্রহের মাধ্যমে ব্যক্তিগত পরিব্রাজনের চেয়েও বেশি কিছু। এর আরও অনেক বেশি অতীন্দ্রিয় দৃষ্টিভঙ্গি রয়েছে, যেখানে ঈশ্বর “তাঁর ইচ্ছা, তাঁর উদ্দেশ্য অনুসারে, যা তিনি খ্রীষ্টে সময়ের পূর্ণতার জন্য একটি পরিকল্পনা হিসাবে রেখেছিলেন, যাতে স্বর্গের ও পৃথিবীর সমস্ত কিছু তাঁর মধ্যে একত্রিত হয়” (ইফিষীয় ১:১০)। সুসমাচার হল এই সুসংবাদ যে একদিন সমস্ত সৃষ্টিকে একেবারে নতুন করে তৈরি করা হবে (প্রকাশিত বাক্য ২১:৫)। সুসমাচার দ্বারা প্রদত্ত প্রস্তুতি হল আত্মবিশ্বাস যে “তিনি সমস্ত কিছু তাঁর পায়ের তলায় রেখেছেন এবং তাঁকে সকলের উপরে মস্তকরূপে দিয়েছেন” (ইফিষীয় ১:২২)।

ঈশ্বরের যুদ্ধসজ্জা ব্যবহার করা

আমরা আমাদের অবস্থানে দাঁড়ানোর, দৃঢ়ভাবে দাঁড়ানোর এবং একটি মহাজাগতিক যুদ্ধের মাঝে শান্ত ও শান্তিপূর্ণ থাকার প্রস্তুতির জুতা পরিধান করি।

বিশ্বাস

বিশ্বাসের ঢাল আমাদেরকে ঈশ্বরের মঙ্গলভাব সম্পর্কে বিভ্রান্ত হওয়া থেকে রক্ষা করে। আমরা যা আশা করি তার উপর আস্থা রাখতে পারি, যা আমরা দেখি না তার উপর নিশ্চিত থাকতে পারি (ইব্রীয় ১১:১)। আমরা বিশ্বাস দ্বারা চলি, দৃশ্য দ্বারা নয় (২ করিন্থীয় ৫:৭)। আমরা অদৃশ্য সত্যকে বিশ্বাস করি যখন সমস্ত দৃশ্যমান প্রমাণ ঠিক বিপরীত বিষয়ে বলে।

এছাড়াও, শয়তানের চক্রান্তগুলি অবিশ্বাস তৈরি করার এবং স্বেচ্ছায় সম্পদ লুটপাটের দিকে পরিচালিত করার জন্য গঠিত। তারা আমাদের ভয়কে তখন কাজে লাগায়, যখন আমাদের প্রয়োজনের জন্য ঈশ্বরের উপর নির্ভর করা উচিত। প্রতিটি প্রলোভনই ঈশ্বরকে অবিশ্বাস করার, আমাদের বিশ্বাসের ঢাল ফেলে দেওয়ার একটি চক্রান্ত। সে আমাদেরকে নিজেদের অনুভূতিতে বিশ্বাস করতে এবং ঈশ্বরের উপর আমাদের আস্থা প্রত্যাখ্যান করতে উৎসাহিত করে। হবা হাল ছেড়ে দিয়েছিলেন এবং বিশ্বাস হারিয়ে ফেলেছিলেন, কিন্তু যীশু দৃঢ়ভাবে দাঁড়িয়েছিলেন এবং বিশ্বাসের মাধ্যমে পিতার উপর নির্ভর করেছিলেন।

এছাড়াও, এই শাস্ত্রাংশে উল্লিখিত অগ্নিবাণগুলি ছিল পিচ দিয়ে ঢাকা তীর, এবং যদি সেগুলি কোনও সৈনিকের শরীরে আটকে যায়, তাহলে সৈনিক পুড়ে যেত। রোমান ঢাল এমন উপকরণ দিয়ে তৈরি হত যা তীরের আঘাতের সাথে সাথে আগুন নিভিয়ে দিত। এটি কোনও একক ঢাল ছিল না, বরং ঢালের একটি বৃহৎ আন্তঃসংযুক্ত নেটওয়ার্ক ছিল যা সহযোদ্ধাদের সাথে সংযুক্ত ছিল, সকলকে সমস্ত কোণ থেকে রক্ষা করতে যাতে কারও বর্মে কোনও ফাটল না থাকে। অতএব, যদি কোনও সৈনিক নিজেকে বিচ্ছিন্ন করে ফেলে এবং সরে যায়, তাহলে সে ইউনিটের সুরক্ষা হারাবে।

অতএব, পৌল নিশ্চিত করতে চেয়েছিলেন যে আমরা এই লড়াই একা লড়াই না, বরং একসাথে লড়াই। যখন আমরা দেহ থেকে আলাদা হই, তখন আমরা

আরেকবার ভাবুন

নিজেদের উপর অত্যধিক চাপ প্রয়োগ করি, যা আমাদের বিভ্রান্তির জ্বলন্ত তীরের মুখে ফেলে। বাস্তব এটা যে আমরা একা নই। ঈশ্বর আমাদের সাথে আছেন এবং খ্রীষ্টের দেহ আমাদের সুরক্ষার জন্য ঢালগুলিকে একত্রিত করার জন্য রয়েছে।

পরিত্রাণ

যখন সৈন্যদের মাথায় হেলমেট থাকে না এবং তারা আঘাত পায়, তখন তারা দিশেহারা হয়ে পড়ে। একইভাবে, যদি আমরা আমাদের পরিত্রাণ নিয়ে সন্দেহ করি, তাহলে আমরা হতবাক হয়ে পড়ি এবং অন্যান্য ধরণের আক্রমণের ঝুঁকিতে পড়ি। আমাদের বুদ্ধি বজায় রাখার জন্য আমাদের পরিত্রাণের নিশ্চয়তার প্রয়োজন। অতএব, শত্রু আমাদের বলবে যে আমরা পরিত্রাণ পাইনি, এবং যদি আমরা বিশ্বাস করি যে আমরা পরিত্রাণ পাইনি, তাহলে আমরা এমন আচরণ শুরু করব যেন আমরা পরিত্রাণ পাইনি। আমাদের চিরন্তন নিরাপত্তার উপর আস্থা রাখা হল এই আধ্যাত্মিক যুদ্ধের একটি মৌলিক বিষয়।

পবিত্র আত্মা এবং প্রার্থনা

ঈশ্বরের বাক্যকে ব্যবহার করার জন্য আমাদের পবিত্র আত্মার সাহায্যের প্রয়োজন, আর প্রার্থনা আমাদের বিভিন্ন পরীক্ষা ও পরিস্থিতিতে অংশগ্রহণ করতে সাহায্য করে। বাইবেল (আত্মার তরবারি) দক্ষতা এবং নির্দেশনার সাথে প্রার্থনার সাথে ব্যবহার করা উচিত। আমরা ক্রমাগত এমন পরিস্থিতিতে এসে পরি যেখানে সকল ধরণের প্রজ্ঞার প্রয়োজন। ডঃ ডন ডেভিস প্রার্থনাকে “বিশ্বাসের ওয়াকি-টকি” হিসেবে উল্লেখ করেছেন। প্রার্থনার মাধ্যমে, আমরা অনিশ্চিত পরিস্থিতিতে আমাদের প্রয়োজনীয় অগ্নিশক্তির জন্য প্রার্থনা করি।

ফলস্বরূপ, ঈশ্বরের বাক্যের সত্যকে দক্ষতা এবং প্রজ্ঞার সাথে প্রয়োগ করতে হবে। আমরা আক্রমণাত্মক কৌশল প্রয়োগ করি, শয়তানকে প্রতিরোধ করি যাতে সে পালিয়ে যায় (যাকোব ৪:৭; ১ পিতর ৫:৯)। আমরা অধ্যবসায়ের সাথে-সাথে সতর্কও থাকি। আমরা একে অপরের জন্য প্রার্থনা করি কারণ আমি যদি কোনও বিশৃঙ্খলপূর্ণ অবস্থার মধ্যে নাও থাকি, তবে নিশ্চিত যে অন্যরা সেরকম অবস্থার মধ্যে থাকতে পারে। আত্মা ক্রমাগত কাজ করছেন, আমাদের শক্তি দিচ্ছেন এবং তাঁর বাক্য আমাদের কাছে জ্ঞাত করছেন। বাইবেলের

ঈশ্বরের যুদ্ধসজ্জা ব্যবহার করা

লেখক হিসেবে, তিনি আমাদের নিজেদের এবং অন্যদের জন্য সকল ধরণের প্রার্থনা করার সময়ে বাক্য ব্যবহার করার জন্য নির্দেশনা দেন।

সুসমাচারকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য

এই সমস্ত যুদ্ধসজ্জার ব্যবহারের মধ্যেও, আমরা সুসমাচার প্রচারের জন্য আকুল আকাঙ্ক্ষা করি (ইফিষীয় ৬:১৯-২০)। পৌল প্রার্থনার জন্য অনুরোধ করেন, ইফিষীয়দের পূর্বে উল্লিখিত সমস্ত বিষয়ের সারসংক্ষেপ তুলে ধরেন:

- বর্ণনার অতীত আমাদের কাছে ধন রয়েছে
- আমাদের এক শত্রু রয়েছে যে আমাদের ধন চুরি করার চেষ্টা করে
- সেই শত্রুর চক্রান্তগুলিকে প্রতিরোধ করার মত শক্তি ও সরঞ্জাম আমাদের কাছে রয়েছে।

খ্রীষ্ট হলেন আমাদের যুদ্ধসজ্জা

যুদ্ধসজ্জা আমাদের দেওয়া হয়েছে, এবং আধ্যাত্মিক যুদ্ধে অংশগ্রহণের জন্য আমাদের মন, ইচ্ছাশক্তি এবং আবেগকে ব্যবহার করতে হবে। কিন্তু অন্য অর্থে, যুদ্ধসজ্জা হল খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বরের ব্যবস্থার একটি চিত্র। বেশ কয়েকটি জায়গায় আমাদের বলা হয়েছে “খ্রীষ্টকে পরিধান কর” (রোমীয় ১৩:৪; কল. ৩:১২; ইফিষীয় ৪:২৪)। আমরা যখন খ্রীষ্টের মতো হয়ে একীভূত এবং রূপান্তরিত হই, তখন আমরা তাঁর সমস্ত গুণাবলী গ্রহণ করি।

প্রকৃতপক্ষে, বর্মের উপাদানগুলি সমস্তই খ্রীষ্টের সাথে সম্পর্কিত হতে পারে। আমরা শত্রুর সাথে এমন শক্তি ব্যবহার করি যা আমাদের নিজস্ব নয়, কারণ আমরা মস্তকের সাথে একটি দেহ রূপে সংযুক্ত।

- তিনি আমাদের সত্যের কটিবন্ধন (পথ, সত্য, ও জীবন, যোহন ১৪:৬)
- তিনি আমাদের ধার্মিকতার বুকপাটা (১ করি ১:৩০)
- তিনি আমাদের প্রস্তুতির জুতো (যিনি শীঘ্রই শয়তানকে আমাদের পায়ের নিচে চূর্ণ করবেন, রোমীয় ১৬:২০)

আরেকবার ভাবুন

- তিনি আমাদের বিশ্বাসের ঢাল (আমাদের বিশ্বাসের সৃষ্টিকর্তা ও সিদ্ধিদাতা, ইব্রীয় ১২:২)
- তিনি আমাদের পরিত্রাণ (পরিত্রাণের শিরস্ত্রাণ, যিশাইয় ৫৯)
- তিনি আমাদের খড়্গ (ঈশ্বরের বাক্য, যোহন ১:১)

ঈশ্বরের সমগ্র যুদ্ধসজ্জা গ্রহণ কর, যেন তোমরা মন্দ দিনে প্রতিরোধ করিতে পার, এবং সকলই সম্পন্ন করিয়া দাঁড়াইতে পার।

পরিশিষ্ট 3 আমি কে?

ভিষ্টরি ওভার ডার্কনেস পুস্তক থেকে আমাদের পরিচয়ের নিশ্চিতকরণগুলি নিচে দেওয়া হল:¹⁰²

1. আমি খ্রীষ্টের বন্ধু (যোহন ১৫:১৫)
2. তাঁর জন্য ফল ধারণ করতে আমি খ্রীষ্টের দ্বারা মনোনীত ও নিযুক্ত (যোহন ১৫:১৬)
3. আমি ধার্মিকতার দাস (রোমীয় ৬:১৮)
4. আমি ঈশ্বরের দাস (রোমীয় ৬:২২)
5. আমি ঈশ্বরের সন্তান; ঈশ্বর আমার আত্মিক পিতা (রোমীয় ৮:১৪-১৫; গালা ৩:২৬; ৪:৬)
6. আমি খ্রীষ্টের সাথে সহ-দায়াদ, তাঁর উত্তরাধিকারীর ভাগীদার (রোমীয় ৮:১৭)
7. আমি ঈশ্বরের মন্দির, যেখানে তিনি বাস করেন। তাঁর আত্মা ও জীবন আমার মধ্যে বাস করে (১ করি ৩:১৬; ৬:১৯)
8. আমি প্রভুর সাথে সংযুক্ত এবং তাঁর সাথে এক আত্মায় সংযুক্ত (১ করি ৬:১৭)
9. আমি খ্রীষ্টের দেহের এক সদস্য (১ করি ১২:২৭; ইফি ৫:৩০)
10. আমি এক নতুন সৃষ্টি (২ করি ৫:১৭)
11. আমি ঈশ্বরের সাথে পুনর্মিলিত এবং আমি পুনর্মিলনের পরিচর্যাকারী (২ করি ৫:১৮-২৯)
12. আমি ঈশ্বরের সন্তান এবং খ্রীষ্টেতে এক (গালা ৩:২৬-২৮)
13. আমি ঈশ্বরের উত্তরাধিকারী কারণ আমি ঈশ্বরের সন্তান (গালা ৪:৭)
14. আমি একজন সাধু (১ করি ১:২; ইফি ১: ১; ফিলি ১: ১; কল ১:২)
15. আমরা ঈশ্বরের রচনা, খ্রীষ্ট যীশুতে বিবিধ সৎক্রিয়ার নিমিত্ত সৃষ্ট (ইফি ২:১০)

আরেকবার ভাবুন

16. ঈশ্বরের পরিবারের বাকি সদস্যদের সাথে আমিও একজন সহ-নাগরিক (ইফি ২:১৯)
17. খ্রীষ্টেতে আমি একজন বন্দী (ইফি ৩:১; ৪:১)
18. আমি ধার্মিক ও পবিত্র (ইফি ৪:২৪)
19. আমি স্বর্গের নাগরিক, স্বর্গে উচ্চো স্থানে আমাকে বসানো হয়েছে (ইফি ২:৬; ফিলি ৩:২০)
20. খ্রীষ্টের সাথে আমি ঈশ্বরের কাছে গুপ্ত রয়েছি (কল ৩:৩)
21. আমি খ্রীষ্টের জীবনের অভিব্যক্তি, কারণ তিনিই আমার জীবন (কল ৩:৪)
22. আমি ঈশ্বর দ্বারা মনোনীত, পবিত্র এবং অত্যন্ত প্রিয় (কল ৩:১২; ১ থিষ ১:৪)
23. আমি অন্ধকারের নয়, বরং জ্যোতির সন্তান (১ থিষ ৫:৫)
24. আমি স্বর্গীয় আহ্বানের একজন পবিত্র ভাগীদার (ইব্রীয় ৩:১)
25. আমি খ্রীষ্টের ভাগীদার; আমি তাঁর জীবনের ভাগীদার (ইব্রীয় ৩:১৪)
26. আমি ঈশ্বরের জীবন্ত প্রস্তরের মধ্যে একজন, যাদেরকে খ্রীষ্টেতে গেঁথে তোলা হচ্ছে একটি আত্মিক গৃহ হিসেবে (১ পিতর ২:৫)
27. আমি এক মনোনীত জাতির একজন সদস্য, রাজকীয় যাজকবর্গ, এক পবিত্র জাতি, ঈশ্বরের আপন প্রজা (১ পিতর ২:৯-১০)
28. আমি এই পৃথিবীতে একজন প্রবাসী যেখানে ক্ষণিকের জন্য বসবাস করছি (১ পিতর ২:১১)
29. আমি দিয়াবলের একজন শত্রু (১ পিতর ৫:৮)
30. আমি ঈশ্বর সন্তান, এবং খ্রীষ্টের দ্বিতীয় আগমনের সময়ে তাঁর মত হবো (১ যোহন ৩:১,২)
31. আমি ঈশ্বর থেকে জাত, তাই মন্দ দিয়াবল আমাকে স্পর্শ করতে পারবে না (১ যোহন ৫:১৮)
32. আমি মহান “আমিই সেই” নই (যাত্রা ৩:১৪; যোহন ৮:২৪,২৫,৫৮), কিন্তু ঈশ্বরের অনুগ্রহে আমি যা আছি, তাই আছি (১ করি ১৫:১০)

পরিশিষ্ট 4 আত্মিক অনুশাসন

আত্মিক অনুশাসন হল রূপান্তরের একটি মাধ্যম যা ঈশ্বর আমাদের মধ্যে আনতে চান (রোমীয় ১২:১-২)। এগুলি ঈশ্বরের অনুগ্রহ অর্জন বা পরিব্রাণের যোগ্যতা অর্জনের কোনও উপায় নয়। খ্রীষ্টের একজন দূত হিসেবে, আমরা ইতিমধ্যেই খ্রীষ্টের দ্বারা সম্পন্ন করার কাজের কারণেই তাঁর অনুগ্রহ অর্জন করেছি। কিন্তু তিনি তাঁর রাজ্যের জন্য আমাদের মাধ্যমে একটি সুদের হার তৈরি করতে চান, এবং আত্মিক অনুশাসনগুলিকে অনুশীলন করা আমাদের উৎপাদনশীলতার একটি গুরুত্বপূর্ণ দিক।

ডালাস উইলার্ড আত্মিক অনুশাসনগুলিকে এভাবে সংজ্ঞায়িত করেছেন: “একটি অনুশাসন হলো আমাদের ক্ষমতার মধ্যে থাকা যেকোনো কার্যকলাপ যা আমরা সরাসরি প্রচেষ্টার মাধ্যমে করতে পারি না, কিন্তু তা করতে সক্ষম করার জন্য নিযুক্ত হই”¹⁰³ আরেক কথায়, আমরা অনুশাসনগুলি করি, কিন্তু ঈশ্বর রূপান্তর ঘটান। একজন আধ্যাত্মিক শিষ্যের একটি উল্লেখযোগ্য উদাহরণ হল বিশ্রামবার পালন করা। যীশু বলেছিলেন, “বিশ্রামবার মানুষের জন্য তৈরি হয়েছিল, মানুষ বিশ্রামবারের জন্য নয়” (মার্ক ২:২৭), যার অর্থ এটি ঈশ্বরের সৃষ্টির জন্য একটি উপহার, তাঁর অনুগ্রহ অর্জনের জন্য এটা কোনও আইন নয়। এটি একটি অনুশাসন হিসাবেও বোঝা যেতে পারে, এমন একটি কার্যকলাপ যা করার ক্ষমতা আমাদের মধ্যে রয়েছে, যা ঈশ্বর আমাদের মধ্যে ফল উৎপাদনের জন্য ব্যবহার করেন।

প্রতি সপ্তাহে একদিন কাজ থেকে ছুটি নেওয়া, স্বাভাবিক কাজগুলি থেকে বিশ্রাম নেওয়া, বছরের পর বছর ধরে একটি বিশাল আশীর্বাদ হিসেবে প্রমাণিত হয়েছে। কিন্তু একদিনের জন্যও, এমনকি কোনও বিস্ফেপের প্রতি সাড়া না দেওয়ার জন্য এক অনুশাসনের প্রয়োজন আছে। এর কারণ হতে পারে আমরা আমাদের কাজ উপভোগ করি এবং আমাদের কাছে তা মজাদার মনে হয়! কিন্তু কখনও কখনও বিশ্রামবার পালন করা আমাদের জন্য একটি চ্যালেঞ্জিং সময় হয় কারণ আমরা বিশ্বাস করি যে আমরা অপরিহার্য, বিশ্বাস করি যে আমাদের সরাসরি সম্পৃক্ততা ছাড়া আমাদের পৃথিবী চলতে পারবে না। অন্য সময়, আমরা নিজেদেরকে সময় নষ্ট করার অভ্যাসে আটকে ফেলি যা ত্যাগ করা প্রয়োজন, যেমন সোশ্যাল মিডিয়া, কেনাকাটা, অথবা আমাদের মোবাইল ফোনে

আরেকবার ভাবুন

অতিরিক্ত সময় কাটানো। অতএব, বিশ্রামবারের অনুশাসন একদিন ছুটি নিয়ে বিভিন্ন বিক্ষেপগুলির উপর আমাদের নির্ভরতা ভাঙতে সহায়ক হতে পারে।

কিন্তু ইচ্ছাকৃত আধ্যাত্মিক অনুশীলন এবং প্রতিশ্রুতি নেওয়ার মধ্যে আরও অনেক বেশি মূল্য রয়েছে। এটি একটি জালিকা হিসাবে কাজ করে যা দ্রাক্ষালতার সাথে সংযুক্ত শাখাগুলিকে ধরে থাকে (যোহন ১৫), যা শিষ্যত্বের একটি ফলপ্রসূ জীবনযাপনের সুযোগ করে দেয়।¹⁰⁴ এগুলি এমন কোনও নিয়মের সেট নয় যা যীশুর অনুসারীদের পরিত্রাণ পেতে বা আশীর্বাদ উপভোগ করার জন্য অনুসরণ করতে হবে। পরিবর্তে, এগুলি একটি সহায়ক ব্যবস্থা যা শিষ্যকে আত্মার অনুগ্রহ পেতে সক্ষম করে যা যীশুকে অনুসরণ করার জীবনে বৃদ্ধি এবং কার্যকারিতা বৃদ্ধি করে।¹⁰⁵

খেলাধুলা ক্ষেত্র থেকে একটি উদাহরণ

একজন পেশাদার ক্রীড়াবিদের মতো, যিনি ইতিমধ্যেই দলে জায়গা করে নিয়েছেন এবং কেবল একজন আরও ভালো খেলোয়াড় হতে চান, আমরা খ্রীষ্টের প্রতিনিধিত্বে আরও কার্যকর হওয়ার জন্য আত্মিক অনুশাসনগুলিতে নিযুক্ত হই। উদাহরণস্বরূপ, যদি আমরা বাস্কেটবল খেলা শুরু করি, তাহলে আমাদের পা, বাহু, কজি এবং আঙ্গুলে কিছু নির্দিষ্ট শুটিং অভ্যাস তৈরি হয়। আমাদের পা এবং আঙ্গুলে ভালো শুটিং অভ্যাস থাকতে পারে, কিন্তু আমাদের বাহু এবং কজিতে সেই অভ্যাসগুলি উপস্থিত নাও থাকতে পারে।

আমরা কীভাবে আমাদের খেলাতে আরও উন্নতি করব? বই পড়ে অথবা ভিডিও দেখে? না, আমরাও ঠিক একইভাবে উন্নত হবো যেভাবে বিশ্বমানের বাস্কেটবল খেলোয়াড়রা উন্নতি করে। তারা এমন কোচ খুঁজে বের করে যারা তাদেরকে বিভিন্ন ড্রিল করতে বলে এবং তারপর তারা বারবার ড্রিলগুলি অনুশীলন করে। তারা বারবার অনুশীলন এবং অনুশাসনের মাধ্যমে পুরানো খারাপ অভ্যাসগুলি ত্যাগ করে এবং সেগুলিকে ভালো অভ্যাস দিয়ে প্রতিস্থাপন করে। পেশাদার বাস্কেটবল খেলোয়াড়রা ড্রিবলিং এবং শুটিংয়ের ক্ষমতা নিয়ে জন্মগ্রহণ করে না, বরং সুশৃঙ্খল অনুশীলনের মাধ্যমে তারা সেই দক্ষতাগুলি বিকশিত করে।¹⁰⁶

এই ক্ষেত্রে, পবিত্র আত্মা আমাদের প্রশিক্ষক, এবং যদি আমরা তাঁকে আমাদের শিক্ষা দিতে বলি, তাহলে তিনি সময়ের সাথে সাথে আমাদের অভ্যাসগুলিকে আরও বেশি করে যীশুর মতো করে রূপান্তরিত করবেন।

আত্মিক অনুশাসন সম্পর্কে ডালাস উইলার্ডের দ্বারা লেখা ডিভাইন কম্পিরেসি পুস্তক থেকে কিছু নির্বাচিত উক্তি ¹⁰⁷

“এগুলি এমন একটি অনুশাসন যা আমাদের নিজেদের হৃদয়ের আধ্যাত্মিক জগতে সক্রিয় এবং কার্যকর হতে সাহায্য করার জন্য তৈরি করা হয়েছে, যা এখন ঈশ্বর এবং তাঁর রাজ্যের সাথে সম্পর্কিত অনুগ্রহে আধ্যাত্মিকভাবে জীবিত হয়েছে। এগুলি আমাদেরকে কেবল মানব বা প্রাকৃতিকের উপর সম্পূর্ণ নির্ভরতা থেকে বেরিয়ে আসতে (এবং সেই সঠিক অর্থে ‘মাংসকে’ ক্ষয় করা, ‘তাকে হত্যা করা, মরতে দেওয়া) এবং চূড়ান্ত বাস্তবতার উপরও নির্ভর করা, যা হল ঈশ্বর এবং তাঁর রাজ্য, সাহায্য করার জন্য তৈরি করা হয়েছে। উদাহরণস্বরূপ, আমি খাবার থেকে উপবাস করি যাতে জানতে পারি যে অন্য একটি খাবার আছে যা আমাকে টিকিয়ে রাখে। আমি শাস্ত্র মুখস্থ করি এবং ধ্যান করি যে ঈশ্বরের রাজ্যের অনুশাসন আমার মন এবং আমার জীবনের অনুশাসন এবং শক্তি হয়ে উঠবে”।

“যারা কেবল এগুলো নিয়ে কথা বলে অথবা ‘পুঁথিগতভাবে’ এগুলো অধ্যয়ন করে অথবা অন্যদেরকে এগুলো সম্পর্কে কথা বলতে শোনে, তারা এই অনুশাসনগুলির মূল্য সঠিক ভাবে বুঝতে পারে না। একজনকে যীশুকে শিক্ষক হিসেবে মেনে তাঁর সাথে এগুলোয় প্রবেশ করতে হবে, যাতে তাদের জগৎ এবং চরিত্র পরিবর্তনের জন্য অবিশ্বাস্য শক্তি খুঁজে পাওয়া যায়। বিশ্বাস এবং নম্রতার সাথে প্রবেশ করলে এগুলো আত্ম-নিশ্চিত হয়। আর যদি তুমি কেবল তাদের সাথে থাকো, তাহলে তোমার আসলে খুব বেশি বিশ্বাস এবং নম্রতার প্রয়োজন নেই। বাকিটা এই অনুশাসনগুলিই সম্পন্ন করবে কারণ তারা আমাদেরকে ঈশ্বরের রাজ্যের জন্য উন্মুক্ত করে। এটি ঈশ্বরের রাজ্যকে জানার উপায় হিসেবে দেখানো হয়েছে যার উপর যীশু জোর দিয়েছেন। আমরা তাঁর জীবনধারা, একাকীত্ব, সেবা, অধ্যয়ন ইত্যাদিতে তাঁর অনুসরণ করে অভ্যন্তরীণভাবে রূপান্তরিত হওয়ার মাধ্যমে তিনি যা করতে বলেন তা করতে সক্ষম হব। পৌল যে বিষয়টিকে ‘আমাদের দেহকে জীবন্ত বলিদান হিসেবে

আরেকবার ভাবুন

উৎসর্গ করা’ বলেছেন এটি তার একটি অপরিহার্য অংশ (রোমীয় ১২:২)। এর ফলে একজন সুশৃঙ্খল ব্যক্তির চিহ্ন তৈরি হবে, যিনি এই বিষয়টিকে তখনই করতে সক্ষম হবেন যখন এটাকে করার প্রয়োজন হবে”।

“বিশেষ করে, আমি শিখেছিলাম যে আধ্যাত্মিক উপলব্ধি এবং বোধগম্যতার যেকোনো অগ্রগতির জন্য তীব্রতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সপ্তাহজুড়ে, মগলীতে বা বাইরে, নিজের উপর শাস্ত্রের কয়েকটি পদ বা অধ্যায় ফোঁটা ফোঁটা করে ফেলা কারও মন এবং আত্মাকে পুনর্বিদ্যাস করবে না - ঠিক যেমন প্রতি পাঁচ মিনিটে এক ফোঁটা জল আপনাকে স্নান করতে সাহায্য করবে না, আপনি যতক্ষণই এটি চালিয়ে যান না কেন। আপনার একবারে এবং যথেষ্ট দীর্ঘ সময়ের জন্য প্রচুর জল প্রয়োজন। লিখিত বাক্যের জন্যও একই বিষয়”।

“বিশেষ করে আমি বুঝতে পারিনি যে এগুলো কতটা তীব্রতার সাথে করতে হবে, আর উপযুক্ত তীব্রতার জন্য একই উপলক্ষ্যে দীর্ঘ সময় ধরে অবিচল থাকার প্রয়োজন ছিল। তাছাড়া, একজনের জীবনকে এমনভাবে সাজানো উচিত যাতে এটি সম্ভব হয়। প্রার্থনা এবং অধ্যয়নের সময় এলে উত্তেজিত, তাড়াহুড়ো বা ক্লান্ত হওয়া উচিত নয়। তাই কেউ প্রার্থনা এবং অধ্যয়নের একটি কার্যকর, জীবন-পরিবর্তনকারী অনুশীলনকে ‘স্বাভাবিক জীবন’-এর উপর নির্ভর করতে পারে না। স্বাভাবিক জীবন অবশ্যই চলে যাবে। এর পরিবর্তে আরও ভালো কিছু আসবে”।

“যা কিছু স্পষ্ট এবং আমাদের উদ্দেশ্যের জন্য যা কিছু অপরিহার্য তা হল, তাদের মধ্যে অল্প সংখ্যকই আধ্যাত্মিক বিকাশের জন্য একেবারে কেন্দ্রীয়। যীশুর শিক্ষানবিশ হিসেবে আমাদের পূর্ণ-জীবন পরিকল্পনার ভিত্তির একটি অংশ এই অনুশাসনগুলিকে তৈরি করে থাকে। এগুলি হল, কোন কিছু থেকে বিরত থাকার মধ্যে রয়েছে নির্জনতা এবং নীরবতা, এবং ইতিবাচক নিয়ুক্তিকরণের মধ্যে রয়েছে অধ্যয়ন এবং উপাসনা”।

“আপনি কে তার বর্ধিত বোধ এবং জীবনে আপনার ভাগ্যের উপর যে অন্যান্য জিনিস আসে তা হ্রাসের মাধ্যমে আত্মা এবং ঈশ্বরের এই আবিষ্কার ঘটছে তা আপনি জানতে পারবেন। ‘করতে হবে’ এই বিরক্তিকর, ঘোরাফেরা করার অনুভূতি মূলত আপনার আত্মার শূন্যতা থেকে আসে, যেখানে আপনার পিতার

আত্মিক অনুশাসন

রাজ্যে আপনার বাড়িতে থাকা উচিত। শূন্যতা সঠিকভাবে পূরণ হওয়ার সাথে সাথে আপনি ক্রমশ বুঝতে পারবেন যে আপনাকে সেই কাজগুলি করতে হবে না - এমনকি আপনি যা করতে চান তাও নয়।”

“নিজের আকাঙ্ক্ষা থেকে মুক্তি হল নির্জনতা এবং নীরবতার সবচেয়ে বড় উপহারগুলির মধ্যে একটি। যখন এই সবকিছু ঘটতে শুরু করবে, তখন তুমি বুঝতে পারবে যে তুমি সেখানে পৌঁছেছো যেখানে তোমার থাকা উচিত। অন্যান্যের প্রতি পুরনো বন্ধনগুলো ক্ষয় হতে শুরু করবে যখন তুমি তাদের প্রকৃত রূপে দেখতে পাবে। এবং মানুষকে সত্যিকার অর্থে ভালোবাসার সম্ভাবনা তোমার মনে জাগবে। শীঘ্রই তুমি হয়তো বুঝতে পারবে যে কেবল অনুগ্রহের বিষয়ে কথা বলার চেয়ে অনুগ্রহের দ্বারা বেঁচে থাকা কেমন”।

বিভিন্ন তালিকা

আত্মিক অনুশাসনগুলির কোন একক, অনুমোদিত “তালিকা” নেই। বিভিন্ন মানুষ বিভিন্ন উপায়ে এগুলিকে বর্ণনা করে।

উদাহরণস্বরূপ, মোরল্যান্ড দুটি বিভাগে এই অনুশাসনগুলিকে সংগঠিত করে:

1. বিরত থাকার অনুশাসন: নির্জনতা, নীরবতা, উপবাস, মিতব্যয়িতা, পবিত্রতা, গোপনীয়তা, ত্যাগ।
2. নিযুক্ত থাকার অনুশাসন: অধ্যয়ন, উপাসনা, উদযাপন, সেবা, প্রার্থনা, সহভাগিতা, স্বীকারোক্তি, আত্মসমর্পণ।¹⁰⁸

ডঃ ডন ডেভিস তাদের তিনটি বিভাগে তালিকাভুক্ত করেছেন:

1. প্রভুর সাথে আমাদের সম্পর্ককে গড়ে তোলা: অভ্যন্তরীণ অনুশাসন (বাক্য, প্রার্থনা, উপবাস, অধ্যয়ন)।
2. আমাদের চরিত্র গঠন: বাহ্যিক অনুশাসন (সরলতা, নির্জনতা, আত্মসমর্পণ, সেবা)।
3. আমাদের সম্প্রদায় গড়ে তোলা: দলগত অনুশাসন (স্বীকারোক্তি, উপাসনা, নির্দেশনা, উদযাপন)।¹⁰⁹

আরেকবার ভাবুন

আরও অধ্যয়নের জন্য কিছু পুস্তকের তালিকা (Amazon.com এ উপলব্ধ)

The Divine Conspiracy, Dallas Willard, Harper

The Celebration of Discipline, Richard Foster, HarperOne

Tempered Resilience, Tod Bolsinger, IVP

The God Question, J.P. Moreland, IVP Academic

Compelling Testimony, Dr. Don Davis, TUMI Press

The Spirit of the Disciplines, Dallas Willard, HarperOne

The God-Shaped Brain, Timothy Jennings, IVP

পরিশিষ্ট 5

বিহ্বল হয়ে পরলে এই ব্যবহারিক পদক্ষেপগুলি নেবেন

অনেক সময় আমরা এত তথ্যের চাপে পড়ে যেতে পারি যে কোথা থেকে শুরু করব তা বোঝা কঠিন হয়ে পড়ে। সকলেই মাঝে মাঝে এইরকম অনুভব করেন। এই তালিকাটি আপনাকে হতাশ হলে কী করতে হবে তা জানতে সাহায্য করতে পারে।

1. ঈশ্বরকে জিজ্ঞাসা করুন, আমার এরপর কী করা উচিত? একবারে সবকিছু সমাধান করার চেষ্টা করবেন না। শুধু পরবর্তী পদক্ষেপটি নিন। পরবর্তী পদক্ষেপ জানার পর, পরবর্তী কাজটি ভালোভাবে করুন।
2. আপনার জীবনে 3-5টি মূল্যবোধের একটি তালিকা তৈরি করুন যা নিয়ে আপস করা সম্ভব নয়। যখন আপনি বিস্তারিত বিষয়গুলির মধ্যে হারিয়ে যান তখন এগুলি একটি নির্দেশক হিসেবে কাজ করে যাতে আপনি আপনার পথ খুঁজে পেতে পারেন এবং এগিয়ে যেতে পারেন। কৌশল এবং পদ্ধতি পরিবর্তন হয়, কিন্তু মূল্যবোধ কখনও পরিবর্তন হয় না।
3. এই মৌলিক বিষয়গুলোর দিকে মনোযোগ দিন। টিমোথি জেনিংস বলেছেন:
